এই মত এক বলুন সাদ্‌লের সাহেব প্রস্তুত করিলেন। সাদ্‌লের সাহেবের ঊর্দ্ধগমন দেখিবার কারণ অনেক লোক একত্র হইয়াছিল পরে এক ভাগ্যবতী যুবতি স্ত্রীর হাতহইতে সম্ভ্রমের চিহ্নস্বরূপ এক পতকা লইয়া নির্ভয় হইয়া বলুনের নৌকারোহণ করিলেন পরে বন্ধন কাটিবামাত্র অতিবেগে ঊর্দ্ধে উঠিলে পরে সাদ্‌লর সাহেব নীচস্থ লোকেরদের প্রতি আপনার টুপী ও নিশান ফিরাইতে লাগিলেন। এক দণ্ডের মধ্যে সে বলুন মেঘস্থানের ঊর্দ্ধে উঠিল

people. The cloud having passed over, the balloon appeared again diminished to a very small speck, after which it gradually disappeared. Soon after a showme of hail fell on Mr. Sadler, who perceived that it relted into rain as it, approached the earth. During his passage, he perceived beneath him a ship sailing across from Ireland to England. Having arrived over England he gradually let out the air, and descended on the ground. Thus through means of skill, did an individual rise two miles in the air, and in two hours pass through a space of sixty miles over the sea, without the least difficulty, from one island to another. With a strong wind the balloon will move fifty miles in a single hour. This most astonishing machine has now been in use for above fifty years; yet it has not received all the improvement of which it is capable. The greatest difficulty which remains to be overcome is, to find out some means by which its course may be guided according to the will of the individual. When this is directed, any one will be able to go through its means wherever he may choose.

Of Mount Vesuvius.

IN several parts of Hindoost'han, as at Seetakoond, near Monghir, and elsewhere, there are springs of hot water, which arise from the impregnation of the ground with combustible matter. These places the Hindoos hold in the highest sanctity. In Europe

মেঘব্যবধানপ্রযুক্ত কিঞ্চিৎকাল অদৃশ্য হইল পরে মেঘ ছাড়া
ইলে পুনর্ব্বার লোককর্ত্তৃক একটি বিন্দু জ্ঞানে দৃষ্ট হইল ক্রমে এক
কালে অদৃশ্য হইল। সে সময়ে সাহেবের উপরে শিলাবৃষ্টি হইল
এবং সাহেব দেখিলেন সে শিলা পৃথিবীর নিকটে আসিতেং জল
হইয়া বৃষ্টি হইল। উটিবার সময় ঐর্লণ্ডহইতে ইংগ্লণ্ডে জাহাজ
যাইতেছে তাহা দেখিতে পাইলেন কিছু কাল পরে ইংগ্লণ্ডের উপ
রে পঁহুছিয়া ক্রমে বায়ু নির্গত করিয়া পৃথিবীর উপরে নামিলেন।
এমত এক ব্যক্তি বিদ্যাদ্বারা আকাশে দেড় ক্রোশ উটিয়া দুই
ঘণ্টার মধ্যে ত্রিশ ক্রোশ সমুদ্র পার হইয়া কোন ব্যামোহ না পা
ইয়া এক দ্বীপহইতে অন্য দ্বীপে পঁহুছিলেন। সুন্দর বায়ু হইলে
বলুন এক ঘণ্টার মধ্যে পঁচিশ ক্রোশ চলে। এ অতিআশ্চর্য্য
যন্ত্র পঞ্চাশ বৎসরের মধ্যে প্রস্তুত হইয়াছে এখনপর্য্যন্ত মনের
মত হয় নাই। এখন তাহার বিষয়ে প্রধান চেষ্টা এই যে এমত
কোনং উপায় করা যায় যে তাহাতে যখন যে দিকে যাইতে
ইচ্ছা হয় সেই দিকেই বলুনদ্বারা যাওয়া যায়। এই মত কোন
অনুকূল উপায় করা গেলে যেখানে যখন যাহার ইচ্ছা তখন সে
খানে যাওয়া যাইবেক।

বিসুবিয়স পর্ব্বতবিষয়ে।

মুঙ্গেরের নিকটে সীতাকুণ্ডে ও হিন্দুস্থানের অন্যং স্থানে উষ্ণ
জল নির্গত হয় তাহার কারণ এই যে সেখানকার মৃত্তিকা আগ্নেয়
বস্তুতে সম্পূর্ণ। এইং স্থান হিন্দুরা অতিতীর্থ করিয়া মানে কিন্তু

however, there are many *Mountains* which constantly emit fire and smoke, and which at certain periods pour forth such a torrent of combustible matter in a liquid state as completely to overwhelm and destroy the surrounding villages. In those countries where these phenomena are a hundred times more magnificent than in Hindoost'han, they do not constitute objects of worship; whereas in countries less civilized than this, matters of even greater insignificance than the mineral spring of Monghir, are objects of veneration.

Mount Vesuvius is five miles from the city of Naples in Italy, and is esteemed one of the most dreadful burning mountains in the world. Its declivity toward the sea is covered with the richest fruit; the air around is pure and healthy. At the summit of the hill, is a vast mouth or cavity four hundred yards in diameter, from which a continual smoke issues, day and night. On some occasions, the whole mountain is in a state of the most violent agitation, the roaring noise is deeper than the loudest artillery, and flames and red hot stones are thrown from the mouth of the volcano more than a thousand feet high; a stream of liquid fire rolls down the sides of the mountains, and burns up in its course, houses, trees, and all the fruits of the earth. About a hundred years ago, a dreadful eruption happened, when the ashes and stones were carried to the distance of thirty miles. Two or three of these eruptions generally happen in a century.

ইউরোপের মধ্যে এই মত অনেক পর্ব্বত আছে যে সেখানহইতে দিবারাত্র অগ্নি ও ধূম নির্গত হয়, এবং কোনং সময়ে স্রোতো ন্যায় আগ্নেয় বস্তু দ্রবীভূত হইয়া বহে, তাহাতে চতুর্দিকস্থ গ্রামপ্র ভৃতি নষ্ট হয়। যেং দেশে হিন্দুস্থানীয় এইং রূপ চমৎকার স্থান হইতেও অধিক চমৎকার স্থান আছে সেইং দেশীয়েরা সে স্থানকে তীর্থ করিয়া মানে না, এবং যে দেশীয় লোকেরা হিন্দুস্থানীয় লো কেরদের হইতে অল্পজ্ঞান তাহারা সীতাকুণ্ডহইতে ক্ষুদ্র স্থানকেও বড় করিয়া মানে।

বিসুবিয়স পর্ব্বত ইতালি দেশে, নাপলস নামে নগরহইতে চারি ক্রোশ অন্তর, এবং পৃথিবীস্থ আগ্নেয় পর্ব্বতের মধ্যে এই পর্ব্বত বড়; ঐ পর্ব্বতের শৃঙ্গঅবধি সমুদ্রপর্য্যন্ত যে উপাত্যকা ভূমি সে নানাবিধ সফল বৃক্ষযুক্তা, সেখানকার চতুর্দ্দিকস্থ বায়ু নি র্ম্মল ও শীতল; ঐ পর্ব্বতের শৃঙ্গেতে আট শত হাত ব্যাস এক মহাগর্ত্ত আছে তাহাহইতে দিবারাত্র ধূম নির্গত হয়। কোনং সময়ে সমুদয়পর্ব্বত কম্পমান হয়, তাহার শব্দ কামানের শব্দহ ইতেও বড়, এবং সে পর্ব্বতের মুখহইতে অগ্নি ও জ্বলনীয় পা থর সাত শত হাত উর্দ্ধে উঠে, এবং দ্রবীভূতাগ্নি ঐ পর্ব্বতের মুখ হইতে জলের ন্যায় নির্গত হয়; ঐ অগ্নি চলিতেং গৃহ ও বৃক্ষ ও ভূমির শস্যাদি সকল নষ্ট করে। এক শত বৎসর হইল, একবার ঐ অগ্নির মহাপ্রাদুর্ভাব হইয়াছিল, সেই সময়ে তাহার ভস্ম ও প্র স্তর পঁচিশ ক্রোশপর্য্যন্ত নিক্ষিপ্ত হইল। এক শত বৎসরের মধ্যে অনুমান দুই তিন বার তাহার ঐ রূপ প্রাদুর্ভাব হইয়া থাকে।

Dig-Durshun,

OR

MAGAZINE FOR INDIAN YOUTH.

No. II.

May, 1818.

DIG-DURSHUN.

No. II.

Of the First Voyage from Europe to India, round the Cape of Good Hope.

IN the first number of this work we have mentioned how Columbus discovered a new world. We will now in this second number, relate the particulars of the first voyage performed to India by doubling the Cape of Good Hope. Five years after Columbus's great discovery, in the year one thousand four hundred and ninety-seven, was this important voyage performed. To understand fully its great importance, it is necessary to take a view of the history of preceding events; in detailing which, we will not ascend higher than the time of Alexander the Great. He was born two thousand one hundred and seventy-one years ago, and was sovereign of one of the states of Greece in Europe. Though he was a mighty conqueror, his views were not confined to conquest, and the astonishing capacity which he displayed in the management of affairs, would lead us to conclude, that he possessed a mind suited to the government of so large an empire as that he created. The king of Per-

দিগ্‌দর্শন।

দ্বিতীয় ভাগ।

উত্তমাশা অন্তরীপ ঘুরিয়া ইউরোপহইতে ভারতবর্ষে প্রথম আসিবার কথা।

কলম্বস যে রূপ নূতন পৃথিবী প্রথম দেখিলেন সে এই পুস্তকের প্রথম ভাগে লেখা গিয়াছে এখন উত্তমাশা অন্তরীপ পরিবেষ্টন করিয়া ভারতবর্ষে প্রথম আসিবার বিবরণ এই দ্বিতীয় ভাগে লেখা যাইতেছে। কলম্বসের মহাকীর্ত্তির পাঁচ বৎসর পর অর্থাৎ চৌদ্দ শত সাতানব্বই সনে এই বৃহৎ কর্ম্ম হইল। এ কর্ম্মের প্রয়োজন প্রকৃতরূপ জানিবার জন্যে পূর্ব্বকালীন বৃত্তান্ত কিছু২ জানিতে হয়। তাহাতে সেকন্দরশাহ্ বাহাদুর অবধি বিবরণ কহিব। সে সেকন্দর শাহ্ দুই হাজার এক শত একাত্তর বৎসর হইল পৃথিবীতে জন্মিয়াছিলেন তিনি ইউরোপের মধ্যস্থিত গ্রীক দেশের এক প্রদেশের রাজা ছিলেন তিনি সকল দিগ্বিজয় করিয়াছিলেন। কেবল তন্মাত্র তাঁহার কীর্ত্তি সে নয় কিন্তু তাঁহার কর্ম্ম নৈপুণ্যদ্বারা প্রকাশ হয় যে মহারাজ্য তিনি স্থির করিলেন তাহার শাসনার্থে উপযুক্ত তিনি। তৎসময়ে পৃথিবীর মধ্যে পারস দেশের রাজা প্রধান ছিল তথাপি

sia was then the mightiest sovereign in the world; yet with a very inconsiderable force did Alexander overcome him, and pushing on to India, cross the Indus, by means of a bridge, near the city of Attok, where the river is peculiarly shallow and tranquil. He then advanced into the Punjab as far as the Vipasa, where his soldiers, overcome with the fatigues of their long expedition, refused to accompany him any farther, and obliged him to return. Knowing of what amazing advantage trade is to mankind, he turned his great mind to the promotion of it, and in Egypt built a large city, which he called after his own name, Alexandria, and which in India is called Secundrabad. It is situated most advantageously for concentrating the trade of Europe, Asia, and Africa, being built on the confines of the three quarters of the globe. For fifteen hundred years after the death of Alexander, it continued to be the greatest mart for trade in the world. Into this city the whole trade of the east was transported, and from thence dispersed into every country in Europe.

Alexander moreover assiduously endeavored to explore the passage by sea from the mouth of the Indus to the Persian gulf, in which he completely succeeded. With this view, he prepared two thousand vessels on the river Vipasa, the command of which he gave to Nearchus. A hundred and twenty thousand troops and two hundred elephants accompanied the ships; part of whom was transported down the river in the vessels,

সেকন্দরশাহ অত্যল্প সৈন্যদ্বারা পারস রাজ্য বিধ্বস্ত করিলেন এবং ভারতবর্ষে আসিয়া আটক নামে নগরের নিকটস্থ সিন্ধু নদী এক পুলদ্বারা পার হইলেন যেহেতুক সে স্থানে সিন্ধু নদীর স্থির জল ও গভীর অধিক নয়। পরে পঞ্জাব দেশস্থ বিপাশা নামে নদীপর্য্যন্ত পঁহুছিলেন কিন্তু তাঁহার সৈন্যেরা বহুদূর গমনপ্রযুক্ত ক্লান্ত হইয়া তাঁহার সহিত আর যাইতে অসম্মত হইল এবং সে খানহইতে তাঁহাকে ফিরাইল। এবং সেকন্দরশাহ বাণিজ্যদ্বারা পৃথিবীস্থ লোকেরদের অধিক উপকার জ্ঞাত হইয়া তদ্বিষয়ে আপনি অধিক মনোযোগ করিলেন এবং মিসর দেশে এক মহা নগর পত্তন করিয়া আপন নামানুসারে আলেক্সান্দ্রিয়া তাহার নাম রাখিলেন ভারতবর্ষে সেই নগরের নাম সেকন্দরাবাদ। ইউরোপ ও আসিয়া ও আফ্রিকা ইহারদের মধ্যে সে নগর উৎকৃষ্ট স্থানে স্থাপিত হইল এবং সেই তিন ভাগের বাণিজ্যের উপযুক্ত সেই নগর। সেকন্দরশাহের মরণের পর পনর শত বৎসরপর্য্যন্ত সে পৃথিবীর মধ্যে প্রধান বাণিজ্যস্থান ছিল পূর্ব্ব দেশের সকল বাণিজ্য তাহার মধ্যে প্রবেশ করিল এবং সেখান হইতে ইউরোপের সর্ব্বত্র ব্যাপ্ত হইল।

সেকন্দরশাহ সিন্ধু নদীর মুখ অর্থাৎ সমুদ্রে প্রবেশস্থানহইতে পারসীর মহাখালে যাইতে জাহাজের পথ চেষ্টা করিলেন ও সে কর্ম্ম সিদ্ধ করিলেন। তিনি বিপাশা নদীতে দুই হাজার নৌকা প্রস্তুত করিলেন এবং নিয়ার্কস নামে এক ব্যক্তিকে তাহার অধ্যক্ষতা দিলেন তাহার সঙ্গে এক লক্ষ বিশ হাজার সৈন্য ও দুই শত হাতী চলিল। তাহার মধ্যে এক ভাগ সৈন্য নৌকাতে উঠাইয়া ল

and the remainder marched down in conjunction with them on both sides the river. His delight in perilous enterprizes, induced him to proceed by water instead of marching by land. In nine months the vessels having sailed five hundred kross, arrived at the mouth of the river, where Alexander was obliged to leave the fleet, and to put himself at the head of his army. Nearchus was commanded to proceed by sea up the Persian gulf, which he performed in seven months. Alexander was so highly delighted with the success of this expedition, that he valued himself more upon it, than on all his mighty conquests. Yet the men who conducted it, were so ignorant of the state of things, that when they perceived the ebbing and flowing of the tide at the mouth of the river, they considered it as an indication of the wrath of the gods.

In process of time, the empire of the Greeks was dissolved, and the Romans extended their conquests over the greater part of the world. Like the Hindoos, they despised trade, and left it to the lowest ranks in society. But when the Roman power increased and Rome became, in a great measure, the metropolis of the world, a desire after the luxuries of the east arose, and an incredible quantity of the principal articles of oriental trade, silk, spices, gems, &c. was annually carried to Alexandria, and from thence to Rome. In their voyages from the mouth of the Indus to the Persian gulf, the navigators at length discovered, that during

ইলেন ও আর এক ভাগ নদীর উভয় তীরেং পদব্রজে চলিল। তিনি দুঃসাধ্য কর্ম্ম করিতে উৎসুক ছিলেন এই নিমিত্ত পদব্রজে না গিয়া আপনি নৌকাতে প্রস্থান করিলেন। নয় মাসে পাঁচ শত ক্রোশ চলিয়া সিন্ধু নদীর মোহনায় তাঁহার নৌকাপ্রভৃতি পঁহুছিল সেখানে নৌকাহইতে নামিয়া আপনি আপন সৈন্য লইয়া চলিলেন এবং জাহাজ লইয়া নিয়ার্কসকে পারসীয় মহা খালে যাইতে আজ্ঞা দিলেন। মহাখালে পঁহুছিতে নিয়ার্ক সের সাত মাস লাগিল এই কর্ম্মসিদ্ধিতে সেকন্দরশাহ এমত তুষ্ট হইলেন যে তিনি দিগ্বিজয়ী হইয়াও এ কর্ম্ম করণে আপনাকে শ্লাঘ্য করিয়া মানিলেন। তথাপি নাবিকেরা এমত অজ্ঞান ছিল যে তাহারা যখন সিন্ধু নদীর মুখে জোয়ার ভাটা দেখিল তখন অতি ভীত হইয়া মনে জানিল যে বুঝি দেবতা আমারদিগের প্রতি কোপ করিয়াছেন।

ইহার পর কালক্রমে গ্রীক রাজ্য লুপ্ত হইল এবং প্রায় সমস্ত পৃথিবীর উপরে রোমাণেরদের বৃদ্ধি হইল। হিন্দু লোকের দের মত রোমাণেরা বাণিজ্য তুচ্ছ করিয়া নীচ জাতির অধীন করিয়া দিল। কিন্তু যখন রোমাণেরদের পরাক্রমবৃদ্ধি হইল ও রোম নগর পৃথিবীর রাজধানী হইল তখন রোমাণেরদের সুখসম্পত্তির অনেক চেষ্টা হইল এবং পূর্ব্বদেশীয় দ্রব্যের বাণিজ্য পুনর্ব্বার হইয়া বৎসরং অসংখ্য বহুমূল্য রেশম ও মসালা ও মুক্তাপ্রভৃতি দ্রব্য আলেক্সান্দ্রিয়া নগর দিয়া রোম নগরে আসিত। এবং সিন্ধু নদীর মুখ ও পারসীয় মহাখালে নিত্যং যাতায়াত করিতেং

six months in the year the wind blew from one quarter, and during the rest of the year from the quarter directly opposite. When this discovery had been made, they left their former mode of coasting, and sailed with the wind direct to India; and on the setting in of the easterly winds, they loosened the ships and arrived in a short time at the place of their destination. Thus the Romans created an extensive trade with the east. Even at this day, Roman coins are dug up at Tipperah, and in places near Madras. The Romans were however unacquainted with Gangetic Hindoost'han, and imagined that through the amazing heat of the climate, neither man nor beast could live there.

There was likewise another channel through which the Romans obtained the produce of the east. About two thousand eight hundred years ago, Solomon, king of Judea, set himself to the encouragement of commerce. A hundred kross from Judea, there is a vast sandy desert, where for miles together, not a single blade of grass is to be seen; in the midst of this desert there is one spot about six kross in circumference, remarkable for its fertility, while all around is a barren waste. In this spot, Solomon erected a noble city, called Palmyra, which afforded an opportunity for transporting articles of commerce across the desert. This city was the resting place, where the caravans obtained water and every other convenience neces-

নাবিকেরা জানিল যে বায়ু ছয় মাস নিশ্চয় এক দিগে বহে ও ছয় মাস তাহার প্রতিকূল দিগে বহে। ইহা জানিয়া কিনারা ছাড়িয়া সমুদ্রমধ্য দিয়া বায়ুবেগে শীঘ্র গমন করিত এবং পূর্ব্ব বায়ু উঠিলে পুনর্ব্বার জাহাজ খুলিয়া অতিশীঘ্র ফিরিয়া আসিত এই মত রোমাণেরা পূর্ব্বদেশীয় লোকেরদের সহিত বড় বাণিজ্য করিত। অদ্যাপি ত্রিপুরাতে ও মান্দরাজের নিকটস্থ কোনং স্থানে মৃত্তিকা খুদিলে রোমাণেরদের প্রাচীন মুদ্রা পাওয়া যায়। কিন্তু তাহারা গঙ্গা তীরস্থ হিন্দুস্থান জানিত না কিন্তু তাহারা ভাবিত যে অতি গ্রীষ্ম প্রযুক্ত তত্রস্থ পশু ও মানুষ বাঁচিতে পারে না।

অন্য এক পথও ছিল সে পথদ্বারা রোমাণেরা পূর্ব্ব দেশে সুখ সম্পত্তিযোগ্য বস্তু পাইল। দুই হাজার আট শত বৎসর হইল য়িহূদীয়েরদের রাজা শলমন বাণিজ্যবৃদ্ধির জন্যে চেষ্টা করিল। য়িহূদীয়েরদের দেশহইতে এক শত ক্রোশ অন্তরে মরু ভূমি আছে সে খানে অনেক ক্রোশপর্য্যন্ত একগাছ ঘাসও জন্মে না। তাহার মধ্য স্থানে ছয় ক্রোশপরিমিত একটা স্থান আছে সেখানে উত্তম শস্যাদি জন্মে কিন্তু তাহার চতুর্দ্দিগে ওয়রাণমাত্র ঐ স্থানে শলমন রাজা পালমীরা নামে একটা বড় সুন্দর নগর বসাইল এবং সেখানে নগর বসতি হইলে সেই মরু ভূমি দেশ দিয়া তখন বাণিজ্যার্থে গমন করিতে লোকেরদের সুগম পথ হইল ঐ নগর তৎপ্রদেশের এক মঞ্জিল হইল পথিকেরা সে স্থানে আপনারদের কারণ জলাদি পাইয়া পনর্ব্বার যাত্রা করিতে লাগিল। এই প্রকারে পূর্ব্ব

sary for the prosecution of their journey. In this manner the produce of the east was carried by land from the banks of the Euphrates across the desert. This trade so increased the power of Palmyra, that its sovereign sustained a war against the Romans, when in the plenitude of their power. It is now altogether destroyed; it serves only as a retreat for the thieves and robbers who infest the desert; yet so great was its magnificence once, that after sixteen hundred years of desolation, the remains of its buildings and its solitary columns, fill the beholder with astonishment.

About the year four hundred of the Christian æra, the barbarous nations of Europe, poured down like a torrent on the Roman empire, and completely overturned it. As they were altogether uncivilized, and had no taste for articles of luxury, the trade which had been carried on with the east, was necessarily discontinued. Yet as Constantinople, the capital of a great empire on the confines of Europe, preserved its independance, the productions of the East were regularly transported thither from the east, though the length of the journey and the risk attending it, caused frequent interruptions.

In about three hundred years,* the barbarous nations began to be formed into distinct kingdoms, and to increase in power; civilization gradually spread

* About A. D. 700.

দেশের দ্রব্য ক্রমাৎ নদীহইতে পদব্রজে লোকেরা সেই মরু ভূমি নগর দিয়া লইয়া যাইত। বাণিজ্যদ্বারা এমত সে নগরের ঐশ্বর্য্য বৃদ্ধি হইল যে যখন রোমাণেরদের পরাক্রম অতিশয় ছিল তাহার রাজা রোমাণেরদের সহিত যুদ্ধ করিল। সে নগর এখন উচ্ছিন্ন হইয়াছে সে স্থান কেবল বনের চোর ও ডাকাতিরদের আশ্রয়মাত্র কিন্তু সে নগর এমত তাৎপর্য্যেতে প্রস্তুত করা গিয়াছিল যে কম বেশ ষোল শত বৎসর বিধ্বস্ত হইলেও এখনপর্য্যন্ত স্থানেং অবশিষ্ট অট্টালিকা ও মধ্যেং অসংলগ্ন থাম দেখিয়া লোকেরা আশ্চর্য্য জ্ঞান করে।

ইহার পরে অনুমান খ্রীষ্টীয়ানেরদের চারি শত সালে ইউরোপীয় অসভ্য লোকেরা রোম দেশে বন্যার মত আসিয়া তাহারদের রাজ্য নষ্ট করিল। যেহেতুক সে লোকেরদের সভ্যতা ছিল না এবং তাহারদের সুখসম্পত্তির বাসনা কিছু ছিল না এইপ্রযুক্ত পূর্ব্ব দেশের সহিত যে বাণিজ্য ছিল সে অনায়াসে লুপ্ত হইল তথাপি ইউরোপের সীমাবর্ত্তি মহারাজ্যের রাজধানী কন্স্তান্তিনোপল নামে নগর তাহারদের অধীন কখনো হইল না এই নগরে পূর্ব্ব দিগের বাণিজ্যের বস্তু অনবরত আসিত কিন্তু অতিদূরতাপ্রযুক্ত ও নানা রূপ বিঘ্নে পঁহুছিতে ব্যাঘাত হইত।

দুই তিন শত বৎসরেতে ঐ অসভ্য জাতিরদের দ্বারা সেইং দেশ স্বতন্ত্রং রাজ্য হইল ও ক্রমেং প্রবল ও সভ্য হইতে লাগিল এবং

* খ্রীষ্টের ৭০০ সালে।

among them, and a desire arose for articles of taste and luxury. About this time also, the *Moosulmans* having conquered Egypt, they, finding Alexandria a place suitable for commerce, opened an extensive trade between that country and the western parts of Hindoost'han, where they purchased the productions of the east, and transported them to their own dominions by sea, from whence they were purchased by the European merchants and carried to their respective countries. Trade first revived in Italy, from whence it had been originally driven by the barbarians, and Venice quickly rose to great pre-eminence by means of its trade. Its merchants purchased the articles at Alexandria, and carried them from thence to the other countries of Europe. Several other cities of Italy, likewise rose to great magnificence by this trade.

About five hundred years ago the Mariner's Compass was discovered, of which we have given an account in the first number. This discovery gave an amazing stimulus to trade; those who profited most by it in the increase of their commerce, were the Portuguese. The *Moosulmans* who had formerly enjoyed the dominion of Portugal being, about this time, driven from thence, retired to Africa, to which country the Portuguese pursued them, and in the year one thousand four hundred and twelve, first begun to sail down the western Coast of Africa. In the course of one hundred years, they advanced gradually down to its most southern point.

সুখসম্পত্তির বাসনাও করিতে লাগিল। ইতোমধ্যে মুসলমানেরা মিসর দেশ জয় করিল এবং আলেক্সান্দ্রিয়া নগর বাণিজ্যের বড় উপযুক্ত স্থান দেখিয়া তাহারা সেখানহইতে দক্ষিণ হিন্দুস্থানের পশ্চিম দেশের সহিত বড় বাণিজ্য করিতে লাগিল। তাহারা পূর্ব্ব দেশীয় যাবৎ বস্তু ক্রয় করিয়া সেখানহইতে জাহাজদ্বারা স্বদেশে লইয়া যাইত ইউরোপীয় মহাজনেরা আসিয়া সেখানহইতে ক্রয় করিয়া স্ব দেশে লইয়া যাইত ইউরোপের মধ্যে ইতালি দেশে ঐ অসভ্য লোকদ্বারা বাণিজ্য প্রথম উচ্ছিন্ন হইয়াছিল পুনর্ব্বার সেই খানেই বাণিজ্যের প্রথমোদ্রেক হইল এবং সেখানে বেনিস্ নামে এক নগর বাণিজ্যদ্বারা অতিশয় সম্পন্ন হইল সেই নগরের মহাজনেরা আলেক্সান্দ্রিয়া নগরে গিয়া দ্রব্য ক্রয় করিয়া ইউরোপের সকল দেশে বিক্রয় করিত ইতালি দেশের মধ্যেও অন্যং নগর বাণিজ্যদ্বারা ঐশ্বর্য্যশালী হইল।

পাঁচ শত বৎসর হইল কোম্পাস প্রথমে জানা গেল তাহার বিষয়ে প্রথম ভাগে লেখা গিয়াছে। কোম্পাস জানা গেলে পর লোকের বাণিজ্যবৃদ্ধি বড় হইল এবং সকল দেশের মধ্যে পোর্ত্তুগীশেরা ঐ কোম্পাসদ্বারা বাণিজ্যে অধিক লাভ করিল পূর্ব্বকালে পোর্ত্তুগীশেরদের প্রায় সকল দেশ মুসলমানেরদের অধীন ছিল কিন্তু এই সময়ে পোর্ত্তুগীশেরা মুসলমানেরদিগকে সেই দেশহইতে দূর করিলে মুসলমানেরা আফ্রিকায় পলাইল। পোর্ত্তুগীশেরা মুসলমানেরদিগকে পরাস্ত করিবার নিমিত্ত সন চৌদ্দ শত বিয়ানব্বই সালে আফ্রিকার পশ্চিম ভাগে গেল ও ক্রমেং সেখানে সন্ধান পাইয়া পশ্চিম ভাগহইতে এক শত বৎসরের মধ্যে আফ্রিকার শেষ সীমাপর্য্যন্ত আইল।

From the foregoing facts we may gather, that the inhabitants of the western world always sought with avidity for the luxuries of the east, and that they constantly found out ways and means to obtain these articles; since trade like the stream of a river, when dammed up in one place, forces a passage for itself in some other direction.

From the year 1412 to the year 1463, the Portuguese had in their various voyages, sailed seven hundred kross down the western Coast of Africa. In these voyages, they perceived that the shore gradually contracted towards the east, which raised in their minds great expectations of reaching India, if they persevered in their course. In the year 1486, the king of Portugal, having prepared a large armament, gave the command of it to Dias, a brave and experienced sailor, and commanded him to pursue the same course which former navigators had pursued, and to sail as much farther south as he was able. He explored five hundred miles more of the Coast, in an unknown sea; and in spite of the unwillingness of the sailors, whom he knew well how to command, he sailed down to the southern extremity of Africa. But having there encountered a mighty tempest, he named it the Cape of Storms, and returned to his own country. His sovereign however, elated with the success of the expedition, called it the Cape of Good Hope. Six years after this, Columbus having discovered America and

এই সকল বিবরণহইতে এই জানা যায় যে সুখসম্পত্তিযোগ্য পূর্ব্ব দেশীয় বস্তুর জন্যে পশ্চিম দেশীয় লোকেরদের সর্ব্বদা চেষ্টা ছিল এবং তাহারা সে বস্তু লাভ কামনাতে নানা পথ ও উপায় করিয়াছিল যেহেতুক বাণিজ্য জলস্রোতোন্যায় যদি এক স্থানে রুদ্ধ হয় তবে আপনার কারণ অন্য পথ করে।

সন ১৪১২ অবধি ১৪৬৩ সালপর্য্যন্ত পোর্ত্তুগীশেরা বারং গমনেতে আফ্রিকার পশ্চিম তীরে ক্রমেং সাত শত ক্রোশ চলিল এবং তাহারা চলিতেং দেখিল যে তীর ক্রমে পূর্ব্ব দিগে গিয়াছে তাহাতে আশা পাইল যে এই দিগহইতে ভারতবর্ষের পথ পাইব। সন চৌদ্দ শত ছিয়াশী সালে পোর্ত্তুগালের রাজা অনেক জাহাজ প্রস্তুত করিল এবং দৈয়াস নামে জ্ঞানবান অথচ সাহসী এক জনকে জাহাজের অধ্যক্ষ করিল এবং আজ্ঞা দিল যে পূর্ব্ব নাবিকেরা যে পথে গিয়াছিল তুমি সেই পথ দিয়া তাহাহইতে দক্ষিণ যত দূর যাইতে পার তত দূর যাইবা। তিনি পাঁচ শত ক্রোশ নূতন পথ অথচ অজ্ঞাত সমুদ্রে চলিলেন জাহাজস্থ লোকেরা যাইতে অসম্মত হইল তথাপি তাহারদিগকে আপন বশীভূত করিয়া আফ্রিকার দক্ষিণ সীমাপর্য্যন্ত গেলেন কিন্তু সেখানে এমত ঝড় হইল যে তাহাতে সে স্থানের নাম ঝড়ময় অন্তরীপ রাখিয়া ফিরিয়া আপন দেশে পঁহুছিলেন। তাহার রাজা এই কর্ম্মসিদ্ধিতে বড় আনন্দিত হইয়া উত্তমাশা অন্তরীপ নাম রাখিলেন। ইহার পরে ছয় বৎসর কলম্বস আমেরিকা প্রথম দর্শন করিয়া স্বদেশে ফিরিয়া আইলেন এবং

returned to his country, the report of his voyage filled all Europe with astonishment. The king of Portugal however seriously apprehended, that Columbus's projects would interfere with the discoveries on which he was about to dispatch his servants. He therefore made an application to the Pope of Rome, who at that time ruled the consciences of all Europe, and esteemed himself God's Vicegerent on earth. The Pope in reply to this application, under the authority with which he conceived himself vested, granted to the Portuguese all countries they could discover to the east, and to the Spaniards all countries to the west. Having obtained this grant, the king of Portugal, in the year 1497 prepared three ships to sail on a voyage to India, and one vessel laden with provisions. They were manned with one hundred and sixty men, and Vasco de Gama was appointed the commander. The voyagers spent the whole of the night preceding their departure, in prayer to God in one of the churches. The next day the shore was crowded with people from the city of Lisbon; and the priests arrayed in their sacred vestments, walked before the procession, singing hymns and praying to the Almighty. The flame of devotion spread through the whole assembly, who likewise lifted up their voice in prayer. The spectators considering the navigators as proceeding to certain destruction, their parents, relations, and friends, falling on their necks, wept aloud. Even the magnanimous Gama beholding this sight, shed a few tears and pass-

তাহার কর্ম্ম শুনিয়া সকল লোক আশ্চর্য্য জ্ঞান করিল ইহাতে পোর্ত্তুগালের রাজা ভীত হইয়া ভাবিল যে আমার লোকেরা যে দেশ দর্শনার্থে যাইতেছে ইহা যদি কলম্বস অগ্রে গিয়া অধিকার করে তবে আমার উদ্যোগ বৃথা হইবে। একারণ সে রোমের পাপার নিকটে নিবেদনপত্র লিখিল পাপা সেই সময়ে ইউরোপের তাবৎদেশের ধর্ম্মাধ্যক্ষ ছিল সে আপনাকে পৃথিবীর উপরে ঈশ্বরের নায়েব জ্ঞান করিত এবং সে তাহা পাইয়া আপন কল্পিত পরাক্রমানুসারে এক দানপত্র লিখিয়া দিল তাহাতে পৃথিবীর পূর্ব্ব ভাগে যত দূর পোর্ত্তুগীশেরা যাইতে পারে তাবৎ দেশ তাহারদিগকে দিল ও পশ্চিম ভাগে স্পানিয়ারা যত দূর যাইতে পারে তাবৎ দেশ তাহারদিগকে দিল। এই সনন্দ পাইয়া সন চৌদ্দ শত সাতানব্বই সালে পোর্ত্তুগালের রাজা ভারতবর্ষ দর্শনের কারণ তিন জাহাজ প্রস্তুত করিল ও খাদ্য দ্রব্য বোঝাই এক জাহাজ। তাহারদের মধ্যে এক শত যাইট নাবিক ছিল এবং বাস্কো দি গামা তাহারদের অধ্যক্ষ হইল যাত্রিকেরা যাত্রাদিবসের পূর্ব্বরাত্রে ঈশ্বরের এক মন্দিরে গিয়া সকল রাত্রি প্রার্থনা করিল পর দিবসে লিস্বন নগরের লোকদ্বারা সমুদ্রের তীর পরিপূর্ণ হইল এবং পুরোহিত ধর্ম্মসূচক বস্ত্র পরিধান করিয়া গান ও প্রার্থনা করিতেং অগ্রে গমন করিল। তাহা দেখিয়া সেখানে যত লোক ছিল তাহারা এককালে ঈশ্বরের নিকটে প্রার্থনা করিল সকলে বুঝিল যে এ যাত্রাশীল লোকেরা নিতান্ত মৃত্যুর মুখে প্রবেশ করিতেছে নাবিকেরদের পিতামাতা বন্ধু বান্ধব আসিয়া পরস্পর গলা ধরিয়া অনেক রোদন করিল। গামা উৎসাহী হইয়াও ইহা দেখিয়া শোকপ্রযুক্ত চক্ষুর জল ত্যাগ করিল ও সেইং লোকের

ing rapidly through the crowd, ascended his ship, and commanded the sails to be unfurled. The king sent with Gama ten condemned criminals, whom he promised to pardon if they faithfully obeyed Gama's orders, and executed any enterprize, however difficult, to which he might appoint them.

On the eighth of July, in the year fourteen hundred and ninety-seven the fleet left the Tagus. When they arrived off the Cape, the waves ran mountains high, and the vessels were now lifted aloft to the skies, and then plunged into the depths of the ocean. When the wind had a little subsided, the sailors fell at the feet of Gama, and besought him to return, since the sea appeared altogether impassable. Gama, disregarding all their intreaties, continued his course, which so incensed them, that they entered into a conspiracy against him. Being informed of their intentions he threw the ringleaders into irons, and with the assistance of his brother, who managed the helm, doubled the Cape. Shortly after, they arrived on an island belonging to the Moosulmans. The whole trade of the east was at that time in their hands; the appearance of vessels from Europe therefore in those seas, naturally alarmed them, and they sought every opportunity to destroy Gama's fleet. Having escaped from their machinations, he set sail and came to another island, from whence sailing in a direct course to India, he soon after arrived at Calicut on the Coast of the Dek-

মধ্যদিয়া শীঘ্র যাইয়া জাহাজে উঠিয়া পালি তুলিতে আজ্ঞা দিল। রাজা গামার সঙ্গে দশ জন অপরাধি লোক পাঠাইল এবং তাহারদিগকে কহিল যে গামার আজ্ঞানুসারে চলিলে ও যে কোন দুষ্কর কর্ম্মে সে তোমারদিগকে পাঠাইলে সে কর্ম্ম তোমারা সিদ্ধ করিলে তোমরা খালাস পাইবা।

পরে সন চৌদ্দ শত সাতানব্বই সালের আটই জুলাই গামা টাগস নদী ছাড়িল অন্তরীপের নিকটে পঁহুছিলে পাহাড়ের মত জলের উচ্চ তরঙ্গ দেখিল এবং জাহাজ একং বার আকাশপর্য্যন্ত উঠে ও একং বার পাতালে প্রবেশ করে। পরে বায়ু যখন কিছুং মন্দ হইল তখন নাবিকেরা গামার চরণে পড়িয়া প্রার্থনা করিল যে এইখান হইতে ফিরিয়া চল কেননা সমুদ্র নিশ্চয় অগম্য। কিন্তু গামা তাহারদের নিবেদন না মানিয়া সিধা চলিল পরে নাবিকেরা ক্রুদ্ধ হইয়া প্রতিকূল চেষ্টা পাইতে লাগিল। গামা তাহার সন্ধান পাইয়া তাহারদিগের সরদারেরদের পায়ে বেড়ি দিল। এবং সে ও তাহার ভ্রাতা আপন হাতে হালি ধরিয়া কুমারী অন্তরীপ প্রদক্ষিণ করিল। কিছু দিন পরে মুসলমানেরদের অধিকৃত এক উপদ্বীপে পঁহুছিল তৎকালে পূর্ব্ব দেশের সকল বাণিজ্য তাহারদের অধীন ছিল অতএব ঐ সমুদ্রে ইউরোপের জাহাজ দেখিয়া তাহারা বড় ভীত হইল এবং গামার জাহাজ নষ্ট করিবার চেষ্টা করিল কিন্তু তাহারদিগের হাতহইতে মুক্ত হইয়া অন্য উপদ্বীপে আসিয়া সেখানহইতে ভারতবর্ষের দিগে নিশ্চয় মুখ রাখিয়া এক কালে দক্ষিণদেশস্থ কালিকত নগরে পঁহুছিল ও কালিকতের নিকটবর্ত্তি পর্ব্বত দেখিয়া তাবৎ

kan. The view of the mountains of Calicut filled the whole fleet with joy. At their first interview with the king of the country, he behaved toward Gama with the greatest kindness; but the M*oosu*lmans having prejudiced him against the European navigators, he began to act deceitfully towards them. Gama having accomplished the object of his journey returned to his native country, and in his journey homewards destroyed several of the M*oosu*lman cities and many of their ships, in return for ill offices they had done him. Gama was two years and two months in performing this journey; and of the hundred and sixty men who had accompanied him, only fifty survived the perils of the voyage. On all these, the king of Portugal bestowed great wealth and much honor. This was the first visit paid by the European nations to India by sea;—it was likewise the first time that any European vessel had doubled the Cape of Good Hope. A way having been thus opened, not only the Portuguese, but the other nations of Europe sailed to India by the same route, and established an extensive commerce with the East.

Some have denied to this enterprize of Gama's in doubling the Cape, which opened the vast continent of India to the nations of Europe, an equal share of praise with the great enterprize of Columbus; yet we cannot but acknowledge that this must ever be reckoned among the greatest actions performed by men. This voyage occasioned a complete revolution

লোক আনন্দিত হইল। সেখানকার বাদশাহ প্রথম গামার সহিত সাক্ষাৎ করিয়া অনেক শিষ্টাচার করিল কিন্তু পরে মুসলমানেরদের পরামর্শে ভ্রান্ত হইয়া ইউরোপীয় লোকের সহিত শঠতা করিতে লাগিল। পরে গামা আপন উদ্দেশ্যসিদ্ধি করিয়া আপন দেশে আইল ও মুসলমানেরদের শঠতার প্রতিফল দিবার কারণ পুনর্গমন কালে তাহারদিগের দুই তিন নগর ও অনেক জাহাজ নষ্ট করিল গামার গমনাগমনে দুই বৎসর দুই মাস গত হইল তাহার সঙ্গী এক শত ষাইট জন লোকের মধ্যে কেবল পঞ্চাশ জন ফিরিয়া আইল তাহারা সকলে পোর্ত্তুগালের রাজার নিকটে অনেক ধন ও অনেক সম্ভ্রম পাইল। এইবার ইউরোপীয় লোকেরা প্রথম ভারতবর্ষে সমুদ্রপথে আইল এবং এইবার ইউরোপীয় জাহাজ ও প্রথম উত্তমাশা অন্তরীপ ঘূরিল। এই রূপে পথ প্রসিদ্ধ হইলে পোর্ত্তুগীশেরা ও ইউরোপের অন্যং জাতি ঐ পথদ্বারা ভারতবর্ষে আসিতে ও পূর্ব্ব দেশের সহিত মহাবাণিজ্য স্থাপন করিতে লাগিল।

কেহং কহে যে গামার এই প্রথম উত্তমাশা অন্তরীপ ঘূরিয়া যাওয়া এবং তাহাতে ইউরোপীয় লোকেরদের গোচরে ভারতবর্ষ প্রকাশকরণ এই কর্ম্ম কলম্বসের কর্ম্মের তুল্য প্রশংসনীয় নহে তথাচ মনুষ্যেরদের মহাকর্ম্মের মধ্যে এও এক কর্ম্ম গণিত হইবে যেহেতুক এ যাত্রাতে একটা নূতন সৃষ্টি হইল। মিসর দেশ

in affairs. The channel of the eastern trade through Egypt and Alexandria was closed; the naval power of the *Moosulmans* was broken, and the Portuguese by establishing factories in different parts of India, and monopolizing the whole of its trade, increased their power to an amazing degree. But nothing is unchangeable beneath the Supreme. The Portuguese who, two hundred years ago, enjoyed unlimited power in the East, do not at the present moment possess one single place of all their former possessions on this continent, except the insignificant territory around Goa.

Of the Productions peculiar to India.

The trade which is carried on with different parts of the world, originates with the productions of the earth. Some plants grow with great luxuriance in some countries, which will not grow in others. A peculiar soil and climate are necessary for different plants; hence those which flourish in warm climates, will not thrive in cold ones, and others which grow in the colder regions, will not flourish in a warmer climate.

The situation of some countries is likewise peculiarly favorable for the *cultivation* of particular plants. Thus Tea grows no where so richly as it does in China; tea is therefore one of the staple commodities of that country. There are many plants which flourish in India, which scarcely grow in England, of which we will mention a few.

দিয়া ও আলেক্সান্দ্রিয়া দিয়া বাণিজ্যের যে পথ ছিল সে এক কালে রুদ্ধ হইল মুসলমানেরদিগের সমুদ্রের উপরের পরাক্রম এক কালে লুপ্ত হইল এবং পোর্ত্তুগীশেরা কএক বৎসর ভারতবর্ষের মধ্যে স্থানেং কুঠী বসাইয়া পূর্ব্ব দেশীয় সকল বাণিজ্যের উপস্বত্ব ভোগ করিল এবং তাহারদের পরাক্রমের অসংখ্য বৃদ্ধি হইল। কিন্তু বুদ্ধিব্যতিরেকে কোনহ পদার্থের স্থৈর্য্য নাই। দুই শত বৎসর হইল পোর্ত্তুগীশেরা পূর্ব্ব দেশের প্রায় সকল রাজ্যে পরাক্রান্ত ছিল কিন্তু পূর্ব্বে তাহারদের যে মহাধিকার ছিল তাহার মধ্যে এখন গুয়া নামে এক ক্ষুদ্র নগরমাত্র আছে।

ভারতবর্ষের স্বাভাবিক বৃক্ষ।

নানা দেশের সহিত পরস্পর যেং বাণিজ্য সে ভূমিজাত বস্তুদ্বারা হয় কোনং বৃক্ষ কোনং দেশে তেজস্বিরূপে জন্মে সে অন্য দেশে জন্মে না বৃক্ষোৎপত্তির প্রতি উপযুক্ত মৃত্তিকা ও কারণান্তর অপেক্ষণীয় হয় যেহেতুক গ্রীষ্মপ্রধানক দেশে যেং বৃক্ষ জন্মে শীতপ্রধানক দেশে সে বৃক্ষ জন্মে না এবং শীত দেশে যে বৃক্ষ জন্মে সে গ্রীষ্ম দেশে জন্মে না।

কোনং স্থান কোনং বৃক্ষজন্মানেতে অত্যুপযুক্ত যেমন চা চীন দেশভিন্ন অন্য দেশে ভাল জন্মে না তৎপ্রযুক্ত চীন দেশের বাণিজ্যের এক প্রধান বস্তু চা। ভারতবর্ষে অনেক বৃক্ষ আছে সে প্রায় ইংগ্লণ্ডে জন্মে না তাহার বৃত্তান্ত সংক্ষেপে কিছু কহিব।

First. The *Sugar-cane*, from which sugar is produced, does not grow in England. The sugar which is consumed there is chiefly imported from the West India Islands. The sugar produced in India might also be exported to England, and is sufficient to supply the demand of the whole country; but in the mode of preparing it, the natives of this country are somewhat deficient, so that it is not at present capable of being exported so advantageously as the West India sugar.

Secondly: *Tobacco* is not cultivated in England. In former ages, it was likewise unknown in India, but soon after the discovery of America, the Portuguese introduced it from thence into this country. Before the discovery of America, it was not known in any other country, though it is now become a necessary article of life in almost every nation in the world. So little was the use of tobacco formerly known in England where it is now so common, that about two hundred years ago a gentleman having brought some tobacco from America, was smoking it in his own chamber, when a servant-girl entered with some water which he had ordered for some other purpose, and seeing the smoke issue from her master's mouth, she imagined he was on fire, and threw the water on his face, with the view of extinguishing the fire. No mention is made of tobacco in any Sungskrit dictionary, or in any other work in that language. The tobacco which is consumed in England, is almost wholly imported from the West India Islands.

প্রথম। চিনিজনক ইক্ষু সে ইংগ্লণ্ডে জন্মে না এই কারণ ইংগ্লণ্ডে যত চিনি ব্যয় হয় প্রায় সে সকল আমেরিকার নিকটস্থ উপদ্বীপহইতে আইসে। ভারতবর্ষের উৎপন্ন চিনি ইংগ্লণ্ডে গেলে না বিক্রয় চলিতে পারে এবং এই দেশে এত চিনি উৎপন্ন হয় যে ইংগ্লণ্ড দেশের তাবৎ ব্যয়োপযুক্ত কিন্তু চিনি প্রস্তুত করিতে এতদ্দেশীয় লোকেরা সুন্দর পারগ নহে এইহেতুক এতদ্দেশীয় চিনি আমেরিকার নিকটস্থ উপদ্বীপজাত চিনির মত অন্য দেশে লইবার উপযুক্ত নয়।

দ্বিতীয়। তামাকু ইংগ্লণ্ডে তাহার কৃষি হয় না ভারতবর্ষেও পূর্ব্বে জন্মিত না কিন্তু আমেরিকা জানা গেলে পোর্ত্তুগীশেরা সেখানহইতে এদেশে আনিল। আমেরিকাপ্রকাশহওনের পূর্ব্বে তামাকু কোন দেশে জানা ছিল না এখন পৃথিবীর সর্ব্ব দেশের লোকেরদের অত্যাবশ্যক হইয়াছে। ইংগ্লণ্ড দেশে তামাকু অতিবাঞ্ছনীয় কিন্তু পূর্ব্বে এমত অজ্ঞাত ছিল যে দুই শত বৎসর হইল এক সাহেব আমেরিকা দেশহইতে ইংগ্লণ্ডে তামাকু আনিয়া আপন ঘরে খাইতেছিল এবং আপন চাকরাণীকে অন্য কোনহ কর্ম্মের কারণ জল আনিতে আজ্ঞা দিয়াছিল সে চাকরাণী সাহেবের মুখহইতে নির্গত ধূম দেখিয়া মুখে অগ্নি লাগিয়াছে জ্ঞান করিয়া অগ্নি নির্ব্বাণের চেষ্টাতে সেই জল তাহার মুখে ফেলিয়া দিল। তামাকুর নাম কোন সংস্কৃত অভিধানে কিম্বা কোন সংস্কৃত গ্রন্থে নাই। ইংগ্লণ্ডে যত তামাকু ব্যয় হয় সে সকল আমেরিকার নিকটস্থ উপদ্বীপহইতে আইসে।

Thirdly. *Cotton* is raised in great quantities in India, while none is produced in England; hence a large quantity is annually exported from this country.

Fourthly. No *Indigo* is produced in England; but it grows in America, from whence it was exported to England, before the cultivation of it was encouraged in the East; but the amazing quantity raised in India, together with its superior value, has nearly superceded the importation of it from America.

Fifthly. *Hemp*, which is of essential service in various manufactories, and for the sails and ropes of ships, does not grow in England in sufficient abundance; a large quantity of hemp is therefore imported annually into England from the north of Europe. It is a staple commodity of India. Beside these enumerated plants, there are many other trees, such as the Mango, the Jack, the Cocoa, the Tamarind, the Date, the Plantain, the Jam, the Rose-Apple, the Guava, with various other fruit trees, which do not grow in England; there are likewise a great number of plants indigenous to England, which do not grow in this country.

Death of the Princess Charlotte.

On the fifth of November, one thousand eight hundred and seventeen, died at the age of twenty-two,

তৃতীয়। তুলা এখানে অধিক জন্মে ইংগ্লণ্ডে কিছুই জন্মে না অতএব এ দেশহইতে বৎসরং অনেক তুলা ইংগ্লণ্ডে যায়।

চতুর্থ। নীল ইংগ্লণ্ডে জন্মে না আমেরিকাতে জন্মে যখন এ দেশে নীল ব্যবসায় না ছিল তখন সেখানহইতে নীল ইংগ্লণ্ডে যাইত কিন্তু এখন এ দেশে অতিশয় ও উত্তম নীল জন্মানেতে এখানহইতেই এখন যাইতেছে আমেরিকাহইতে ইংগ্লণ্ডে তাহার রপ্তানী নিবৃত্ত হইয়াছে।

পঞ্চম। যে শণ শিল্পকর্ম্মে এবং জাহাজের পালি ও দড়ির কারণ অত্যাবশ্যক সে শণ ইংগ্লণ্ডের ব্যয়োপযুক্ত সেখানে জন্মে না সে কারণ বৎসরং ইউরোপের উত্তর ভাগহইতে অনেক শণ ইংগ্লণ্ডে আনা যায়। শণ এ দেশের স্বাভাবিক উৎপন্ন বস্তু। এইং গাছ ভিন্ন যে অনেক বৃক্ষ ইংগ্লণ্ডে জন্মে না সে এইং আম্র ও কাঁঠাল ও নারিকেল ও তেঁতুল ও খর্জ্জূর ও কলা ও জাম ও গোলাপজাম ও পেয়ারা ও অন্যং ফলবান্ বৃক্ষ। ইংগ্লণ্ডেও অনেকং বৃক্ষ আছে যে এখানে জন্মে না।

ইংগ্লণ্ডের বাদশাহের পৌত্রীর মৃত্যু বিবরণ।

আটার শত সতর সনে পাঁচই নবেম্বরে ইংগ্লণ্ডের বাদশাহের পৌত্রী শালট নামে তিনি বাইশ বৎসরবয়স্কা হইয়া লোকান্তর

the Princess Charlotte, the Grand daughter of the King of England. She was in the immediate line of succession to the crown. About two years ago, she was married to one of the princes of Germany, and a few hours before her death was delivered of a still-born child. Her Father, the Prince Regent, has no other child, on which account the kingdom will descend eventually to his brother. The succession to the English crown is hereditary. The present king has now reigned fifty eight years; and is eighty years of age, he has for eight years been afflicted with a malady which has rendered him unable to perform the functions of royalty, which have consequently devolved on his eldest son the Prince Regent.

Of the Steam Boat.

THE strength of steam is amazing, and in Europe is advantageously employed in moving various machines. The steam engine is exceedingly complicated, but when properly put together, works without any difficulty; and machines which require a mighty power to move them, are wrought with amazing ease by means of the steam engine. A few years ago, a gentleman in America imagining that *Boats* might also be moved by means of steam, without the aid of oars, prepared a vessel without oars, and placed a steam en-

গতা হইয়াছেন। তিনি ইংগ্লণ্ডের রাজার উত্তরাধিকারিণী ছিলেন দুই বৎসর হইল জরমণি দেশের এক জন অধ্যক্ষের সহিত তাঁহার বিবাহ হইয়াছিল এবং মরণের পূর্ব্ব দুই তিন ঘণ্টা তিনি এক মৃত বালক প্রসব করিয়াছিলেন। তাহার পিতা যুবরাজেরও আর সন্তান নাই এইহেতুক তাহার পর রাজ্য তাঁহার ভ্রাতার হস্তগত হইবেক। ইংগ্লণ্ডের রাজ্যের অধিকারী পর্য্যায়ক্রমে হয়। এখন যিনি বাদশাহ তিনি আটান্ন বৎসর হইল সিংহাসনে বসিয়াছেন তাঁহার বয়ঃক্রম আশী বৎসর হইয়াছে তিনি পীড়াপ্রযুক্ত আট বৎসর রাজকীয় কর্ম্ম করেন না তাঁহার জ্যেষ্ঠ পুত্র রাজকর্ম্ম করিতেছেন।

বাষ্পের দ্বারা নৌকা চালানের বিষয়ে।

বাষ্পের জোর অতিবড় এইহেতুক ইউরোপ দেশে তাহার দ্বারা অনেক কল ঘূরাণ যায়। অনেক শিল্প কর্ম্মদ্বারা বাষ্পের কল হয় কিন্তু কল একবার প্রস্তুত হইলে পরে অনায়াসে খেলে এবং যে কল অন্য রূপে ঘূরাণ অতিদুষ্কর তাহা বাষ্পের দ্বারা অতিসহজে ঘূরাণ যায়। কতক বৎসর হইল আমেরিকা দেশে এক সাহেব বুঝিল যে দাঁড়ব্যতিরেকে এই কলদ্বারা নৌকা চালান যায় এই কারণ এক নৌকা প্রস্তুত করিয়া তাহাতে দাঁড় না দিয়া এই রূপ কল তাহার ম

gine in the middle of it. At the two sides of the boat, he placed two wheels which were affixed to the steam engine and turned by. To these wheels were attached a number of paddles, which in the course of their motion passed through the water. When the engine was put in motion, these wheels moved round, and the paddles affixed to them, propelled the vessel forward like so may oars. When he had succeeded in this attempt, others adopted the plan, and it is now in almost universal use, both in England and in America. The vessels which are moved by steam are in general large, and will frequently accommodate two hundred passengers. They resemble a little ship, and will move against wind and tide at the rate of about six miles an hour.* They go night and day with such tranquility, that the passengers scarcely perceive the motion.

Of Alfred the Great.

ALFRED the Great, a king of England, who lived nearly a thousand years ago, was one of the wisest monarchs that ever swayed the English sceptre. Every hour of his life had its peculiar business assigned it. He divided the day and night into three parts containing eight hours each; and though much afflicted

* With the tide they go ten or twelve miles an hour, and they in general perform a journey of five hundred miles in about four days.

ধ্য স্থানে দিল। এবং নৌকার দুই পার্শ্বে দুইটা চক্র দিল সেই চক্র কলের সহিত সংলগ্ন অথচ ঐ কলদ্বারা ঘোরে। ঐ চক্রের বাহিরে কতক দাঁড় লাগাইল চক্রের ঘূরাণেতে ঐ দাঁড় জলের মধ্যে গমন করিল যখন কল ঘূরিল তখন ঐ চক্রও ঘূরিল এবং তাহার সহিত সংলগ্ন দাঁড়ের চলনেতে নৌকা অনায়াসে চলিল। এই প্রকারে কর্ম্মসিদ্ধি দেখিয়া অন্যং লোকেও সেই রূপ করিল এবং ইউরোপে ও আমেরিকাতে সর্ব্বত্র তাহার প্রচার হইয়াছে এই কলযুক্ত যে নৌকা সে অতিবড় তাহার মধ্যে কোনং নৌকায় দুই শত লোক অনায়াসে আহারাদি ও শয়নপ্রভৃতি করিতে পারে এ মহানৌকা ক্ষুদ্র জাহাজের তুল্য জলের ও বায়ুর প্রতিকূলেও দণ্ডে এক ক্রোশ চলে* এবং অতিস্থির রূপ দিবারাত্র চলে চড়ন্দার লোকে জ্ঞান করে না যে নৌকা চলিতেছে।

আলফ্রেডের বিষয়ে।

অনুমান এক হাজার বৎসর হইল আলফ্রেড নামে ইংগ্লণ্ডের এক বাদশাহ ছিলেন তিনি তাবৎ ইংগ্লণ্ডীয় রাজারদের মধ্যে অতিজ্ঞানবান ছিলেন। তাঁহার যাবজ্জীবন প্রতিঘড়ীর কর্ম্ম নিরূপণ ছিল এবং তিনি দিন ও রাত্রিকে আটং ঘড়ী করিয়া তিন ভাগ করিয়াছিলেন। এত যে তিনি অসুস্থ ছিলেন তথাপি

* তাটার সময়ে ঐ নৌকা দণ্ডে দুই ক্রোশ চলে ও চারি দিনে আড়াই শত ক্রোশের মঞ্জিল পঁহুছে।

with disease, assigned only eight hours to sleep, meals, and exercise, devoting of the remaining sixteen, one half to reading, writing, and devotion, and the other half to public business. As clocks were not invented, he prepared candles which lasted exactly eight hours.

---

*Titus, Emperor of Rome.**

The Emperor of Rome Titus, the son of Vespasian, suffered no person to be prosecuted for speaking disrespectfully of him. "If they blacken my character undeservedly, said he, they ought rather to be pitied than punished; if deservedly, it would be an act of injustice to punish them for speaking truth."

One day when Alcibiades, a noble Greek, was boasting of his wealth and the great estates in his possession, Socrates his master carried him to a geographical map, and asked him to find Attica, the country in which Athens stood. It was so small that he could scarcely discern it upon that draught; he found it, however, though with some difficulty. But, upon being desired to point out his own estate there; "It is too small, says he, to be distinguished in so little a space." "See then," replied Socrates, "how much you are affected about an imperceptible point of land!"

* He died A. D. 81, exactly one thousand seven hundred and thirty-seven years ago.

তিনি শয়ন ও ভোজন ও ভ্রমণ কারণ আট ঘণ্টা নিযুক্ত করিলেন ও অবশিষ্ট ষোল ঘণ্টার অর্দ্ধেক পুস্তকাদি পাঠে ও লিখনে ও ঈশ্বরারাধনাতে ও তদর্দ্ধকাল রাজকর্ম্মে ক্ষেপ করিতেন। তৎকালে ঘড়ী প্রকাশ ছিল না তৎপ্রযুক্ত তিনি এমত বাতি প্রস্তুত করিয়াছিলেন যে সে প্রত্যেক বাতি আট ঘণ্টা জ্বলিত।

রোমদেশের বাদশাহ্‌ তীতস।

বেস্পাসীয়নের পুত্র তীতস নামে রোমের বাদশাহ তাঁহার প্রতিকূল কথা কহিলেও তিনি কাহাকেও দণ্ড করিতেন না তাহার কারণ এই কহিতেন যে যদি সে লোক অকারণ আমার প্রতিকূল কথা কহে তাহাকে বরং দণ্ড না করিয়া তাহার বিষয়ে খেদ করিতে হয়। যদি কেহ্‌ আমার সকারণ অপবাদ করে তাহাকে দণ্ড দেওয়া অন্যায্য যেহেতুক সে আমার সত্য কথাই কহিয়াছে।

আলসিবিএদীস নামে এক জন ভাগ্যবান গ্রীক সে এক দিন আপন সম্পত্তি ও তালুকের অহঙ্কার করিতেছিল। সক্রাতীস নামে তাহার গুরু তাহাকে পৃথিবীর ছবির কাছে লইয়া গিয়া জিজ্ঞাসা করিল যে তোমার দেশ আটিকা কোথায় সে দেশ এমত ক্ষুদ্র ছিল যে প্রথম চক্ষুর্গোচর হইল না। পরে অনেক পরিশ্রমে ঐ দেশ দেখিতে পাইল। কিন্তু যখন তাহার গুরু পুনর্ব্বার তাহাকে জিজ্ঞাসা করিল যে তোমার ভূমি কোথায় সে উত্তর করিল যে সে এমত ক্ষুদ্র যে দৃশ্য হওয়া ভার। গুরু কহিল যে দেখ এই অদৃশ্য এক বিন্দু ভূমিতে কত অহঙ্কার করিতেছ।

* এক হাজার সাত শত সাঁইত্রিশ বৎসর হইল তিনি মরিয়াছেন।

Dig-Durshun,

OR

MAGAZINE FOR INDIAN YOUTH.

No. III.

June, 1818.

DIG-DURSHUN.

No. III.

Sketch of the History of the World before the birth of Christ.

THE world has been created nearly six thousand years. The time which has elapsed since the creation, may be divided into three parts: the first period, sixteen hundred and fifty-six years, extends from the creation to the flood; the second, two thousand three hundred and forty-eight years, extends from the flood to the birth of Christ: the third period, from the birth of Christ to the present time, one thousand eight hundred and eighteen years. The advantage which this division of history affords, is, that the events which have taken place since the creation, are hereby imprinted on the mind with greater clearness.

The world was created by the word of the Almighty. God employed six days in creating all things, and on the seventh rested from them, having completed his labors. From this, he has commanded all men, one day in the week, to divest themselves of worldly business and cares, and to devote themselves peculiarly to the contemplation of himself. He created

তৃতীয় ভাগ।

খ্রীষ্টের পূর্ব্বে পৃথিবীর ইতিহাসের সংক্ষেপ বিবরণ।

পৃথিবী প্রায় ছয় হাজার বৎসর নির্ম্মিতা হইয়াছে। পৃথিবীর সৃষ্টিঅবধি অদ্যপর্য্যন্ত যে কাল গত হইয়াছে সে কাল তিন ভাগে বিভক্ত হয় প্রথম ভাগ সৃষ্টিঅবধি জলপ্লাবনপর্য্যন্ত ষোল শত ছাপ্পান্ন বৎসর। দ্বিতীয় জলপ্লাবনাবধি খ্রীষ্টের জন্মপর্য্যন্ত তেইশ শত আটচল্লিশ বৎসর। তৃতীয় খ্রীষ্টের সময়াবধি অদ্যপর্য্যন্ত আটার শত আটার বৎসর। এই মত ভাগে২ কাল নির্দ্দিষ্ট করণের উপকার এই যে পৃথিবীর সৃষ্টিঅবধি যে কর্ম্ম হইয়াছে সে সকল ক্রিয়া সময়ানুসারে নির্দ্দিষ্ট হইয়া মনে থাকে।

ঈশ্বরের আজ্ঞানুসারে পৃথিবীর সৃষ্টি হইল। ঈশ্বর ছয় দিনে এই বিশ্ব সৃষ্টি করিয়া সপ্তম দিবসে আপন কর্ম্মহইতে বিশ্রাম করিলেন যেহেতুক তাঁহার উদ্দেশ্যসিদ্ধি হইল। এইহেতুক ঈশ্বর আজ্ঞা করিয়াছেন যে সকল মনুষ্যেরা সপ্তাহের এক দিবস সাংসারিক কর্ম্মহইতে বিশ্রাম করিবে এবং সেই এক দিবসে ঈশ্বরের প্রতি আপন মনোনিবেশ করিবেক। তিনি দুই জনকে প্রথমে

two human beings, one male and the other female, and both sinless. Till sin entered into the mind of the woman, they both lived in the garden of Eden in the enjoyment of the highest felicity. But the woman having broken the commandment of God, persuaded her husband to do so likewise. From that period, mankind have continually committed sin, and have been constantly in search after happiness, without having ever found it. The idea that in the beginning of the world, men enjoyed every degree of felicity, is confirmed by the traditions which have been preserved among all nations. The Greeks called it, the *Age of Gold*; the Hindoos have designated it, the *Sutyu Yoog*. With the entrance of sin, injustice, murder, falsehood and every other evil entered into the world. Adam had two sons, Cain and Abel. Abel being more righteous than his brother, was slain by him.

The family of man began to increase; and that the earth might be the more speedily filled with inhabitants, the age of man was then prolonged beyond the present limit of human existence. Methuselah lived longer than any other man; he died at the age of nine hundred and sixty-nine. Except in the Sacred Scriptures, there is no credible account of the age before the flood.

After the world had been created about sixteen hundred years, God determined on account of the sins

সৃষ্টি করিলেন এক পুরুষ ও এক স্ত্রী সে দুই জন নিষ্পাপী। যে পর্য্যন্ত পাপ সেই স্ত্রীর মনে প্রবেশ না করিল সেপর্য্যন্ত ঐ দুই ব্যক্তি এদেন উদ্যানে পরম সুখে কালক্ষেপ করিল। পরে সে স্ত্রী ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিয়া আপন স্বামিকে সেই রূপ করিতে প্রবৃত্তি দিল। সেই অবধি লোকেরা নিত্য পাপ করিতেছে এবং সতত সুখচেষ্টা করিতেছে কিন্তু সুখ কখন পায় না। পৃথিবীর প্রথম কালে লোকেরা যে পরম সুখে বাস করিত এই কিম্বদন্তী সকল জাতিমধ্যেই লোক পরম্পরাসিদ্ধা আছে। গ্রীকেরা সে সময়কে স্বর্ণময় করিয়া কহিত হিন্দু লোকেরা সে সময়কে সত্যযুগ করিয়া কহে। পাপের সঙ্গে অযাথার্থ্য ও বধ ও মিথ্যা ও অন্য সকল কুক্রিয়া জগতে প্রবেশ করিল। আদমের দুই পুত্র ছিল কইন ও হাবেল। হাবেল আপন ভ্রাতাহইতে যাথার্থিক ছিল সে নিমিত্তে তাহার ভ্রাতা তাহাকে সংহার করিল।

পরে মনুষ্যসন্তান বর্দ্ধিষ্ণু হইতে লাগিল তাহারদের দ্বারা পৃথিবী যে শীঘ্র পরিপূর্ণা হয় এই কারণ সেই সময়ে মনুষ্যের আয় ইদানীন্তন মনুষ্যের আয়ুহইতে দীর্ঘ ছিল। মিতূশলখের আয়ু সকল লোকের আয়ুহইতে দীর্ঘ তিনি নয় শত উনসত্তরি বৎসর বাঁচিয়াছিলেন। ধর্ম্মপুস্তকব্যতিরেকে আর কোন পুস্তকে জলপ্লাবনের পূর্ব্বকালীন লোকেরদের বিবরণ নিশ্চয় লিখিত নাই।

ষোল শত বৎসর পৃথিবীর সৃষ্টি হইলে পরে ঈশ্বর লোকেরদের পাপের জন্যে জলপ্লাবনদ্বারা পৃথিবী নাশ করিতে স্থির

of men to destroy it by a flood. Noah who was the most righteous man of his time, was commanded to prepare an ark, into which when finished, he entered, together with his wife, his three sons, and their wives, in all eight persons; and with them a pair of all living creatures; after which, the earth was overwhelmed with a flood, and with the exception of those who were preserved in the ark, the whole of the human race perished. This event happened sixteen hundred and fifty-six years after the creation, and it terminates the first epoch.

Of this flood which destroyed the universe, all mankind have retained some tradition, and the natural proofs of it are to be found in many places. Those productions which are peculiar to particular countries are frequently discovered many feet beneath the ground, far from the places where they are indigenous. Had not the order of nature been disturbed at the time of the flood, we should never have thus found the productions of one country, buried below the surface in other countries.

Relative to the early ages of the world, the various writers among those nations who heretofore possessed a knowledge of letters, have abandoned themselves to the wildest fancy. Emboldened by the general ignorance of mankind, some have maintained that the world was ten thousand years old, others have

করিলেন এবং তৎকালীন যাথার্থিক নুখ নামে এক ব্যক্তিকে ঈশ্বর জাহাজ প্রস্তুত করিতে আজ্ঞা করিলেন। সে জাহাজ প্রস্তুত হইলে নুখ ও তাহার ভার্য্যা ও তাহার তিন পুত্র ও তাহারদিগের তিন ভার্য্যা সকলে আট জন এবং সকল জীবের এক২ দম্পতী সেই জাহাজে প্রবিষ্ট হইল। তাহার পর পৃথিবী জলপ্লাবিতা হইল এবং ঐ জাহাজের মধ্যে অবস্থিত লোকভিন্ন কোন লোক রক্ষা পাইল না। ষোল শত ছাপ্পান্ন বৎসর পৃথিবী হইলে পর এ কর্ম্ম হইল এবং এই কর্ম্মেতে পৃথিবীর আয়ুর প্রথম ভাগ সমাপ্ত হইল।

সকল জাতির মধ্যে এই পৃথিবীনাশক জলপ্লাবনের কথা ধারাবাহিকরূপে চলিতেছে এবং তাহার স্বাভাবিক চিহ্ন সর্ব্বত্র পাওয়া যায়। যে২ বস্তু কেবল এক স্থানে জন্মে অন্যত্র জন্মে না সেই২ বস্তু মৃত্তিকা খনন করিলে তাহার দূর দেশেও কখন২ পাওয়া যায়। যদি পৃথিবীর স্বভাব জলপ্লাবনেতে উৎপ্লুত না হইত তবে এমত এক দেশের বস্তু অন্য দেশের মৃত্তিকার মধ্যে পাওয়া যাইত না।

যে২ দেশের মধ্যে বিদ্যার চলন পূর্ব্বে ছিল সে দেশের ইতিহাসবেত্তারা পৃথিবীর প্রথম আয়ুর বিষয়ে আপন২ ইচ্ছানুসারে বর্ণনা করিয়াছেন। লোকেরদের অজ্ঞানতাতে সাহসী হইয়া কেহ২ পৃথিবীর আয়ু দশ হাজার বৎসর কহে কেহ২ এক লক্ষ কেহ২ দশ

given it a hundred thousand years; others a million, and some have even declared that it is eternal. The accounts of no two nations agree in this respect, and we are therefore led strongly to suspect the correctness of all their calculations. Those nations who applied to astronomy, fixed the age of the world according to astronomical calculations; and the different periods which they assigned to it, were only certain periods within which the heavenly bodies complete a certain circle. Thus, the Egyptians fixing the age of the world according to the rotations of the planets, assigned to it thirty-six thousand five hundred and twenty-five years. The Hindoos have given four yoogus to the world, at the end of which, they predict a great *pruluyu* or destruction. Their astronomers found that, supposing the planets to have started at one time from any one sign, they would all return conjointly to that sign in so many millions of years: this mighty period of time they affixed as the duration of the earth, with which however it has no connection. That after the lapse of this long period, the planets, should they continue, will certainly be found in one sign, is certain, but this cannot in the least degree affect the duration of the earth, which is itself one of the planets which will move into that sign in unison with the others.

The flood continued a hundred and forty days; after it had subsided, the ark rested on mount Ararat in Armenia, when Noah, his family, and all the living

লক্ষ ও কেহ২ কহিয়াছেন যে পৃথিবী অনাদি। ইহাতে কোন দুই দেশীয় লোকের মতে পৃথিবীর আয়ু এক হয় না অতএব প্রায় সকল গণনা মিথ্যা বোধ হয়। কিন্তু যে জাতির মধ্যে খ গোলীয় বিদ্যা আছে তাহারা গ্রহ নক্ষত্রাদির গমনানুসারে পৃথিবীর সময় স্থির করিয়াছে এবং তাহারা পৃথিবীর যে২ আয়ু কল্পনা করিয়াছে সেই কাল কেবল গ্রহেরদের কোন২ কক্ষার ভ্রমণকালমাত্র। এইমত মিসরদেশীয় লোকেরা গ্রহের গমনানুসারে পৃথিবীর সময় বর্ণনা করিয়া ছত্রিশ হাজার পাঁচ শত পঁচিশ বৎসর কহিত এবং হিন্দু লোকেরা পৃথিবীর চারি যুগ করিয়াছে তাহার পর এক মহাপ্রলয় কল্পনা করিয়াছে। হিন্দু জ্যোতির্বিদেরা দেখিল যে যদি সকল গ্রহ কোন এক সময়ে এক রাশিহইতে নির্গত হইত তবে ভ্রমণ করিয়া২ তাহারা এত লক্ষ বৎসরের পর পুনর্ব্বার এক সময়ে সেই রাশিতে একত্র হইবেক। এই মহাসময় পৃথিবীর আয়ু তাহারা কহে কিন্তু পৃথিবীর সহিত ইহারদের কি বাধ্যবাধকতা যে এমত দীর্ঘ সময়ের পর যদি গ্রহ থাকে তবে তাহারা এক রাশি ভোগ করিবে এই নিশ্চয় কিন্তু ইহাতে পৃথিবীর নাশ ও স্থৈর্য্যের কি হইতে পারে যেহেতুক পৃথিবী আপনি এক গ্রহ এবং অন্য সকল গ্রহেরদের সহিত ভ্রমণ করিয়া সে সময়ে এক রাশি ভোগ করিবেক।

বন্যা এক শত চল্লিশ দিনপর্য্যন্ত রহিল জল শুষ্ক হইলে পরে সে জাহাজ আরমানি দেশস্থ আরারাট পর্ব্বতের উপরে স্থির রহিল এবং নুহ ও তাহার পরিজন এবং সকল জীব বাহির

creatures left it, and went abroad on the earth, which was now dry. If we examine the various histories which refer to that period, we shall perceive every thing to indicate the infant state in which society then was. Among other things we may remark the following: the earth a few years after the flood was become a vast wilderness; in process of time, with the increase of mankind, little villages were formed, and finally towns and cities were established. The monsters of the woods were therefore the greatest enemies of the human race, and those who endeavoured to deliver mankind from the fear of them, were the chief objects of praise among the poets of those days. The laws by which men were then bound, were exactly adapted to an infant state of society; the manners of mankind were simple; the authority of kings was unknown; but as one race generally resided together, the lineal patriarchs of the family exercised authority over the whole community. Their poetry was a celebration of feats of strength and courage, and the greatest portion of mankind lived a pastoral life. All these circumstances evidently manifest that society was then in its infancy.

About two centuries after the flood, when the race of man was increased, they begun to build a lofty tower with the view of its serving as a place of security against a future flood. All mankind then spoke one language; but God confounded their speech, so that being unable to understand one another, they

হইয়া পুনর্ব্বার পৃথিবীর উপর আইল। যদি সে সময়ের সকল জাতির ইতিহাস পড়ি তবে পৃথিবী যে সে সময়ে নূতন ছিল ইহা নিশ্চয় জানা যায়। সে নবীনত্বের লক্ষণ এই২ জলপ্লাবনের কএক বৎসর পরে পৃথিবী বন হইল এবং কালক্রমে মনুষ্যজাতি বর্দ্ধিষ্ণু হইল ও ক্রমে২ ক্ষুদ্র গ্রাম জন্মিল পরে কালক্রমে নগরাদি হইল। এই হেতুক সে সময়ের লোকের প্রধান শত্রু বনপশু যাহারা সেই পশু মারিয়া লোকেরদের উপকার করিতে উদ্যোগ করিত সে লোকের প্রশংসা সকল কাব্যে ছিল। সে সময়ের ব্যবস্থা ও পৃথিবীর নূতনত্বানুসারে স্থির ছিল তৎকালীন লোকের ব্যবহারও অতিসুগম ছিল এবং সে সময়ে রাজশাসন রাজদ্বারা হইত না কিন্তু এক২ বংশীয় লোক সকল একত্র বাস করিত তত্তদ্বংশীয় প্রাচীন ব্যক্তিরা তাহারদিগের শাস্তামাত্র ছিল। তাহারদিগের কাব্যেতে কেবল বীর ও সাহসিরদের প্রশংসা এবং গোমেষাদি পালনরূপ ব্যবসায় এই সকল ক্রিয়াদ্বারা পৃথিবীর নূতনত্ব জানা যায়।

জলপ্লাবনের দুই শত বৎসরের পর মনুষ্যবর্গের বৃদ্ধি হইলে তাহারা একটা উচ্চ গড় গাঁথিতে আরম্ভ করিল তাহাতে তাহারা এমত মানস করিয়াছিল যে যদি কখন জলপ্লাবন হয় তবে তাহার উপরে থাকিয়া বাঁচিব। সকল মনুষ্যের সে সময়ে কেবল এক ভাষা ছিল কিন্তু ঈশ্বর তাহারদের ভাষার ব্যত্যয় করিলেন তাহাতে কেহ কাহারো বাক্য বুঝিতে না পারিয়া গড় গাঁথিতে ক্ষান্ত

relinquished the building of the tower; which was called Babel, and thence formed the Capital of the first monarchy, which was afterward called Babylon.

Egypt.

IT is highly probable that *Egypt* was peopled shortly after the flood. It was famous for science, and its astronomical calculations are more ancient than those of any other nation. From thence, the knowledge of astronomy and of the other sciences as well as of the arts, spread into Greece and the surrounding countries. The greatest and most durable wonder in Egypt is, the tombs of its monarchs, which are called Pyramids. They are built four-square, and gradually diminish as they ascend from the base. The largest among them is five hundred and thirty cubits high, and at the base five hundred and thirty cubits on each side. One hundred thousand workmen, it is said, were employed ten years in laying the foundation of it, and the same number of men were occupied twenty years in building it up. During the time of its erection, the men employed in the work are said to have expended two lacks of Rupees solely in the purchase of onions for their food. Though it has now been built nearly Four Thousand years, it is still entire.

Greece and the countries on the northern shore of the Mediterranean sea, were peopled from Egypt. It

হইল। এই গড়ের নাম বাবেল ছিল ও সে স্থানের রাজ্যের রাজ ধানী হইয়া ঐ বাবেল নগর বাবেলন নামে খ্যাত হইল।

মিসর দেশবিষয়ে।

এমন বোধ হয় যে জলপ্লাবনের অল্পদিন পরে মিসর দেশে লোক বসতি হইল সে দেশে বিদ্যাভ্যাস অনেক ছিল প্রায় সকল দেশহইতে জ্যোতিষ গণনা তাহারদিগের প্রাচীন। সেই দেশহইতে গ্রীক দেশে ও অন্যং দেশে জ্যোতিষ বিদ্যা ও শিল্প বিদ্যা ও অন্যং বিদ্যা ব্যাপ্ত হইল। সেখানকার আশ্চর্য্য চির স্থায়ি কর্ম্ম রাজবংশের কবর তাহারদিগের নাম পিরামিদ। তাহারদের পত্তন চতুষ্কোণ ক্রমে ক্ষুদ্র হইয়া সূচ্যগ্রের ন্যায় উঠিল। তাহার মধ্যে প্রধান পিরামিদ পাঁচ শত ত্রিশ হস্ত উচ্চ এবং পত্তনের প্রতিদিগ পাঁচ শত ত্রিশ হস্ত পরিমাণ তাহার ভিত্তি পত্তন করিতে এক লক্ষ লোক দশ বৎসর পরিশ্রম করিল এবং এক লক্ষ লোক কুড়ি বৎসরে তাহার গাঁথন সমাপ্ত করিল। তাহাতে যে মজুর লোকেরা যাবৎকাল কর্ম্ম করিল তাহারদিগের খাদ্য পেঁয়াইজ খরচে দুই লক্ষ টাকা ব্যয় হইল। সে প্রায় চারি হাজার বৎসর প্রস্তুত হইয়া অদ্যাপি সেই রূপ আছে।

মিসর দেশহইতে গ্রীক দেশে এবং ভূমধ্যস্থ সমুদ্রের উত্তর পার্শ্বে লোকেরা প্রথম বসতি করে। মিসর দেশ অনেক কাল আপ

remained for a long time subject to its own sovereigns. Five hundred and twenty-two years before the birth of Christ, Cyrus, king of Persia, conquered Egypt, and it remained subject to the Persian monarchy till the time of Alexander the Great, who having overturned the kingdom of Persia, conquered it and founded in it a city which he called after his own name, Alexandria.

The empire which Alexander created, was divided after his death among his generals. Egypt fell to the lot of Ptolemy, whose descendants enjoyed the sovereignty of it till the year forty-four before the birth of Christ. In that year, the Romans conquered it, and made it a province of their vast empire. The family of Ptolemy was famous for its patronage of learning, and for the magnificent library which they formed, and which comprised Eight hundred thousand volumes. A part of this library was burnt at the time of Julius Cæsar in a conflagration which consumed a part of the city; it was afterwards replenished and increased, but Omar the *Moosulman* Kalif caused it to be wholly burnt about six hundred and forty years after the death of Christ.

The Jews.

THE nation which arose next in succession to Egypt after the flood, was that of the Jews. The true know-

নারদিগের রাজার অধীন রহিল পরে খ্রীষ্টের জন্মের পূর্ব্বে পাঁচ শত বাইশ বৎসরে পারসের রাজা কোরেশ সে দেশ জয় করিল এবং সেকন্দরশাহ বাদশাহের অধিকার কালপর্য্যন্ত সেই দেশ পারসের বাদশাহের অধীন হইয়া রহিল সেকন্দশাহ পারসের রাজাকে রাজ্য ভ্রষ্ট করিলেন এবং মিসর দেশ আপন অধীন করিয়া সেখানে এক নগর আপন নামানুসারে আলেক্সান্দ্রিয়া নামে নির্ম্মাণ করিলেন।

তিনি যেং রাজ্য জয় করিয়াছিলেন তাঁহার মরণের পর তাঁহার সেনাপতিরা তাহা অংশ করিয়া লইয়া ভোগ করিতে লাগিল। মিসর দেশ তলমির হাতে পড়িল এবং তাহার সন্তানপ্রভৃতি খ্রীষ্টের জন্মের পূর্ব্ব চৌয়াল্লিশ বৎসরপর্য্যন্ত ভোগ করিল। সেই বৎসর রোমাণেরা মিসরদেশ জয় করিল ও আপন মহারাজ্যের এক প্রদেশ করিল। তলমির বংশেরা বিদ্যার আধিক্যেতে ও এক মহাপুস্তকালয় করাতে খ্যাত হইল সেই পুস্তকালয়ে আট লক্ষ পুস্তক ছিল। জুলিয়স কাইসরের অধিকার কালে সে নগরের এক প্রদেশ দাহহওয়াতে সেই পুস্তকের এক ভাগ দাহ হইল। ইহার পর পুনর্ব্বার ঐ পুস্তক অধিকসংখ্যক হইল কিন্তু খ্রীষ্টের মরণের পর ছয় শত চল্লিশ বৎসর ওমারকালিফ সে সমুদয় পুস্তক ভস্মসাৎ করিল।

যিহূদী লোক।

জলপ্লাবনের পর যে লোক মিসর জাতির পর প্রাদুর্ভূত হইল সে যিহূদী লোক। সকল জাতির মধ্যে ঈশ্বরবিষয়ক কৃত জ্ঞান লুপ্ত

ledge of God having been almost lost among men, God selected one family in order to establish in it the true knowledge of himself. It was nearly four hundred years after the flood, that God called Abraham out of the land of the Chaldeans, and promised to give the Land of Judea to his descendants if they continued to obey his commandments. Abraham's grand-son Jacob had twelve sons, whose descendants constituted the nation, which was thus divided into twelve tribes. Jacob went down into Egypt in a time of great famine, and there his family increased to an amazing degree, and suffered every kind of oppression from the king of the country. After they had remained in Egypt about two hundred years, God brought them forth with many wonders, and established them in the land of Canaan. For four hundred years after this event, they continued under the government of various persons appointed to that office by God himself. In process of time, they began to desire a king like the other nations of the world, and Saul was elected to that office. To him succeeded David, during whose reign the kingdom arose to a heighth of glory it never attained before, and has not seen since. Solomon, the son of David, erected a temple, so large and built of such costly materials, that the world has never beheld another edifice equally magnificent. He exerted himself greatly for the promotion of commerce, which contributed much to the prosperity of his reign. After his death his son Rehoboam ascended the throne, a weak

হইলেঈশ্বর তাহারওতাহার সন্তানেরদের মধ্যে আপনবিষয়ক
জ্ঞান স্থৈর্য্য করিবার নিমিত্ত এক বংশ মনোনীত করিলেন। জল
প্লাবনের চারি শত বৎসর পরে ঈশ্বর কাশিদী দেশহইতে অবরা
হামকে ডাকিলেন এবংতাহার নিকটেঅঙ্গীকার করিলেন যেযদি
তোমার সন্তানেরা আমার আজ্ঞা পালন করে তবে য়িহুদী দেশ
তাহারদিগকে দিব। অবরাহামের পৌত্র যআকুবের বার পুত্র
ছিল এবং তাহারদিগের সন্তানেরদের দ্বারা সে জাতি উৎপন্ন হ
ইল এইহেতুক সে জাতির বার অংশ হইল। যআকুব আপন
পরিজন লইয়া দুর্ভিক্ষ কালে মিসরা দেশে গেল এবং সেখানে
তাহার বংশের মহাবৃদ্ধি হইল ও তাহারা সেখানে রাজাকর্ত্তৃ
ক অনেক দুঃখ পাইল। মিসর দেশে দুই শত বৎসরপর্য্যন্ত রহি
লে পরে ঈশ্বর তাহারদিগকে অনেক আশ্চর্য্য কর্ম্মের দ্বারা বা
হিরে আনিলেন ও কনআন দেশে স্থাপিত করিলেন। সেখানে
তাহারা চারি শত বৎসরপর্য্যন্ত ঈশ্বরকর্ত্তৃক নিযুক্ত অধ্যক্ষের
দের অধীন হইয়া রহিল। কালক্রমে তাহারা অন্য দেশীয়ের
দের মত আপনারদের এক রাজা করিতে ইচ্ছা করিল এবং শা
উল নামে রাজা অভিষিক্ত হইল। শাউলের পর দাউদ সিংহা
সনে বসিল ও তাহার সময়ে রাজ্যের এমন মহত্ত্ব ও ঐশ্বর্য্য হ
ইল যে তাদৃশ তাহার পূর্ব্বে ও তাহার পর কখন হয় নাই। দা
উদের সন্তান শলমন এক মন্দির গাঁথিল সে এমত বড় ও বহুমূ
ল্য রত্ননির্ম্মিত যে তাহার মত পৃথিবীর মধ্যে আর কখন হয়
নাই। তিনি বাণিজ্যের বিষয়ে অতিশয় উদ্যোগী হইলেন তা
হাতে আপন দেশে ঐশ্বর্য্যের অতিশয় বৃদ্ধি হইল। তাহার

monarch, under whose reign ten of the twelve divisions of the kingdom revolted and established a separate monarchy. Three hundred and fifty years after Rehoboam, Nebuchadnezer the king of Babylon added this country to his other conquests. One hundred years before this event however, the ten tribes which had erected a separate kingdom, were carried away captive by the king of Assyria into a land which is supposed to have been contiguous to Afghanisthan, where they have remained to this day. Seventy years after the king of Babylon had conquered Judea, the king of Persia having destroyed the kingdom of Babylon, erected the Persian monarchy upon its ruins, and restored the Jews to their own country. They continued subject to the Persians till the time of Alexander the Great, who having overturned the Persian monarchy, the little kingdom of Judea necessarily became subject to him. From that period to the birth of Christ, Judea was sometimes independent, and sometimes subject to the surrounding nations. A few years after the birth of Christ, it was completely conquered by the Romans, who expelled the people from their own country. From that time to the present, they have remained scattered among all nations; but they retain to this day their manners, worship, and language unaltered.

মরণের পর তাহার পুত্র রখবোআম সিংহাসনে বসিল সে এমত অবোধ ছিল যে তাহার সময়ে দেশের বার ভাগের দশ ভাগ তাহাকে পরিত্যাগ করিয়া অন্যের অধীন হইল। রখবোআমের রাজত্বের তিন শত পঞ্চাশ বৎসর পর বাবেলের রাজা নিবুকদ্‌নেসর সে দেশ আপন অধিকারের সহিত সংলগ্ন করিল কিন্তু ইহার পূর্ব্বে এক শত বৎসর ঐ রাজ্যের যে দশ ভাগ অন্যের অধীন হইয়াছিল তাহারদিগকে সপরিবারে আশূরের রাজা স্বদেশে লইয়া গেল সে দেশ আফঘানস্থানের নিকটবর্ত্তী অনুমান হয় তদবধি তাহারা সেখানে বাস করিতেছে। বাবেলের রাজা য়িহুদা দেশ জয় করিলে সত্তরি বৎসরের পর পারসীর রাজা বাবেলের রাজ্য লুপ্ত করিয়া পারসীর রাজ্য তাহার উপরে স্থাপিত করিলেন। এবং য়িহুদীরদিগকে তাহারদের দেশে পুনর্ব্বার পাঠাইলেন। সেখানে তাহারা সেকন্দরশাহের অধিকারপর্য্যন্ত পারসীরদের অধীন হইয়া রহিল। সেকন্দরশাহ যখন পারসীর দেশ জয় করিলেন তখন সুতরাং য়িহুদীরদের ক্ষুদ্র দেশও তাহার মধ্যে পড়িল। সেকন্দরশাহঅবধি খ্রীষ্টের জন্মপর্য্যন্ত য়িহুদীরা কখন২ স্বাধীন ও কখন২ চতুর্দ্দিক্‌স্থ রাজার অধীন ছিল। খ্রীষ্টের জন্মের কতক বৎসর পর রোমাণেরা সে দেশ সমুদায় জয় করিল ও প্রত্যেক য়িহুদী লোককে সে দেশহইতে দূর করিয়া দিল। সে কালাবধি তাহারা ছিন্নভিন্ন হইয়া সকল জাতির মধ্যে স্থানে২ আছে কিন্তু তথাপি তাহারা আপন ব্যবহার ও ঈশ্বরারাধনা ও স্বকীয় ভাষা ত্যাগ করে নাই।

Assyria.

AS late as seven hundred years before the birth of Christ, the kingdom of Assyria was the most extensive in the world. Its ancient history is involved in great obscurity; the first king was Nimrod, who is supposed to have established his empire three hundred years after the flood. After his death he was worshipped by his subjects as a god. In those ages the mode of conferring honor on the brave and the enterprizing, was to esteem them gods. Mankind have always manifested a desire to deify the founders of their respective kingdoms; hence the first king of almost every country is said to have had a divine origin. The first king of the Romans, of the Greeks, of the Assyrians, and of several other countries were regarded by theirsubjects as gods. From this it appears highly probable, that the gods of the Romans, and of the Greeks, were either ancient monarchs, or men renowned for courage.

The daughter-in-law of Nimrod, Semiramis, rendered herself famous by her enterprize and courage. It is strongly conjectured that she either built or enlarged the city of Babylon. After conquering all the surrounding countries, she became desirous of subduing India, and prepared a mighty army with which she crossed the Sind river and penetrated into the Punjab. But the king of the Punjab, by gradually retreating, drew her into the recesses of his country, and then suddenly attacking her, defeated

আশুর।

খ্রীষ্টের জন্মিবার পূর্ব্বে সাত শত বৎসর পৃথিবীর মধ্যে সকল হইতে প্রবল আশুর রাজ্য ছিল কিন্তু তদ্দেশীয়েরদের পূর্ব্বকালীন ইতিহাস অন্ধকারে মগ্ন হইয়াছে। তাহার প্রথম রাজার নাম নিম্রোদ সে জলপ্লাবনের তিন শত বৎসর পর আপন রাজ্য স্থাপন করিল। তাহার মরণের পর প্রজাগণ তাহাকে দেবতারূপে পূজা করিল কেননা সে কালে সাহসী ও কীর্ত্তিশালি লোকেরদিগকে দেবতাদিরূপে সকলে সম্ভ্রম করিত এবং বসতিস্থানের স্থাপককে দেবতাস্বরূপ করিয়া মানিতে সকল জাতিমধ্যে সকলেরি চেষ্টা আছে সেই কারণ প্রায় সকল দেশের লোকেরা আপনারদের প্রথম রাজাকে দেবাংশ করিয়া মানিয়াছে। এই মত রোমাণেরদের ও গ্রীকেরদের ও আশূরের প্রথম রাজাকে এবং অন্যং দেশের প্রজারাও আপনং প্রথম রাজাকে দেবতা কহে। ইহাতে বুঝা যায় যে গ্রীক রোমাণ লোকেরা যাহারদিগকে দেবতা করিয়া মানিত তাহারা সেং দেশের রাজা কিম্বা অতি সাহসি ব্যক্তি ছিল।

নিম্রোদের পুত্রবধূ সোমিরামা আপন কীর্ত্তি ও সাহসদ্বারা বড় খ্যাতা ছিল। অনুমান হয় যে বাবেল নগর সেই গাঁথিয়া থাকিবেক কিম্বা করিয়া থাকিবেক। সে চতুর্দ্দিকস্থ দেশ জয় পূর্ব্বক ভারতবর্ষে আসিতে বাসনা করিয়া মহাসৈন্য সমেত সিন্ধু নদী পার হইয়া পঞ্জাব আক্রমণ করিল। কিন্তু পঞ্জাবের রাজা ক্রমেং পিছে হটিয়া আপন দেশের মধ্যে তাঁহাকে আনিয়া

her army, so that she fled in great consternation back into her own country. The Indian monarch pursued her as far as the Sind river, but forbore to cross it, probably through fear of losing cast.

After the death of Semiramis, thirty kings are enumerated as having successively sat upon the throne. The last king Sardanapalus, gave himself up to idolence and iniquity. Arbaces, one of his chiefs, the ruler of the province of Media, revolted against and overcame him. The king, seeing no resource, collected a large quantity of wood in the Royal palace and burnt himself, his wife, his family, his eunuchs and his treasures in one grand conflagration. Thus the kingdom of Assyria was overturned nearly seven hundred years before the birth of Christ. The empire was afterward divided into three sovereignties; that of Niniveh; that of Babylon, and that of Media. These three for some time remained independent of each other; but within the space of forty years, the king of Niniveh conquered Babylon, and united that kingdom to his own. Fifty years afterwards, the king of Niniveh, becoming effiminate, renounced all care of his kingdom. The ruler of the province of Babylon, uniting with the king of Media, then conquered Niniveh and firmly established the kingdom of Babylon, which soon became exceedingly powerful. One of its sovereigns, Nebuchaduezer, after conquering many kingdoms, became intoxicated with his own glory, and as a punishment lost his

এক কালে এমত যুদ্ধ করিল যে তাহাতে সোমিরামা ভীতা হইয়া পলাইয়া আপন দেশে গেল। পঞ্জাবের রাজা নদীর তীরপর্য্যন্ত আইল কিন্তু জাতিভ্রংশ ভয়ে পার হইল না।

সোমিরামার মরণের পর ত্রিশ রাজা ক্রমে ঐ সিংহাসনে বসিল। তাহার শেষ রাজা সার্দানাপুল আপনি আলস্যেতে ও দুষ্কর্ম্মেতে মত্ত হইল। পরে ঐ রাজ্যের এক প্রদেশ মাদিয়ের অধ্যক্ষ আর্বাসিস আক্রমণ করিয়া রাজাকে উদস্ত করিল। রাজা উপায় না দেখিয়া রাজগৃহে কাষ্ঠ সঞ্চয় করিয়া আপনি ও স্ত্রী ও পরিজন ও খোজা ও ধনসকল একত্র করিয়া অগ্নির দ্বারা দগ্ধ হইল। এই মতে খ্রীষ্টের পূর্ব্বে সাত শত বৎসরে আশূর রাজ্য লুপ্ত হইল। সেই রাজ্য তিন ভাগ হইল নিনিবেহ্ ও বাবেল ও মাদিয়া এই তিন রাজ্য কিছু কাল স্বাধীন ছিল পরে চল্লিশ বৎসরের মধ্যে নিনিবেহের রাজা বাবেল নগর অধিকার করিয়া আপন রাজ্যে মিশ্রিত করিল। পঞ্চাশ বৎসরের পর তাহার সন্তান সিংহাসনে বসিয়া স্ত্রীবাধ্য হইল এবং রাজকর্ম্মে বিরত হইলে বাবেলের জমীদার মাদিয়াধিপের সহিত মিলিয়া নিনিবেহের রাজ্যহইতে রাজাকে উদস্ত করিল এবং বাবেলের রাজ্য দৃঢ়রূপে পুনর্ব্বার স্থাপিত করিল সে রাজ্য কিছু কাল পরে সকলহইতে পরাক্রান্ত হইল। তাহার এক রাজা নিবুকদ্‌নেসর অনেক রাজ্য জয় করিয়া ঐশ্বর্য্য মত্ত হইয়া এই দণ্ড পাইল যে তাহাতে সে পাগল হইল। সে স্বর্ণের

reasoning faculties. He had cast a large image of himself of gold, sixty cubits high, and commanded all his subjects to fall down and worship it. His grandson succeeded to the kingdom, without possessing ability to govern it, and was conquered by Cyrus the king of Persia, who took the capital city, Babylon, at a time when the king and the whole court were enjoying themselves at a great feast.

Media.

THE kingdom of Media was established by Arbaces about seven hundred years before the birth of Christ. Its sovereigns gradually conquered all the little surrounding states, and thereby greatly increased the power and magnificence of their own kingdom; but as long as the kingdom of Babylon continued, they were unable to obtain the full sovereignty of that part of the country. Nearly two hundred years after the establishment of the kingdom of Media, Cyrus the heir apparent to the throne, (his mother being the daughter of the king of Media, while his father was the king of Persia,) was invited by his grandfather, the sovereign of Media into that country, and received from him the entire command of his army. With this army, he conquered the kingdom of Babylon, and after great efforts, took its capital city. This city was so extensive that the intelligence of its capture did not reach those who lived at the extremity of the city, for three days after that event. Cyrus united the kingdoms

যাইট হাত উচ্চ আপনার এক প্রতিমূর্ত্তি করিয়া সকল প্রজাগণকে তাহার সেবা করিতে আজ্ঞা করিল। পরে তাহার পৌত্র সিংহাসনে বসিল সে রাজ্যশাসনের যোগ্য ছিল না যখন রাজা ও অমাত্যগণ এক মহাভোজে বসিয়াছিল সেই কালে পারসের রাজা কোরেশ রাজধানী নগর বাবেলন লইয়া আপন অধীন করিল।

মাদিয়া।

মাদিয়া রাজ্য খ্রীষ্টের পূর্ব্ব সাত শত বৎসর আর্বাসিসের দ্বারা স্থাপিত হইল। তাহার রাজারা ক্রমে চতুর্দ্দিকস্থ ক্ষুদ্র২ দেশ লইয়া আপন রাজ্যের পরাক্রম ও ঐশ্বর্য্য বাড়াইল কিন্তু যত দিন বাবেলনের রাজ্য ছিল তত দিন তাহারা পৃথিবীর সেই প্রদেশের উপর সমুদায় কর্ত্তৃত্ব করিতে পারিল না। মাদিয়ার রাজ্য স্থাপনের পর দুই শত বৎসর কোরেশ যুবরাজ হইল তাহার পিতা পারসের রাজা ছিল এবং তাহার মাতা মাদিয়ার রাজকন্যা পরে তাহার মাতামহ মাদিয়ার রাজা তাহাকে আনিয়া আপনার সকল সৈন্য তাহার অধীন করিয়া দিল। সে সেই সৈন্য লইয়া বাবেলনের রাজ্য জয় করিয়া রাজধানী বাবেল নগর অনেক পরিশ্রমে লইল। সে নগর এত বড় ছিল যে কোরেশের জয়শব্দ তিন দিন পরে সীমাস্থ লোকেরা শুনিতে পাইল। কোরেশ রাজা পারস ও মাদিয়া ও বাবেলন ও অন্য২ রাজ্য লইয়া

of Persia, Media, Babylon, and several other states into one mighty monarchy, which comprized a hundred and twenty-seven provinces, and was called the kingdom of Persia.

Persia.

FIFTY years after Cyrus, Xerxes mounted the throne. He is chiefly famous for his unsuccessful attempt to conquer Greece. Greece was situated on the confines of Europe, and though exceedingly small, thepeople were highly courageous. Xerxes having determined to invade it, collected together a million of soldiers. On his arrival near the sea which separates Europe from Asia, he erected a large bridge, which was soon after destroyed by the violence of the waves. Xerxes, highly incensed at this, commanded the sea to receive three hundred lashes, and as a further indication of his wrath caused to be thrown into it a set of iron chains, to bind it. When Xerxes arrived in Greece, three hundred noble Greeks, prefering death to the loss of independence, placed themselves in a strait through which Xerxes's army was obliged to pass, where they fought against the Persian army, till their whole number was completely destroyed. When some one told the Grecian commander, that the Persian darts would by their number conceal the light of the sun; he replied 'we shall then fight in the shade.'

একত্র করিয়া পৃথিবীর মধ্যে এক অতিবড় রাজ্য স্থাপন করিল তাহার মধ্যে এক শত সাতাইশ সুবা ছিল সেই মহারাজ্যের নাম পারস হইল।

পারস দেশ।

কোরেশের পঞ্চাশ বৎসর পরে জের্ক্সেস সিংহাসনে বসিলেন। তিনি এই বিষয়ে বড় খ্যাত যে তিনি গ্রীক দেশ অধিকার করিতে পারেন নাই। গ্রীক দেশ ইউরোপের সীমাবর্ত্তী সে অতি ক্ষুদ্র কিন্তু তত্রস্থ লোক বড় সাহসী। জের্ক্সেস সে দেশ জয় করিতে মনে স্থির করিয়া দশ লক্ষ সেনা একত্র করিলেন। ইউরোপ ও আসিয়া বিভাগকারি সমুদ্রের নিকটে পঁহুছিলে সেইখানে এক টা সাঁকো গাঁথিলেন কিন্তু সমুদ্রের তরঙ্গে সাঁকো ভগ্ন হইলে জের্ক্সেস মহাক্রুদ্ধ হইয়া সমুদ্রকে তিন শত বেত মারিতে আজ্ঞা দিলেন এবং ক্রোধের অন্য চিহ্ন লৌহের শৃঙ্খল সমুদ্রকে বদ্ধ করিবার নিমিত্ত তাহার মধ্যে নিঃক্ষেপ করিলেন। জের্ক্সেস গ্রীক দেশে পঁহুছিলে তিন শত প্রশংসনীয় গ্রীকেরা অন্যের অধীন হওয়াহইতে মরণ শ্রেয়োজ্ঞান করিয়া তাহারদের গন্তব্য পর্ব্বতের এক গলিতে প্রাণত্যাগপর্য্যন্ত যুদ্ধ করিল। যখন এক ব্যক্তি সে তিন শত প্রশংসনীয় গ্রীক সেনাপতিকে সমাচার দিল যে পারসীর রাজার বাণে সূর্য্যমণ্ডল আচ্ছন্ন হইবে তখন সে কহিল যে ভাল হইল আমরা ছায়াতে যুদ্ধ করিব। জের্ক্সেসের দশ

Xerxes's army of a million of soldiers, and his numerous fleet were so discomfited by the Greeks, that he fled out of the country alone, and finding the bridge which he had built again broken by the violence of the waves, was glad to cross over in a little ferry boat. For a hundred and fifty years after this, there was continual war between the Persians and the Greeks, till the time of Alexander the Great, who overcame that great monarchy with a very small army.

Greece.

GREECE was composed of a number of little states, the chief sway over which was sometimes enjoyed by one state, and sometimes by another. It was peopled from Egypt, but its earliest history is buried in obscurity. About one thousand eight hundred years before Christ, Inachus established the first kingdom in it. Six hundred years after his time, arose Hercules who became famous through the security he gave his countrymen by destroying the robbers who oppressed it, and by delivering it from the wild beasts who infested it. About a hundred years after, the various kings of Greece formed a confederacy to overturn the kingdom of Troy. Troy was situated at a little distance from the place where Constantinople now stands. The Greeks besieged the city ten years, and finally took it by stratagem. They proclaimed every where that they were tired of the vain attempt they

লক্ষ সৈন্য ও অসংখ্য জাহাজ গ্রীকেরদেরকর্ত্তৃক এমত মারা গেল যে তিনি একাকী সে দেশহইতে পলায়ন করিলেন এবং আপন নির্ম্মিত সাঁকো তরঙ্গদ্বারা পুনর্ব্বার ভগ্ন দেখিয়া একটা খু দারার নৌকায় সমুদ্র পার হইয়া সন্তুষ্ট হইলেন। পরে দেড় শত বৎসর সেকন্দরশাহের অধিকারপর্য্যন্ত গ্রীকেরদিগের ও পারসীরদিগের মধ্যে সর্ব্বদা যুদ্ধ ছিল পরে সেকন্দরশাহ অত্যল্প সৈন্যদ্বারা সে মহারাজ্য জয় করিলেন।

গ্রীক দেশ।

গ্রীক দেশের মধ্যে অনেক ক্ষুদ্র২ রাজ্য ছিল তাহার মধ্যে কখন একটা প্রবল হইত ও কোন সময়ে অন্য প্রবল হইত। মিসর দেশহইতে আসিয়া লোক প্রথমে সেখানে বসতি করে কিন্তু তাহারদিগের পূর্ব্বকালীন বৃত্তান্ত অন্ধকারে মগ্ন। অনুমান হয় যেখ্রীষ্টের জন্মের পূর্ব্ব আটার শত বৎসর ইনাকস প্রথম আসিয়া সে দেশে রাজ্য স্থাপন করে। ছয় শত বৎসরের পরে হরকুলিস্‌নামে এক মহাবীর দুষ্ট দমনদ্বারা ও হিংসুক পশু বধদ্বারা আপন দেশে শান্তি দিয়া বড় খ্যাত হইলেন। সত্তরি বৎসর পরে গ্রীক দেশের নানা রাজা ত্রোয় নগর নাশ নিমিত্ত একপরামর্শ হইল। কনস্তান্তিনোপল যেস্থানে এখন আছে তাহাহইতে কিছু দূরে ত্রোয় নগর ছিল। গ্রীকেরা সে নগর দশ বৎসরপর্য্যন্ত ঘেরিয়া রাখিল পরে এই ছলদ্বারা লইল তাহারা সর্ব্বত্র এই রব প্রকাশ

had made for ten years, and were about to return home. Having prepared a large horse they dedicated it to the tutelar deity of Troy, and then retired to a little distance from the city. This horse contained in its belly a number of armed men, and was so large that in order to admit it, it became necessary to pull down a part of the city wall. In the night, when the inhabitants of the city had retired to rest in the greatest apparent security, the soldiers issued from the horse, and being joined by the troops who were concealed without the city, completely sacked it. This is one of the greatest exploits recorded in Grecian History, and the remembrance of it will never be lost, as it has been celebrated by the two noblest poets in the Greek and Latin languages. Had not the war between the Greeks and the Trojans been celebrated by the poet Homer, it would probably have been immediately forgotten; but this is the reward of genius; it renders deeds immortal, which would otherwise be unimportant. Thus the war between Ram*a* king of Oude, and Ravun*a* king of Lunka, has been rendered immortal by the poetry of Valmeek. Homer was born three hundred years after the fall of Troy. As Valmeek is the first Sanskrit poet, so Homer was the first poet among the Greeks. Both these writers to augment the dignity of their poems, have given their heroes a divine origin. And to support the dignity of their hero, they have likewise given to the warriors of the opposite party, a descent from the gods.

করিল যে আমরা দশ বৎসরপর্য্যন্ত মিথ্যা ভ্রমণ করিলাম এখন স্বদেশে চলিলাম কিন্তু একটা মহাঘোটক প্রস্তুত করিয়াছি ইহা তোমারদিগের গ্রাম্য দেবতাকে দিলাম ইহা কহিয়া কিঞ্চিৎ দূরে গুপ্তরূপে থাকিল। সে মহাঘোটকের উদরের মধ্যে কতক শস্ত্রধারী লোক ছিল এবং সে ঘোটক এমত বড় যে তাহাকে নগর মধ্যে আনিতে নগরের প্রাচীর কিঞ্চিৎ ভাঙ্গিতে হইল। পরে রাত্রিযোগে লোক নির্ভয়েতে নিদ্রাযুক্ত হইলে ঘোটকের উদরস্থ সৈন্য ও বহিস্থ সৈন্য একত্র হইয়া সে নগর লুপ্ত করিল। গ্রীকের মধ্যে এই এক প্রধান ইতিহাস ইহার স্মরণ কখন লোকের মন হইতে লুপ্ত হইবে না যেহেতুক গ্রীক ও লাটিন ভাষাতে সকলহইতে এতদ্বিষয়ক বাক্য প্রধান। গ্রীক ও ত্রোয়ানেরদের মধ্যে যে যুদ্ধ ছিল যদ্যাপি হোমের নামে কবিদ্বারা তাহার গান না হইত তবে সে প্রায় তৎক্ষণাৎ লুপ্ত হইত। অতএব জ্ঞানের ফল এই যে অল্প বিষয়েতে জ্ঞানবানের গানদ্বারা কীর্ত্তি অক্ষয় হয়। এইমত লঙ্কার রাজা রাবণের সহিত অযোধ্যার রাজা রামচন্দ্রের যুদ্ধ বাল্মীকির গানদ্বারা অক্ষয় কীর্ত্তিশালী হইল। ত্রোয় নগর নাশের তিন শত বৎসর পরে হোমের পৃথিবীতে জন্মিলেন। যেমত সংস্কৃত মধ্যে প্রথম কবি বাল্মীকী সেই মত গ্রীকের মধ্যে প্রথম কবি হোমের। এদুই কাব্যকারকেরা আপন কাব্যের খ্যাতি বৃদ্ধির কারণ বর্ণনীয় ব্যক্তিকে দেবাংশরূপে বর্ণন করিয়াছেন এবং বর্ণনীয়েরদিগের দেবত্ব প্রতিপাদনার্থে তাঁহারদিগের যুদ্ধে উভয় পক্ষীয় সেনারদেরও দেবাংশরূপে বর্ণনা করিয়াছেন।

Four hundred years after Homer, the king of Persia invaded Greece, as before related. During these four hundred years, the various countries of Greece made such advances in knowledge and civilization that Greece, though insignificant in extent, has become highly famous. When the king of Persia invaded Greece, the different states which composed it, entered into a mutual combination for the defence of their country; yet were they unable to collect more than ten thousand soldiers, to oppose the innumerable host of the Persian king. But its statesmen and generals were men of astonishing ability, and finally succeeded in expelling the Persians from their country. From the Persian invasion to the time of Alexander the Great, one hundred and seventy years elapsed; during which period, the little states were continually at war with each other. It was during this period that they made so astonishing a progress in knowledge, manufactures, architecture, sculpture, painting, poetry, music and eloquence, that there is scarcely any limit to their fame; no nation has since been able to exceed them in these various pursuits; their renown has only increased with the lapse of time, and other nations have since felt proud to imitate the noble exemplars which the Greeks have left. Yet the population of the whole country did not at any time exceed the population of the single district of Burdwan. The Persian monarchy though a hundred times larger, is scarcely ever mentioned; and never

হোমেরের পর চারি শত বৎসর পারসীর রাজা গ্রীক দেশে আ
ইল। যেমত পূর্ব্বে কহা গিয়াছে। এই চারি শত বৎসরের মধ্যে
গ্রীক দেশের নানারাজ্যের লোকেরা আপন২ বিদ্যা ও সভ্যতা এ
মত বাড়াইল যে সেই দেশ পৃথিবীর মধ্যে সকলহইতে অতিক্ষুদ্র
হইয়াও অতিখ্যাত হইয়াছে। পারসের রাজার যুদ্ধার্থ আই
সনকালে গ্রীক দেশস্থ অনেকে আপন দেশ রক্ষার্থে একপরামর্শ
হইল। কিন্তু পারসীর অসংখ্য সৈন্যের সহিত যুদ্ধ করিতে গ্রীক
লোকেরা দশ হাজার সৈন্যের অধিক প্রস্তুত করিতে পারিল না।
কিন্তু গ্রীকেরদের মন্ত্রী ও সেনাপতি অতিজ্ঞানবান তাহারা পার
সীরদিগের সৈন্য আপন দেশহইতে শেষে দূর করিয়া দিল। পা
রসীর রাজার আগমনাবধি সেকন্দরশাহপর্য্যন্ত এক শত সত্তরি
বৎসর গত হইল ইহার মধ্যে ক্ষুদ্র২ রাজ্য পরস্পর যুদ্ধ করিল। এ
সময়ে তাহারা বিদ্যা ও শিল্পেতে ও গৃহাদি নির্ম্মাণেও ভাস্কর ক
র্ম্মে ও চিত্র কর্ম্মে ও কাব্য ও বাদ্য ও বক্তৃতাতে এমত নিপুণ হই
ল যে তাহারদিগের সুখ্যাতির সীমা নাই সেঅবধি সেই সকল ক
র্ম্মের তুল্য কোন জাতির মধ্যে এমন হয় নাই এবং কালের গমনে
তাহারদের সুখ্যাতি কেবল বাড়িতেছে অন্য২ লোক তাহারদি
গের সাদৃশ্যেতে অহঙ্কার করে। কিন্তু সেখানকার লোকসং
খ্যা জেলা বর্দ্ধমানের লোকসংখ্যাহইতে অধিক কখন ছিল
না। পারসীর রাজ্য এক শতগুণ বড় হইয়াও আপন অসভ্যতা

without disgust, because of its barbarism, ignorance, and injustice.

At length Alexander the Great, king of Macedonia in Greece, having subdued all the surrounding states, proceeded on his great expedition against the king of Persia, whose kingdom he completely overthrew. When he left his own country, he was only twenty years of age; he then divided his possessions among his friends, and when they asked him what he had reserved for himself, he answered, 'hope.' In twelve years he conquered the greatest part of the then known world. Having thus rendered himself terrible, he became intoxicated with his success. As a man at the summit of a lofty mountain is unable to keep himself steady, so he who has raised himself by any circumstances greatly above his fellow-creatures, is seldom able to preserve himself from pride. Alexander exacted of his subjects divine honors, and regarded himself as really descended from the gods. Yet this hero, so exalted in ability, in power, and in glory, perished at last in a fit of intoxication. Before the birth of Christ, Alexander and Semiramis were the only two, who crossing the Indus entered India in a warlike attitude. After the death of Alexander, his generals divided his empire among themselves. Greece continued subject to the kings of Macedonia for a hundred and seventy years, after which the Romans conquered the whole country. From this event the Romans derived the greatest be-

ও অজ্ঞানপ্রযুক্ত তাহার নাম কেহ করে না বরং নাম করিলে অবজ্ঞা করে।

পরে গ্রীক দেশস্থ মাকিদোনিয়ার রাজা সেকন্দরশাহ চতুর্দ্দিকস্থ নানা ক্ষুদ্র রাজ্য আপন অধীন করিয়া পারসীর দেশের উপর আক্রমণ করিয়া তাহারদের রাজ্য নষ্ট করিলেন। যখন তিনি আপন দেশ ছাড়িলেন তখন তাঁহার বিশ বৎসর বয়ঃক্রম সেই সময়ে তিনি আপন পৈতৃক অধিকার আপন মিত্রেরদিগকে ভাগ করিয়া দিলেন। যখন তাহারা তাঁহাকে জিজ্ঞাসা করিল যে তুমি আপনার কারণ কি রাখিলা তিনি উত্তর করিলেন ভরোসামাত্র। তিনি বার বৎসরের মধ্যে প্রায় তৎকালে প্রকাশিত পৃথিবীর সকল ভাগ জয় করিলেন এবং পৃথিবীর মধ্যে সকলের অজেয় হওয়াতে মনে অহঙ্কার জন্মিয়া ক্ষিপ্তমত হইলেন। যেমত লোক অত্যুচ্চ পর্ব্বতে উঠিলে তাহার মস্তক ঘুরে সেই রূপ সকলের মধ্যে যে লোক কোন যোগে অতিবড় হয় সে লোক অবশ্য অহঙ্কারগ্রস্ত হয়। সেকন্দরশাহ আপনাকে দেবতারূপে সেবা করিতে প্রজা লোকেরদিগকে আজ্ঞা দিলেন এবং আপনিও আপনাকে দেবাংশ জ্ঞান করিতেন। এই মহাবীর জ্ঞান ও পরাক্রম ও ঐশ্বর্য্যেতে অতিপ্রসিদ্ধ হইয়া শেষে মদ্যপানে মত্ত হইয়া মরিলেন। খ্রীষ্টের জন্মের পূর্ব্বে কেবল সোমিরামা এবং সেকন্দর শাহ সিন্ধুনদী পার হইয়া যুদ্ধার্থে ভারতবর্ষে আইলেন সেকন্দরশাহের মরণের পর তাহার সেনাপতিরা তাহার মহারাজ্য বিভাগ করিয়া লইল। গ্রীক দেশ এক শত সত্তরি বৎসরপর্য্যন্ত মাকিদোনিয়া রাজার অধীন হইয়া রহিল। পরে রোমাণেরদের হস্তগত হইল। রোমাণেরা সে কর্ম্মের দ্বারা অতিশয় উপ

nefit. Before this period, they were in a state of comparative barbarism, but from the Greeks whom they subdued, they learned poetry, eloquence, laws, and civilization.

Rome.

THE last nation which rose to power before the birth of Christ, was Rome, which gradually conquered all the countries of which we have been speaking, though the first settlers in the city were hordes of banditti. Seven hundred and fifty-two years before Christ, Romulus founded a city in Italy, to which he invited from the surrounding countries the poor, the distressed, and the infamous. These when collected together, he formed into a regular community, over which he became the king. At the period of his death, forty years after the foundation of the city, which was called Rome, it contained forty thousand inhabitants. Seven kings reigned after him, during the space of two hundred and forty years, who by inviting people from the neighbouring countries, greatly increased the number of their subjects, and by their justice and equitable administration, contributed to establish the infant city.

The seventh monarch lost his crown through his

কার পাইল যেহেতুক তাহারা পূর্ব্বে অসভ্য ছিল পরে আপনারদেরকর্ত্তৃক পরাজিত গ্রীক দেশহইতে কাব্য ও ব্যবস্থা ও বক্তৃতা ও সভ্যতা শিখিল।

রুম দেশ।

খ্রীষ্টের পূর্ব্বে যে রাজ্য শেষে উঠিল সে রুম দেশ সে ক্রমেং যে সকল দেশের বিষয়ে কহা গিয়াছে সে সকল গ্রাস করিল তাহার পূর্ব্ব পুরুষ ডাকাইত ছিল। খ্রীষ্টের পূর্ব্বে সাত শত বায়ান্ন বৎসর ইতালি দেশের মধ্যে রমূলস নামে এক ব্যক্তি এক নগর গাঁথিল এবং চতুর্দ্দিকস্থ দেশহইতে দরিদ্র ও দুঃখী ও দুষ্ট লোকেরদিগের আহ্বান করিল এবং তাহারা একত্র হইলে বন্দোবস্ত অনুসারে তাহারদের সকল বিষয় স্থির করিয়া তাহারদিগের উপরে আপনি রাজা হইল। ঐ নগর পত্তন হইলে চল্লিশ বৎসরের পর রমূলস মরিল সে সময়ে ঐ নগরে চল্লিশ হাজার লোক ছিল। তাহার পর দুই শত চল্লিশ বৎসরে সাত জন রাজ্য করে এবং তাহারা ক্রমেং অন্য দেশের লোক আনিয়া প্রজাবৃদ্ধি করাইল এবং যথার্থ ব্যবস্থাদ্বারা ঐ নবীন নগর স্থির করিল।

সপ্তম রাজা আপন দৌরাত্ম্য ও সন্তানের নষ্টতাপ্রযুক্ত রাজ্য

own violence and oppression, and through the lasciviousness of his son. The Romans having expelled him from the throne, passed a law prohibiting under the severest penalties, any attempt to re-establish the regal authority in Rome. For the transaction of the business of the state, they annually elected two magistrates, to whom the supreme authority was committed for one year. For two hundred years after the expulsion of the king, the Romans employed themselves in reducing the various nations of Italy under their own sway. Having accomplished this, they began to extend their conquests over the nations beyond Italy, and within the space of two hundred years more, they accomplished the subjection of all the countries we have before enumerated. In the city of Rome, there stood a temple which was open in time of war, and closed in time of peace. During the first seven hundred years of Rome this temple was closed only twice, so continual were the wars in which this nation was engaged. While Rome possessed only a limited sovereignty, the citizens preserved their public virtue, but when they beheld the inhabitants of the most distant countries bend the knee before them,—when they dragged the kings and princes of the earth at their chariot wheels, they became intoxicated with their glory, and soon lost their virtue. The great men of the state strove to obtain the sovereignty of the whole country, and while the nations of the earth trembled at the very name of Rome, its streets were polluted

ভ্রষ্ট হইল। সে সময়ে রোমাণেরা তাহাকে দূর করিয়া ব্যবস্থা
রিল যে তাহারদিগের দেশে কখন কেহ রাজা হইবে না অত
এব রাজকর্ম্মকারণ বৎসর২ দুই জন লোককে বাছিয়া লইত এ
বং এক বৎসরপর্য্যন্ত সকল পরাক্রম তাহারদের অধীন রহিত।
রাজ্য লুপ্ত হওনের পর দুই শত বৎসরের মধ্যে রোমাণেরা
ইতালি দেশ ক্রমে২ জয় করিল। পরে ইতালির চতুর্দ্দিক্স্থ
দেশের সহিত যুদ্ধ আরম্ভ করিল। আর যে২ দেশের বিষয়ে ক
হিয়াছি দুই শত বৎসরের মধ্যে সে সকল দেশ হস্তগত করিল।
রুম নগরের মধ্যে একটা মন্দির ছিল তাহা যুদ্ধসময়ে খোলা থা
কিত অযুদ্ধসময়ে বদ্ধ থাকিত। তাহাতে সে মন্দিরের দ্বার সা
ত শত বৎসরেরমধ্যে কেবল দুইবারমাত্র বদ্ধ ছিল এই মত
রোমাণেরদের অশেষ যুদ্ধ ছিল। যাবৎ রুম দেশ ক্ষুদ্র ছিল তা
বৎ রোমীয়েরদের শিষ্টতা ছিল। যখন দেখিল যে অতিদূর
দেশস্থ লোকেরা তাহারদের নিকটে নতমস্তক হইল ও পৃথিবী
র তাবৎ রাজা ও অধ্যক্ষেরদিগকে আপন গাড়ির চাকাতে বদ্ধ
করিয়া আনিতে লাগিল তখন তাহারা ঐশ্বর্য্যেতে মত্ত হইলে
তাহারদের শিষ্টতা লুপ্ত হইল। মান্য লোকেরা আপন দেশ
আপনার অধীন করিতে চেষ্টা পাইতে লাগিল এবং যে সময়ে
রুমের নাম শ্রবণেতে পৃথিবীস্থ লোকেরদের কম্প হইত সে সম
য়ে রুম নগরের পথ প্রজারদের রক্তদ্বারা সিক্ত হইত। খ্রীষ্টের

with the blood of its own citizens. Fifty years before the birth of Christ, three Roman generals divided the empire between them, of whom one lost his life and his army in an expedition against the Parthians, who to stigmatize his avarice poured melted gold into his mouth after death. Cæsar, another of the generals, having conquered his colleague, brought the whole empire into subjection to himself. He did not however long enjoy his success; a few virtuous citizens, inflamed with the disgrace of their country put Cæsar to death. But the bulk of the people were so sunk in corruption, that instead of profiting by the exertions of their fellow citizens, they quietly submitted their neck to the yoke of Cæsar's nephew, who, after enjoying the throne for a considerable time, transmitted it peaceably to his successor. During four hundred years after this event, various individuals ascended the throne. At length, the barbarous nations of Europe pouring down like a torrent on the empire, divided its various provinces among themselves.

We have thus related in a brief manner the history of the world to the time of Christ. At that period, the Roman was the only ruling power in the world, and so universally was it dreaded, that if in the most distant country and among the most barbarous people, any one called himself a Roman citizen, he enjoyed complete security.

পূর্ব্ব পঞ্চাশ বৎসর রোমাণেরদের রাজ্য তিন জন সেনাপতির হস্তগত হইল তাহার মধ্যে এক জন পারথিয়েরদের দেশে যুদ্ধ করিতে২ সে ও তাহার সকল সৈন্য মারা পড়িল এবং তাহার মরণের পর তাহার কার্পণ্যজন্য অখ্যাতি প্রকাশের নিমিত্ত সোণা গালিয়া তাহার মুখেতে অর্পণ করিল। কাইসর নামে দ্বিতীয় জন অবশিষ্ট সেনাপতিকে নষ্ট করিয়া আপনি দেশ হস্তগত করিল কিন্তু সে রাজ্য ভোগ করিতে পারিল না। রোমাণেরদের মধ্যে দুই চারি জন শিষ্ট লোক আপন দেশের লজ্জাপ্রযুক্ত কাইসরকে বধ করিল। কিন্তু রোমাণলোকেরা সে সময়ে অতিদুষ্টতাতে মগ্ন ছিল এইহেতুক ঐ দুই তিন শিষ্ট লোকেরদের উদ্যোগে অনুকূল না হইয়া অনবধানতাপ্রযুক্ত কাইসরের ভ্রাতৃপুত্রের অধীন হইল সে অনেক কালপর্য্যন্ত রাজভোগ করিল পরে অন্যেতে সমর্পণ করিয়া আপনি মরিল। তাহারি পরে চারি শত বৎসরপর্য্যন্ত ভিন্ন২জন সেই স্থানাভিষিক্ত হইয়া রাজ্যভোগ করিল। শেষে ইউরোপীয় অসভ্য লোক স্রোতের মত আসিয়া রাজ্য আক্রমণ করিয়া তাহার নানা প্রদেশ আপনারদের মধ্যে ভাগ করিয়া রোমাণের মহারাজ্য লুপ্ত করিল।

এইমত খ্রীষ্টের জন্মপর্য্যন্ত পৃথিবীর পূর্ব্ব বৃত্তান্ত সংক্ষেপে সাঙ্গ হইল। সে সময়ে পৃথিবীর মধ্যে প্রধান পরাক্রম রোমাণেরদের ছিল এবং তাহারদিগেরহইতে সকল জাতির এমত ভয় ছিল যে যদি কোন লোক দূর দেশে কিম্বা অসভ্য জাতির মধ্যে কহিত যে আমি রোমাণ তখন সে লোক নির্ভয়ে থাকিত।

Of the Elephant.

THE elephant is the most noble of all beasts, and in intelligence is inferior only to man. As the monkey performs every office with his hands, the elephant assists himself with his trunk. With it, he can take up the most minute, as well as the largest things, and carry them to his mouth. Like the dog, he seems greatly attached to man. With kindness and attention he may be brought into complete subjection, but not by violence. The elephant will defend its lord from danger with the greatest assiduity and skill; in time of war it will carry upon its back little wooden towers filled with armed men. It is capable of moving machines which would require the strength of many horses; its natural force is amazing; it is devoid of fear, prudent, and steady, and even in a gust of passion will submit itself quietly to the word of command. It is never forgetful of its attachments, and never commits any injury except when abused, but keeps in remembrance acts both of kindness and unkindness. It does not eat flesh, but lives upon the productions of the earth; it is not therefore an enemy to any other animal, and will conduct itself kindly towards them all, with the exception of the tyger.

When in a wild state, it is not fierce. It never tra

Of the Elephant.

হস্তির বিবরণ।

পশুর মধ্যে হস্তী সকলহইতে মান্য বুদ্ধিবিষয়ে কেবল মনুষ্য হইতে নূন। বানরের যেমত সকল কর্ম্ম হস্তদ্বারা হয় সেমত হস্তির শুণ্ডদ্বারা সকল কর্ম্ম হয়। শুণ্ডদ্বারা ক্ষুদ্র ও বৃহৎ বস্তু গ্রহণ করিতে পারে। এবং মুখেও দিতে পারে কুকুরের ন্যায় মনুষ্যের সহিত প্রীতি করে যত্ন করিলে মনুষ্যের অধীন হয় কিন্তু বলের দ্বারা নয় ও জ্ঞানপূর্ব্বক প্রাণপণে বিপদহইতে আপন প্রভুকে রক্ষা করে যুদ্ধসময়ে কাষ্ঠনির্ম্মিত ঘর্‌ শস্ত্রধারি মানুষসুদ্ধ আপন পৃষ্ঠেতে বহন করে অনেক ঘোড়াতে যে কল চালাইতে পারে তাহা এক হস্তী চালায় তাহার বল অতিশয় ও সে নির্ভয় ও দূরদর্শী ও গভীর ও অতিক্রোধসময়েও আজ্ঞা পাইলে নম্র হয়। এবং মিত্র বিস্মৃত হয় না আত্মহিংসকভিন্ন অন্যকে হিংসা করে না। উপকার ও অপকার বিস্মৃত হয় না হস্তী মাংসাশী নহে বৃক্ষাদি ভোজন করে এইহেতুক অন্য পশুর শত্রু নহে কিন্তু ব্যাঘ্রভিন্ন সকল পশু প্রেম করে।

হস্তী বনে থাকিলেও রাগী নহে। কখন একাকী চলে না সর্ব্বদা

vels alone, but always in company with others of its own species. The eldest walks first, another brings up the rear, to preserve the flock from danger; while the young and the weak proceed in the middle of the flock. The female elephant carries her young upon her own back. Its sense of smelling is more lively than its other faculties, and is more powerful than that of other animals. By this sense it traces the track of man with great ease. Its food consists of roots and leaves, little plants and tender branches; it sometimes lives upon fruit and culinary herbs. When one elephant has discovered a large quantity of food, it invites others, and they enjoy it together. Through the amazing quantity of food they require, they are seldom able to remain long in one place. When they arrive upon any cultivated field, they completely destroy it, not so much by what they consume in food, as by the great quantity they destroy by the heavy pressure of their feet. When therefore they approach a field, the husbandmen kindle a fire and unite in raising a great outcry, which generally drives them away.

When the elephant becomes subject to man, it refuses all intercourse with the female; all tame elephants were therefore once wild. The mode of decoying them is this; a large enclosure is prepared near the resort of the elephants, to which a door is fixed; a tame female elephant is then led into the woods, at the sound of whose voice the wild elephant follows

অনেকে একত্র চলে এবং যে প্রাচীন সে অগ্রে চলে অন্যএক প্রাচীন পালের রক্ষার্থে পালের পশ্চাৎ থাকে যুবা ও দুর্ব্বল হস্তী পালের মধ্যে চলে। হস্তিনীরা আপন২ ক্ষুদ্র বাচ্চাকে পৃষ্ঠে করিয়া চলে। তাহারদের নাসিকা সকল ইন্দ্রিয়হইতে প্রধান অন্য পশুর নাসিকাহইতে হস্তির নাসিকা প্রবল যে পথে মনুষ্য গমন করে তাহা গন্ধদ্বারা জানিতে পায়। তাহার ভক্ষ্য বৃক্ষের মূল ও পত্র ও ক্ষুদ্র বৃক্ষ ও ক্ষুদ্র শাখা কখন২ ফল ধান্যাদি শস্য ভক্ষণ করে। এক হস্তী অনেক খাদ্য বস্তু পাইলে অন্য হস্তিকে ডাকিয়া আনিয়া একত্র ভক্ষণ করে। তাহারদিগের অধিক আহারপ্রযুক্ত অনেক কাল এক স্থানে থাকিতে পারে না তাহারা কৃষকের শস্যাদিতে আইলে সে শস্য ধ্বংস করে আহারে সকল নষ্ট হয় না কিন্তু পদনিষ্পেষণে অধিক নষ্ট হয় একারণ কৃষকেরা হস্তী আইলে মহাঅগ্নি জ্বালিয়া অনেক লোক একত্র হইয়া কোলাহল করিয়া তাড়াইয়া দূর করে।

যখন হস্তী মনুষ্যের অধীন হয় তখন হস্তিনী সঙ্গ করে না এ কারণ যত পোষ্য হস্তী সকল পূর্ব্বে বন্য ছিল। হস্তিধরণের উপায় এই হস্তির স্থানের নিকটে একটা বেড় প্রস্তুত করিয়া একটা দ্বার রাখে পরে একটা পোষা হস্তিনীকে বনমধ্যে লইয়া যায় হস্তিনীর রব শুনিলে বন্য হস্তী নিকটে আইসে হস্তিনী ক্রমে২

her. The female gradually moves towards the inclosure; and draws after her into it the wild animal; the door is then closed, and the animal is bound with strong ropes and kept without food, which greatly weakens its strength. Several other tame elephants are then admitted, by intercourse with whom, it gradually acquires tameness and finally suffers itself to be carried about like the rest. The elephant is greatly attached to its driver; it caresses him and is continually seeking to obtain his good-will. After it has been some time with the driver, it understands his signs, and will perform any thing he may require. To enable people to mount, it willingly bends its knees; at the word of command, it will salute any one with its trunk: it is greatly pleased with splendid trappings.

Though its body is so unwieldy, it can move with great rapidity, and almost keep pace with a horse, though it cannot run with the same speed as a swift horse. When it is nourished with care, it will live many years; some have been known to live a hundred and fifty. It is greatly pleased with the sound of music and will beat time to musical instruments. It is likewise gratified with odoriferous flowers, and will even take them up in its trunk and smell them. Though it is the most intelligent of all animals, its brains are said to be of all others, the smallest.

বেড়ের মধ্যে যায় হস্তীও তাহার পশ্চাৎ বেড়ের মধ্যে যায় তখন লোকেরা দ্বার রুদ্ধ করে এবং বৃহৎ রজ্জুদ্বারা হস্তিকে বদ্ধ করে ও আহার বারণ করে অনাহারে হস্তী দুর্ব্বল হয় ও দুই তিন পোষা হস্তী নিকটে আনিয়া রাখে তাহারদিগের সহিত প্রীতি হইয়া পোষমাণ হয় তখন যেই স্থানে ইচ্ছা সেইখানে লইয়া যায়। হস্তী মাহুতের সহিত প্রীতি রাখে এবং খোসামোদ করে মাহুতকে তুষ্ট রাখিবার নিমিত্ত সর্ব্বদা চেষ্টা পায়। কিছু কাল পরে মাহুতের ইশারাদ্বারা সকল কর্ম্ম করে এবং যাহারা তাহার পৃষ্ঠে উঠে তাহারদিগের উঠিবার কারণ হাঁটু গাড়িয়া উঠাইয়া লয় সেলাম করিতে আজ্ঞা পাইলে শুণ্ডদ্বারা সেলাম করে উত্তম বস্ত্রাদি গাত্রে দিলে তুষ্ট হয়।

তাহারদিগের স্থূল শরীর হইলেও অতিবেগে চলে এবং ছোট ঘোড়ার সমান দৌড়ে কিন্তু অতিবড় ঘোড়ার সঙ্গে চলিতে পারে না যত্নে রাখিলে অনেক কাল বাঁচিয়া থাকে কোন হস্তী দেড় শত বৎসর বাঁচে। বাদ্যশ্রবণে তুষ্ট থাকে তালে পাদ নিঃক্ষেপ করে শুণ্ডদ্বারা সুগন্ধি পুষ্প ঘ্রাণ লয় এবং সকল পশুহইতে হাতী মেধাবী হইয়াও মস্তকের মজ্জা সকলহইতে অল্প।

A Fable.

AN old man and his son were driving a beast to market for sale. One meeting him on the road, said, 'What a fool art thou to walk on foot with thy son, that the beast may go unburdened?' On hearing this, the old man set his son on the animal, and proceeded on his journey. Another passenger meeting him, exclaimed, 'Is it for you young man, to be riding while your old father walks on foot?' The father on this rebuke, took down his boy and mounted the beast himself. 'Do you see,' said a third passenger, 'how this lazy old man rides along upon his beast, while the poor little boy is almost crippled with walking?' The old man, hearing this, took up his son behind him. 'Pray,' said a fourth passenger, 'is that animal your own?' Yes, said the old man. 'One would not have thought so,' replied the other, 'from your loading him so unmercifully;' hearing this he alighted, and binding together the legs of the beast, he and his son assisted in carrying him. In this manner they proceeded to some distance, when in crossing a bridge the multitude giving a great shout at the strangeness of the thing, the old man confounded, threw it into the river, regretting that in endeavouring to please every body, he had pleased no one, and had lost his beast into the bargain.

এক জন বৃদ্ধ ও তাহার পুত্র এক পশু বিক্রয় করিবার কারণ হাটে লইয়া যাইতেছিল। পথে এক জনের সহিত সাক্ষাৎ হইলে সে কহিল যে তোমরা অতিনির্ব্বোধ আপনারা পদব্রজে চলিয়া দুঃখ পাইতেছ পশু অমনি যাইতেছে ইহা শুনিয়া ঐ বৃদ্ধ আপন পুত্রকে পশুর উপরে আরোহণ করাইয়া আপনি পদব্রজে যাইতে লাগিল। কিঞ্চিৎ দূরে গেলে আর এক ব্যক্তি ঐ বালককে কহিল যে তুমি আপনি পশুর উপরে চড়িয়া যাইতেছ তোমার পিতা বৃদ্ধ পদব্রজে যাইতেছেন। তাহার পিতা এই কথাতে লজ্জিত হইয়া আপন বালককে নামাইয়া আপনি চড়িল। কিঞ্চিৎ দূরে গেলে তৃতীয় পথিক কহিল যে দেখ এ কি প্রকার[illegible] ব্যক্তি আপনি পশুর উপরে সুখে যাইতেছে শিশু বালক পথে চলিতে২ তাহার পায়ে পীড়া হইতেছে। ইহা শুনিয়া ঐ বৃদ্ধ আপন পুত্রকে আপন পশ্চাতে চড়াইল। ইহা দেখিয়া আর এক জন বলিল যে হে মিত্র এ পশু কি তোমার। বৃদ্ধ উত্তর করিল হাঁ আমার। সে ব্যক্তি কহিল যে ইহার উপরে যে প্রকার ভার দিতেছ ইহাতে বোধ হয় না যে তোমার। ইহা শুনিয়া দুই জনেই পশুহইতে নামিল ও ঐ পশুর চারি পা বান্ধিয়া আপনারা ঘাড়ে করিয়া বহিতে লাগিল। কতক দূরে গেলে এক সাঁকোর উপরে যাইতে তাহারদিগকে দেখিয়া সকল লোক মহাহাস্যদ্বারা শব্দ করিতে লাগিল। তাহাতে বৃদ্ধ বিরক্ত হইয়া ঐ পশুকে জলে ফেলিয়া দিল এবং ঘরে যাইতে২ খেদ করিতে লাগিল যে হায় সকল লোককে তুষ্ট করিতে উদ্যোগ করিলাম কোন ব্যক্তিও তুষ্ট হইল না এবং পশুও গেল।

Dig-Durshun,

OR

MAGAZINE FOR INDIAN YOUTH.

No. IV.

July, 1818.

DIG-DURSHUN.

No. IV.

Continuation of the History of the World from the birth of Christ.

IN our last number we brought the History of the World down to the birth of Christ. The greater part of the then known world, was at that time subject to the Romans. With the exception of the Parthians in the country of Persia, and the barbarous nations in the north of Europe, the whole range of country from the Indus to the Atlantic was under their sway. Before the birth of Christ, Rome was in the enjoyment of liberty; but about that period, one of its citizens having raised himself by his victories to the supreme power, subjected his country to his own will. Rome continued subject successively to the dominion of one sovereign for four hundred years after the birth of Christ. These various sovereigns were not always of the same family. The empire was extensive, and the inhabitants of its various provinces devoted to indolent repose, and to the gratification of their passions; hence there was no anxiety to acquire renown by enterprize and courage. The government was also weak, hence the meanest subject frequently elevated himself

দিগ্‌দর্শন।

চতুর্থ ভাগ।

খ্রীষ্টের জন্মের পর পৃথিবীর বিবরণ।

পূর্ব্ব লিখিত দিগ্‌দর্শনে পৃথিবীর বর্ণনা খ্রীষ্টের জন্মপর্য্যন্ত সমাপ্ত হইল সে সময়ে প্রকাশিত দেশের প্রায় সকল ভাগে রোমাণেরদের অধিকার ছিল। পারস দেশে পারথি নামে রাজ্য এবং ইউরোপের উত্তর ভাগে নানা অসভ্য জাতিভিন্ন সিন্ধু নদীঅবধি আতলান্তিক সাগরপর্য্যন্ত তাবৎ দেশে প্রায় রোমাণেরদের অধিকার ছিল। খ্রীষ্টের জন্মের পূর্ব্বে রোমাণেরা স্বাধীন ছিল কিন্তু সে সময়ে তাহারদের মধ্যে এক জন আপনি সর্ব্বজয়দ্বারা বর্দ্ধিষ্ণু হইল ও স্বদেশীয় সকলকে আপন অধীন করিল। এই মত রোমাণেরদের সকল রাজ্য খ্রীষ্টের জন্মের পর তিন শত বৎসর নিত্য এক রাজাধিকৃত ছিল কিন্তু সে রাজারা সর্ব্বদা এক বংশীয় ছিল না। রোমাণেরদের রাজ্য বড় এবং তত্রস্থ লোকেরা কেবল আলস্য ও ইন্দ্রিয়সেবাতে থাকিত তাহারদের সাহস ও কীর্ত্তিদ্বারা সম্ভ্রমের চেষ্টা ছিল না। এবং রাজশাসনও দুর্ব্বল এইহেতুক অতি ক্ষুদ্র লোকও ক্বচিৎকোন যোগে সিংহাসনে বসিয়া কিছু কাল

to the throne by some singular combination of circumstances, and enjoyed it perhaps for a short time. He was in his turn expelled by some other, who enjoyed only an ephemeral title. The generals who commanded the armies, encouraged by the weakness of the government, often possessed themselves of the empire; two or three generals sometimes made war upon each other, and the empire became the prize of the victor. At one time, the soldiers put the empire up to sale, and an insignificant but wealthy citizen purchased it at the expense of all his wealth, but was expelled from the throne within three months. During these four hundred years, only one-fourth of the various kings who swayed the sceptre of the Roman empire, died in the common course of nature. Some of them were men of high virtue, while others were monsters of iniquity and injustice; who, sunk in the filth of impurity and intemperance, commanded their subjects to pay them divine honors, and to offer sacrifices to them. One of the Emperors being tired of the task of destroying his subjects, wished that all the citizen of Rome had but one neck that he might destroy them at one blow. To enumerate their various acts of tyranny and oppression would be an endless task.

The various barbarous tribes in the north of Europe who maintained perpetual war with the Romans, encouraged by the superior fertility of the Ro-

রাজ্য করিত পরে অন্য এক জন তাহাকে দূর করিয়া সিংহাসনে বসিয়া কিছু কালক্ষেপণ করিত। কখনও সেনাপতিরা রাজাকে দুর্ব্বল দেখিয়া আপনারা সিংহাসনে বসিত ও কোনং সময়ে দুই চারি সেনাপতি যুদ্ধ করিয়া যে প্রবল হইত সেই তৎপদপ্রাপ্ত হইত। একবার সেনারা নীলামে রাজ্য বিক্রয় করিল ও এক জন ধনবান ক্ষুদ্র লোক নীলামে আপন সর্ব্বস্বমূল্যে রাজ্য ক্রয় করিয়া সিংহাসনে তিন মাস বসিয়া পরে তাহাকে নষ্ট করিয়া অন্য এক জনকে তাহারা বসাইল। ঐ তিন শত বৎসরের মধ্যে যত রাজা হইল ও মরিল তাহার মধ্যে কেবল চতুর্থাংশ রাজা রোগমাত্রেতে মরিল। এই রাজারদের মধ্যে কেহং শিষ্ট ছিল কেহং অতিদুষ্ট ও দুরাত্মা তাহারা পারদারিক কর্ম্ম ও মদ্যপান প্রভৃতিতে মত্ত হইয়াও লোকেরদের প্রতি আজ্ঞা করিত যে আমাকে দেবজাতের মত সেবা কর এবং আমার সম্মুখে বলিদান দি কর। এই রাজারদের মধ্যে এক জন এমত প্রধান দুষ্ট ছিল যে সে মনুষ্য কাটিতেং আলস্যযুক্ত হইয়া কহিয়াছিল যে ঈশ্বর যদি সকল লোকের এক গলা করিতেন তবে এক কোপে সকল সংহার করিতাম। এ সকল দুষ্ট লোকের সকল দুষ্কর্ম্ম লিখনে পার নাই।

ইউরোপের উত্তরে যেং অসভ্য জাতি ছিল তাহারা সর্ব্বদা রোমাণেরদের সহিত যুদ্ধ করিত এবং তাহারা আপন রাজ্য হইতে

man provinces, while disgusted with the sterility of their own territories, at length conquered the Empire, and settled in its various provinces.

Of the Deeds of Constantine.

THREE hundred and twenty-four years after the death of Christ, Constantine ascended the throne of the Roman empire. In his reign two important events occurred.

First. Constantine being firmly fixed on the throne, established Christianity by law. At the birth of Christ the whole Roman empire, with the exception of Judea, worshipped idols. After the death of Christ, his disciples travelled into every country, proclaiming the glad news of salvation by his death. In the course of a hundred years, many had embraced Christianity, and the number of Christians continued constantly to increase. But the Roman emperors being idolators, persecuted the Christians, who, before the reign of Constantine, had suffered ten great persecutions; they were plundered of their goods, and punished with every species of torture which the human imagination could invent; yet they increased in proportion as they were persecuted. Constantine who professed Christianity, having ascended the throne, made that the religion of the state. When the public authority of the emperors which had con-

রোমাণেরদের রাজ্য উর্ব্বর দেখিয়া রোমাণেরদের রাজ্য ভুক্ট করিয়া তাহারদের কতক২ প্রদেশ লইয়া ক্রমে২ বসতি করিল।

কন্‌স্তান্তীন রাজার কীর্ত্তি।

খ্রীষ্টের পর তিন শত চব্বিশ বৎসর অন্তরে কন্‌স্তান্তীন নামে রাজা রোমাণের সিংহাসনে বসিল তাহার অধিকার সময়ে অতিবড় দুই কর্ম্ম হইল।

প্রথমতো রোমাণেরদের মধ্যে কন্‌স্তান্তীন রাজা হইয়া ব্যবস্থাদ্বারা খ্রীষ্টের মত স্থাপন করিল খ্রীষ্টের জন্মসময়ে য়িহুদী লোকভিন্ন রোমাণেরদের সকল দেশের সকল লোক দেবপূজা করিত। খ্রীষ্টের মরণের পর তাঁহার শিষ্যেরা মঙ্গল সমাচার প্রকাশ করিতে২ রোমাণের সকল দেশে ভ্রমণ করিল। এক শত বৎসরের মধ্যে সে রাজ্যের অনেক লোক খ্রীষ্টিয়ান হইল এবং খ্রীষ্টিয়ানেরদের সংখ্যাবৃদ্ধি হইতে লাগিল। কিন্তু রোমাণেরদের রাজারা দেবপূজক হইয়া খ্রীষ্টিয়ানেরদের প্রতি নানা দৌরাত্ম্য করিত। কন্‌স্তান্তীনের পূর্ব্বে রোমাণের রাজারা খ্রীষ্টিয়ানেরদিগকে অতিশয় দুঃখ দিতে দশবার আজ্ঞা করিল এবং তাহারদিগের সম্পত্তি সকল লুটিল ও মনুষ্যের প্রতি যন্ত্রণা দিতে যেপর্য্যন্ত লোকের জ্ঞানগোচর হয় তাবৎপর্য্যন্ত যন্ত্রণা দিল তথাপি খ্রীষ্টিয়ান লোক যে অনুসারে কষ্ট পাইল সেই অনুসারে বৃদ্ধিপ্রাপ্ত হইল। কন্‌স্তান্তীন খ্রীষ্টিয়ান মত গ্রহণ করিল এবং রাজা হইয়া রাজ্যের মধ্যে খ্রীষ্টিয়ানের মত স্থাপন করিল। পূর্ব্ব রাজারদিগের আজ্ঞা

tributed to support idolatry was withdrawn from it, idolatry gradually died away, and within a hundred years became entirely extinct. It is a remarkable fact, that while the emperors commanded that any one who acknowledged himself a Christian, should be put to death, Christianity continued to flourish; but when the public sanction and authority were withdrawn from idolatry, it disappeared within a hundred years.

The *second* important event which occurred during the reign of Constantine was the foundation of a new capital. Formerly Rome was the capital of the whole empire, but Constantine having built a new city and called it Constantinople, after his own name, made it the capital of the empire. Rome had then stood a thousand and ninety-two years. Constantinople was built in Greece, and the erection of it contributed greatly to diminish the glory of Rome. Within thirty years after that event, the empire was divided into two parts, and Constantinople and Rome became the capitals of two separate empires.

Of the Eastern Empire.

THESE two divisions were called the Eastern, and the Western Empire, of which the last comprized the greater part of Europe. We will now relate in a few words the events which transpired in the eastern em-

শাসন ও উপকারদ্বারা যে দেবপূজা স্থির ছিল যখন সে শাসন ও সে উপকার লুপ্ত হইল তখন দেবপূজকেরদের মত ক্ষীণ হইতে লাগিল এবং এক শত বৎসরের মধ্যে সমুদায় লুপ্ত হইল। এই আশ্চর্য্য বোধ হয় যে যখন রাজারদিগের আজ্ঞা ছিল যে কোন ব্যক্তি যদি আপনাকে খ্রীষ্টিয়ান স্বীকার করে তবে তাহাকে বধ করা যাইবেক এ আজ্ঞা থাকিতেও খ্রীষ্টিয়ানের বৃদ্ধি হইল কিন্তু যখন দেবপূজার বিষয়ে রাজকীয় উপকার উত্যক্ত হইল তখন এক শত বৎসরের মধ্যে তাহা এককালে লুপ্ত হইল।

কন্‌স্তান্তীনের অধিকারে যে দ্বিতীয় বড় কর্ম্ম সে নূতন রাজধানী গাঁথন। পূর্ব্বকালে রোমাণেরদের রাজধানী রুম নগর ছিল পরে তিনি আপন নামানুসারে কন্‌স্তান্তীনোপল নগর পত্তন করিয়া রাজধানী করিলেন। সে সময়ে রুমনগর এক হাজার বিরানব্বই বৎসরের প্রাচীন ছিল। তিনি সেই কন্‌স্তান্তীনোপল নগর গ্রীকদেশে পত্তন করিলে রুম নগরের ঐশ্বর্য্য হ্রাস হইল কেননা ত্রিশ বৎসরের পরে পূর্ব্ব পশ্চিম দুই খণ্ড হইয়া দুই রাজ্যে দুই রাজধানী হইল।

রুম রাজ্যের পূর্ব্ব খণ্ডের বিবরণ।

এই দুই ভাগের নাম পূর্ব্ব রাজ্য ও পশ্চিম রাজ্য ছিল ইউরোপের প্রায় সকল ভাগ পশ্চিম খণ্ডে রহিল। এখন পূর্ব্ব ভাগের বিবরণ অর্থাৎ কন্‌স্তান্তীনোপলের বিবরণ লিখি। খ্রীষ্টের মরণের চারি

pire. Four hundred years after the birth of Christ, the two empires were so completely separated, as from that time to have no mutual relation with each other. The Emperors who sat upon the throne at Constantinople did not attain their dignity by hereditary succession. Men of ignoble birth often obtained the sovereignty, and transmitted it to their descendants for three or four generations. The empire continued for more than a thousand years, down to the year fourteen hundred and sixty-four, gradually becoming weaker and weaker. Its sovereigns were in general ignorant and wicked, and their minds were in the highest degree weak. They manifested no desire to increase either the extent or the happiness of their empire, but were involved in perpetual disputes. Their highest aim was to preserve their dominions from the encroachments of their neighbours while they oppressed their own subjects; in which they partly succeeded till the year above mentioned.

The Turks, who were *Moosulmans*, issued from a part of Tartary, and poured down on the rich provinces of the south. Before their final conquest of it, they made frequent inroads into the empire. In the year fourteen hundred and sixty-four, they took Constantinople, and having conquered all the countries subject to the Greek empire, established a mighty kingdom on its ruins which remains to this day. It is now exceedingly weak, however, and is gradually decaying.

শত বৎসর পরে এমত দুই ভাগ পৃথক্ হইল যে পরস্পর কিছু সম্পর্ক রহিল না। পূর্ব্ব খণ্ডে অর্থাৎ কন্স্তান্তীনোপলে যে২ রাজারা হইল তাহারা পুরুষানুক্রমে সিংহাসনে বসিল না। কখনং অতিক্ষুদ্র লোক রাজা হইয়া তিন চারি পুরুষ রাজ্য করিল। এই রাজ্য সন চৌদ্দ শত চৌষট্টি বৎসরপর্য্যন্ত রহিল অর্থাৎ সহস্র বৎসরের অধিক এবং কাল গমনক্রমে দুর্ব্বল হইল। যেং ব্যক্তিরা রাজা হইল তাহারদের মধ্যে প্রায় সকল অজ্ঞান ও দুরাত্মা ছিল এবং তাহারদের মন দুর্ব্বল। তাহারদিগের রাজ্যবৃদ্ধির কিম্বা প্রজাসুখের চেষ্টা কিছুই ছিল না কিন্তু পরস্পর সর্ব্বদা বিরোধ ছিল। এবং চতুর্দিকস্থ রাজাহইতে আপন রাজ্য রক্ষার চেষ্টামাত্র ছিল তাহারা প্রজাগণের হিংসা করিতে নিবৃত্ত ছিল না। তাহারদের রাজ্য ঐ সনপর্য্যন্ত অখণ্ড থাকিল।

তাতার দেশের এক প্রদেশস্থ তুরুক লোক তাহারা মুসলমান ছিল তাহারা উর্দ্ধ্বর দক্ষিণ দেশের উপরে স্রোতের ন্যায় আইল। তাহারা রাজ্যলোপের পূর্ব্বে ঐ রাজ্যের সহিত নিত্য যুদ্ধ করিল পরে চৌদ্দ শত চৌষট্টি সনে তাহারা কন্স্তান্তীনোপল নগর অধিকার করিল এবং তাহার অধীন যত দেশ ছিল সে সকল আপন অধীন করিয়া এক নূতন রাজ্য স্থাপন করিল সেই রাজ্য অদ্যাপি আছে। কিন্তু রাজশাসন অতিশয় দুর্ব্বল এবং ক্রমেং ক্ষুদ্র

It is the only *Moosul*man government in Europe; there are many who profess Christianity in it, but the *Moosul*man faith is established by law.

Of the Rise of the Moosulman power.

HAVING concluded the account of the eastern empire, we shall give a short account of Mahomed and of the empires which his followers established, before we proceed to the western empire. Mahomed was born five hundred and sixty-nine years after the birth of Christ, on the eastern bank of the Red-sea, in the city of Mecca. That city is situated in the country of Arabia, sixteen hundred and fifty kross west of Calcutta. Mahomed was not of royal lineage; he inherited from his father only five camels and one female slave. When he had attained the age of forty, he gave himself out as a prophet, and began to teach the people in the city of Mecca. He likewise gradually composed the Koran and told the multitude that he had received it from heaven. In proportion as his disciples increased, his fellow-countrymen persecuted him, which contributed not a little to augment the number of his followers. In this manner he continued to instruct the people in the religion he had formed for thirteen years, at the end of which period, his enemies determined to destroy him, which when his friends learned, they conveyed him secretly to the city of Medina. Mahomed fled to this city six hundred and twenty-two

পাইতেছে। ইউরোপের মধ্যে সেইমাত্র মুসলমানেরদের রাজ্য সে রাজ্যের মধ্যে অনেক খ্রীষ্টিয়ান আছে কিন্তু ব্যবস্থাধারা মুসলমানের মত স্থাপিত আছে।

মুসলমানেরদের পরাক্রমের উদ্রেক।

এইপর্য্যন্ত পূর্ব্ব খণ্ডের বিবরণ সমাপ্ত হইল। পশ্চিম খণ্ডের বিবরণ লিখিবার পূর্ব্বে মহম্মদ ও তাহার সম্মত মুসলমানের রাজ্যের বিবরণ কহা যাইতেছে। খ্রীষ্টের পর পাঁচ শত উনসত্তরি বৎসর সুফ্ সমুদ্রের পূর্ব্ব পার্শ্বে মক্কা নামে এক নগরে মহম্মদ জন্ম লইলেন। সে নগর আরব দেশে কলিকাতার নিশ্চয় পশ্চিম এক হাজার ছয় শত পঞ্চাশ ক্রোশ অন্তর। মহম্মদ রাজবংশীয় ছিলেন না তিনি পৈতৃক ধনের মধ্যে পাঁচ উট ও এক দাসীমাত্র পাইলেন। তিনি চল্লিশ বৎসরবয়স্ক হইলে আপনাকে পেগম্বররূপে প্রকাশ করিলেন এবং মক্কাতে লোকেরদিগকে শিখাইতে আরম্ভ করিলেন। তৎকালে তিনি কোরাণ সৃষ্টি করিলেন এবং লোককে কহিলেন যে স্বর্গহইতে তাহা পাইয়াছি। তাহার শিষ্যবৃদ্ধি হইতে লাগিলে স্বদেশস্থ লোকেরা তাহার উপরে দৌরাত্ম্য করিতে লাগিল তাহাতে তাহারদের আরও বৃদ্ধি হইল। এইরূপে আপন মত তের বৎসরপর্য্যন্ত মক্কাতে প্রকাশ করিলে পরে তাহার বিপক্ষেরা তাহার বধ করণের চেষ্টা করিল। তাহার স্বপক্ষেরা ইহা জানিয়া গোপনে তাহাকে মদীনা নগরে পাঠাইল। খ্রীষ্টের পর ছয় শত বাইশ বৎসর মহম্মদ সেই নগরে পলায়ন করি

years after Christ, and his flight is called the Hegira, from which event the Moosulmans date their æra.

Having arrived in the city of Medina, he entered into friendly relations with its inhabitants, and commenced a war against his enemies, declaring that God had commanded him to establish his religion by the sword. After this he engaged in war with certain of the Arabians and with the Jews, and eventually with the emperor of Constantinople, from whom he endeavoured to wrest the province of Syria, but was unable to do it. At that time he was exceedingly powerful, and his army which was numerous, while they obeyed him as a General, worshipped him as a Prophet sent from heaven, and were inflamed with zeal to propagate the new religion which they had embraced. Before his death his followers had increased to so great a number, that he conducted a hundred and fourteen thousand pilgrims to the city of Mecca as to a place of high sanctity. He died in the presence of his friends, in the city of Medina, in the year six hundred and thirty-two of the Christian æra, at the age of sixty-three. The religion which he established is called Mahomedanism; it did not exist before his time.

After his death three of his disciples were successively raised to the sovereign power, and reigned in the city of Mecca; their names were Abubeker, Omar,

লেন সেই পলায়নের নাম হিজরা সেইঅবধি মুসলমানেরা অব্দ গণনার আরম্ভ করে।

মদীনাতে পঁহুছিলে তদ্দেশের লোকেরদের সঙ্গে প্রীতি করিয়া আপন শত্রুরদের সহিত যুদ্ধ করিলেন ও প্রকাশ করিলেন যে তলোয়ারের দ্বারা আপন মত স্থাপন করিতে ঈশ্বর আমাকে আজ্ঞা দিয়াছেন। পরে আরব লোকেরদের সহিত ও য়িহূদী লোকেরদের সহিত এবং কন্স্তান্তীনোপলের বাদশাহের সহিত যুদ্ধ করিলেন এবং সম নামে সেই রাজ্যের প্রদেশকে অধিকার করিতে উদ্যোগ করিলেন কিন্তু পারিলেন না। তথাপি সে সময়ে তিনি অতিপরাক্রমী ছিলেন ও তাহার সেনাও অনেক ছিল সে সকল সেনা তাহাকে সেনাপতি জ্ঞানে ও ঈশ্বরকর্ত্তৃক প্রেরিত পেগম্বর জ্ঞানে সেবা করিত ও সর্ব্বত্র তাঁহার নূতন মত স্থাপন করিতে তাহারদের আত্যন্তিকী চেষ্টা ছিল। তাঁহার মরণের পূর্ব্বে তাঁহার শিষ্যেরদিগের এমত বৃদ্ধি হইয়াছিল যে মক্কাতীর্থ দর্শনে এক লক্ষ চৌদ্দ হাজার লোককে মহম্মদ লইয়া গিয়াছিলেন। তিনি খ্রীষ্টীয় সনের ছয় শত বত্রিশ সালে ত্রিষষ্টিবর্ষবয়স্ক হইয়া আপন বন্ধুবান্ধবের সমক্ষে মদীনাতে মরিলেন। তিনি যে মত প্রকাশ করিলেন তাহার নাম মুসলমানীয় মত। তাহার পূর্ব্বে সে মতের নামও ছিল না।

তাঁহার মরণের পর তাঁহার তিন শিষ্য ক্রমে সেই স্থানাভিষিক্ত হইয়া মক্কাতে রাজ্য করিল তাহারদের নাম আবুবকর ও

and Othman. Othman was put to death, and Ali who had married Fatima the daughter of Mahomed succeeded him. At the death of the prophet, the Moosulmans had besought Ali to accept the supreme power, but he then refused it. After the death of Othman however they constrained him to ascend the throne. At that time, Moawia, a powerful general, made great efforts to obtain the supreme power, and having collected together eighty thousand Arabian soldiers, maintained a conflict with Ali during a hundred and fourteen days. Ninety battles were fought between the hostile armies, and on both sides seventy thousand Moosulmans perished. At length Ali was victorious, but one of the vanquished party having determined on his destruction, prepared a weapon steeped in poison, and while he was engaged in an act of devotion in the temple of Cufa, stabbed him to the heart. Ali was sixty-three years of age at the time of his death.

On his death the Moosulmans raised Hassun his son, to the throne; but the greater part of the Moosulman dominions was subject to the Moawians. Yezed the son of Moawia having entered into a conspiracy with the wife of Hassun, instigated her to give her husband poison, of which he died.

In the mean time, Moawia died and his son Yezed gave himself up to every species of iniquity. A hun-

ওমার ও অতমান। শেষে অতমান মারা পড়িলে সিংহাসনে আলী বসিল সে আলী মহম্মদের কন্যা ফতেমাকে বিবাহ করিয়াছিল এবং যখন মহম্মদ মরিলেন তখন তাহাকে সিংহাসনে বসাইতে মুসলমানেরা চেষ্টা করিল সে তাহা স্বীকার করিল না। অতমানের মরণের পর মুসলমানেরা আলীকে সিংহাসনে বসাইল। সে সময়ে মোআবীয়া নামে এক মহাসেনাপতি সিংহাসনে বসিতে ইচ্ছা করিল এবং আশী হাজার আরবীয় সৈন্য একত্র করিয়া আলীর সহিত যুদ্ধ করিল। এক শত চৌদ্দ দিনের মধ্যে নব্বইবার যুদ্ধ হইল এবং উভয় পক্ষে সত্তরি হাজার মুসলমান মরিল। শেষে আলী জয়ী হইল কিন্তু পরান্ত লোকেরদের মধ্যে এক ব্যক্তি আলীকে নষ্ট করিতে নিশ্চয় করিয়া আপন বাণ বিষেতে লিপ্ত করিল ও কুফার মন্দিরে যখন আলী ঈশ্বরারাধনা করিতেছিল তখন সেই বাণ আলীর শরীরে বিদ্ধ করিয়া তাহাকে মারিল। আলী সেই সময়ে ত্রিষষ্টি বৎসরবয়স্ক ছিল।

আলীর মরণের পর তাহার পুত্র হাসনকে মুসলমানেরা সিংহাসনে বসাইল কিন্তু মুসলমানের অধিক রাজা মোআবীয়ার অধীন ছিল। মোআবীয়ার পুত্র য়েজিদ হাসনের স্ত্রীর সহিত যোগ করিয়া তাহার স্বামী হাসনকে বিষপান করাইতে প্রবৃত্ত করাইল সেই বিষপানে হাসনের মৃত্যু হইল।

ইহার মধ্যে মোআবীয়া মরিল ও তাহার পুত্র য়েজিদ দুষ্ট ক্রিয়াতে প্রবৃত্ত হইল। এইপ্রযুক্ত এক লক্ষ চল্লিশ হাজার লোক

dred and forty thousand *Moosulmans* united to place Hossain, the remaining son of Ali, upon the throne. But anticipating the probable weakness of his government, they forsook him and fled. Upon this one of Yezed's generals, Abdoola, surrounded Hossain and commanded him to be brought prisoner before him. Hossain had only seventy soldiers with him, who seeing the misfortune that hung over them, determined to defend themselves to the last, and having dug a trench round their camp, prepared for a steady resistence. At this time Haro, one of Abdoola's chiefs, went over to the party of Hossain with thirty soldiers. This small band not exceeding a hundred men, fought till it was entirely destroyed, with the exception of Hossain and his sister. He seated himself at the door of his tent, and while in the act of lifting a cup of water to his lips, was wounded with an arrow. The enemy immediately closed in upon him, but he drew his sword, and though single-handed, attacked them with such vigor, that no one was able to stand before him. At length his enemies made a united effort, and Hossain fell, covered with thirty-three wounds. His body was carried in triumph to Abdoola, who smote it on the mouth. An old soldier who was standing by, said, how often have I seen the kisses of the holy prophet imprinted on those lips. From that period, there have always been two parties among the *Moosulmans*; the one venerate Abubeker,

মিলিয়া আলীর অন্য পুত্র হোসেনকে সিংহাসনে বসাইল কিন্তু তাহারা হোসেনের রাজত্বের ভাবি দুর্ব্বলতানুসন্ধান করিয়া তাহাকেছাড়িয়া পলাইল। ইত্যবসরে য়েজিদের অবদুল্লা নামে এক সেনাপতি হোসেনকে ঘেরিয়া আপন সম্মুখে আনিতে আজ্ঞা দিল। তখন হোসেনের সহিত সত্তরি জন যোদ্ধা ছিল তাহারা আপনারদের আগামী বিপৎ নিশ্চয় জানিয়া প্রাণপণপর্য্যন্ত যুদ্ধ করিতে নিশ্চয় করিল এবং আপন ছাউনির চতুর্দিকে একটা নরদামা কাটিয়া আপনারা যুদ্ধার্থেসসজ্জ হইল। ইহার মধ্যে ঐ অবদুল্লার হারো নামে সেনাপতি ত্রিশ জন যোদ্ধা লইয়া হোসেনের সঙ্গে মিলিল সেই এক শত জন তাহারদের সহিত যুদ্ধ করিতেং হোসেন ও তাহার ভগিনীভিন্ন সকল মরিল। হোসেন আপন ছাউনির দ্বারেতে বসিয়া খাইবার জল মুখে উঠাইতে ছিল এই সময়ে তাহার মুখের মধ্যে এক বাণ পড়িল। তখনি তাহার প্রতিকূল যোদ্ধারা তাহার উপরে পড়িল কিন্তু হোসেন আপন তরবাল বাহির করিয়া একাকী হইয়াও এমত তাহার দিগকে আক্রমণ করিল যে তাহাতে কোন সিফাহী তাহার সম্মুখে স্থির হইতে পারিল না। পরে তাহারা সকলে একত্র হইয়া হোসেনের উপরে পড়িয়া তেত্রিশবার আঘাত করাতে সে মরিল। তাহার মৃত শরীর লোকেরা অবদুল্লার নিকটে লইয়া গেল সে তাহার মুখে চপেট মারিল। সে সময়ে তন্নিকটে বর্ত্তমান এক বৃদ্ধ যোদ্ধা কহিল যে আমি কতবার ঐ মুখে আমারদের মহম্মদকে চুম্বন করিতে দেখিয়াছি। সেই অবধি মুসলমানের মধ্যে দুই দল আছে তাহার এক দল আবুবকর ও ওমার ও অতম্য

Omar, and Othman; while the other disregarding them, hold Ali and his two sons Hassun and Hossain in the highest veneration.

Within twenty-three years after the death of Mahomed the M*oosu*lmans conquered Arabia, Persia, Syria, and Egypt, the inhabitants of which in general embraced the faith of the prophet. After the death of Ali, none of Mahomed's family ever sat upon the throne, but his descendants who are exceedingly numerous, are universally held in high repute. In Arabia they are called Sherifs; in Turkey, Emirs; in Persia, Africa, and India, they are called Seyds.

After the death of Hossain the family of Moawia sat upon the M*oosu*lman throne; and within one hundred years after the death of Mahomed, the M*oosu*lmans conquered Spain, and several other countries in Europe. They also penetrated into France and possessed themselves of half the country, but received a signal defeat from Charles Martel, who completely expelled them. Had not Charles defeated them, it is probable that they would have subdued the whole of Europe.

About this time the M*oosu*lman dominions were divided into three parts; the first of which included Spain; the second Africa, together with Egypt; the capital of the third was Bagdad, it included Persia, Syria, &c. We will briefly relate the events which happened in each division.

নকে মানে ও অন্য দল তাহারদিগকে না মানিয়া আলী ও তাহার দুই পুত্র হাসন ও হোসেনকে মানে।

মহম্মদের মরণের পর তেইশ বৎসরের মধ্যে মুসলমানেরা আরব ও পারসী ও শ্যাম ও মিসর দেশ জয় করিয়াছিল। তদ্দেশের প্রায় সকল লোক মুসলমান হইল। আলীর মরণের পর মহম্মদের সন্তানেরা আর সিংহাসনে বসিল না কিন্তু তাহারা অনেক ও সকল স্থানে অতিশয় মান্যরূপে আছে। আরব দেশে তাহারদের নাম সিরিফ ও তুরক দেশে তাহারদের নাম ইমির এবং পারসী দেশে ও আফ্রিকাতে ও ভারতবর্ষে তাহারদের নাম সৈয়দ।

হোসেনের মরণের পর মোআবীয়ার বংশ সিংহাসনে বসিল এবং এক শত বৎসরের মধ্যে মুসলমানেরা স্পানিয়া দেশ ও ইউরোপের অন্যং দেশ অধিকার করিল। তাহারা ফ্রান্স দেশে প্রবেশ করিয়া তাহার অর্দ্ধেক জয় করিয়াছিল কিন্তু চার্লস মার্তেল নামে এক ফ্রান্সীয় অধ্যক্ষ মুসলমানেরদিগকে দেশহইতে দূর করিয়া দিল। এই মত যদি না হইত তবে অনুমান হয় ইউরোপের সকল দেশ তাহারা অধিকার করিত।

এইকালে মুসলমানের রাজ্য তিন ভাগ হইল প্রথম স্পানিয়া দ্বিতীয় আফ্রিকা ও মিসর দেশ তৃতীয় পারসী দেশপ্রভৃতি ছিল তাহার রাজধানী শহর বাগদাদ। এই রাজ্যের প্রত্যেকং বিবরণ আমরা সংক্ষেপে কহিব।

Of the Moosulman empire in Spain.

SEVEN hundred and fifty years after the birth of Christ the Moosulmans conquered Spain, and retained possession of it for seven hundred and forty-two years down to the year fourteen hundred and ninety-two of the Christian æra. The same year America was discovered, under the auspicies of the queen of Spain. One hundred years after they lost the sovereignty of Spain, the king having failed in his attempts to extirpate the Moosulman faith, expelled all who professed it from the country, and having provided them with ships, landed them with their wives and children on the shores of Africa. There they wandered like fugitives without shelter, and without friends, and fell a prey to the wild Arabs of the desert, who destroyed the greater part of them. In this manner was the Moosulman empire in Spain, dissolved. While they possessed Spain, it enjoyed the highest degree of prosperity; learning and science then almost extinct in the rest of Europe, continued to flourish there in the highest perfection. The Spanish Moosulmans were famous for their knowledge of geography and astronomy. Every considerable village in the country possessed a seminary of learning; and there were therein eighty large and flourishing cities, and three hundred towns. The extensive commerce it enjoyed, tended greatly to enrich it; and the revenues of the country amounted to five crores of Rupees. The nature of the

স্পানিয়াতে মুসলমানেরদের রাজ্যের বিবরণ।

খ্রীষ্টের জন্মের পর সাত শত পঞ্চাশ বৎসর মুসলমানেরা স্পানিয়া দেশ অধিকার করিল এবং তাহারা চৌদ্দ শত বিরানব্বই সনপর্য্যন্ত অর্থাৎ সাত শত বিয়াল্লিশ বৎসর সে দেশের প্রায় সকল ভাগ আপন অধিকারে রাখিল। ঐ সনে স্পানিয়ার রাণীর আনকূল্যে আমেরিকাদর্শন প্রথম হইল। তাহার এক শত বৎসর পরে সেখানকার রাজা মুসলমানেরদের আরাধনা ও ব্যবহার ছাড়াইতে না পারিয়া স্ত্রী পুত্র সমেত তাহারদিগকে দেশহইতে দূর করিয়া দিল এবং জাহাজ প্রস্তুত করিয়া তাহারদিগকে আফ্রিকা দেশে পাঠাইল। সেখানে তাহারদিগের ঘর বাড়ীপ্রভৃতি কোন আশ্রয় ছিল না এবং তাহারা ভ্রমণ করিতে২ বন্য আরবেরদের হাতে তাহারদের অধিক ভাগ মারা গেল। এই রূপে স্পানিয়া দেশস্থ মুসলমানেরা রাজ্যভ্রষ্ট হইল। যাবৎ স্পানিয়া দেশ তাহারদের অধীন ছিল তাবৎ সে রাজ্য পরম সুখে ছিল সেই সময়ে ইউরোপের অন্য দেশের লোকের জ্ঞান অস্তময় কেবল স্পানিয়ার লোকের জ্ঞান উদিত। ভূগোলীয় ও খগোলীয় বিদ্যা সে স্থানে অতিপ্রধানরূপে ছিল। প্রতিনগরে এক২ মহা পাঠশালা ও দেশের মধ্যে আশী মহানগর ও তিন শত ছোট নগর ছিল। সেই দেশ আপন মহাবানিজ্যদ্বারা ভাগ্যবান ছিল এবং তাহার রাজস্ব বৎসর২ পাঁচ কোটি টাকা। কিন্তু অন্য২ দেশীয় মুসলমানেরদের চলন মত স্পানিয়ার মুসলমানেরদেরে

government differed widely from that of other Moosulman governments. The various sovereigns in general sought the safety, happiness, and prosperity of their subjects, while in other countries their own advantage was the only wish of the rulers.

Of the Moosulman Government in Africa.

IT was chiefly the northern part of Africa which was subject to the Moosulmans. Their dominions extended along the southern bank of the Mediterranean sea. The various governments of this region were perpetually at war with each other, and the revolutions which happened among them, would, if related, only weary the reader. Egypt was subdued by the Turks in the year fifteen hundred and seventeen, from which period it has continued under their sway. The other Moosulman sovereigns are independent of each other, but the injustice and iniquity which prevail among them, have rendered them proverbial.

Of the Moosulman Sovereignty at Bagdad.

THE Moosulmans exercised dominion over Bagdad with the surrounding countries for five hundred years after the death of Mahomed. In the year twelve hundred and fifty-eight, it was conquered by the grandson of Jenghis-khan: and in the year fifteen hundred and seventeen, it was subdued by the Turks, since which period it has been subject to various revolutions. It is now under the Persians.

রাজার চলন ছিল না। তাহারদের প্রজার রক্ষা ও প্রজার সুখ ও প্রজার উপকার চেষ্টা সর্ব্বদা ছিল কিন্তু অন্যং দেশে রাজারদের কেবল আত্মসুখমাত্র চেষ্টা ছিল।

আফ্রিকাতে মুসলমানেরদের রাজ্যের বিবরণ।

আফ্রিকার কেবল উত্তর ভাগ মুসলমানের অধীন ছিল সে ভূমধ্যস্থ সমুদ্রের দক্ষিণ পার্শ্বে। সেখানকার সকল মুসলমানের নানা রাজারা পরস্পর সর্ব্বদা যুদ্ধ করিত এবং সর্ব্বদা যে উপপ্লব হইত তাহা শুনিলে লোকেরদের বৈরক্ত্য জন্মে। তাহার এক প্রদেশ মিসর দেশ পোনর শত সতর সালে তুরুকেরদিগের অধীন হইল তদবধি তাহারদিগের অধীন আছে। সেখানকার অন্যং রাজারা স্বাধীন কিন্তু সেখানে অতিশয় দৌরাত্ম্য একারণ সে দৌরাত্ম্যের দৃষ্টান্তস্থান হইয়াছে।

বাগদাদে মুসলমানের রাজ্যের বিবরণ।

বাগদাদে ও তাহার চতুর্দ্দিক্স্থ দেশে মহমূদের মরণের পর পাঁচ শত বৎসরপর্য্যন্ত মুসলমানেরদের রাজ্য থাকিল। সন বার শত আটান্ন সালে জঙ্গিসখাঁর পৌত্র সেই রাজ্য অধিকার করিল পরে পোনর শত সতর সালে তুরুকেরা অধিকার করিল তদবধি সেখানে অনেক উপপ্লব হইল এবং সে দেশ এখন পারসীর রাজার অধীন।

Of the Moosulmans in Tartary.

THE religion of Mahomed was carried into Tartary a few years after his death. From that period to the present, the Moosulmans of Tartary have made five grand eruptions into the richer countries of the South, which we will briefly enumerate.

I. *Of the Empire of Ghizni.*

IN the year one thousand, the empire of Ghizni to the west of the Sindh, was established by Mahomed. He was the first who introduced Moosulmanism into Hindoost'han. Crossing the Indus, he twelve times ravaged the provinces of Hindoost'han, and sacked the cities of Kunnoje, Delhi, Lahore and Muthoora; he completely despoiled and destroyed the famous Hindoo temple of Som-nat'h in Goozrat. That temple was in those days the most famous in Hindoost'han; —two thousand priests attended in it, to perform the daily ceremonies. To it were likewise attached two thousand singers and courtezans. The building was supported within by pillars covered with leaf gold and so completely adorned with precious stones, that the single lamp which burned in the middle of the temple gave light to the whole building by the reflected lustre of these stones. In the midst of the temple stood the image of Som-nat'h, fifty cubits

তাতার দেশে মুসলমানেরদের রাজ্যের বিবরণ।

মহম্মূদের মরণের কএক বৎসর পরে তাতার দেশে তাহার মত প্রবিষ্ট হইল। সেই অবধি অদ্যপর্য্যন্ত পাঁচবার মুসলমানেরা আসিয়া উর্দ্ধর দক্ষিণ দেশ ব্যাপ্ত করিয়াছে তাহার বিবরণ কহি।

প্রথম। গজনেনের রাজ্যের বিবরণ।

এক হাজার সনে গজনেনের রাজ্য মহম্মূদদ্বারা স্থাপিত হইল সে সিন্ধু নদীর পশ্চিম। তিনি হিন্দুস্থানের মধ্যে প্রথম মুসলমানের মত আনিলেন। তিনি দ্বাদশবার সিন্ধু নদী পার হইয়া হিন্দুস্থান লুঠ করিলেন এবং কান্যকুব্জ ও দিল্লী ও লাহোর ও মথুরাপ্রভৃতি নগর নানারূপে ভ্রষ্ট করিলেন ও গুজরাটে সোমনাথের মন্দির লুঠ করিয়া নষ্ট করিলেন। ঐ সোমনাথের মন্দির সে সময়ে হিন্দু লোকেরদের প্রধান পূজার স্থান ছিল সে মন্দিরে দুই হাজার পুরোহিত সেবা করিত এবং নর্ত্তকী ও অমাত্যগণ দুই হাজার ছিল। সে মন্দির স্তম্ভের উপরে গ্রথিত হইয়াছিল সে সকল স্তম্ভ স্বর্ণপত্রে মণ্ডিত এবং মণিমুক্তা প্রবালেতে খচিত। রাত্রিকালে মধ্যখানে কেবল এক প্রদীপমাত্র জ্বলিত সে প্রদীপের আলোতে রত্নের তেজ সংলগ্ন হইলে সর্ব্বত্র আলো ব্যাপ্ত হইত। মন্দিরের মধ্যস্থানে সোমনাথের মূর্ত্তি ছিল সে উচ্চ পা

high. It was buried forty cubits in the earth, so that only ten cubits of it were visible. Water was daily brought for the service of the image from the Ganges, a distance of twelve hundred miles. The Hindoos fought long to preserve the temple from violence, and fifty thousand men perished in its defence. Seeing no resource left, the brahm*u*ns offered Mahomed eight crores of Rupees for the preservation of the idol. Mahomed said, that he had not come such a distance to engage in a traffic for idols, and ordered the image to be hewn in pieces, in the belly of which he found precious stones to a far greater amount than the brahm*u*ns have offered. The empire which he established, did not continue more than a hundred and fifty years.

II. *Of the Empire of Jenghis-khan.*

On the destruction of the empire of Ghizni, several of its provinces were formed into a new kingdom under Jenghis-khan. He issued from Tartary with an immense army and laid waste the provinces of the south. In the year twelve hundred and fifty, he conquered a part of China, and twelve years after, desolated the countries to the west of the Indus, Bokhara and Khorashan. The disasters which he inflicted on these countries were endless; death and destruction marked his footsteps. The number of his concubines exceeded five hundred. His suc-

পঞ্চাশ হাত। তাহার চল্লিশ হস্ত মৃত্তিকার মধ্যে উপরে দশ হস্ত মাত্র দৃশ্য ছিল। ছয় শত ক্রোশ দূরহইতে গঙ্গাজল আনিয়া প্রতিদিন তাহার স্নান করাইত সে মন্দির রক্ষার কারণ তথাকার হিন্দুরা অনেককাল যুদ্ধ করিয়া সেই মন্দিরের সম্মুখে পঞ্চাশ সহস্র লোক মরিল। পরে নিতান্ত অনুপায় দেখিয়া সোমনাথের মূর্ত্তি রক্ষার্থে ব্রাহ্মণেরা আট কোটি টাকা দিতে স্বীকার করিল। মহমূদ কহিলেন আমি প্রতিমা ক্রয়বিক্রয় করিবার কারণ এত দূর আইসি নাই পরে মূর্ত্তি ছেদন করিতে আজ্ঞা দিলেন এবং সে মূর্ত্তির উদরহইতে ততোধিক রত্ন নির্গত হইল। মহমূদ যে রাজ্য স্থাপন করিলেন সে রাজ্য দেড় শত বৎসর থাকিয়া ভগ্ন হইল।

দ্বিতীয়। জঙ্গিস খাঁর রাজ্যের বিবরণ।

গজনেনের রাজ্য ভঙ্গসময়ে ঐ রাজ্যের কতক দেশ লইয়া এক নূতন রাজ্য হইল তাহার অধ্যক্ষ জঙ্গিস খাঁ। সে উত্তর তাতারহইতে অসংখ্য সেনা লইয়া দক্ষিণ লুটিবার কারণ যাত্রা করিল। বার শত পঞ্চাশ সনে চীন দেশের এক ভাগ অধিকার করিল বার বৎসর পরে সিন্ধু নদীর পশ্চিমে বখারা দেশ ও খোরাশান দেশ লুঠ করিয়া লইল। এ সকল দেশের লোককে যত যন্ত্রণা দিল তাহার সংখ্যা নাই তাহার সঙ্গেং মৃত্যু ও নাশ চলিত তাহার পাঁচ শত স্ত্রী ছিল। তাহার উত্তরাধিকারিরা

cessors conquered China, Tonkin, Cochin-China, Pegu, Bengal, Tibet, and the various provinces of Hindoost'han. His son entered Europe and desolated Russia and Poland. At the termination of one battle, nine large sacks were sent to his capital filled with the right ears of the vanquished. The empire which Jenghis-khan founded, continued a hundred and fifty years, to the year thirteen hundred. Both these empires were transient in their duration.

III. *Of the Empire of Timur-beg.*

The countries which we have named, had scarcely recovered from the destructive ravages of these men, before they fell into the hands of Timur-beg, a still more remorseless tyrant. He was born in the year thirteen hundred and thirty-six; and was crowned in his capital Samarkhand in the year thirteen hundred and seventy. The other chiefs of Tartary having manifested great opposition to him, he entered into hostilities with, and completely destroyed them. His army was at length so numerous that it covered a plain exceeding thirteen miles in extent. With this immense army, he poured down upon the southern provinces. In the year thirteen hundred and eighty, he conquered Persia as far as the river Euphrates. About this time the Turks under the command of Bajazat, began to appear formidable; Bajazat and Timur-beg were then the two most powerful sovereigns on earth,

সকল চীন দেশ ও তঙ্কীন ও কচিঞ্চীন ও পেগু ও বাঙ্গালা ও তিব্বত ও হিন্দুস্থানপ্রভৃতি অধিকার করিল। তাহার পুত্র ইউরোপ দেশে গিয়া রুষ ও পোলণ্ডপ্রভৃতি নানা দেশ লুঠ করিল। এক যুদ্ধে লক্ষ সেনার দক্ষিণ কর্ণ ছেদন করিয়া নয় বোঝা আপন রাজধানীতে পাঠাইল। জঙ্গিস খাঁ যে রাজ্য স্থাপন করিল সে দেড় শত বৎসর থাকিল অর্থাৎ তের শত সনপর্য্যন্ত পরে রাজ্য ভ্রষ্ট হইল। এইহেতুক মহমূদের রাজ্য ও জঙ্গিস খাঁর রাজ্য এই দুই রাজ্যের স্থিরত্ব ছিল না।

তৃতীয়। তৈমুর বেগের রাজ্যের বিবরন।

এই সকল রাজ্য ঐ দুই দুর্জনের হস্তহইতে মুক্ত হইবামাত্রেই ততোধিক দুর্জন তৈমুর বেগের হস্তে পতিত হইল। ঐ তৈমুর বেগ তের শত ছত্রিশ সনে জন্মিল এবং তের শত সত্তরি সালে আপন রাজধানী সমরখণ্ডে অভিষিক্ত হইল। তাহাতে অন্যং তাতারীয় অধ্যক্ষ অসম্মত হইল তাহাতে সে তাহারদিগের সহিত যুদ্ধ করিয়া তাহারদিগের নাশ করিল। তাহার সৈন্য এত ছিল যে সকল সেনা একত্র করিলে সাড়ে ছয় ক্রোশ পুস্থ হইত। এই মহাসেনা সমেত দক্ষিণ দেশ আক্রমণ করিল। তের শত আশী সনে পারসী দেশ জয় করিয়া ফরাৎ নদীপর্য্যন্ত অধিকার করিল। সে সময়ে তুরুকের রাজ্যও প্রথম উঠিতে লাগিল এবং বাজাজেৎ সে সময়ে সে লোকেরদের রাজা ছিল। সে সময়ে পৃথিবীর মধ্যে সেই দুই জন বড় ও উভয়ের প্রথম

and were mutually anxious to try their strength with each other. At length they came to an engagement, in which Timur-beg was completely victorious, and took Bajazat prisoner; he is said to have then confined him for nine months in an iron cage, in which he died.

In the year thirteen hundred and ninety Timur-beg crossed the Sindh with ninety thousand horse, and as a host of locusts destroys every thing in its progress, so Timur-beg with this immense army falling upon the provinces of India desolated the whole country from the river Indus to the city of Delhi. In this enterprise one hundred thousand prisoners having accumulated on his hands, he considered, that if he carried them with him, his march would be impeded, and if he left them behind, they would join his enemies; he therefore determined to put them to death; and at once destroyed these hundred thousand men without the least remorse. In his progress from Delhi to Hurdwar, he is said to have destroyed every Hindoo he met. In this manner he proceeded from kingdom to kingdom destroying every thing in his march. In the year fourteen hundred and five the earth was relieved from this monster of iniquity: of his enormities we can only relate one or two instances. Near Delhi having decapitated two hundred thousand men, he erected various columns with their heads. Having met with much resistence in the seige of Bag-

পরস্পর যুদ্ধ করণেচ্ছা ছিল পরে বাজাজেতের সহিত যুদ্ধে তৈমুর বেগ জয়ী হইয়া নয় মাসপর্য্যন্ত তাহাকে লৌহপিঞ্জরে কয়েদ রাখিল এবং সে সেই পিঞ্জরে মরিল।

ঐ তৈমুর বেগ তের শত নব্বই সনে নব্বই হাজার ঘোড়সওয়ার সমেত সিন্ধু নদী পার হইল যেমন পতঙ্গদ্বারা শস্য উচ্ছিন্ন হয় সেমত সেনাসমেত ভারতবর্ষে পড়িয়া সিন্ধু নদীহইতে দিল্লীপর্য্যন্ত তৈমুর বেগ দেশ নষ্ট করিল। এবং গমনকালে যুদ্ধদ্বারা পরকীয় এক লক্ষ সেনা লব্ধ হইলে বিবেচনা করিল যে এ সেনা সঙ্গে লইলে পথে বিলম্ব হইবেক ও ছাড়িয়া দিলেও বিপক্ষসঙ্গী হইবেক অতএব নাশ করা কর্ত্তব্য পরে আজ্ঞা দিয়া লক্ষ সেনা ছেদন করিল। ও দিল্লীহইতে হরিদ্বারপর্য্যন্ত যাইতে যত হিন্দু পাইল তাহারদিগকে কাটিল। এইরূপে দেশ নাশ করিতে২ সে ভ্রমণ করিত। পরে তৈমুর বেগ চৌদ্দ শত পাঁচ সনে মরিল। তখন পৃথিবী একহস্ত উচ্চা হইল পৃথিবীর মধ্যে যত দুষ্ট জন্মিয়াছিল তাহার মধ্যে প্রধান এই। সে দিল্লীর নিকটে দুই লক্ষ মনুষ্যের মাথা কাটিয়া নানা প্রকার স্তম্ভ গ্রথিত করিল। বাগদাদ নগর অধিকার করিতে বিলম্ব হইল তাহাতে

dad, he completely destroyed the city and caused the heads of ninety thousand men to be erected into one heap, as a monument of his vengeance. In the country of Persia, in the city of Ispahan, he erected a similar heap of seventy thousand human heads.

After his death, his family long governed Hindoosthan. A hundred years after that event, his grand-son Sooltan Baber sat upon the throne at Delhi, and firmly established the sovereignty in his own family. His grand-son Acber was a man of virtue and talent, and governed the empire with great equity. His grand-son Shah-jehan beautified the city of Delhi, but his son Aurung-zeb a wicked prince, having placed his father in confinement, and destroyed his brethren, usurped the throne. From that period, the *Moosul*-man government in Hindoosthan has been gradually growing weaker and weaker. The whole empire is now in the hands of the English, who rule it with equity and moderation.

IV. *Of the Seljukian kingdom.*

In the year one thousand and thirty, another *Moosul*man government was established to the west of the Indus. It was called the Seljukian kingdom and was very extensive. It extended from Persia to China and continued to flourish a hundred years.

ক্রুদ্ধ হইয়া সে শহর সমুদয় উচ্ছিন্ন করিল এবং নব্বই হাজার মনুষ্যের মস্তক ছেদন করিয়া আপন ক্রোধের চিহ্ন একটা রাশি করিল। পারসী দেশের ইস্পাহান নগরেও এইরূপে সত্তরি হাজার মনুষ্যের মস্তক কাটিয়া রাশি করিয়াছিল।

পরে তাহার বংশীয় লোকেরা হিন্দুস্থান ভোগ করিল। তাহার মরণের এক শত বৎসর পরে তাহার পৌত্র সুলতান বাবরশাহ দিল্লীর সিংহাসনে বসিয়া আপন বংশেতে রাজ্য স্থির করিল। তাহার পৌত্র অকবর হিন্দুস্থানের মধ্যে শিষ্ট সর্ব্বাংশে বিশিষ্টরূপে রাজ্য করিলেন। তাহার পৌত্র শাহজাহাঁ দিল্লী শহর উত্তমরূপে সুশোভিত করিয়া রাজ্য করিলেন। তাঁহার পুত্র আওরঙ্গজেব অতিদুরাত্মা আপন পিতাকে কারাগারে কয়েদ রাখিল এবং আপন ভ্রাতারদিগকে নষ্ট করিয়া সিংহাসন আক্রমণ করিল। তদবধি মুসলমানের রাজ্য হিন্দুস্থানের মধ্যে ক্রমেং লুপ্ত হইতেছে। এখন তাবৎ রাজ্য ইংগ্লণ্ডীয়েরদের হস্তগত হওয়াতে যথার্থ বিচারদ্বারা রাজশাসন হইতেছে।

চতুর্থ। সলজূকীয় রাজ্যবিবরণ।

এক হাজার আটত্রিশ সনে সিন্ধু নদীর পশ্চিম পার্শ্বে অন্য এক মুসলমানীয় রাজ্য স্থাপন হইল। তাহার নাম সলজূকীয় রাজ্য সে অতিবড় ছিল। তাহার পরিমাণ পারসীদেশঅবধি চীনপর্য্যন্ত ও সে রাজ্য এক শত বৎসর থাকিয়া চতুর্দ্দিক্স্থ মু

It was finally destroyed by the surrounding Moosulman princes. It was named after its first sovereign Seljuk.

V. *Of the Turks.*

We have before mentioned that the Mahomedans of Tartary made five eruptions into the provinces of the south. The last eruption was that of the Turks, who issued from the countries to the north of the Caspian sea. From Othman, one of their generals who about the year thirteen hundred acquired great power and glory, their empire has been called the Ottoman empire. In the year fourteen hundred, Bajazet succeeded to the chief command, of whom we have given an account before. In the year fourteen hundred and fifty-three, the Turks took Constantinople and destroying the Grecian empire, made that city the capital of their monarchy; they enjoy it to this day. Of these five *Moosul*man empires, four have been destroyed, and the Turkish empire alone remains; but it is now no longer formidable to the nations of Europe.

We have thus briefly treated of the affairs of the *Moosul*mans. Though they have made the most extensive conquests, the empires which they successively established, flourished only for a time, since they were established upon the miseries of mankind. The influence of these conquerors on human affairs,

সলমান রাজার দ্বারা লুপ্ত হইল। সে রাজ্যস্থাপকের নামানুসারে রাজ্যের নাম সলজুক হইল।

পঞ্চম। তুরুকের রাজ্য বিবরণ।

পূর্ব্বে লেখা গিয়াছে যে তাতার দেশীয় মুসলমানেরা পাঁচ বার স্বরাজ্যের দক্ষিণ দেশ আক্রমণ করিল। তাহার শেষ বারে তাতার তুরুকেরা কাস্পিয়ন সমুদ্রবর্ত্তী উত্তর দেশহইতে বাহির হইয়া আইল। তের শত সনে অতমান নামে তাহারদের এক অধ্যক্ষ সেই রাজ্যের মধ্যে থাকিয়া পরাক্রম ও ঐশ্বর্য্যশালী হইল সেইহেতুক সে রাজ্যের নাম অতমান রহিল। চৌদ্দ শত সনে বাজাজেৎ রাজা হইল তাহার বিষয় পূর্ব্ব লেখা গিয়াছে। চৌদ্দ শততিপ্পান্ন সনে তুরুকেরা কনস্তান্তীনোপল নগর অধিকার করিল ও গ্রীক রাজ্য নাশ করিয়া ঐ নগরে আপন রাজধানী করিল সে অদ্যাপি আছে। ঐ পাঁচ মুসলমানেরদের রাজ্যের মধ্যে চারি লুপ্ত হইয়াছে কেবল এই তুরুকমাত্রের রাজ্য অবশিষ্ট আছে কিন্তু সে এখন অন্যং ইউরোপীয়েরদের ভয়জনক নহে।

এইং মত মুসলমানেরদের সকল বিবরণ সংক্ষেপে লেখা গেল। মুসলমানেরা অনেকং দেশ জয় করিয়াছিল কিন্তু তাহারা যে রাজ্য স্থাপন করিল সে রাজ্য অল্পক্ষণমাত্র রহিল যেহেতুক সে মনুষ্যেরদের দুঃখদ্বারা স্থাপিত হইয়াছিল। সহস্র বৎসরাবধি দিগ্বিজয়শীল মুসলমানেরদের সকল লোকের

for the last thousand years, has been far more detrimental than beneficial.

It would however be unjust to refuse them that share of praise which is their due. Some of their sovereigns were illustrious patrons of the arts and sciences. In the city of Bagdad there were at one time no fewer than six thousand students of Arabic learning; and the northern part of Africa though now sunk into the most abject servitude, could once boast of its grandeur in science and civilization. In Egypt under the Moos*u*lman government a library was formed which comprised a hundred thousand volumes; and the royal library of Spain contained no fewer than two hundred and eighty thousand. Every kind of learning within the reach of human attainment, was cultivated by them. Two hundred different grammars of the Arabic language are said to have been composed by their literati; and the renown which they obtained by the culture of literature, is more solid and lasting than that which they acquired by their amazing conquests. Learning is however now almost extinct among them. The countries which yet remain under the M*oosu*lman governments, are subject to the deepest misery; and while other kingdoms rise and flourish, those which belong to them, are gradually mouldering away. It is one of the invariable laws which regulate human affairs, that though governments may suddenly be erected by injustice, they can only be preserved by justice: the absence of this principle will invariably overthrow them. From

উপরে যে বশতা ছিল তাহাতে লোকেরদের তাদৃক্ সুখ ছিল না বরং দুঃখ ছিল ।

তথাপি তাহারা প্রশংসনীয় যেহেতুক তাহারদিগের মধ্যে কএক রাজার বিদ্যাবৃদ্ধির আত্যন্তিকী চেষ্টা ছিল । বাগদাদে এক সময়ে ছয় হাজার শিষ্য আরবী ভাষা শিখিত এবং আফ্রিকার উত্তর পার্শ্বে লোকেরা এখন অসভ্য হইয়া তাহারদের পূর্ব্ব পুরুষের বিদ্যা ও শিষ্টতার প্রশংসা করিতে পারে । মিসর দেশে মুসলমানেরদের কর্তৃক এক পুস্তকালয় স্থাপন হইয়াছিল তাহাতে এক লক্ষ পুস্তক ছিল এবং স্পানিয়া দেশে রাজার পুস্তকশালাতে দুই লক্ষ আশী হাজার পুস্তক ছিল । যত প্রকার বিদ্যা মনুষ্যেরদের জ্ঞানগম্য হয় সেই২ বিদ্যাতে মুসলমানেরা সুশিক্ষিত হইয়াছিল । আরবী ভাষাতে তাহারা দুই শত ব্যাকরণ প্রস্তুত করিয়াছিল এবং বিদ্যাদ্বারা যে সুখ্যাতি পাইয়াছে তাহারদের দেশ অধিকার করাতে তাদৃশ সুখ্যাতি নাই । এখন তাহারদিগের মধ্যে বিদ্যা প্রায় লুপ্তা হইয়াছে । যে২ রাজ্য এখন মুসলমানেরদের অধীন আছে তথাকার লোকেরা অতিশয় দুঃখভোগী এবং অন্য২ রাজ্য বর্দ্ধিষ্ণু হইতে২ তাহারদের রাজ্য ক্রমে২ লুপ্ত হইতেছে । পৃথিবীর এই স্থূল নিশ্চল ব্যবস্থা যে অযাথার্থ্যদ্বারা দেশ অধিকার করা যায় বটে কিন্তু যাথার্থ্য বিনা থাকে না ও অযাথার্থ্যের রাজ্যের লোপ নিত্য

the creation of the world to the present time, the prevalence of injustice in any government, has invariably proved its destruction, and will do so to the end of time.

Of the Attraction of the Earth.

Gopal. Why does a fruit fall to the ground?

Kalee-das. I have heard that Newton the great Astronomer in England, on perceiving the fall of a fruit to the ground, was enabled after much reflection, to establish the true theory of the earth.

G. What then is there extraordinary in the fall of a fruit?

K. There is nothing really astonishing in it, but it led him to deep reflection.

G. On what did he reflect?

K. He considered by what means the fruit was brought to the ground.

G. Why; I could tell that. When it was released from the stalk, there was nothing to support it.

K. And what then?

G. In these circumstances, it must fall, you know.

K. But why must it fall? That is the point.

G. Because it could not help it.

K. But why could it not help falling?

G. I cannot tell; this is a difficult question. Because there was nothing to keep it suspended.

ন্ত হয়। যদবধি পৃথিবীর নির্ম্মাণ হইয়াছে তদবধি অদ্যাপর্য্যন্ত অযাথার্থ্যে রাজ্যের নাশ হইয়াছে এবং সর্ব্বদা নাশ হইবেক।

পৃথিবীর আকর্ষণের বিবরণ।

গোপাল। বৃক্ষহইতে কি কারণ ফল পড়ে।

কালিদাস। আমি শুনিয়াছি যে ইংগ্লণ্ডের মহাজ্যোতির্ব্বিৎ নিউতন বৃক্ষহইতে ফল পড়িতে দেখিয়া নানা বিতর্কদ্বারা পৃথিবীর যথার্থ ব্যবস্থা স্থির করিলেন।

গো। ফলের পতনের আশ্চর্য্য কি।

কা। ইহাতে কিছু আশ্চর্য্য ছিল না কিন্তু তিনি দেখিয়া ভাবিতে লাগিলেন।

গো। তিনি কি ভাবিলেন।

কা। এই ভাবিলেন কি রূপে ফল মৃত্তিকাতে আইল।

গো। আঃ আমি তাহা কহিতে পারি। ডালহইতে খালাস পাইয়া থাকিবার স্থান পাইল না।

কা। তবে কি।

গো। এমত হইলে অগত্যা পড়িতেই হয়।

কা। পতনের আবশ্যক কি।

গো। রহিতে না পারিয়া।

কা। কি হেতু রহিতে পারিল না।

গো। আমি বলিতে পারি না এ কঠিন বিষয় তাহাকে ধরিয়া রাখনের বস্তু কিছু ছিল না।

K. Suppose there were not—does it follow that it must come to the ground?

G. Yes, surely.

K. Is a fruit animate, or inanimate?

G. Inanimate, to be sure.

K. Can that which is inanimate then move of itself?

G. I should think not. But the fruit falls because it is forced to fall.

K. Right. Some force out of itself acting upon it, caused it to fall, otherwise though loosened from the tree, it would remain for ever where it was.

G. Would it indeed?

K. Undoubtedly. There are only two ways by which it could be moved; it must either be moved by its own native force, or by some other power. It cannot move of itself; Newton therefore considered, by what force it could be moved?

G. But every thing falls to the ground as well as a fruit, when there is nothing to keep it up.

K. True, and there must then be some universal cause of this tendency to fall.

G. And what is it?

K. If things out of the earth cannot of themselves move towards it, there can be no other cause of their coming to the earth, than that the earth pulls them.

কা। যদি রাখণের বস্তু ছিল না তবে কি অবশ্য মৃত্তিকাতে পতন হইবেক।

গো। অবশ্য।

কা। ফল সজীব কি নির্জীব।

গো। নির্জীব অবশ্য।

কা। নির্জীব বস্তু আপনি কি চলিতে পারে।

গো। আমি বুঝি না। কিন্তু সে ফল পড়িল অনুমান হয় অন্যের জোরে পড়িয়া থাকিবেক।

কা। এই স্থির বটে। সে ফলভিন্ন অন্য জোর তাহার উপর আসিয়া তাহাকে পতিত করে এমত না হইলে সেখানে খালাস পাইয়া সেইখানে থাকিত।

গো। এমত কি হইত।

কা। অবশ্য। তাহার চলনের কেবল দুই উপায় আছে হয় আপন জোরে কিম্বা অন্য কোন জোরে চলে। আপন জোরে চলিতে পারে না তবে কোন জোরে চলিল নিউতনের এই ভাবনা হইল।

গো। কিন্তু ফলভিন্ন অন্যং বস্তুর উপরে রাখিবার জোর না থাকিলে মৃত্তিকাতে পড়ে।

কা। বটে কিন্তু সকল বস্তু পতনের অবশ্য কিছু কারণ আছে।

গো। সে কি।

কা। পৃথিবী ছাড়া যে বস্তু আছে তাহারা যদি আপনি চলিতে না পারে তবে পৃথিবীর উপরে পতনের কারণ এই পৃথিবী তাহাকে টানিয়া লয়।

G. But the earth is equally inanimate, how then can it pull any thing?

K. Newton after deep meditation discovered that there is a universal law in nature, by virtue of which every particle of matter draws towards itself every other particle of matter according to its size and distance. The globe of this earth is a prodigious mass of matter, to which nothing near it bears any comparison. It draws therefore every thing within its reach towards itself; this is called its *attraction*. When any thing is lifted up, it is drawn contrary to this force, and therefore appears heavy; and the more it contains, the heavier it appears, since that increases the attraction of the earth.

The Earth and her Children.

IN a certain district of the globe things one year went on so ill, that all living beings, animals and vegetables carried their complaints to their common mother the earth. First came man: O earth, said he, canst thou behold unmoved the calamities of thy favourite offspring? the benignity, care, and assistance formerly bestowed by thee upon us, why is it now withdrawn? Plagues and pestilence destroy us—storms tear in pieces the work of our labor; the elements of fire and water are let loose against us, and in the midst of all these evils we are so infatuated as to fight with one another. O mother, either deliver us from evil or receive us again into thy maternal womb.

গো। কিন্তু পৃথিবীতো অজীবন সে কিরূপে টানিতে পারে।

কা। নিউতন অনেক ক্ষণ ভাবিয়া এই স্থির করিলেন সকল পদার্থের এই স্বভাব স্থির আছে যে সকল বস্তু ছোট বড় অনুসারে পরস্পর আকর্ষিত হয়। এই পৃথিবী অতিশয় বড় এক বস্তু তাহার নিকটে এমত বড় আর কোন বস্তু নাই অতএব পৃথিবী চতুর্দ্দিকস্থ ছোট২ বস্তুকে আপন অভিমুখে আকর্ষণ করে। যখন পৃথিবীহইতে কোন বস্তু উঠান যায় তাহাকে আকর্ষণের বিপরীতে উঠাইতে হয় এই কারণ উঠাইতে ভারি বোধ হয়। সে বস্তু যদি অতিবৃহৎ হয় তবে পৃথিবীর আকর্ষণে অধিকত্বপ্রযুক্ত অধিক ভার বোধ হয়।

পৃথিবী ও তাহার সন্তানেরা।

পৃথিবীর এক প্রদেশে এক বৎসর এমত দুঃখ হইল যে সে স্থানের জীব জন্তু বৃক্ষাদি আপন মাতা পৃথিবীর নিকট স্ব২ দুঃখ কহিল। প্রথম মনুষ্যেরা কহিল হে মাতঃ আমরা তোমার প্রিয় সন্তান আমারদের যে দায় উপস্থিত ইহাতে তুমি কিছু দয়া কর না যে দয়া ও চেষ্টা ও উপকার পূর্ব্বে করিতা সে এখন কেন রুদ্ধ হইয়াছে। মরক আমারদিগের নাশ করে এবং যে কর্ম্মে উদ্যোগ করি তাহা ঝড়ে নষ্ট করে অগ্নি ও জল দুই ভুত আমারদিগের প্রতি লাগিয়াছে এবং এই সকল দুঃখের মধ্যে থাকিয়াও আমারদের এমত ভ্রম আছে যে আমরা পরস্পর যুদ্ধ বিগ্রহ করি। হে মাতঃ আমারদিগের দুঃখ দূর কর কিম্বা পনর্ব্বার তোমার উদরে লও।

Next came the wild inhabitants of the wood and said, O mother earth, pity us thy children who repose on thy breast and derive our subsistence from thy fruitful bosom: we are parched with drought; we are scorched with the rays of the sun; from the storm and the rain we have no refuge; from the vegetables we derive no nourishment; we languish under disease, and the race of man regarding us as menials, inflict distress. Without speedy succour we cannot survive another year.

The vegetables from the tender herb to the mighty sovereign of the forest came next and said, O earth, our mother, on whom we continually remain, whose vital juice we drain, have compassion on us, we languish through noxious gales, we pant for the descent of rain; innumerable insects destroy us; flocks and herds trample us under their feet; and man through mutual divisions lays us waste. Already whole tribes of us are destroyed; and unless thou save us, another year will witness our total destruction.

The earth answered, I have now existed six thousand years, and scarcely one year has passed in which I have not heard similar complaints from some quarter; nevertheless every thing has remained in nearly the same state, and no species of created beings has been finally lost; the injuries of one year are repaired by the succeeding. The growing vegetables may be blasted, but the seeds of others are secured in my bo-

পরে বন্য পশুগণ আসিয়া কহিল হে মাতঃ পৃথিবি আমারদিগের প্রতি দয়া কর আমরা তোমার পুত্র তোমার ক্রোড়ে শয়ন করি এবং তোমার স্তন পান করি জলাভাবে মরি সূর্য্যতেজে দগ্ধ হই ঝড় বৃষ্টিহইতে আশ্রয় নাই তৃণাদি ভক্ষণ করিয়া শক্তি পাই না এবং রোগদ্বারা মরি এই যে মনুষ্য ইহারাও আপন চাকরের ন্যায় রাখিয়া দুঃখ দেয়। তুমি যদি দয়া না কর তবে আর এক বৎসরও বাঁচিতে পারি না।

পরে তৃণ শস্য মহাবৃক্ষাদি আসিয়া কহিল হে পৃথিবি তুমি আমারদিগের মাতা তোমার উপরে সর্ব্বদা বাস করি তোমার রস পানে প্রাণ ধারণ করি আমারদিগের প্রতি দয়া কর মন্দ বায়ু স্পর্শে মরি জলাভাবে তৃষ্ণাতে ঘন শ্বাস বহে অসংখ্য কীটে নষ্ট করে গোমেষাদিতে চরণদ্বারা পেষণ করে মনুষ্যেরা পরস্পর যুদ্ধ করিলে তাহাতে পেষা যাই। আমারদিগের মধ্যে কএক বংশ নষ্ট হইয়াছে যদি তুমি রক্ষা না কর তবে এক বৎসরের মধ্যে সকল নাশ হইবেক।

পৃথিবী উত্তর করিলেন আমি ছয় হাজার বৎসর নির্ম্মিতা হইয়াছি ইহার মধ্যে এমত স্থান দেখিলাম না যে এমত নালিশ কোন বৎসরে না শুনিলাম তথাপি পূর্ব্বেও যেমত ছিল এখনও সেই মত আছে অদ্যাপি কোন পদার্থ লুপ্ত হয় নাই এক বৎসরে যে লুপ্ত হয় দ্বিতীয় বৎসরে সে পুনর্ব্বার জন্মে শস্য তৃণাদি যদি কোন বৎসরে নষ্ট হয় তথাপি অন্য শস্যাদির বীজ আমার

som ready to revive at a more favorable season. Animals may be thinned one year ; but the remnant is left ; from which a new increase is produced. Man alone, suffers from his own follies ; yet if he were wise and would exert himself, he might obtain deliverance from these miseries. Have patience then, my children, though you suffer misery, yet you enjoy happiness, and God who created you, will not withhold his protection when you stand most in need of it.

95

উদরে আছে সময় ভাল পাইলে পুনর্ব্বার উঠে পশু যদি কোন এক বৎসর কোনমতে ন্যূন হয় তবে শেষ যে থাকে তাহার দ্বারা পুনর্ব্বার পশুজাতির বৃদ্ধি হয়। মনুষ্য কেবল স্বভাব দোষে দুঃখ পায় তথাপি যদি তাহারা বুঝে ও মনোযোগ করে তবে এ সকল দুঃখ হইতে মুক্ত হইতে পারে। তোমরা ক্লান্ত হও তোমরা দুঃখ পাইতেছ সুখ ভোগও করিতেছ এবং ঈশ্বর তোমারদিগকে সৃষ্টি করিয়াছেন তিনি তোমারদিগকে সর্ব্বতোভাবে রক্ষা করিতেছেন।

Dig-Durshun,

OR THE

INDIAN YOUTH'S MAGAZINE.

No. V.

August, 1818.

DIG-DURSHUN.

No. V.

Annals of Europe.

In our last number we gave a short account of the ancient history of Europe. In this we propose to give a general outline of the progress of events in Europe, from the year 476 to the present time. It is of the highest importance to obtain a knowledge of the history of Europe and of the means by which it has attained its present superiority both in power and knowledge. With the exception of North America, the rest of the world is almost entirely under its influence; and even the inhabitants of North America emigrated from it, and derived the peculiar complexion of their character from the ideas prevalent in the mother-countries. Though there is at present no part of the civilized world not affected in a greater or less degree by the influence of Europe, it was not so in former ages;—Europe was then in a state of barbarism, and the centre of universal power was in Asia. The seat of empire is now transferred to Europe, where the arts and sciences have attained the highest

দিগ্দর্শন.

পঞ্চম ভাগ.

ইউরোপের বিবরণ.

দিগ্দর্শনের শেষ ভাগে ইউরোপের পূর্ব্ব বিবরণ সংক্ষেপরূপে আমরা লিখিলাম. ৪৭৬ সন অবধি অদ্যপর্য্যন্ত ইউরোপের মধ্যে যে২ প্রধান কর্ম্ম হইয়াছে, তাহা এই ভাগে লিখি. ইউরোপের পূর্ব্বকালীন বৃত্তান্তজ্ঞাপন, এবং যেং উদ্যোগদ্বারা ইউরোপ এতৎকালীন মহাপরাক্রম ও বিদ্যাবাহুল্য প্রাপ্ত হইয়াছে, তাহারও জ্ঞাপন অত্যাবশ্যক. উত্তরামেরিকাভিন্ন পৃথিবীর প্রায় সকল ভাগে ইউরোপীয়েরদের বশতা আছে ; এবং উত্তরামেরিকার লোকেরাও ইউরোপহইতে সে দেশে গিয়া বসতি করিয়াছে ; এবং তাহারদের মধ্যে যে উত্তম আচার ও ব্যবহার আছে সেও স্বং পৈতৃক দেশের সংকল্পানুসারে. পৃথিবীর মধ্যে এমন স্থান নাই যে ইউরোপের বশতা ন্যূনাতিরেকে কুত্রাপি নাই. পূর্ব্বকালে এমত ছিল না, তখন ইউরোপ অসভ্য ছিল এবং পৃথিবীর পরাক্রমের মূল আসিয়াতে ছিল. এখন সেই মূল পরীবর্ত্ত হইয়া ইউরোপে আছে. সেখানে শিল্পকর্ম্ম ও অন্যং সর্ব্ববিধ জ্ঞান সম্পন্ন

perfection, and from whence by a singular revolution in human affairs, they are now flowing back on those countries, in which they have been almost extinguished.

As it will be difficult to descend much into detail in this short sketch, we must confine ourselves to a simple narration of the leading events. For three hundred years after the death of Christ, nearly the whole of Europe continued under the sway of the Romans. At the end of that period, Constantine, ambitious of glory, built a city in Greece which he called Constantinople, after his own name, and divided the vast empire which the Romans had been consolidating for one thousand years into two parts, the Eastern, and the Western. Though the empire was of itself too large and too weak to be defended by one chief against the enemies which surrounded it at every corner, yet this division hastened its dissolution. Europe fell to the lot of the western empire, and continued subject to it till the year 476, when Odoacer king of the Heruli, one of the warlike tribes of Northern Europe, invited by the weakness of the government, took Rome, and dissolved the empire. For many years before this event, the inhabitants of the north of Europe had been making gradual irruptions into the Roman provinces, and as the government was completely inefficient, they generally kept possession of the provinces they had conquered. When therefore Odoacer, by the capture

হইয়াছে, এবং মনুষ্যজাতির বিষয়ের মধ্যে উপপ্লব হইয়া, ঐ বিদ্যাদি এখন আসিয়াতে লুপ্ত হইয়া, ইউরোপহইতে আসিয়া পুনর্ব্বার স্রোতের ন্যায় ব্যাপ্ত হইতেছে.

এই ক্ষুদ্র পুস্তকে সকল বিবরণ লিখা যায় না; তৎপ্রযুক্ত ইউরোপের স্থূলং বিবরণ আমরা লিখিব. খ্রীষ্টের মরণের পর প্রায় তিন শত বৎসর ইউরোপ রোমাণ লোকেরদের অধীন ছিল. তাহারপর রোমের রাজা কনস্তান্তীন, ঐশ্বর্য্যেচ্ছুক হইয়া, গ্রীক দেশে এক নগর গাঁথিয়া, আপন নামানুসারে তাহার নাম কনস্তান্তীনোপল রাখিলেন; এবং রোমাণ লোকেরা এক সহস্র বৎসর পরিশ্রম করিয়া যে মহারাজ্য স্থাপন করিয়াছিল, সে মহারাজ্য তিনি দুই খণ্ড করিলেন, অর্থাৎ পূর্ব্ব খণ্ড ও পশ্চিম খণ্ড. ঐ রাজ্য এত বড় ও ক্ষীণবল ছিল, যে এক অধিপতির দ্বারা তাহার চতুষ্কোণের শত্রুরদেরহইতে তাহার রক্ষা হওয়া ভার ছিল; একাধিপতির অধীন থাকিলেও লুপ্ত হইত; তথাপি দুই ভাগ করাতে অধিক শীঘ্র ভ্রষ্ট হইল. ঐ ভাগের সময়ে প্রায় তাবৎ ইউরোপ পশ্চিম খণ্ডের অন্তর্গত হইল, ও ৪৭৬ সালপর্য্যন্ত সেই মত রহিল. সেই সময়ে হিরুলিনামক উত্তর ইউরোপের এক অসভ্য জাতিরদের রাজা ওডেসর, রোমাণেরদের রাজ্যশাসনের দুর্ব্বলত্ব দেখিয়া, রোমনগর জয় করিল ও রাজ্য নষ্ট করিল. এই ক্রিয়ার পূর্ব্বে কতক কাল ইউরোপের উত্তর ভাগস্থ লোকেরা ক্রমেং রোম রাজ্যের নানাপ্রদেশের উপর আক্রমণ করিল, এবং রাজ্যশাসনের দুর্ব্বলতাপ্রযুক্ত তাহারা যেং প্রদেশাধিকার করিল, সেইং প্রদেশে

of Rome destroyed the shadow of empire which remained, the northern barbarians had already made a firm settlement in some of its richest provinces.

We will now proceed to mention the principal events which have occurred in the chief countries of Europe.

Italy.

In the year 476 Rome was taken by Odoacer, and *Italy* continued subject to various princes for a considerable time, and was the theatre of several revolutions. In the year 780 Charlemagne, emperor of Germany made his son Pepin, king of Italy. After this period it was gradually divided into a number of independent states, many of which continue so to this day. It is the seat of the Pope's spiritual authority, who also enjoys temporal jurisdiction over a small portion of its territory.

Spain.

On the dissolution of the Roman empire, *Spain* was occupied by several of the barbarous tribes from Germany; and as successive hordes poured down on the country, bloody conflicts ensued and the kingdom was distracted with revolutions. The kingdom of the Goths subsisted the longest. In the year 713, the Moosulmans conquered the Goths, and took possession of Spain. Several of its provinces however con-

বসতি করিল. এইহেতুক যখন ওডেসর রোম নগর লইয়া সে রাজ্যের পরাক্রমের যে ছায়ামাত্র ছিল তাহাও ভ্রষ্ট করিল, তখন রোমের নানাপ্রদেশে উত্তর ভাগস্থ অসভ্য লোকেরদের স্থির বসতি ছিল.

ইউরোপের প্রধান প্রদেশের স্থূল ক্রিয়া আমরা এখন সংক্ষেপে লিখি.

ইতালি.

৪৭৬ সালে ওডেসর রোম নগর লইল, ও বহু কালপর্য্যন্ত ইতালি দেশ নানা অধিপতির অধীন থাকিল এবং সেখানে নানা যুদ্ধোপপ্লব হইল. ৭৮০ সনে মহাচার্ল্স, জর্ম্মনি দেশের বাদশাহ, আপন সন্তান পিপিনকে ইতালি দেশের রাজা করিলেন. ইহার পর ইতালি দেশ ক্রমেং নানা মণ্ডলে বিভক্ত হইল, এবং তাহারা অদ্যপর্য্যন্ত বিভক্ত আছে. পাপানামে মহাধর্ম্মাধ্যক্ষের পারত্রিকবিষয়ে পরাক্রমের স্থান ইতালি দেশে আছে, এবং তাহার কতক প্রদেশের উপরে ঐ পাপার ঐহিক পরাক্রমও আছে.

স্পানিয়া.

রোম রাজ্য ভ্রষ্ট হইলে জর্ম্মনিহইতে কতক অসভ্য জাতিরা আসিয়া স্পানিয়া দেশ অধিকার করিল, পরে অন্য অসভ্য জাতিরা তাহার উপরে গ্রাস করিতে আইলে, মহাযুদ্ধ উপস্থিত হইল এবং অনেক উপপ্লবেতে দেশ বিরক্ত হইল. ঐ জাতিরদের মধ্যে গত নামে এক জাতিরদের রাজ্য অন্যহইতে বহু কাল রহিল.

tinued independent, and maintained a bloody contest with them for nearly eight hundred years, during the whole period of their continuance there. In 1492 Ferdinand took Grenada their capital, and enjoyed the sovereignty of the whole country. One hundred years after, Philip banished nine hundred thousand Moosulmans from Spain, and confiscated their property, by which they were altogether eradicated from the country.

Portugal.

Portugal became an independent kingdom in the year 1054. It attained its highest degree of power and importance about the year 1530, when it engrossed the greatest part of the trade then in the world; from that time it has been gradually dwindling into insignificance. In the year 1580, the king of Spain seized it; but sixty years after, it again asserted its independence. Several years ago the king, alarmed at the progress of Bonaparte, deserted his own country and carried the seat of government to the Brazils in South America, one of the possessions of his crown.

Holland.

Holland continued for a long series of years subject to various revolutions, and passed into the hands of various masters. At length it fell under the king

দেশাধিকার করিল. তথাপি কতক পুদেশ স্বাধীন রহিল, এবং ত কালপর্য্যন্ত মুসলমানেরা স্পানিয়াতে রহিল, অর্থাৎ আট শত বৎসর, ঐ স্বাধীন মণ্ডলের অধিপতিরা তাহারদের সহিত নিত্য বিরোধ করিল. সন ১৪৯২ সালে ফর্দিনাণ্ড নামে স্পানিয়ার রাজা, তাহারদের রাজধানী গ্রেনাদা নগর অধিকার করিল, এবং সর্ব্ব রাজ্য একাকী ভোগ করিল. এক শত বৎসরের পর ফিলিপ রাজা নয় লক্ষ মুসলমানেরদিগকে দেশহইতে দূর করিলেন, এবং তাহারদের সকল ধনাদি আপন ভাণ্ডারে আনিলেন; তাহাতে মুসলমানেরা একেবারে স্পানিয়া দেশহইতে উচ্ছিন্ন হইল.

পোর্ত্তুগাল.

১০৫৪ সনে পোর্ত্তুগাল স্বতন্ত্র রাজ্য হইল; এবং ১৫৩০ সনে তাহার পরাক্রম এমত বর্দ্ধিষ্ণু হইল, যে তাহার পূর্ব্বাপর এমত ছিল না; যেহেতুক সে কালে পৃথিবীর তাবৎ বাণিজ্য প্রায় পোর্ত্তুগীশেরদের হস্তে ছিল; কিন্তু তৎকালাবধি ক্রমেং তাহারদের ঐশ্বর্য্যের হ্রাস হইতেছে. ১৫৮০ সনে স্পানিয়ার রাজা সে দেশ আক্রমণ করিল; কিন্তু তাহারপর ষাটি বৎসর সে পুনর্ব্বার স্বাধীন হইল. কতক বৎসর হইল বোনাপার্ত্তের নানা আক্রমণের ভয়ে ভীত হইয়া, তাহার রাজা আপন দেশ পরিত্যাগ করিলেন এবং দক্ষিণামেরিকাতে ব্রাজিলনামক তাহার এক দেশান্তর অধিকারে গিয়া, তিনি সেখানে রাজ্য করিতেছেন.

হলাণ্ড.

হলাণ্ড বহুকালপর্য্যন্ত নানা উপপ্লবে বিরক্ত হইয়া ভিন্নং অধিপতিরদের অধীন হইল. শেষে স্পানিয়ার রাজা তাহা অধিকার

of Spain, whose tyranny and religious persecutions occasioned a revolt. After a struggle of thirty years the Hollanders, in the year 1609, succeeded in establishing their independence. In the year 1814 they changed the government from a republic to a monarchy, and placed one of their noblest citizens on the throne.

Germany.

In the year 800, Charlemagne ascended the throne of *Germany*, from which period it has always been under the authority of one sovereign. He was the son of Pepin, king of France, and having conquered Germany, Italy, and many other countries established a powerful empire. In the year 840, France was separated from Germany. The reign of Charlemagne is one of the most conspicuous events in the early history of Europe. It was celebrated for many hundred years by the poets of the South of Europe, in the same manner as the wars of Ram*a* are preserved in so many Indian poems. Germany was however divided into distinct countries, under separate lords, who were considered subject to the general authority of the emperors, much in the same way as the Mahratta sovereigns acknowledged the supremacy of the Peshwa. In the year 1806, Bonaparte, the emperor of the French, dissolved this connection, made the various provinces independent, and changed the

করিল ; কিন্তু তাহার অযথার্থ শাসন এবং পারত্রিক বিষয়ে দমন হলাণ্ডীয়েরা সহিতে না পারিয়া, তাহার প্রতিকূলে উঠিল ; এবং ত্রিশ বৎসরপর্য্যন্ত তাহার সহিত যুদ্ধ করিয়া ১৬০৯ সনে তাহারা স্বাধীন হইল. ১৮১৪ সনে তাহারা সাধারণ সভার শাসন পরীবর্ত্ত করিয়া, রাজার শাসন অঙ্গীকার করিল, এবং তাহারদের মধ্যে অত্যুত্তম বংশজাত এক প্রজাকে সিংহাসনে বসাইল.

জর্ম্মনি.

৮০০ সনে চার্ল্স নামে মহারাজ জর্ম্মনির সিংহাসনারোহণ করিলেন ; তৎকালাবধি ঐ রাজ্য নিত্য একাধিপতির বশে আছে. তিনি ফ্রান্স দেশের পিপিন নামে রাজার সন্তান ছিলেন, ও তিনি ইতালি ও জর্ম্মনি ও অন্যং দেশ লইয়া এক মহারাজ্য স্থির করিলেন. ৮৪০ সনে জর্ম্মনিহইতে ফ্রান্স পৃথক্ এক রাজ্য হইল. ইউরোপের পূর্ব্বকালীন বৃত্তান্তের মধ্যে চার্ল্সের রাজত্ব অতিবিখ্যাত, এবং যেমন রামচন্দ্রের ক্রিয়া ভারতবর্ষীয় কাব্যেতে প্রসিদ্ধ আছে, তেমন ইউরোপের দক্ষিণ ভাগের কাব্যেতে চার্ল্সের কীর্ত্তির দুই তিন শত বৎসর পর্য্যন্ত বর্ণনা হইয়া অতিপ্রসিদ্ধি ছিল. জর্ম্মনি এক রাজ্য হইয়াও স্বতন্ত্রং মণ্ডলে বিভক্ত ছিল, এবং প্রত্যেক মণ্ডলের প্রত্যেক অধিপতি ছিল ; যেমন মহারাষ্ট্র দেশের মণ্ডলের অধিপতিরা পেশ্বামহারাজের আজ্ঞানুসারে চলিত, সেইমত জর্ম্মনির অধিপতিরা তদ্দেশের বাদশাহের আজ্ঞানুসারে চলিত. ১৮০৬ সনে ফ্রান্সীয়েরদের বাদশাহ বোনাপার্ত্ত তাহারদের পরস্পর বাধ্যবাধকতা ভঙ্গ করিলেন, এবং প্রত্যেক মণ্ডলের অধিপতিকে

name of the emperor, from that of Germany to that of the emperor of Austria, his hereditary dominions.

Denmark and Sweden.

Of *Denmark* our first regular accounts extend as far back as the year 1000. From that period it has been governed with little interruption by one sovereign. Norway was dismembered from it in the year 1814.

From the first establishment of *Sweden* about the tenth century, it has been at variance with its neighbour country Denmark, to which it has been sometimes subjected, and Denmark has been several times conquered by its sovereigns.

Poland.

Poland was first formed into a regular monarchy about the year 1000. The crown was not hereditary, which gave rise to endless disputes and wars. In the year 1795 its three neighbours, Russia, Prussia and Germany by an act of unparalleled injustice, divided its territory into three parts, and annexed it to their respective dominions, since which time though one of the most courageous people in Europe, amounting to sixteen millions, they have no place among the states of Europe.

স্বাধীন করিলেন, এবং তাহার জর্ম্মনির বাদশাহরূপ যে খেতাব তাহা পরিবর্ত্ত করিয়া, তাহাকে কেবল আস্ত্রিয়ার বাদশাহরূপে খ্যাত করিলেন; যেহেতুক আস্ত্রিয়া তাহার পৈতৃক অধিকার।

দেন্মার্ক ও স্বীদেন.

১০০০ সন অবধি দেন্মার্কের বিষয় সত্য বিবরণ আছে; তৎকালাবধি সমান ধারাবাহিকরূপে এক রাজার অধীন দেন্মার্ক আছে. সন ১৮১৪ সালে তাহার অন্তঃপাতি নর্বে দেশ তাহাহইতে পৃথক্ হইল.

১০০০ সনে স্বীদেন রাজ্য স্থাপিত হইল; তৎকালাবধি তাহার নিকটবর্ত্তি দেন্মার্কের সহিত তাহার নিত্য বিরোধ আছে. কখনং দেন্মার্ক স্বীদেনকে অধিকার করিয়াছে, ও কখনও স্বীদেন দেন্মার্ককে অধিকার করিয়াছে,

পোলণ্ড.

১০০০ সনে পোলণ্ড স্বতন্ত্র রাজ্য হইল; তাহারদের রাজারা পর্য্যায়ক্রমে সিংহাসনে বসিল না, কিন্তু প্রজারা আপনং ইচ্ছানুসারে রাজা করিল, ইহাতে অশেষ বিরোধ ও যুদ্ধ উপস্থিত হইল. সন ১৭৯৫ সালে পোলণ্ডের নিকটস্থ রুষিয়া ও প্রুষিয়া ও জর্ম্মনির বাদশাহেরা, অসীম অন্যায় করিয়া, পোলণ্ড দেশ তিন ভাগ করিল ও আপনং দেশের সহিত সংলগ্ন করিল. তৎকালাবধি পোলণ্ডীয়েরা ইউরোপের মধ্যে অতিসাহসী হইয়া, এবং সংখ্যাতে এক কোটি ষাটি লক্ষ লোক হইয়াও, ইউরোপের রাজ্যের মধ্যে তাহারদের নাম নাই.

Prussia.

Prussia now one of the largest kingdoms in Europe, was a hundred and twenty years ago, an insignificant province of Germany. In the year 1701 its chief declared himself independent, from which period, by taking advantage of the weakness of the surrounding states, its kings have gradually enlarged their dominions at the expense chiefly of their neighbours.

Russia.

The various provinces of *Russia* were formerly subject to independent princes. In the year 1682 Peter became the sole sovereign of the whole country. It was formerly esteemed barbarous by the other nations of Europe, but by a series of improvements it is now civilized, and is esteemed the second power in Europe, and in the whole world.

France.

In the year 752, Pepin, the servant of the king of *France* deposed him and seized on the throne. In the year 987 Hugh Capet was elected to the crown and founded the present dynasty. In the year 1789, the king, oppressed with financial difficulties, called a general meeting of the states, by whom he was deposed, brought to a public trial and beheaded together with his queen and several members of his family. The

প্রুষিয়া.

প্রুষিয়া ইউরোপের মধ্যে এখন এক মহারাজ্য হইয়াছে. কিন্তু এক শত বিশ বৎসর হইল সে কেবল জর্ম্মণির এক অপ্রসিদ্ধ মণ্ডল ছিল. ১৭০১ সালে তাহার অধিপতি স্বাধীন হইল; তৎকালাবধি তাহার রাজারা আপনারদের চতুর্দিকস্থ রাজারদিগকে দুর্ব্বল দেখিয়া, তাহারদের প্রদেশ কাড়িয়া লইয়া আপন রাজ্য বর্দ্ধিষ্ণু করিয়াছে.

রুষিয়া.

রুষিয়ার নানামণ্ডল পূর্ব্বকালে পৃথক্ ভূপতির অধীন ছিল; ১৬৮২ সালে পিতরনামে রাজা সকল দেশের একাধিপতি হইল. ইউরোপের অন্যং লোকেরা পূর্ব্বকালে রুষিয়ারদিগকে অসভ্যজ্ঞান করিত, কিন্তু এখন অনেক উদ্যোগের পর সভ্য হইয়াছে, এবং এই সময়ে ইউরোপে ও সুতরাং পৃথিবীর মধ্যে পরাক্রমে দ্বিতীয় রাজ্য হইয়াছে.

ফ্রান্স.

৭৫২ সালে ফ্রান্স দেশের রাজার চাকর পিপিন আপন প্রভুকে সিংহাসনহইতে নামাইয়া, আপনি রাজ্য আক্রমণ করিল. ৯৮৭ সনে হ্যু কাপেত নামে এক ব্যক্তিকে প্রজারা আপন ইচ্ছাপূর্ব্বক সিংহাসনে বসাইল. এখন যে রাজা সিংহাসনে আছেন সে তাহার পূর্ব্ব পুরুষ. ১৭৮৯ সনে রাজ্যের উপস্বত্ত্বের ব্যাঘাত উপস্থিত হইলে, রাজা প্রজারদের মহাসভা একত্র করিলেন. ঐ সভা শেষে রাজাকে সিংহাসনভ্রষ্ট করিল, ও তাহাকে অদালতে আনিয়া দোষীকৃত করিয়া তাহার ও তাহার পত্নীর ও তাহার

French then changed the form of their government, and established a republic and declared war with, and successively humbled all Europe, excepting England. In 1804, its most successful general Bonaparte became emperor, and made rapid strides to universal conquest. He madly attempted to conquer Russia in the depth of winter in 1812, where through the rigor of the season, the flower of his army perished; a blow which he never recovered, and which led to his dethronement in 1814. In 1815 he returned to France, and with six hundred men, retook the whole country without firing a ball, and ascended the throne. In June 1815, he was defeated by the English and confined by them on the island of St. Helena, from whence there is no hope of his return. The old family have again obtained the throne.

England.

When the Romans assailed at home by the barbarous tribes of northern Europe, were constrained to withdraw their troops from *England* to the defence of their own country, the Britons invited the Saxons from Germany to protect them from their enemies;

রাজ্যের কতক লোকের মস্তকচ্ছেদন করিল. অপর ঐ সভা একাধিপতির শাসনে অস্বীকৃত হইয়া সাধারণ শাসন স্থাপন করিল, এবং তাবৎ ইউরোপের সহিত যুদ্ধ প্রকাশ করিল, ও ইংগ্লণ্ড ভিন্ন তাবৎ ইউরোপকে নম্র করিল. ১৮০৪ সনে বোনাপার্ত ফ্রান্স দেশের প্রধান জয়ী সেনাপতি, আপনাকে বাদশাহ করিলেন, ও তাবৎ পৃথিবীকে আপন অধীন করিতে উদ্যোগ করিলেন. ১৮১২ সনের শীতকালে প্রমাদরূপে রুষিয়া দেশ আক্রমণ করিতে গেলেন, সেখানে অতিশীতপ্রযুক্ত তাহার সৈন্যের উৎকৃষ্ট ভাগ মারা পড়িল, এবং সে দায়হইতে তিনি উত্তীর্ণ কখন হইলেন না কিন্তু ১৮১৪ সনে রাজ্যভ্রষ্ট হইলেন. ১৮১৫ সনে তিনি ছয় শত সৈন্য সমেত ফ্রান্সে পুনর্ব্বার আইলেন, এবং এক গুলিও না মারিয়া দেশ জয় করিয়া সিংহাসনে বসিলেন. ১৮১৫ সালের জুন মাসে ইংগ্লণ্ডীয়েরা তাহাকে যুদ্ধে জয় করিয়া সেন্ত হেলিনা নামে উপ দ্বীপে তাহাকে কএদ করিল, তিনি যে সেখানহইতে পুনর্ব্বার মুক্ত হন এমত ভরোসা কিছু নাই. ফ্রান্স দেশের প্রাচীন বাদশাহের বংশ্য এখন সিংহাসনে বসিয়াছেন.

ইংগ্লণ্ড.

যখন রোমাণ লোকেরদের উপরে ইউরোপের উত্তর ভাগস্থ অস ভ্য জাতিরা এমত আক্রমণ করিল যে আপনারদের দেশরক্ষার্থে ইং গ্লণ্ডহইতে আপনারদের তাবৎ সৈন্য স্বদেশে আনিবার আবশ্যক তাহারদের হইল, তখন ইংগ্লণ্ডীয়েরা আপনারদের শত্রুর সঙ্গে যুদ্ধাসমর্থ হইয়া জর্ম্মণি দেশহইতে সাকসনেরদিগকে আহ্বান

who after their arrival, instead of protecting the country from its invaders, took possession of it, and inviting fresh hordes from their own villages, formed seven kingdoms. About the year 800, all these kingdoms were united under one sovereign, whose descendants enjoyed the government for more than two hundred years. In the year 1066, William, of Normandy, a province in France, having conquered England took possession of the throne. His descendants enjoy it to this day.

At this time nearly the whole of Europe was in a state of darkness. The petty wars and revolutions which occurred, are too numerous to admit of a detail. The only people among whom knowledge flourished were the Moosulmans who had conquered Spain.

From the sack of Rome by Odoacer to the reign of Pepin, the various tribes who had settled in the Roman provinces were engaged in perpetual wars among each other. In process of time however, they became settled, and gradually acquiring a firm establishment in their respective countries, began to assume the form of regular and organized governments.

This period is likewise remarkable for the rise of the Bishop of Rome. He had made the first acquisition of temporal power several years before, but from this

করিল ঐ সাকসনেরা ইংগ্লণ্ডে পঁহুছিলে দেশ রক্ষার চেষ্টা না করিয়া, আপনারা ঐ দেশাধিকার করিল এবং আপন গ্রামাদি হইতে অন্যং সাকসন লোকেরদিগকে আনাইয়া ইংগ্লণ্ড দেশে তাহারা সাত রাজ্য স্থাপন করিল. ৮০০ সনে সেই সাত রাজ্য একাধিপতির অধীন হইল; তাহার সন্তানেরা দুই শত বৎসর পর্য্যন্ত সিংহাসন ভোগ করিল. ১০৬৬ সালে ফ্রান্স দেশের অন্তর্গত নর্মণ্ডীর অধ্যক্ষ উইল্যম ইংগ্লণ্ড জয় করিয়া সিংহাসনাক্রমণ করিল, তাহার সন্তান অদ্যাপি রাজসিংহাসনে বসিয়াছেন.

এই কালে তাবৎ ইউরোপ অন্ধকারে মগ্ন ছিল এবং ক্ষুদ্রং এত যুদ্ধ উপস্থিত হইল যে তাহা লিখিবার স্থান দুর্লভ. যে মুসলমানেরা স্পানিয়া দেশ জয় করিয়াছিল তাহারদের মধ্যেমাত্র জ্ঞানের উদ্রেক ছিল.

ওডেসর রাজার রোম নগরাক্রমণাবধি পিপিন রাজার রাজত্ব পর্য্যন্ত যে সকল জাতিরা রোমের নানা প্রদেশে বসতি করিল, তাহারা পরস্পর সমর করিল, কালক্রমে তাহারা স্থির হইল এবং তাহারা নানা দেশেতে স্থৈর্য্যরূপে বসতি করিয়া সামঞ্জস্যরূপে রাজ্য শাসন করিতে লাগিল.

এই সময়ও রোমের ধর্ম্মাধ্যক্ষের বর্দ্ধিষ্ণুতা হওনেতে অতিপ্রসিদ্ধ হইল. ইহার কতক বৎসর পূর্ব্বে রোমের ধর্ম্মাধ্যক্ষ ঐহিক পরাক্রমপ্রাপ্ত হইয়াছিল, কিন্তু এই কালাবধি ইউরোপের নানা জাতির

time, he began to assume a very important place in the European commonwealth. Of all the events which have happened in Europe, the establishment of the papal power is perhaps the most remarkable as well as the most important as it respects its influence on the character of the people.

Of the Establishment of the Papal Power.

When Christ had revealed to mankind the true way of salvation, he commanded his disciples to carry the news of it into every corner of the world, and directed that the teachers of it should call no man master on earth, but consider each other as brethren, and should teach no other doctrine but that contained in the Sacred Scriptures. After the death of Christ the idolaters in various countries persecuted his followers in every possible form; their public teachers were of course the first victims. In spite of these persecutions, however, the natural ambition of the human mind began early to manifest itself among them, and within a hundred years after the death of Christ, the teachers in the great cities began to consider themselves superior to their brethren, and to assume spiritual authority over them. This assumed authority daily gained ground in the church, and became more and more firmly established; and though it related simply to spiritual concerns, and was not

মধ্যে সে উন্নত হইতে লাগিল. ইউরোপের মধ্যে যে নানা কীর্ত্তি হইয়াছে তাহার মধ্যে ঐ ধর্ম্মাধ্যক্ষের পরাক্রমস্থাপন অত্যাশ্চর্য্য, এবং তাহার দ্বারা লোকেরদের স্বভাব পরীবর্ত্ত হওয়াতে সে অধিক মহাকর্ম্ম.

রোমের ধর্ম্মাধ্যক্ষের পরাক্রমস্থাপন.

যখন খ্রীষ্ট মানুষেরদের প্রতি সত্যরূপ পরিত্রাণের পথ প্রকাশ করিলেন, তখন তিনি তাহার সমাচার পৃথিবীর সর্ব্বত্র প্রকাশ করিতে আপন শিষ্যেরদিগকে আজ্ঞা করিলেন, এবং আরো আজ্ঞা করিলেন যে আপন মতের উপদেশকেরা পারত্রিক বিষয়ে কোন ব্যক্তিকে অধ্যক্ষ করিয়া মানিবেক না, কিন্তু অন্য উপদেশককে আপন ভ্রাতৃ জ্ঞানে মানিবেক এবং ধর্ম্মপুস্তকভিন্ন আর কোন উপদেশ শিক্ষা করাইবেক না. খ্রীষ্টের মরণের পর নানাবিধ দেবপূজকেরা তাহার শরণাগত লোকেরদিগকে নানামতে অত্যন্ত দুঃখ দিল, ইহাতে উপদেশকেরা সুতরাং প্রথম মারা পড়িল. এই বিবিধ দুর্ঘটনা হইলেও মানুষের যে স্বাভাবিক পরাক্রমের চেষ্টা তাহা তাহারদের মধ্যে ঝটিতি উপস্থিত হইল, এবং খ্রীষ্টের মরণের পর এক শত বৎসর বৃহৎ২ নগরস্থ উপদেশকেরা মফস্সলে স্থিত আপন২ ভ্রাতৃহইতে আপনারদিগকে বড় করিয়া মানিতে লাগিল, ও তাহারদের উপরে পারত্রিক কর্ত্তৃত্ব করিতে লাগিল. এই অনচিত কর্ত্তৃত্ব দিনে২ বাড়িতে ও স্থির হইতে লাগিল. এই পরাক্রম কেবল পারত্রিক বিষয়ে ছিল ও ঐহিকের পরাক্রম ঐ উপদে

backed by temporal power, men began to consider these elevated situations as valuable, and to strive to obtain them. Within three hundred years after the death of Christ, his commands on this head were universally disobeyed, and the church was divided into separate sections over each of which one spiritual guide presided, and over several of these some other bishop of a large city exercised supreme authority. While the teachers of religion continued independent of each other, they exercised the most exemplary virtue; but as soon as they submitted to a superior in matters of faith and these offices acquired importance, they became objects of desire and wicked men crept into them, with no other object in view but the indulgence of their own ambition.

About three hundred years after the death of Christ, Constantine established the Christian religion throughout the empire by his imperial authority; and manifested the highest respect toward the various bishops of the church; which naturally increased the desire to obtain these places of profit and influence. This led in a short time to the assumption of power over other bishops by the Bishop of Rome, under the pretext that as in temporal affairs the provinces submitted to the seat of power, so ought the churches to submit in all spiritual affairs to his decision as Metropolitan Bishop. When the empire was divided, the chief Bishop of Constantinople exercised the same authority over his suffragan

কের হাতে ছিল না; তথাপি ঐ পদ লোকেরা বড় করিয়া মানিতে লাগিল ও তল্লাভার্থ বহূদ্যোগ করিতে লাগিল. খ্রীষ্টের মরণের তিন শত বৎসর পর তাহার এই বিষয়ে যে আজ্ঞা ছিল সে আজ্ঞা ভঙ্গ সর্ব্বত্র হইল, এবং মণ্ডলীরা ভাগেং বিভক্ত হইয়া প্রত্যেক ভাগের উপরে প্রত্যেক ধর্ম্মাধ্যক্ষ স্থাপিত হইল, এবং ঐ ধর্ম্মাধ্যক্ষেরদের উপরে প্রধান কোন এক নগরস্থ ধর্ম্মাধ্যক্ষেরা প্রভুত্ব করিতে লাগিল. যে পর্য্যন্ত উপদেশকেরা স্ববশে থাকিল তাহারা অতিসৌজন্যরূপে তত কালক্ষেপণ করিল, কিন্তু যখন তাহারা পারত্রিক বিষয়ে অন্যকে বড় করিয়া মানিতে লাগিল তখন এই উচ্চপদ লোকেরদের গোচরে অতিবাঞ্ছনীয় হইল, এবং দুষ্ট লোক কেবল পরাক্রম লোভে সেই পদ আক্রমণ করিল.

খ্রীষ্টের মৃত্যুর পর তিন শত বৎসর কনস্তান্তীন বাদশাহ আপন আজ্ঞাতে রোম দেশের সর্ব্বত্র খ্রীষ্টের মত স্থাপন করিল, এবং মণ্ডলীর নানা ধর্ম্মাধ্যক্ষেরদিগকে অত্যন্ত আদর করিতে লাগিল, তাহাতে বহু বশীকারক ও বহু লাভাস্পদ যে ঐ ধর্ম্মাধ্যক্ষের পদ তাহার কারণ অনেকের অধিক স্পৃহা হইল. ইহাতে অল্প দিনের পরে রোমের ধর্ম্মাধ্যক্ষ অন্য ধর্ম্মাধ্যক্ষেরদের উপরে ইহা কহিয়া প্রভুত্ব করিতে লাগিল, যে যেমত নানা প্রদেশ ঐহিক বিষয়ে রোম রাজধানীকে মানিত সেইমত পারত্রিক বিষয়ে ঐ নগরের ধর্ম্মাধ্যক্ষকে অন্য নগরের ধর্ম্মাধ্যক্ষেরদের মানা উপযুক্ত. যখন রোম রাজ্য দুই খণ্ড হইল তখন কনস্তান্তীনোপলের প্রধান ধর্ম্মাধ্যক্ষ এক খণ্ডের ধর্ম্মাধ্যক্ষেরদের উপরে কর্ত্তৃত্ব করিল, এবং রোমের ধর্ম্মা

bishops as the pope of Rome did over those within the limits of the western empire. At length he assumed the title of Papa, or father; and having crowned Charlemagne emperor of the west, received from him, as it is said, a grant of land in Italy. But his temporal power was never very great; it was by the amazing authority which in a dark age he assumed over the consciences of Catholics in the various countries of Europe, that the see of Rome became so important. The various popes did not succeed each other by hereditary descent, but were elected to it by their brethren, the Cardinals. They pursued without deviation the enlargement of their own power, and wherever the government of any country waxed feeble, they eagerly embraced the opportunity of establishing their spiritual authority more strongly.

Of the Dark Ages.

From the year 500 and onward for nearly a thousand years, Europe was involved in such darkness and barbarism, that this period has been designated 'the dark ages.' The knowledge and cultivation which had distinguished the Romans, were extinguished by the barbarous tribes who succeeded them. The small portion of knowledge which did exist, was preserved only among the priests; the rest of the people from the lowest to the highest were so completely bu-

ধ্যক্ষ পশ্চিম খণ্ডের ধর্ম্মাধ্যক্ষেরদের উপরে সেই রূপে প্রভুত্ব করিতে লাগিল. অপর সে আপনাকে পাপানামে অর্থাৎ পিতা নামে খ্যাত করিল, এবং মহাচার্ল্সকে রাজ্যে অভিষিক্ত করিল এবং, সে কহে যে ঐ রাজাহইতে ইতালি দেশে কতক ভূমি সে পাইল. পাপার ঐহিক পরাক্রম কখনও অধিক ছিল না; কিন্তু অন্ধকারময় সময়ে তাহার মতাবলম্বি নানা দেশীয়েরদের মনের উপরে যে আশ্চর্য্য কর্তৃত্ব করিল তাহাতেই রোমের অধ্যক্ষতা বর্দ্ধিষ্ণু হইল. পাপারা পর্য্যায়ক্রমে সে পদপ্রাপ্ত হয় নাই কিন্তু তাহারদের বিচক্ষণতাপ্রযুক্ত আপন সহায়গণের মধ্যে জনেক মনোনীত করিয়া সেই পদাভিষিক্ত করিল. তাহারা অন্যমনস্ক না হইয়া আপন২ পদের পরাক্রমবৃদ্ধির চেষ্টা সতত করিল. যখন তাহারা দেখিত যে কোন দেশের অসামঞ্জস্য উপস্থিত হইয়াছে, তখনি সেখানে আপনারদের পারত্রিক পরাক্রম দৃঢ় করিত.

অন্ধকারময় কাল.

৫০০ সাল অবধি তারপর হাজার বৎসর তাবৎ ইউরোপ এমত অন্ধকারে ও অসভ্যতাতে মগ্ন হইয়াছিল, যে সে সময়ের নাম অন্ধকারসময় করিয়া লোকে কহে. ইউরোপের উত্তর ভাগস্থ অসভ্য জাতিরা রোম রাজ্যের সহিত রোম রাজ্যের সভ্যতা ও বিদ্যা নির্ব্বাণ করিল; যে অল্প বিদ্যা অবশিষ্ট থাকিল, সেও উপদেশকেরদের আয়ত্তমাত্র ছিল. অন্য সমস্ত লোকেরা মহদবধি ক্ষুদ্রপর্য্যন্ত

ried in ignorance that scarcely one man in a thousand could read. It was in the midst of this intellectual darkness, that the power and influence of the pope became predominant. As all learning was in the possession of the priests, who were viewed by secular men with extraordinary awe and veneration, and as they were entirely devoted to their chief at Rome, it is easy to imagine to what an extent his power and influence must have reached. With a view to increase the authority of the priesthood, he forbad the common people to read the scriptures, and directed that they should always be accompanied with the comments of the clergy. The public services of religion were performed throughout Europe in the Latin tongue, a language with which the common people were unacquainted. To preserve the priesthood firm in the interest of the pope, they were forbidden to marry, that no secular entanglements might detach them from their subserviency to him. Between heaven and hell they erected an intermediate state, called purgatory, and taught that men immediately after death entered upon this state, from which they were liberated and removed to heaven only by the prayers of the priests, to obtain which, great sums of money were necessary. To this however mankind in those dark ages were not indisposed, as they were supposed to hold in their hand the keys of heaven and hell. In every corner of Europe establishmerts were formed where these priests

এমত অজ্ঞানকূপে মগ্ন ছিল, যে সহস্র লোকের মধ্যে এক জনও পড়িতে পারিত না. এই মনের অন্ধকার সময়ে পাপার পরাক্রম ও বশতা বর্দ্ধিষ্ণু হইল. উপদেশকেরদের মধ্যে কেবল বিদ্যা ছিল; তাহারা রোমের ধর্ম্মাধ্যক্ষেরদের নিতান্ত বশীভূত ছিল; ঐহিক লোকেরা ঐ উপদেশকেরদিগকে অত্যন্ত ভয় ও ভক্তি করিত; ইহাতে অনুমান করা যায় যে কিপর্য্যন্ত রোমের পাপার পরাক্রম ও বশতাবৃদ্ধি হইল. এবং উপদেশকের পদের সম্ভ্রমের নিমিত্ত পাপা ঐহিক লোকেরদিগকে ধর্ম্ম পুস্তক পাঠ করিতে নিষেধ করিল, এবং আজ্ঞা করিল যে ধর্ম্মপুস্তক পাঠ করিবার সময়ে উপদেশকেরদের অর্থ সমেত পাঠ করিবেক. তাবৎ ইউরোপে যত প্রার্থনাপ্রভৃতি সকল লাটীন ভাষাতে হইত সে ভাষা সামান্য লোকে বুঝিতে পারিত না. এবং ঐহিক সম্বন্ধদ্বারা উপদেশকেরা পাপার বশতা ত্যাগ না করে ও তাহার বশতাতেই বদ্ধ চিরকাল থাকে, এই নিমিত্ত তাহারদিগকে বিবাহ করিতে বারণ করিল. সে স্বর্গ ও নরক, এই উভয় স্থানের মধ্যে এক পরগটরি নামে মিথ্যা স্থান কল্পনা করিল; অর্থাৎ দোষ পরিষ্কার করিবার স্থান, এবং লোকেরদিগকে শিক্ষা করাইল যে লোকেরা মরণান্তে ঐ স্থানে প্রবেশ করে, পরে উপদেশকেরদের প্রার্থনানুসারে সেখানহইতে মুক্ত হইয়া স্বর্গে উঠে. উপদেশকেরদের এই প্রার্থনার নিমিত্ত লোকেরা তাহারদিগকে যথেষ্ট বেতন না দিলে নয়. কিন্তু সেই অন্ধকারসময়ের লোকেরা উপদেশকেরদিগকে এইরূপ বেতন দিতে অনিচ্ছুক ছিল না, যেহেতুক তাহারা নিশ্চয় জানিত যে এই উপদেশকেরদের হাতে স্বর্গ ও নরকের চাবি আছে. ইউরোপের সর্ব্ব স্থানেতে আলয় হইল

resided in the utmost luxury, and turned the wealth of their credulous followers into their own treasury. The pope instituted a new court, called the Inquisition, to which any man was amenable who spoke against the irregularity of the priests, the falsehood of their doctrines, or who questioned the infallibility of the pope. At the end of the year the unhappy victims who had been condemned by it were collected together and burnt. From the establishment of this tribunal to the present time, it is calculated that more than a million have suffered death through it.

The popes thus imposed a yoke of iron on the sovereign princes of Europe. Those who refused to yield implicit obedience to them, were by their decree dethroned, their subjects released from their oath of allegiance, and the crown given to any prince who could seize it. They considered the whole world to belong to them as vicars of Christ, and assumed the authority (which however was seldom acknowledged) of disposing of kingdoms at their will. In several instances these haughty pontiffs caused the kings of Europe to hold their stirrups while they mounted their horses. On one occasion

সেখানে এই উপদেশকেরা অতিশয় সুখে বাস করিত, এবং তাহারদের মতাবলম্বি লোকেরদিগের ভাণ্ডারহইতে ধন লইয়া আপনারদের ভাণ্ডার পূর্ণ করিত. পাপা অন্য এক অদালত সৃষ্টি করিল যে তাহার নাম ইনক্বিজিসন; যদি কোন ব্যক্তি ঐ উপদেশকেরদের কদ্যাচার প্রকাশ করিত, কিম্বা তাহারদের উপদেশ মিথ্যাজ্ঞান করিত, অথবা কহিত যে পাপা অভ্রান্ত নহেন তবে তাহারা ঐ অদালতের বিচারানুসারে বিচারিত হইত. বৎসরান্তে যে২ অভাগ্যবান ব্যক্তি ঐ অদালতে দোষী স্থির হইত তাহারদিগকে একত্র করিয়া দগ্ধ করিত: সেই অদালত স্থাপনাবধি অদ্যপর্য্যন্ত লেখা করিয়া জানা গেল যে তাহার আজ্ঞাতে দশ লক্ষ লোকের অধিক মারা পড়িয়াছে.

পাপারা ইউরোপের নানা রাজারদিগকে লৌহশৃংখলে বদ্ধের মত করিয়া রাখিত. যে২ রাজারা তাহারদের আজ্ঞানুসারে নিশ্চয় চলিতে অসম্মত হইত, তাহারদিগকে আপন আজ্ঞাতে রাজ্যহইতে অনধিকারী করিত এবং পাপারদের আজ্ঞানুসারে প্রজারাও সেই২ রাজারদের দায়হইতে মুক্ত হইত; যে ব্যক্তি সেই২ রাজার রাজ্য আক্রমণ করিতে সমর্থ হইত পাপা তাহাকেই সেই রাজ্য দিত. তাহারা আপনারদিগকে খ্রীষ্টের প্রতিনিধিরূপে জ্ঞান করিয়া ভাবিত যে সকল পৃথিবী আমারদের. তাহারা এই পরাক্রম আপনারদের উপরে লইল, যে ইউরোপের নানা রাজ্য যাহাকে বাসনা করিত তাহাকেই দিতে পারিত; কিন্তু ইউরোপের রাজারা এই মিথ্যা পরাক্রম প্রায় কখনও স্বীকার করিত না. কখন২ ঐ অহঙ্কারী ধর্ম্মাধ্যক্ষেরা আপন২ ঘোটকারোহণ করিবার সময়ে ঘোট

having placed the crown on the head of a king, the pope kicked it off again, saying 'by me kings rule and princes decree judgment.' To such a heighth of insolence and pride had these men risen, while they styled themselves the servant of the servants of God.

Of the Crusades, or the deliverance of Jerusalem from the Turks.

One of the most remarkable events on record occured about the year 1080. The tomb of Christ in the city of Jerusalem was considered in those days of ignorance a place of great sanctity, and was therefore visited by a large number of pilgrims. A short time before the event of which we are about to speak, Jerusalem had been conquered by the Moosulmans, who greatly annoyed the Christian pilgrims. A hermit of the name of Peter having visited the tomb, and beheld the indignities to which they were subject, was filled with holy indignation, and on his return to Europe, recited their circumstances to the pope, and offered to travel over the continent and excite its inhabitants to deliver the sacred city from the yoke of Moosulmans. The pope very readily entered into the scheme, and promised the remission of their sins to all who should engage in the expedition. Strengthened with this promise, Peter travelled every where, recounting the

কের রেক্কাব ইউরোপের রাজারদিগকে ধরিতে দিল. এক সময়ে ঐ পাপা এক রাজার মস্তকোপরি মুকুট দিয়া পরে আপন পদাঘাত দ্বারা তাহা ফেলিয়া দিয়া কহিল, যে আমার দ্বারা রাজারা রাজ্য করে ও অধ্যক্ষেরা ধর্ম্ম শাসন করে; এবং তাহারা আপনারদিগকে ঈশ্বরসেবকের সেবাকারী নামে খ্যাত করিয়া এই মত অহঙ্কার ও গর্ব্বপর্য্যন্ত উঠিল.

ক্রূশাদ অর্থাৎ তুরুকেরদের হাতহইতে য়িরুশালমের উদ্ধার.

পূর্ব্বকালীন ইতিহাসের মধ্যে আশ্চর্য্য এক কীর্ত্তি ১০৮০ সনে হইল. য়িরুশালমস্থিত খ্রীষ্টের কবর সে অন্ধকার সময়ে মহাতীর্থজ্ঞান করিয়া লোকেরা মানিত এবং অনেক২ যাত্রিক লোকেরা সেখানে যাইত, আমরা যে কীর্ত্তির বিষয় কহিব. তাহার পূর্ব্ব কতক বৎসর য়িরুশালম নগর মুসলমানেরদের হস্তগত হইল ও তাহারা খ্রীষ্টিয়ান যাত্রিকেরদিগকে অনেক দুঃখ দিল. পিতর নামে এক বাণপ্রস্থ ব্যক্তি ঐ কবর দর্শন করিতে গেল, ও খ্রীষ্টিয়ানেরদের নানা দুঃখ দেখিয়া তাহার মনে ধর্ম্মোদ্বেগ উপস্থিত হইল; এবং সে পুনর্ব্বার ইউরোপে আসিয়া এই সম্বাদ পাপাকে কহিল ও পাপাকে এই অনুরোধ করিল, যে তোমার যদি ইচ্ছা হয়, তবে আমি সর্ব্বত্র ইউরোপে ভ্রমণ করিয়া সকলকে প্রবৃত্ত করাইব যে ঐ ধর্ম্ম নগর মুসলমানেরদের হাতহইতে উদ্ধার করে. পাপা ইহাতে অতিসম্মত হইল এবং ঐ কর্ম্মে যে২ যাইবে তাহারদের সকল পাপ মোচন অঙ্গীকার করিল. এই অঙ্গীকার পাইয়া পিতর সর্ব্বত্র ভ্রমণ করিল ও যাত্রিকেরদের [illegible]

miseries to which the pilgrims were subject, and stirring up the minds of the people against their oppressors; in which he succeeded to such a degree, that all Europe seemed to burn with ardor to liberate the holy sepulchre from the control of the infidels. Enflamed with this spirit, men in every country selling their houses and lands, and forsaking their families prepared to follow Peter into the holy land. Those who engaged in this enterprize, had the form of a cross impressed on their garments, and the object of their journey was called a Crusade. Peter collecting three hundred thousand men, placed himself at their head and marched into Palestine. But having made no provision for the support of this immense multitude on the journey, the crusaders were obliged to pillage the villages through which they passed, which occasioned many conflicts and a considerable loss of men. Very few arrived before Jerusalem, and as they were unprovided with weapons, and subject to no military discipline, the greater number fell beneath the swords of the Moosulmans. After that, followed the sovereigns of Europe, whom Peter had enflamed with the same ardor, at the head of their subjects regularly organized. When they arrived on the plains of Asia and reviewed their troops, they found them to amount to 700,000 men. With these they overcame the Moosulmans, opened the sepulchre to the free access of pilgrims and having formed the country into a king-

লোকের মনে তাহারদের দুঃখদায়কেরদের প্রতি ক্রোধ করাইল, এবং তাহার উপদেশেতে এই ফল হইল যে তাবৎ ইউরোপস্থ লোকেরদের মন সেই অবিশ্বাসি মুসলমানেরদের হাতহইতে সেই ধর্ম্ম কবর উদ্ধার করিবার নিমিত্ত জ্বলিতে লাগিল. এই বায়ুতে উন্মত্ত হইয়া সকল দেশে লোকেরা আপনং ঘর ও ভূমি বিক্রয় করিয়া, আপনং পরিজন পরিত্যাগ করিয়া, কনআন দেশে পিতরের পশ্চাৎ যাইতে প্রস্তুত হইল. যাহারা এই কর্ম্মে গেল তাহারদের পরিচ্ছদের উপরে একটা ক্রুশের চিহ্ন ছিল. তৎপ্রযুক্ত তাহারদের এই কর্ম্মের নাম ক্রুশাদ খ্যাত হইল. পিতর তিন লক্ষ লোক একত্র করিয়া তাহারদের সেনাপতি হইয়া কনআন দেশে প্রস্থান করিল, কিন্তু পথে এই বহুসংখ্যক সৈন্যের আহারের কারণ কিছু দ্রব্যাদি সংগ্রহ করিল না, এইহেতুক তাহারা যেং গ্রাম দিয়া প্রস্থান করিল সেইং গ্রাম লুট করিবার আবশ্যকতা হইল, ইহাতে ঐ গ্রামীণ লোকেরদের সহিত যুদ্ধ হইল তাহাতে অনেক লোক মারা পড়িল. অতএব য়িরূশালমপর্য্যন্ত অত্যল্প সৈন্য পঁহুছিল এবং তাহারদের স্থানে যুদ্ধসজ্জা তাদৃক ছিল না ও তাহারা রীতিপূর্ব্বক যুদ্ধ করিল না, তৎপ্রযুক্ত তাহারদের অধিক ভাগ মুসলমানেরদের তলোবারে মারা পড়িল. ইহাতে ইউরোপের যে রাজারদের মনে পিতর এই বায়ু জন্মাইয়াছিল, তাহারা আপনং প্রজারদিগকে সৈন্য প্রস্তুত করিয়া পুনর্ব্বার য়িরূশালমে প্রস্থান করিল. যখন তাহারা আসিয়ার মাঠেতে পঁহুছিল তখন তাহারা আপনারদের সৈন্য সাত লক্ষ গনিয়া দেখিল. এই সৈন্যের দ্বারা তাহারা মুসলমানেরদিগকে পরাজয় করিল. এবং

dom, established a king of their own. The Moosulmans, though driven out of Jerusalem, were not altogether subdued, but continued to maintain a contest with the Christians, by which their numbers were gradually thinned, and very few of this vast army ever returned home. The rage for crusades continued for nearly two hundred years; and seven or eight successive armies left Europe for Jerusalem, to preserve the conquests which had been gained. The ardor gradually died away; men began to perceive the folly of undertaking a distant and difficult jouney for the empty honor of keeping possession of a sepulchre; the pilgrimage itself soon fell into disuse, and after the sacrifice of more than two millions of men, Jerusalem relapsed into the hands of the Moosulmans, under whose authority it continues to this day.

Of the Progress of knowledge in Europe.

After the crusades, three great events occurred in Europe, the effects of which were felt through every corner of it, and contributed to that astonishing elevation in knowledge and power which Europe at this day enjoys. In the year 1468, the Turks took Constantinople, the only city in which Greek learning was cultivated, and the incomparable writings of the ancient Greeks. When the city fell into their

যাত্রিক লোকেরদের অনায়াসে দর্শনের নিমিত্ত কবর খোলাগা করিল; এবং সে দেশে আপনারদের পক্ষীয় এক রাজা স্থির করিয়া সিংহাসনে বসাইল. মুসলমানেরা তাহারদের দ্বারা য়িরুশালম হইতে দূর হইলেও চতুর্দিকে থাকিয়া, খ্রীষ্টিয়ান লোকেরদের সহিত নিত্য যুদ্ধ করিতে লাগিল; ইহাতে অনেক খ্রীষ্টিয়ান লোক মারা পড়িল, এবং এই মহাসৈন্যের অত্যল্প লোক ফিরিয়া ঘরে আইল. ক্রুশাদের নিমিত্ত লোকেরদের যে বায়ু সে দুই শত বৎসরপর্য্যন্ত রহিল, এবং যে দেশ তাহারা অধিকার করিয়াছিল সে দেশ রক্ষার্থ ইউরোপহইতে য়িরুশালমে সাত আটবার সৈন্য গেল. ক্রমেং লোকেরদের সে বায়ু নিবৃত্ত হইল, এবং এক কবর মাত্র আপন আয়ত্ত রাখিবার মিথ্যাসম্ভ্রমের জন্যে দূর দেশে যাওয়াতে, ও নানা উৎপাত ভোগ করাতে উন্মত্ততা লোকেরদের অনুভবে আইল. পরে ক্রমেং সে তীর্থদর্শনও লুপ্ত হইল এবং বিশ লক্ষ লোক সংহার হইলে, পর য়িরুশালম পুনর্ব্বার মুসলমানেরদের হস্তগত হইল, ও অদ্যপর্য্যন্ত তাহারদের বশীভূত আছে.

ইউরোপে জ্ঞানোদয়ের বিষয়.

ক্রুশাদের পর ইউরোপে তিন মহাকর্ম্ম হইল তাহার উপস্বত্ব তাবৎ ইউরোপ ভোগ করিল, এবং ইউরোপে এখন যে বিদ্যা ও পরাক্রম বাহুল্য হইয়াছে তাহার মূল সেই তিন কর্ম্ম. ১৪৫৩ সনে তুরুকেরা কন্স্তান্তীনোপল নগর আক্রমণ করিল; কেবল সে নগরে গ্রীক বিদ্যা চলন ছিল, এবং গ্রীকেরদের অনুপম গ্রন্থ পাঠ করা যাইত. যখন সেই নগর তুরুকেরদের অধীন

hands, the learned men who resided there, fled with their knowledge and their books into the various countries of Europe, where they established seminaries, and introduced the study of Greek. On this, a desire gradually arose for genuine learning and knowledge, and the dark clouds of ignorance which had for so long a time overshadowed the whole of Europe, began to disperse, and the sun of knowledge to dawn upon it. After this period, the languages of Europe underwent a gradual improvment, and learning obtained that firm foundation, through means of which the nations of Europe have been since impelled forward in a course of steady improvement.

Of the Deliverance from Popery.

About the year 1400, knowledge began once more to dawn on Europe. A few years after, the art of printing was discovered, and men began to read, and to examine for themselves, especially into the power claimed by the popes. About the year 1510, Martin Luther an inhabitant of Germany boldly proclaimed that the authority of the pope was illegal and contrary to scripture, and unfolded to the world all the iniquities which had been committed under the sanction of his authority. The effect of his preaching and of that of his friends and followers was, that in about fifty years, one half of Europe renounced all allegiance to the pope, and taking the scriptures for

হইল, তখন যে পণ্ডিতেরা সেখানে ছিলেন তাহারা আপন বিদ্যা ও গ্রন্থ লইয়া পলাইলেন, এবং ইউরোপের নানা দেশে আশ্রয় চেষ্টা করিলেন এবং সেইং প্রদেশে পাঠশালা করিয়া গ্রীক ভাষা শিখাইতে লাগিলেন. ইহাতে প্রকৃত জ্ঞান ও বিদ্যার চেষ্টা ক্রমেং হইল, এবং যে ঘোর অজ্ঞান মেঘ ইউরোপকে এত কালপর্য্যন্ত আচ্ছন্ন করিয়াছিল সে মেঘ ক্রমেং দূর হইতে লাগিল এবং বিদ্যা দিবাকরোদয় হইতে লাগিল. এই কালাবধি ইউরোপের নানা ভাষার অধিক চলন ও সংস্কার হইল, এবং এমত বিদ্যা দৃঢ় স্থাপন হইল যে তাহার দ্বারা সে কালাবধি ইউরোপীয় লোকেরা বিদ্যাতে অগ্রগামী নিত্য হইতেছে.

পাপার পরাক্রমহইতে উদ্ধার.

অনুমান ১৪০০ সনে ইউরোপে বিদ্যোদয় হইতে লাগিল, তাহার কতক বৎসর পর ছাপাকর্ম্ম সৃষ্টি হইল, এবং লোকেরা অনেকে পড়িতে আরম্ভ করিল, ও আপনারদের মধ্যে সদসদ্বিবেচনা করিতে লাগিল, এবং পাপার পরাক্রম সত্য মিথ্যা দেখিতে লাগিল. পরে ১৫১০ সনে মার্তিন লুথর নামে জর্ম্মণি দেশের এক ব্যক্তি প্রকাশ করিল যে পাপার পরাক্রম অনুপযুক্ত, এবং ধর্ম্মপুস্তকের বিপরীত এবং পাপার আজ্ঞাতে যত কুকর্ম্ম হইয়াছিল সে সকল লোকেরদের মধ্যে প্রকাশ করিতে লাগিল. তাহার ও তাহার মিত্রের ও তাহার শিষ্যের উপদেশেতে এই ফলোদয় হইল, যে পঞ্চাশ বৎসরের মধ্যে ইউরোপের অর্দ্ধেক লোক পাপার মত ত্যাগ করিয়া, আপনারদের

their guide, instituted another mode of worship, more agreeable to its precepts. France, Italy, Germany, Spain, Portugal, and Poland are however at this day under the spiritual controul of the pope; but the light of knowledge which Europe enjoys, has introduced a degree of reform even into the Catholic religion itself.

Of the Origin of Printing.

The rays of knowledge which through the preceding events had dawned on Europe might however have been quenched, had not the art of Printing been discovered about this time. By means of it, the works of the ancients, those grand repositories of taste and elegance, were preserved from ever being lost to mankind. The price of books was hereby greatly reduced, which placed the means of acquiring knowledge within reach of the great bulk of the people. The new discoveries, which were made, were by this art preserved from oblivion, and rapidly circulated throughout Europe. Discovery led to discovery, the faculties of the mind were aroused, and such an impulse given to them, that there is now no fear that mankind will ever relapse into barbarism.

Of all the arts which mankind have invented from the beginning of the world, this is by far one of the most important. Into whatever country the art of

নিমিত্ত ধর্ম্ম পুস্তকানুসারে অন্য এক প্রকার আরাধনার পথ সৃষ্টি করিল. এখন ফ্রান্স ও ইতালি ও জর্ম্মণি ও স্পানিয়া ও পোর্ত্তুগাল ও পোলণ্ড পারত্রিক বিষয়ে পাপার মতে আছে ; কিন্তু যে বিদ্যা ইউরোপে এখন চলিতা আছে তাহার দ্বারা পাপার মত এখন কিছু সুশৃঙ্খল হইয়াছে.

ছাপাকর্ম্মের বিবরণ.

এইং ক্রিয়ার দ্বারা যে জ্ঞান ইউরোপে উদিত হইল সেও পুনর্ব্বার লুপ্ত হইত যদি তৎকালে ছাপা কর্ম্মসৃষ্টি না হইত. ছাপা কর্ম্মের দ্বারা গ্রণও সন্দর্ভশুদ্ধির আশ্রয় প্রাচীনেরদের পুস্তক পুনর্ব্বার লুপ্ত হইতে পারিল না. এই কর্ম্মের দ্বারা পুস্তকের মূল্য ন্যূন হইল, তাহাতে ইতর লোকেরদের বিদ্যাপ্রাপ্তির উপায় হস্তগত হইল; এবং যেং নূতন বিদ্যা প্রকাশ হইল তাহা ছাপাদ্বারা অবিকৃত রহিল ও ইউরোপের মধ্যে শীঘ্র ব্যাপিল. এবং নূতন বিদ্যাদ্বারা অন্য নূতন বিদ্যাসৃষ্টি হইল, ও নিদ্রিত মানস ব্যাপার জাগ্রৎ হইল এবং বিদ্যার এমত চর্চ্চা হইল, যে তাহাতে মনুষ্য জাতি পুনর্ব্বার অসভ্যতাকূপে মগ্ন যে হইবে তাহার বিষয়ও রহিল না.

মনুষ্যেরা পৃথিবীর আরম্ভাবধি যেং সৃষ্টি করিয়াছে তাহার মধ্যে এই ছাপাকর্ম্ম অত্যন্ত সপ্রয়োজনক. যে দেশে এই কর্ম্মের

printing has been fully introduced, learning and knowledge have immediately spread. The efforts which are made to enlighten the inhabitants of Asia and Africa who are still in a great measure under the power of ignorance, receive a tenfold energy through this valuable art. In short the advantages which the family of man have derived and continue to derive from it are beyond calculation, and we may affirm with confidence that without it Europe could never have made that progress in knowledge which she has made.

Of the progrsss of Navigation.

About this time also, that is, four hundred years ago, considerable progress was made in the art of Navigation, the first fruit of which was the discovery of America, which led the inhabitants of Europe to emigrate thither and to form settlements. This produced a complete revolution in the affairs of Europe. As America abounds with mines of silver and gold, the price of those metals immediately fell all over Europe. Trade was also greatly extended, and many of the European nations who before this were insignificant, rose to opulence and importance. The progress of navigation brought the whole world under the eyes of Europe. Before this event, the form of the world, the situation of its various countries, and even their existence were unknown. The inhabitants

চলন হইয়াছে সে দেশে জ্ঞান ও বিদ্যা অতিশীঘ্র ব্যাপিয়াছে. আসিয়া ও আফ্রিকার লোক অদ্যাপি অজ্ঞানের বিশ, কন্তু তাহারদের জ্ঞানোদয়ের নিমিত্ত যেং উদ্যোগ হইতেছে সে এই বহুমূল্য কর্ম্মদ্বারা দশগুণ সহজ হইতেছে. সংক্ষেপতো মনুষ্য বংশ ছাপাকর্ম্মদ্বারা যত উপকার পাইয়াছে ও পাইতেছে সে অসংখ্য; এবং আমরা নিঃসন্দেহে কহিতে পারি যে ইউরোপে যত জ্ঞান ও বিদ্যার প্রচার হইয়াছে ছাপাকর্ম্মব্যতিরেকে কদাচ এত হইত না.

জাহাজ ব্যবসায়.

সেই কালে অর্থাৎ চারি শত বৎসর হইল জাহাজ ব্যবসায় বৃদ্ধি হইতে লাগিল, তাহার প্রথম ফল আমেরিকা দর্শন; অপর ইউরোপের লোকেরা সেখানে গিয়া বসতি করিল, তাহাতে ইউরোপের বিষয়কর্ম্ম পরীবর্ত্ত হইল. আমেরিকা স্বর্ণ ও রূপ্যের আকরেতে পরিপূর্ণ, তাহাতে ইউরোপের মধ্যে স্বর্ণ ও রূপ্যের মূল্য ন্যুন হইল. বানিজ্যবৃদ্ধিও অতিশয় হইল, এবং ইউরোপীয় কতক জাতিরা পূর্ব্বে ক্ষুদ্র ছিল, কিন্তু যে কালে বানিজ্য দ্বারা ধনবান ও বর্দ্ধিষ্ণু হইল. এই জাহাজ ব্যবসায় বৃদ্ধি হওয়াতে তাবৎ পৃথিবী ইউরোপীয়েরদের চক্ষুর গোচর হইল. ইহার পূর্ব্বে পৃথিবীর আকার ও তাহার নানা দেশের সংস্থান ও বসতির নিরূপণ পর্য্যন্তও ইউরোপীয় লোকেরা জানিত না.

of Europe confined to their own continent, gave themselves up to the belief of the exaggerated statements which travellers occasionally brought them respecting the rest of the world. But on the improvement of navigation men soon found out the true form of the earth, visited the most remote countries, and ascertained their situation with precision. The interests of science were likewise promoted; a new and immense field for enterprize was opened to the view of mankind, and the world which formerly appeared to be composed of many separate divisions, unknown to each other, now assumed the appearance of one family.

We have now completed this short view of the history of Europe, and have related the means by which it has attained its present elevation in power and knowledge.

At present, Europe is filled with societies of learned and scientific men who devote their lives to the promotion of knowledge. The discoveries which are made, are immediately sent to the press and circulated throughout Europe; and there is scarcely a year in which some solid progress is not made in science. The press also, to which these discoveries are committed, preserves them in her own bosom from the ravages of time, for the benefit of the future generations of mankind.

এবং ইউরোপীয় লোকেরা স্বদেশে বদ্ধরূপ থাকিয়া, অন্য২ দেশের বিষয় যখন যে কোন পথিক যাহা কহিত সে সত্য কিম্বা মিথ্যা হউক তাহাই বিশ্বাস করিত. জাহাজ ব্যবসায়দ্বারা মনুষ্যেরা পৃথিবীর সত্য আকার জানিল, ও পৃথিবীর শেষ সীমাপর্য্যন্ত তাহারা গমন করিল, এবং প্রত্যেক দেশের স্থান ও নিরূপণ নিশ্চয় করিল; বিদ্যার বাহুল্যও অতিশয় হইল, এবং মনুষ্যেরদের বিষয়ানুসন্ধানের কারণ নূতন অথচ বৃহৎ স্থান প্রকাশ হইল. পূর্ব্বে পৃথিবী এমত দেখা যাইত, যে নানা খণ্ডে বিভক্তা ও তাহার প্রত্যেক খণ্ডও পরস্পর অসম্পর্ক, এখন জাহাজদ্বারা পৃথিবীস্থ তাবৎ লোকেরা এক বংশ্যের মত জ্ঞান হইতেছে.

ইউরোপের সংক্ষেপ বর্ণনা সমাপ্ত হইল, এবং ইউরোপ যেং উপায়দ্বারা জ্ঞান ও পরাক্রমপ্রাপ্ত হইল তাহা লিখিয়া সাঙ্গ করিলাম.

এখন ইউরোপের নানা প্রদেশে জ্ঞানবান লোকেরা নিবন্ধপূর্ব্বক একত্র হইয়া কেবল জ্ঞানের সীমা বাড়াইতে কালক্ষেপণ করিতেছে. তাহারা যে দেশে যে নূতন জ্ঞান সৃষ্টি করে তাহা ছাপা কর্ম্মদ্বারা তৎক্ষণাৎ ইরোপে সর্ব্বত্র প্রকাশ হয়; এমন কোন বৎসর নাই যে বিদ্যার অভিনবাগমন না হইতেছে. এবং জ্ঞানবানের পরিশ্রমের ফল ছাপাযন্ত্র আপন উদরে স্থাপন করিয়া রাখিতেছে, যে সে সকল বিদ্যা কালের গ্রাসহইতে উদ্ধার করিয়া মনুষ্যের আগামি বংশেরদের উপকারের নিমিত্তে ন্যস্ত করিয়া রাখিতেছে.

Of the various Divisions of the Earth, and of the Worship practised in them.

The Earth is divided into four parts, Europe, Asia, Africa, and America. In *Europe* there are thirteen kingdoms, which vary both in size and power. Of these powers, the first in importance is England, the next Russia, and the third France.

America is divided into two parts, North and South America. In North America, there are three principal powers; the Spaniards who have some possessions in the south of it. In the centre, the Americans, who though they speak the English language, are independent of England: and thirdly, in the north the English king has several possessions. The most powerful nation in America, is the Americans.

The greater part of South America belonged to the king of Spain; but the people have revolted from him, and established independent governments. Brazil in South America, belongs to the king of Portugal, and though a colony, he holds his court there.

The Northern part of *Africa* is subject to several Moosulman governments, who practise piracy. On the sea coast, the English have established colonies and factories for trade. The centre of Africa is almost

পৃথিবীর নানা ভাগ ও তাহার মধ্যে ঈশ্বরের আরাধনা বিষয়ে.

ইউরোপ ও আমেরিকা ও আফ্রিকা ও আসিয়া, এই চারি ভাগে পৃথিবী বিভক্তা আছে. ইউরোপের মধ্যে তের রাজ্য, তাহারা বলে ও পরাক্রমে সকল সমান নহে. ঐ তের রাজ্যের প্রধান রাজ্য ইংগ্লণ্ড, দ্বিতীয় রুষিয়া, এবং তৃতীয় ফ্রান্স.

আমেরিকা দুই ভাগে বিভক্ত আছে, উত্তরামেরিকা ও দক্ষিণামেরিকা. উত্তরামেরিকাতে তিন জাতির অধিকার আছে, দক্ষিণে স্পানিয়ারদের কতক অধিকার আছে, মধ্যে আমেরিকীয়েরদের দেশ; তাহারা ইংগ্লণ্ডীয় ভাষা কহে অথচ ইংগ্লণ্ড বাদশাহের অধীন নহে, তৃতীয়তঃ উত্তর ভাগে ইংগ্লণ্ডীয়েরদের কতক রাজ্য আছে. আমেরিকাতে আমেরিকীয়েরা সকলহইতে প্রবল.

দক্ষিণামেরিকার অধিক ভাগ স্পানিয়ার রাজার অধিকৃত, কিন্তু সেখানকার প্রজারা রাজার প্রতিকূলে উঠিয়া স্বাধীন রাজ্য স্থাপন করিয়াছে. দক্ষিণামেরিকাতে পোর্তুগীশেরদের ব্রাসিল নামে প্রদেশ আছে, সে দেশান্তরাধিকার তথাপি সেখানে পোর্তুগীশের রাজা থাকেন.

আফ্রিকার উত্তর ভাগ কতক মুসলমান অধিপতির অধীন, তাহারা নিত্য বোম্বাটিয়া ব্যবসায়ে কালক্ষেপণ করে. আফ্রিকার চতুর্দিকে সমুদ্রের তীরে স্থানেং ইংগ্লণ্ডীয়েরদের বসতি ও বাণিজ্যের কুঠী আছে, কিন্তু আফ্রিকার মধ্যবর্ত্তি যে দেশ সে ইউরোপীয়

wholly unknown to Europeans, with whom it has no connection.

The ruling power in *Asia* is the English. To the West of the English possessions, are the two independent countries of Persia and Arabia. To the East of Hindoost'han, are the Chinese and Burman Empires, both powerful and independent. The whole of the North of Asia is occupied by the Tartars, whose country is the largest in the world. It is divided into three parts; independent Tartary; Chinese Tartary, and Russian Tartary. These are the great divisions of the earth.

Aristotle the preceptor of Alexander said more than two thousand years ago, that the inhabitants of Europe were formed to rule over those of Asia. It is so even at this day; Europe though the smallest quarter of the globe in extent, is the first in power.

The number of inhabitants in the four quarters of the globe may be thus calculated. In Europe, a hundred and sixty millions; in America forty millions; in Africa a hundred millions. In Asia, we may adopt the following computation. West of the Indus in Persia, Arabia, and Asiatic Turkey, fifty millions; in Tartary, twenty millions; in Hindoost'han a hundred and forty

লোকেরদের কর্তৃক অজ্ঞাত, অতএব সেখানে ইউরোপীয় লোকের দের কোন সম্পর্ক নাই.

আসিয়ার মধ্যে প্রধান পরাক্রমী ইংগ্লণ্ডীয় লোক. ইংগ্লণ্ডীয় অধিকৃত দেশের অর্থাৎ হিন্দুস্থানের পশ্চিমে পারশী ও আরবী লোক স্বাধীন ও পরাক্রমী. হিন্দুস্থানের পূর্ব্বে চীন ও ব্রহ্মা লোক স্বাধীন ও পরাক্রমী. আসিয়ার উত্তর ভাগ তাতারীয় লোকেরদের, ঐ দেশ পৃথিবীর মধ্যে সকলহইতে বড়. সে তিন ভাগে বিভক্ত আছে, প্রথম ভাগ স্বাধীন তাতার; দ্বিতীয় ভাগ চীনেরদের অধীন; তৃতীয় ভাগ রুষিয়ারদের অধীন. পৃথিবী এই২ মত ভাগে বিভক্তা আছে.

দুই হাজার বৎসর হইল শেকন্দরশাহের পুরোহিত আরিস্ততল কহিল, যে আসিয়াস্থ লোকের উপরে কর্তৃত্ব করিতে ইউরোপীয় লোক সৃষ্ট হইয়াছে, সেই মত অদ্যাপিও আছে. ইউরোপ পৃথিবীর চারি ভাগের মধ্যে আয়তনে সকলহইতে ক্ষুদ্র হইয়াও পরাক্রমে সকলহইতে বড়.

পৃথিবীর চারি ভাগের লোক সংখ্যা এই. ইউরোপে ষোল কোটি লোক; আমেরিকাতে চারি কোটি; আফ্রিকাতে দশ কোটি. আসিয়ার লোকসংখ্যা এই মত করা যায়, সিন্ধু নদীর পশ্চিমে পারশীতে ও আরবেতে ও আসিয়াস্থিত তুরকীতে পাঁচ কোটি; তাতারেতে দুই কোটি; হিন্দুস্থানে চৌদ্দ

millions; in China, a hundred and sixty millions; in Japan, eighteen millions. Towards the East in the Burman Dominions, Siam, and the Eastern islands seventy millions; which will give Asia, four hundred and fifty-eight millions. On this calculation the world contains about seven hundred and sixty millions of inhabitants.

The various religions which prevail in the world are these. In Europe with the exception of the Turks who are Moosulmans, the Christian religion prevails. In America, with the exception of a few uncivilized savages, the inhabitants are all Christian. Africa is almost exclusively Mahomedan. In Asia, the three prevailing religions are the Boudhist, the Hindoo, and the Mahometan; of which the Boudhist has about a hundred and eighty, and the Hindoo, a hundred and twenty millions of worshippers. The number of Moosulmans it is difficult to compute.

কোটি; চীন দেশে ষোল কোটি; জ্যাপানে এক কোটি আশী লক্ষ. শ্যাম ও ব্রহ্মা প্রভৃতি পূর্ব্ব দেশে ও আসিয়ার সকল উপদ্বীপে সাত কোটি. সর্ব্বশুদ্ধা আসিয়াতে পঁয়তাল্লিশ কোটি আশী লক্ষ লোক. এই গণনাতে পৃথিবীর মধ্যে ছেহত্তরি কোটি লোক হয়.

পথিবীর মধ্যে ঈশ্বরের আরাধনা নানা দেশে এই মত চলে. ইউরোপের মধ্যে কেবল তুরকী দেশে মুসলমান, তদ্ব্যতিরিক্ত ইউরোপের সকল লোক খ্রীষ্টিয়ান. আমেরিকাতে কএক অসভ্য জাতি ব্যতিরিক্ত সকলি খ্রীষ্টিয়ান. আফ্রিকার প্রায় সকলি মুসলমান. আসিয়াতে তিন প্রধান আরাধনার মত আছে প্রথম বৌদ্ধ মত; দ্বিতীয় হিন্দুর মত; তৃতীয় মুসলমানের মত. আসিয়াতে আটার কোটি বৌদ্ধ ও বার কোটি হিন্দু আছে. মুসলমান কত আছে তাহা নিশ্চয় নাই.

Dig-Durshun,

OR THE

INDIAN YOUTH'S MAGAZINE.

No. VI.

September, 1818.

DIG-DURSHUN.

No. VI.

Of Lightning and Thunder.

The atmosphere is full of an electric fluid, called Lightning. In a storm the clouds approach the earth, and the electric fluid, being attracted by some object, descends with great rapidity through the air. The noise which we call Thunder, is occasioned by the lightning's exploding, and cleaving the clouds, and is produced the moment the lightning begins to descend; but instead of reaching us instantly, it is often heard after a considerable interval of time; because sound travels at the rate of twelve miles in a minute, but light moves with much greater rapidity. Hence, though the flash, and the thundering sound are produced at the same moment, the light reaches us before the sound. When therefore any one can distinctly note the interval between the appearance of the flash and the arrival of the sound, he may calculate with exactness the distance of the lightning from him. If he hears the sound a full minute after he sees the flash, the lightning is about twelve miles distant from him.

দিগ্দর্শন.

ষষ্ঠ ভাগ.

বিদ্যুৎ ও বজ্রবিষয়ে.

সকল আকাশ বিদ্যুৎ পদার্থে পরিপূর্ণ. ঝড়ের সময়ে মেঘ পৃথিবীর নিকটবর্ত্তী হইলে পৃথিবীস্থ কোন বস্তু বিদ্যুৎকে আকর্ষণ করে, তাহাতে সে মেঘ ছাড়িয়া অতিবেগে আকাশপথে আইসে. তৎপ্রযুক্ত মেঘ ফাটে তাহাতে বৃহৎ শব্দ হয়, তাহাকেই বজ্র কহে. যে সময়ে বিদ্যুৎ মেঘহইতে নির্গত হয় তখনি শব্দ উৎপন্ন হয়, কিন্তু আমারদিগের নিকটে তৎক্ষণাৎ শব্দ না পঁহছিয়া কখনং কিছু কাল বিলম্বে পঁহছে. যেহেতুক শব্দ আড়াই পলের মধ্যে ছয় ক্রোশ চলে, কিন্তু আলোক ইহাহইতে অতি শীঘ্র চলে; অতএব আলোক ও শব্দ এককালে নির্গত হয় বটে, কিন্তু শব্দহইতে আলোক অগ্রে আইসে. যদি কেহ নিশ্চয় করেন যে বিদ্যুতের আলোকদর্শনের কত ক্ষণ পরে শব্দ শুনা যায়, তবে তিনি এইরূপে গণনা করিলে জানিতে পারিবেন, যে তাহা হইতে বিদ্যুৎ কত অন্তর আছে. যদি আলোকদর্শনের আড়াই পল পরে তিনি শব্দ শুনেন, তবে ছয় ক্রোশ অন্তর বিদ্যুৎ নির্গত হইয়াছে জ্ঞাত হইবেন.

Lightning generally strikes the most lofty objects; hence it is unwise to take shelter under a tree during a storm. Some bodies naturally attract lightning to a greater extent than others. All metals are of this description: and it frequently happens that a sword is struck with lightning, while the scabbard in which it is sheathed remains untouched.

Scientific men have invented a machine which draws forth an electric fluid of the same nature as lightning When it is put in motion, electric sparks are emitted, and any one who may then touch it, will receive a shock through his whole frame. This shock is similar to that produced by lightning, only much weaker. After this machine had been invented, men were anxious to ascertain whether the sparks which it produced, corresponded exactly with the sparks of lightning.

After many experiments, Dr. Franklin, a learned native of America settled the point in the following manner. He conjectured that if any object could be brought in contact with a cloud, and at the same time attached to the earth, the lightning after striking the elevated object would descend, and enter the body which was affixed to the earth. Under this impression, in the year 1752 having fixed an iron pin into the earth on a plain, he on the appearance of a cloud, elevated a kite, attaching the extremity of

বিদ্যুৎ প্রায় উচ্চ বস্তুর উপরে পড়ে; এই কারণ ঝড়ের সময়ে বৃক্ষের নীচে থাকা অকর্ত্তব্য. কোনং বস্তুর এমত স্বভাব যে তাহারা অন্য বস্তুহইতে বিদ্যুতীয় অগ্নিকে অতিশয় আকর্ষণ করে. সকল ধাতু এই প্রকার স্বভাবপ্রাপ্ত, এইহেতুক খাপ সমেত তলোয়ারের উপরে বিদ্যুৎ পড়িলে কখনং মধ্যের তলোয়ার দগ্ধ হয়, উপরে খাপের কাষ্ঠ দগ্ধ হয় না.

পণ্ডিতেরা এই মত কল সৃষ্টি করিয়াছেন, যে তাহাহইতে বিদ্যুতীয় অগ্নি নির্গত হয়, তাহার স্বভাব বিদ্যুতীয় অগ্নির মত. যখন সেই কল ঘুরাণ যায় তখন তাহাহইতে বিদ্যুতীয় স্ফুলিঙ্গ নির্গত হয়. এবং যদি কেহ তাহাকে স্পর্শ করে, তবে তাহার সর্ব্বাঙ্গে তৎক্ষণাৎ ঝিঞ্ঝিনী লাগে. এই কলের দ্বারা যে ঝিঞ্ঝিনী হয় সে বিদ্যুতীয় ঝিঞ্ঝিনীর সমান, কেবল বিদ্যুৎহইতে ইহার বল অল্প, এই মাত্র বিশেষ. যখন এই কল সৃষ্টি হইল তখন পণ্ডিতেরা ইহা জানিতে চেষ্টা করিলেন, যে কলহইতে যে স্ফুলিঙ্গ নির্গত হয় সে স্ফুলিঙ্গ বিদ্যুতের স্ফুলিঙ্গের স্বভাব মত কি না.

অনেক উদ্যোগের পর ফ্রাঙ্কলিন সাহেব, আমেরিকা দেশের এক জন জ্ঞানবান, এই বিষয় নিশ্চয় করিল. সে ভাবিল যে যদি মেঘের সহিত কোন বস্তু সংলগ্ন করা যায়, ও যদি সে বস্তু পৃথিবীর উপরে কোন বস্তুতে বদ্ধ থাকে, তবে বিদ্যুতীয় অগ্নি মেঘ ছাড়িয়া সেই বস্তুর উপরে লাগিবেক, এবং তাহা বাহিয়া বিদ্যুতীয় অগ্নি পৃথিবীস্থ সেই বস্তুতে আসিবেক. এই নিমিত্ত ঐ সাহেব ১৭৫২ সনে এক মাঠে একটা লৌহশলাকা মৃত্তিকাতে গাড়িল, এবং মেঘ হইলে সে একটা ঘুড়ী উড়াইল. ও সেই লৌহশলাকা

the rope to the iron pin. Soon after sparks were seen to fly off from the rope; by which he was convinced that the lightning had struck the kite, and descending by means of the rope had entered the iron pin. It was by this means that he and other scientific men were enabled to ascertain the true nature of lightning.

Dr. Franklin after this instructed men to attach conductors to their houses, to prevent danger from lightning. They are formed by a long iron pole higher than the roof and terminating in a fine point; this is affixed to the ground near the house. When the lightning approaches, instead of striking the house, it falls on the conductor, and is thus conveyed into the ground without doing any damage. It is frequently fastened to the house with wood; but as wood is a non-conductor, the lightning does not enter the house by means of the wood. Should any one touch the conductor while the lightning is on it, he would be instantly destroyed. About the time when Dr. Franklin made this discovery, a gentleman in Russia, with the view of making a similar experiment, fixed the iron into a glass receiver; that the lightning might continue in it and having affixed to this iron a thin piece of wire, he conveyed the extremity of it into his house. When the storm approached, the lightning struck the kite, and descended to the iron; and the gentleman happening to go a little too near it, the lightning struck him dead on the spot.

তে ঘুড়ীর রজ্জু বান্ধিয়া রাখিল. কিছু কাল পরে দেখা গেল যে সেই রজ্জুহইতে কতক স্ফুলিঙ্গ নির্গত হইতে লাগিল; তাহাতে সে জানিল যে বিদ্যুতীয় অগ্নি ঘুড়ীর উপরে লাগিয়াছে, এবং সেই রজ্জু বাহিয়া ঐ অগ্নি লৌহশলাকাতে পঁহুছিয়াছে. অতএব ঐ লৌহশলাকার দ্বারা সে, ও আর২ পণ্ডিতেরা বিদ্যুতীয় অগ্নির নিশ্চয় স্বভাব জানিতে পারিলেন.

ঐ ফ্রাঙ্কলিং সাহেব বিদ্যুতের ভয়নিবারণার্থ প্রথম ঘরে লৌহশলাকা দিতে লোকেরদিগকে শিক্ষাইল, সে এই প্রকার. ঘরহইতে উচ্চ একটা লম্বা লৌহশলাকা ঘরের নিকটে মৃত্তিকাতে পোতায়, তাহার অগ্রভাগ অতিসূক্ষ্ম. যখন বিদ্যুৎ ঘরের নিকটে আইসে, তখন কোন অপচয় না করিয়া ঐ লৌহশলাকাতে পড়ে, এবং তাহা বাহিয়া মৃত্তিকাতে প্রবেশ করে. সে লৌহশলাকা স্থানে২ ঘরের সহিত কাষ্ঠদ্বারা বদ্ধ থাকে, কিন্তু কাষ্ঠ অনাকর্ষক বস্তু, এই নিমিত্ত কাষ্ঠদ্বারা ঘরে প্রবেশ করিতে পারে না. যদি সেই সময়ে ঐ লৌহশলাকা কেহ স্পর্শ করে, তবে তৎক্ষণাৎ তাহার প্রাণবিয়োগ হয়. যখন ফ্রাঙ্কলিন সাহেব প্রথম এই বিষয় নিরূপণ করিল, তখন রুষিয়া দেশে এক জ্ঞানবান লোক এইরূপ করণার্থে আপন ঘরে একটা লম্বা লৌহশলাকা এক কাঁচের বাটীতে রাখিল, যে বিদ্যুতের অগ্নি সেই শলাকাতে থাকে, এবং সেই শলাকাতে অন্য এক পাতল শলাকা বান্ধিয়া আপন কুঠরীতে আনিয়া রাখিল. পরে ঝড় বৃষ্টি আইলে বিদ্যুৎ ঘুড়ীর উপরে পড়িয়া তাহার দ্বারা সেই শলাকার উপরে আইল, ও সে সাহেব অকস্মাৎ তাহার নিকটে যাইবামাত্র বিদ্যুতের দ্বারা মরিল.

Of the fixed Stars.

There are two kinds of stars beside comets; the planets and the fixed stars. The planets move in regular order, but the stars always maintain the same place, and are hence called fixed stars. The planets, from their proximity to the earth, give a steady light. The fixed stars being at an amazing distance from it, give an unsteady light, and appear to us to twinkle, owing to the innumerable atoms which float in the atmosphere. This circumstance enables us to distinguish the planets from the fixed stars. One of the most remarkable phenomena attending the fixed stars is, their never changing their situation In consequence of the diurnal motion of the earth, they appear to us to move; but this is an illusion. At whatever distance any two stars may be from each other, they always maintain the same relative position. If the fixed stars moved like the planets, they would be nearer to each other at one period of time than at another.

It is not to be supposed that all the fixed stars are precisely at the same distance from the earth; on the contrary, it is thought by many that they are so situated in the boundless space they occupy, that one star may be at as great a distance from another as that star is from our sun. If the stars are inhabited, our sun must appear to their inhabitants of no greater magnitude than a star does to us, and the smaller stars must resemble very small sparks. All the stars do not appear to us of the same magnitude;

নিশ্চল তারা বিষয়ে.

ধূমকেতুভিন্ন তারা দুই প্রকার ; গ্রহ ও নিশ্চল তারা; গ্রহ নিয়মানুসারে চলে, তারা সর্ব্বদা এক স্থানে থাকে, তাহাতে তাহারদের নাম নিশ্চল তারা হইয়াছে. গ্রহ পৃথিবীর নিকটবর্ত্তী, এইহেতুক তাহারদের তেজ স্থির. অতিদূরত্বপ্রযুক্ত, অনেক পরমাণু ব্যবধানহেতুক নিশ্চল তারার তেজ অস্থির, তাহাতেই চিক্মিক করে, এমত জ্ঞান হয়. ইহাতে গ্রহ ও নিশ্চল তারার বৈলক্ষণ্য জানা যায়. নিশ্চল তারারদের সকলহইতে আশ্চর্য্য বিবরণ, এই যে তাহারা আপন স্থান কখন ত্যাগ করে না. পৃথিবীর প্রতিদিন ঘূর্ণনেতে জ্ঞান হয়, যে আকাশের মধ্যে সকল তারা চলে, কিন্তু বাস্তবিক নয়, যেহেতুক যে কোন দুই তারা পরস্পর যত দূর কিম্বা নিকটে থাকে, তাহার অন্যথা কদাচ হয় না. যদি নিশ্চল তারা গ্রহের মত চলিত, তবে উভয় তারা কখন নিকট কখন দূর হইতে পারিত.

এমত বুঝা যায় না, যে সমস্ত নিশ্চল তারা পৃথিবীহইতে সমান নিকট কি সমান দূর, এবং তাহারদের অসংখ্য শূন্য স্থানে এমত স্থিতি আছে ; যে নিশ্চল তারা আমারদের সূর্য্যহইতে যত দূর তাহাহইতে অন্য নিশ্চল তারা তত দূর, এমত বুঝা যায়. এবং যদি তারাতে লোক বসতি থাকিত, তবে সে লোক আমারদের সূর্য্যকে তারাজ্ঞান করিত, ও অন্যং তারাকে ক্ষুদ্র স্ফুলিঙ্গ জ্ঞান করিত. আমারদের নিকটে সকল তারা সমান দেখা যায়

which is occasioned by one star's being at a greater distance than another from our earth. Those stars which are nearest to us, appear the largest; and those which are furthest, appear the most insignificant. Hence astronomers have divided them into six different degrees. Those which are near to us and highly brilliant, are called stars of the first magnitude. Those next in order, are called stars of the second order, and so on through all their ranks. Since the discovery of the telescope, it has been supposed that the fixed stars are innumerable, because the larger and better the instrument, the greater is the number of stars visible through it.

The distance of the fixed stars, is truly astonishing. When we contemplate the amazing distance at which they must be placed, all idea of elevation or distance on our little earth dwindles into insignificance, just as the idea of a rivulet or a well becomes faint when we contemplate the vast expanse of the ocean. Even with regard to the stars which appear the nearest to us, the earth in its annual revolution round the sun, is at one period a hundred and eighty millions of miles nearer to them than at another time, and yet this amazing difference does not enable us to perceive either increase or diminution in their light. This will enable us to form some faint idea of their distance; and if this be the case with the nearest of these stars, how amazingly distant must be those which are further off.

Light moves at the rate of twenty-five thousand

না, তাহার কারণ এই, কোন তারা দূর কোন তারা নিকট; যে তারা নিকট সে বড় দেখা যায়, যে দূর সে ক্ষুদ্র দেখা যায়; এই নিমিত্ত জ্যোতির্বিদেরা ছয় ক্রম তারা নিরূপণ করিয়াছেন, যে তারা আমারদের নিকট ও তেজস্বী তাহারদের প্রথম পর্য্যায় নাম করিয়াছেন, এই রীতিক্রমে অপেক্ষাকৃত দ্বিতীয়াদি পর্য্যায় নামে সকল তারা নিরূপণ করিয়াছেন. যে অবধি দূরবিণ সৃষ্টি হই য়াছে তদবধি অনুমান করা গিয়াছে, যে নিশ্চল তারা অসংখ্য, যেহেতুক বড় ও উৎকৃষ্ট যত দূরবিণ তাহাতেই ততোধিক তারা দেখা যায়.

নিশ্চল তারার দূরত্ব মনে ভাবিলে; পৃথিবীর উপরে যে দূরত্ব ও নিকটত্ব ও উচ্চত্ব ও নীচত্ব এ সকল জ্ঞান লুপ্ত হয়, যেমন অসংখ্য ও অনন্ত সমুদ্র দর্শন করিলে নদী কূপ প্রভৃতি লোকেরদের মনে লাগে না. যে তারা অন্য তারাহইতে নিকট দেখা যায়, পৃথিবীর ঘূর্ণনের সময়ে এক কালে পৃথিবী সেই তারার নিকটবর্ত্তিনী হয়, এবং অন্য কালে পৃথিবী সে তারাহইতে নয় কোটি ক্রোশ দূরে থাকে, তথাপি তখনও সে তারা ছোট কি বড় জ্ঞান হয় না, ইহাতে তাহারদের দূরত্ব অল্প অনুভূত হয়; যদি নিকটস্থ তারাই এইরূপ তবে দূরবর্ত্তি তারা কত দূর.

আলোক আড়াই পলের মধ্যে যাটি লক্ষ ক্রোশ চলে, এবং

miles a minute; and it is supposed, that there are fixed stars at so great a distance, that their light after travelling with such astonishing rapidity ever since the creation, has not yet reached us.

If the fixed stars are so distant from the sun, they cannot derive light from it. This has given rise to the idea that they shine by their own light, since the rays of light from the sun would be dissipated before it could reach them. Hence it has been conjectured that each of the fixed stars is a sun surrounded with its separate system of worlds like our sun.

Destruction of the Alexandrian Library.

THE library which formerly existed in the city of Alexandria, the capital of Egypt, was one of the most magnificent in the world. After the death of Alexander the Great, Ptolemy king of Egypt founded it, and his successors gradually enriched it to such an extent that it contained at length seven hundred thousand volumes. When the city was besieged by Cæsar, about two thousand years ago, four hundred thousand volumes were consumed by accident. Cleopatra, the queen of the country, as much celebrated for her extraordinary beauty, as for her capacity, enriched it however with two hundred thousand volumes, and others in the course of time made such

জ্যোতির্বেত্তারা অনুমান করিয়াছেন, যে এমত দূরবর্ত্তী নিশ্চল তারা আছে যে পৃথিবীর সৃষ্টি অবধি অদ্যপর্য্যন্ত সে তারার আলোক আমারদিগের নিকটে এত বেগরূপে আসিতেছে, কিন্তু অদ্যাপি পঁহুছে নাই.

যদি তারা সূর্য্যহইতে এত দূর, তবে তাহারা সূর্য্যহইতে আলোক পাইতে পারে না, ইহাতে অনুমান এই হয় যে তাহারা স্বকীয় তেজেতেই আপনারা দীপ্ত হয়, যেহেতুক সূর্য্যের তেজ তাহারদের নিকটে পঁহুছিতেং ছিন্ন ভিন্ন হইয়া যাইত. ইহাতে অনুমান হয় যে আমারদের সূর্য্যের চতুর্দ্দিকে সৌর জগৎ যেমন আছে, তেমন প্রত্যেক নিশ্চল তারা আমারদের সূর্য্যবৎ, ও তাহার চতুর্দ্দিকে তত্তারারূপ সৌর জগৎ ঘোরে.

আলেক্সান্দ্রিয়া নগরে সাত লক্ষ পুস্তকদাহ.

মিসর দেশের রাজধানী আলেক্সান্দ্রিয়া নগরে, অর্থাৎ সেকন্দরীয় নগরে, যে পুস্তকালয় ছিল সে পৃথিবীর মধ্যে সকলহইতে বৃহৎ. সেকন্দরশাহের মরণের পর, মিসর দেশের বাদশাহ প্তোলিমি এই পুস্তকালয় প্রথম স্থাপিত করিলেন. তাহার পর তৎপদস্থ রাজারা সেই পুস্তকালয় এমত বাড়াইলেন, যে শেষে তাহার মধ্যে সাত লক্ষ পুস্তক ছিল. দুই হাজার বৎসর হইল, যখন কাইসর সেকন্দরীয় নগর ঘেরিল, তখন তাহার চারি লক্ষ পুস্তক অকস্মাৎ পুড়িয়া গেল, কিন্তু সে দেশের সৌন্দর্য্যে ও জ্ঞানে সম খ্যাতা, ক্লেয়োপাত্রা নামে রাণী পুনর্ব্বার তাহাতে দুই লক্ষ পুস্তক সংগ্রহ করিয়া রাখিল. এবং অন্য লোকেরাও কালক্রমে অনেক

additions to it, that the number of volumes in it eventually exceeded Seven Hundred Thousand.

About A. D. 700, of the Christian Æra, the Moosulmans having captured Alexandria, the general Omra, who was a great patron of learning, admitted one of the most learned men in the city to familiar intercourse with him. He one day said to him; "You have sequestered all the public property in the city; articles which though valuable to you are of no value to me. There is however in this city that which would be of no service to you, but of the highest advantage to me." Omra desired him to mention his wish. He replied, "bestow on me the books in the public library." Omra replied that he had no authority to dispose of them but would make application to the Caliph Omar.

He immediately dispatched a messenger to the Caliph, who replied, 'If the books in the public library, agree with the precepts of the divine book, the Koran, they are useless, since the Koran contains every thing necessary to be known. If their contents differ from the Koran, they ought by no means to be read. I therefore authorize you by this letter to cause them to be instantly destroyed.'

পুস্তক সংগ্রহ করিয়া সেখানে রাখিল, তাহাতে পুনর্ব্বার সাত লক্ষের অধিক পুস্তক হইল.

সন ৭০০ সালে যখন মুসলমানেরা সেকন্দরীয় নগর পরাজয় করিল, তখন বিদ্যা শিক্ষার্থে সচেষ্ট তাহারদের অমরা নামে সেনাপতি, সেখানকার এক পণ্ডিতের সহিত নিত্য আলাপ করিত. এক দিন ঐ পণ্ডিত তাহাকে কহিল, যে তুমি সেকন্দরীয় নগরের সকল স্থানে গিয়া সকল সরকারী বস্তুর উপরে আপন মোহর দিয়াছ, ঐ সকল বস্তু তোমার উপকারযোগ্য বটে, আমার উপকারযোগ্য নয়, কিন্তু এই নগরে এমত কোন বস্তু আছে যে তাহাতে তোমার কিছু উপকার নাই, আমার যথেষ্ট উপকার হয়. অমরা কহিল যে তোমার প্রার্থনা কি; তিনি কহিলেন রাজকীয় পুস্তকালয়ে যে সকল পুস্তক আছে, তাহা আমাকে দেও. অমরা প্রত্যুত্তর করিল যে ইহা দিতে আমার শক্তি নাই, কিন্তু আমার প্রভু ওমার কালিফকে একবার জিজ্ঞাসা করিতে হইবেক.

পরে তিনি তৎক্ষণে এই বিষয়ে জ্ঞাত কারণ ওমার কালিফের নিকটে দূত পাঠাইলেন. তিনি এই প্রত্যুত্তর লিখিলেন, যে পুস্তকের বিষয়ে তুমি লিখিয়াছ, সেই পুস্তক যদি ঈশ্বরের পুস্তক, অর্থাৎ কোরাণের সহিত সমশীল হয়, তবে সে পুস্তকের কোন প্রয়োজন নাই, যেহেতুক কোরাণে আমারদের জ্ঞাতব্য সকলি পাওয়া যায়. যদি তাহাতে কোরাণের কোন বিরুদ্ধ কথা থাকে, তবে তাহা কোন প্রকারে গ্রাহ্য নহে, অতএব এই পত্রদ্বারা আমি তোমার প্রতি আজ্ঞা করি, সে সকল পুস্তক নষ্ট করিবা.

Omra having received these directions, sent the whole library to the warm baths of the city, to serve as fuel; and so great was the number of volumes, that they supplied all the baths for more than six months. In this manner was the noble library of Alexandria, so celebrated throughout the world, totally destroyed and the vast stores of learning they contained, for ever lost to mankind.

Natural History of the Camel.

Of all the animals man has reduced to subjection, the camel appears to be the most patient. With the greatest meekness it receives heavy loads on its back and transports them across the burning sands of Asia and Africa.

The natives of Arabia, who are so greatly indebted to the camel for the comforts of life consider it as the special gift of the Almighty. Without this useful animal, they cannot transact the affairs of life, pursue commerce, or even perform journies. They are daily fed from the milk of the camel, and nourished by its flesh; its wool likewise furnishes them with clothing. When possessed of the camel, they consider themselves free from danger, since it will in one day, carry them a hundred and fifty miles.

The hoofs of the camel are so firm, that it suffers no inconvenience from travelling over burning sand nor are its feet injured when passing through the most rugged paths. The sandy deserts seem to be its

অমরা এই আজ্ঞা পাইয়া সে সকল পুস্তক নগরের সকল লোকের স্নানাগারে জল তপ্ত করিবার জন্যে পাঠাইয়া দিল; সে খানে এত পুস্তক ছিল যে ছয় মাসপর্য্যন্ত সেই সকল উনুনে কাষ্ঠের প্রয়োজন রহিল না. এই রূপে সেকন্দরীয় নগরের সর্ব্বত্র সুখ্যাত পুস্তকের নাশ হইল, এবং মনুষ্য জাতির গোচরে বিদ্যার মহাভাণ্ডার লোপ হইল.

উষ্ট্র বিষয়ে.

যে সকল পশুরদিগকে মনুষ্যেরা বশীভূত করিয়াছে তাহার মধ্যে সকলহইতে নম্র উষ্ট্র. সে অতিশয় সহিষ্ণুতারূপে আপন পৃষ্ঠে ভার লইয়া আফ্রিকার ও আসিয়ার উত্তপ্ত মরুভূমিতে চলে.

আরবীয়েরা এতৎকালীন সুখসাধক উপকার পাইয়া জ্ঞান করে যে উষ্ট্র প্রকৃত ঈশ্বরদত্ত এক বর. ঐ সপ্রয়োজনক পশু ব্যতিরেকে তাহারা কালক্ষেপণ করিতে পারে না, ও বাণিজ্য করিতে পারে না, ও গমনাগমন করিতে পারে না. তাহারা প্রতি দিন উষ্ট্রের দুগ্ধ পান করে, ও তাহার মাংস আহার করে, ও লোমেতে তাহারদের পরিচ্ছদ হয়. উষ্ট্র পাইলে তাহারদের কোন মতে ভয় থাকে না; তাহারা উষ্ট্রদ্বারা এক দিনের মধ্যে অনায়াসে পাঁচহত্তরি ক্রোশ চলে.

উষ্ট্রের খুর এমত শক্ত যে অত্যুষ্ণ ভূমিতেও তাহার ব্যামোহ বোধ হয় না, এবং সে অতিশয় দুর্গম পথে চলিলেও তাহার খুরের কোন ক্ষতি হয় না. মরুভূমি তাহার অধিকারের ন্যায় বুঝা

peculiar inheritance; when after leaving the sand it arrives on the solid ground, it is scarcely able to preserve itself upright. It is able to retain so large a supply of water in its chest as to live for eight days at a time on what it has drank in one day. It traces the existence of water from a distance of two miles by the sense of smell. It is so exceedingly patient, that it will live for many days upon a few dates.

One camel will transport on its back through the sandy desert a weight of fifteen maunds. It bends its knees at the command of its master to receive burdens; when over-laded it touches the head of its master to induce him to afford relief; if this intimation should be insufficient, it weeps aloud.

The natives of Arabia say that the camel perpetually keeps in memory those who have injured him, and embraces the first opportunity of revenging himself, but having once satia'ed its revenge, he seems to forget the injury altogether. When therefore an Arab has excited the rage of a camel he contrives to throw his garments in his path, in such a way that the ca nel shall believe it to be the person of the offender. The camel immediately recognizes the garments and having torn them with his teeth, tramples upon them, and dismisses his rage. The Arab then approaches him without fear, and loading him proceeds on his journey.

যায়, যেহেতুক সে যখন বালি ছাড়িয়া মৃত্তিকার উপরে আইসে তখন প্রায় সোজা দাঁড়াইতে পারে না. সে উদরের মধ্যে এমত জল রাখিতে পারে যে এক দিন জলপান করিলে আট দিন জলপান না করিয়াও থাকিতে পারে. সে এক ক্রোশ দূরের জল ঘ্রাণদ্বারা জানিতে পারে, ও তাহার এমত সহিষ্ণুতা যে সে কতক খর্জ্জূরের ফল আহার করিয়া অনেক কাল ক্ষেপণ করে.

উষ্ট্র মরুভূমি দিয়া পোনের মোন ভার লইয়া চলে. সে আপন মুনীবের আজ্ঞাতে হাঁটু গাড়িয়া ভার লয়; যদি অধিক ভার তাহার উপরে দেওয়া যায়, তবে সে ভারহইতে অল্প মুক্ত হইবার জন্যে মুখের দ্বারা মুনীবের মস্তক স্পর্শ করে; যদি মুনীব তাহাতেও না বুঝে তবে উচ্চৈঃস্বরে রোদন করে.

আরবীয়েরা কহে যে উষ্ট্র আপন হিংসাকারী ব্যক্তিকে চির কাল মনে রাখে, এবং প্রথমবার তাহাকে আপন আয়ত্তে পাইলে তাহার প্রতিহিংসা করে. কিন্তু একবার প্রতিহিংসা করিলে তাহার ক্রোধ একবারে শান্ত হয়. এই নিমিত্ত যখন কোন আরব আপন উষ্ট্রের ক্রোধ জন্মায়, তখন সে উষ্ট্র যে পথে যায় সে পথে আপন কাপড় এমন রাখে, যে উষ্ট্র জানিতে পায় যে সেই ব্যক্তি. উষ্ট্র তখনি সে কাপড় চিনে, ও দাঁতে সে কাপড় তুলিয়া ছিঁড়ে, পরে মৃত্তিকাতে ফেলিয়া পা দিয়া দলায়; ইহাতে তাহার ক্রোধশান্তি হইলে আরব স্বচ্ছন্দে সেই উষ্ট্রের সম্মুখে আসিতে পারে, ও তাহার পৃষ্ঠের উপরে ভার রাখিয়া তাহাকে চালায়.

Of the city of Babylon.

Two thousand years ago, on the banks of the Euphrates, nearly two thousand miles west of Calcutta, stood the city of Babylon. It was built by queen Semiramis to serve as a monument of her glory. She employed all her thoughts to immortalize her name; she proposed to surpass all her predecessors in magnificence, and to that end undertook the building of this mighty city in which she employed two millions of men collected out of the provinces of her vast empire.

Her successors enlarged and beautified it till it became one of the wonders of the world. We will therefore give a particular account of it.

Of the walls of the City.

Babylon stood on a large plain; the walls were prodigious, being in thickness eighty-seven feet and in heighth three-hundred and fifty feet. The city was an exact square, each side of which was fifteen miles in length, which gave it a compass of sixty miles. The walls were built of large bricks cemented together by a glutinous lime produced in that country. This lime formed so fine a cement, that the walls were as strong as though they had been composed of one entire rock.

বাবেল নগরের বিষয়ে.

দুই হাজার বৎসর হইল, কলিকাতার পশ্চিমে অনুমান এক হাজার ক্রোশ অন্তরে ফরাৎ নদীর তীরে বাবেল নগর ছিল. ঐ নগর সোমিরামা নামে এক রাণী আপন কীর্ত্তি রাখিবার জন্যে গাথিয়া ছিলেন. ঐ রাণী আপন নাম অক্ষয় করিবার জন্যে অতিশয় চেষ্টিতা ছিলেন, তৎপ্রযুক্ত আপন পুর্ব্বপুরুষেরদের কীর্ত্তিহইতে আপন কীর্ত্তির গৌরবের কারণ ঐ মহানগর পত্তন করিলেন, এবং তন্নিমিত্ত আপন মহারাজ্যহইতে বিশ লক্ষ লোক একত্র আনাইলেন.

তাহার পর তৎপদাভিষিক্তেরা পৃথিবীর মধ্যে এক আশ্চর্য্য হওয়া পর্য্যন্ত ঐ মহানগর বাড়াইল, ও সুশোভিত করিল. অতএব তাহার সূক্ষ্ম বিবরণ লিখি.

প্রাচীর বিষয়ে.

বাবেল নগর এক মহামাঠে স্থাপিত ছিল; তাহার প্রাচীর অত্যাশ্চর্য্য, সে চৌষট্টি হাত চৌড়া ও দুই শত বত্রিশ হাত উচ্চ সে নগর চতুরস্র, প্রত্যেক দিক্ সাড়ে সাত ক্রোশ লম্বা, এইহেতুক চতুর্দ্দিকে ত্রিশ ক্রোশ আয়ত ছিল. সে অতিবৃহৎ ইষ্টকদ্বারা গ্রথিত, এবং সে দেশে এক প্রকার আঠা জন্মে তাহাতে তাহার গাথনি করিয়াছিল, তৎপ্রযুক্ত সে প্রাচীর এমন শক্ত যে পর্ব্বতের মত.

These walls were surrounded without by a vast ditch full of water, and lined with brick work on both sides. Of the earth that was dug out of it the bricks were made with which the walls were built, and from the vast size of which, may be inferred the greatness of the ditch.

Of the gates of the City.

On each side of this great square were twenty-five gates, all made of solid brass; between these gates, at regular distances, were towers higher than the walls, from each gate, in a straight line to the gate directly over against it, there was a road a hundred cubits broad and fifteen miles long; so that the whole number of the streets was fifty, each fifteen miles long. Besides these there were four other streets, which went round the four sides of the city next to the walls, and each of which was two-hundred feet broad. By these streets, each crossing each other in this manner, the whole city was divided into six hundred and seventy-six squares, each two miles in circumference. Round the square on every side towards the street stood the houses built three or four stories high, and beautified with all manner of ornaments. The ground in the middle of each square was occupied with gardens.

Of the Bridge.

A branch of the river Euphrates ran through the city from north to south. On each side of the river was a high wall of the same thickness as that which

প্রাচীরের চতুর্দ্দিকে জলেতে পরিপূর্ণ এক খাল ছিল; সেই খালের উভয় পার্শ্ব ইষ্টকের দ্বারা গ্রথিত. সেই খালের মৃত্তিকাতে নগরের সমুদায় ইষ্টক প্রস্তুত হইয়াছিল; ইহাতে বুঝ যে সে খাল কত বড়.

দ্বারপ্রভৃতি.

ঐই মহাচতুষ্কোণ নগরে প্রত্যেক দিকে পিত্তলময় পচিশং দ্বার ছিল, এবং তাহার চতুর্দ্দিকে স্থানেং প্রাচীরহইতে উচ্চ দুর্গ ছিল, এবং প্রত্যেক দ্বারহইতে তৎসম্মুখবর্ত্তি দ্বারপর্য্যন্ত এক শত হাত চৌড়া সাড়ে সাত ক্রোশ লম্বা ঋজু এক রাজপথ ছিল, এই ক্রমে ঐ নগরের মধ্যে এই প্রকার পঞ্চাশটা রাজপথ ছিল, প্রত্যেক রাজপথ সাড়ে সাত ক্রোশ লম্বা. এতদ্ব্যতিরিক্ত চারি দিগে চারিটা মহা রাজপথ ছিল, সে প্রতিরাজপথ এক শত তেত্রিশ হাত চৌড়া. এই প্রকার পথদ্বারা ছয় শত ছেহত্তর চতুরস্র পল্লী ছিল; প্রত্যেক পলী চতুর্দ্দিকে এক ক্রোশপরিমিত, প্রত্যেক পল্লীর চতুর্দ্দিকে অতিসুন্দর গ্রথিত ও নানা ভূষণে ভূষিত তেতালা ও চৌতালা বাটী ছিল. ঐ সকল পল্লীর মধ্যস্থলে কেবল উদ্যান.

সেতু বিষয়ে.

ঐ নগরের মধ্যে উত্তর দক্ষিণ দীর্ঘ ফরাৎ নদী বহিত, ও সে নদীর উভয় তীরে নগরের প্রাচীরের মত চৌড়া প্রাচীর ছিল, ও সেই উভয়

surrounded the city. In these walls were gates of brass and descents by steps to the river for the convenience of the inhabitants. These gates were always shut at night, which gave the city the appearance of a double town.

In the centre of the city over the river was thrown a bridge of extraordinary magnificence; it was built with such wonderful art as to create a foundation sufficiently strong, in the bottom of a river which was sandy. The arches were made of huge stones fastened together with chains of iron, and melted lead. Before they began to build the bridge they turned the course of the river, and laid its channel dry.

Of the Lake and Canals.

The lake and canals of the city were as magnificent as they were useful. On the sun's melting the snow on the mountains of Armenia where the river Euphrates has its rise, there arose every year an increase of waters highly disadvantageous to the inhabitants of the city and the surrounding country. To prevent the damage occasioned by this inundation, two canals were cut at a considerable distance above the town, which turned the course of these waters into the Tigris; and to secure the country yet more from the danger of these inundations, prodigious banks were raised on each side of the river.

To facilitate the erection of these works, a pro-

পার্শ্বে প্রাচীরের পিত্তলময় দ্বার ছিল, এবং নাগর লোকের উপকারের জন্যে তাহার বান্ধা ঘাট ছিল. রাত্রিতে সেই সকল দ্বার বন্ধ করিলে দুই নগর জ্ঞান হইত.

নগরের মধ্যে নদীর উপরে অতিসুন্দর এক সেতু ছিল. ঐ সেতু অত্যাশ্চর্য্যরূপে গ্রথিত, যেহেতুক নদীর নীচে বালি ছিল, তাহার খীলান শক্ত প্রস্তরেতে গ্রথিত, এবং লৌহ ও সীসাদ্বারা পরস্পর বদ্ধ. সেতু গাঁথিবার পূর্ব্বে ঐ নদীকে অন্য পথে লইয়া পরে সেতু গাঁথিয়াছিল.

নগরের নিকটে হ্রদ ও খালবিষয়ে.

নগরের নিকটে যে হ্রদ ও খাল কাটা গেল সে অতিশয় আশ্চর্য্য, ও অত্যন্ত কর্ম্মোপযুক্ত. ফরাৎ নদীর উৎপত্তি স্থান যে আরমানী পর্ব্বত তাহাতে গ্রীষ্মকালে জলজমাৎ গলিয়া ঐ নদীতে বন্যা হইত, এইপ্রযুক্ত নগরে ও তাহার চতুর্দিকস্থ দেশে লোকেরদের কষ্ট হইত, তন্নিবারণার্থ নগরের উজানে কতক দূর দুই মহাখাল কাটা গেল, ও সেই খালের দ্বারা বন্যার জল সকল তিগ্রিস নদীতে পড়িত, এবং বন্যার জল নদীর উভয় তীরস্থ দেশ নষ্ট না করে, এই নিমিত্ত নদীর উভয় পার্শ্বে উচ্চ প্রাচীর গাঁথা গেল.

ঐ প্রাচীর গাঁথিবার কারণ রাবেল নগরের পশ্চিম ভাগে চতু

digious lake was dug to the west of Babylon forty miles square one hundred and sixty in compass, and thirty-five feet in depth. Into this lake was the whole river turned till the work was finished, when it was made to flow back into its former channel. But that the Euphrates in the time of its increase might not overflow the city through the gate, this lake was preserved, and the water received into it was kept all the year for the benefit of the country, and let out by sluices for watering the lands below it: the lake therefore was equally useful in defending the country from inundation, and in rendering it fertile. Some authors ascribe to Nebuchadnezer the erection of these works, while others ascribe them to his daughter-in-law.

Of the Royal Palaces.

At the two ends of the bridge on either side of the river were two palaces which had a communication with each other by a vault built under the channel of the river at the time of its being dry. The old palace, which stood on the east side of the river, was three miles and three quarters in compass.

The new palace which stood on the west side of the river, was seven miles and a half in compass. It was surrounded with three walls one within another. These walls as well as those of the other palaces were adorned with a variety of sculptures representing all kind of animals. In the new palace were the celebrated hanging gardens: they contained a

দিকে বিশ ক্রোশপরিমিত তেইশ হাত গভীর আশী ক্রোশ আয়ত এক হ্রদ কাটা গেল. এবং ঐ হ্রদের মধ্যে তাহারা ফরাৎ নদীর জল আনাইল, ও কর্ত্তব্য কর্ম্ম সমাপ্ত হইলে পুনর্ব্বার ঐ জল ফরাৎ নদীতে আনাইল. কিন্তু বৎসরং বন্যা হইলে ফরাৎ নদী দ্বার দিয়া বহিয়া নগর নষ্ট না করে, এই নিমিত্ত সেই হ্রদ বজায় রাখিল. দেশের উপকারার্থে তাহার মধ্যে সম্বৎসরের জল রাখিত, এবং অনেক প্রকার ক্ষুদ্রং খালদ্বারা সে জল চতুর্দ্দিকের ক্ষেত্রে দিত. অতএব ঐ হ্রদহইতে দেশের দুই প্রকার উপকার হইল; যে বন্যা হইলে জল ঐ হ্রদে থাকিত উপরের দেশ ডুবাইত না, ও বন্যা না হইলেও ঐ হ্রদের জলদ্বারা ক্ষেত্রে শস্যাদি জন্মিত. কেহং কহে যে নিবুকদনেসর রাজা এই সকল কর্ম্ম করিলেন, ও অন্যে কহে ঐ রাজার পুত্রবধূ ইহা করিল.

রাজগৃহবিষয়ে.

নগরের মধ্যে সেতুর উভয় পার্শ্বে দুই রাজগৃহ ছিল, তাহার এক রাজগৃহহইতে অন্য রাজগৃহে যাইতে ঐ নদীর নীচে হইয়া পথ ছিল, সে পথ নদীর শুষ্কতা দশাতে নির্ম্মাণ করা গিয়াছিল. নদীর পূর্ব্ব পার্শ্বে প্রাচীন রাজগৃহ ছিল, সে চতুর্দ্দিকে দুই ক্রোশ.

নদীর পশ্চিম পার্শ্বে নূতন রাজগৃহ ছিল, সে চতুর্দ্দিকে পৌনে চারি ক্রোশ. সেই নূতন রাজগৃহের চতুর্দ্দিকে তিন প্রাচীর ছিল, এক প্রাচীর অন্য প্রাচীরের মধ্যে এই রীতিক্রমে. ঐ সকল রাজগৃহের প্রাচীরের উপরে প্রস্তরে লিখিত নানা প্রকার জন্তুর আকার ছিল. নূতন রাজগৃহে অতিখ্যাত ঝুলান উদ্যান ছিল.

square of four hundred feet on every side, and were carried aloft in the manner of several large terraces one above another, till the heighth equalled that of the city. The walls were sustained by vast arches raised one above another. On the top of the highest arch, were laid large flat stones sixteen feet long and four broad; over these was a layer of reeds mixed with a great quantity of lime, upon which were two rows of bricks; the whole was covered with thick sheets of lead, upon which lay the mould of the garden. All this was contrived to keep the moisture of the mould from running through. The earth laid on this roof was so deep, that the greatest trees might take root in it, and with such the terraces were covered, as well as with all other plants and flowers, adapted to adorn a garden.

Historians say that Amatus the wife of Nebuchadnezer, who was a daughter of the king of Media, had been much delighted with the mountains and gardens of that country, and as she desired to have something like it in Babylon, Nebuchadnezer to gratify her, caused this prodigious edifice to be erected.

Of the Temple of Belus.

The fifth wonder of Babylon was the temple of Belus which was a building half a mile in compass, and a furlong in heighth. It consisted of eight

ঐ উদ্যান চতুষ্কোণ প্রত্যেক দিক দুই শত ছেষট্টি হাত পরিমিত. তাহার গুম্থন এইরূপ ছিল, মৃত্তিকার উপরে খীলান করিয়া তাহার উপরে ছাত করিল, সেই ছাতের উপরে পুনর্ব্বার খীলান করিয়া তাহার উপরে ছাত করিল, এই মত খীলানের উপরে খীলান যে পর্য্যন্ত নগরের সমান হইল. পরে সকলের উপরিস্থ খীলানের উপরে সাড়ে দশ হাত লম্বা আড়াই হাত চৌড়া এমত বড়ং পাথর রাখা গেল. পরে এক প্রকার আঠাদ্বারা নল সংলগ্ন করিয়া বিছাইল, তাহার উপরে দোহারা করিয়া ইষ্টক গাঁথিল, তাহার উপরে অতিশয় শক্ত করিয়া সীসার দ্বারা মড়াইল. উদ্যানের মৃত্তিকার রস গলিয়া না পড়নের কারণ এই সকল প্রক্রিয়া করা গেল. ছাতের উপরে এত মৃত্তিকা দেওয়া গেল যে বটবৃক্ষ পর্য্যন্তও সেখানে আপন মূল দৃঢ় করিতে পারিত, সে উদ্যানে সকলহইতে বৃহদ্বৃক্ষ ও যাহার পত্র পুষ্প দিতে উদ্যান শোভা হয় সে বৃক্ষও রোপণ করা গেল.

ইতিহাসবেত্তারা কহে যে নিবুকদ্নেসর রাজার স্ত্রী আমাতস্ মাদাই দেশের রাজার কন্যা ছিলেন, এবং আপন দেশের পর্ব্বত ও উদ্যান দর্শনে তিনি উৎসুকা ছিলেন, তৎপ্রযুক্ত তিনি বাবেল নগরে এইরূপ উদ্যান সন্দর্শন করিতে বাসনা করিয়াছিলেন, তাহাতে নিবুকদ্নেসর তাহার তুষ্টির নিমিত্ত এইরূপ করিলেন.

বেল দেবতার মন্দির বিষয়ে.

বাবেল নগরে পঞ্চম আশ্চর্য্য বেল দেবতার মন্দির; সে চতুর্দ্দিকে অর্দ্ধ ক্রোশ পরিমিত, এবং চারি শত আশী হাত উচ্চ.

towers built one above the other. The ascent to the top was by circular stairs on the outside, which turned eight times round the tower from the bottom to the top. Over the whole on the top of the tower was an observatory, by the aid of which the Babylonians became more expert in astronomy than all other nations.

But the chief use for which this tower was designed was the worship of the god Belus, an image of whom was placed in it forty feet high, composed entirely of gold and valued at two crores and sixty-six lacks of Rupees. The sacred vessels of the temple, all of massy gold, were valued at sixteen crores and eighty lacks of Rupees. Xerxes on his return from his Grecian expedition, after having plundered it of all its immense riches, demolished it. Alexander the Great on his return from India intended to rebuilt and set ten thousand men to work to rid the place of its rubbish, but after they had laboured two months, Alexander died, which put an end to the undertaking.

This great city built with such extraordinary magnificence is now so completely destroyed, that it is difficult to discover the place were it stood. Of its beautiful gardens, its massy walls and magnificent temple, scarcely one stone remains on another. The present inhabitants of the country are scarcely acquainted with its former magnitude, the records of which are preserved among other nations. So frail are the proudest monument of human genius.

সে মন্দির আট তালা, তাহার গাত্রে লগ্ন সোপান ছিল, এবং সে সোপানদ্বারা চতুর্দ্দিকে আটবার প্রদক্ষিণ করিয়া উপরে উঠিতে হইত. মন্দিরের উপরে গ্রহ নক্ষত্রাদির সংস্থান ছিল, তাহার দ্বারা বাবেল নগরীয় লোকেরা অন্য সকল জাতিহইতে জ্যোতিঃশাস্ত্রে নিপুণ হইল.

কিন্তু ঐ মন্দিরের মধ্যে উদ্দেশ্য বেল দেবতার সংস্থাপন, ঐ দেবতার স্বর্ণময়ী এক মূর্ত্তি সাতাইশ হাত উচ্চ ছিল, তাহার মূল্য দুই কোটি ছেষট্টি লক্ষ টাকা. এবং মন্দিরে পবিত্র বাসনাদি যে ছিল তাহার মূল্য ষোল কোটি আশী লক্ষ টাকা. পারস দেশের স্ক্রিক্সিয়া রাজা গ্রীক দেশহইতে প্রত্যাগমন কালে ঐ সকল সম্পত্তি লুটিয়া লইল, ও মন্দির নষ্ট করিল. সেকন্দরশাহ ভারতবর্ষ হইতে প্রত্যাগমন কালে পুনঃ স্থাপিত করিতে বাসনা করিয়া, তাহার মল পরিস্কার কারণ দশ হাজার লোক নিযুক্ত করিলেন, কিন্তু তাহারা দুই মাসপর্য্যন্ত সে কর্ম্ম করিলে সেকন্দরশাহের মৃত্যু হইল, তাহাতে সে কর্ম্ম স্থগিত হইল.

অত্যাশ্চর্য্যরূপ গ্রন্থিত ঐ মহানগর এখন এমত লুপ্ত হইয়াছে যে প্রায় তাহার নিদর্শনস্থানও নাই. এবং তাহার সৌন্দর্য্য যুক্ত উদ্যান ও মহাপ্রাচীর ও ঐশ্বর্য্যশালী মন্দিরের এখন এক প্রস্তর অন্য প্রস্তরের উপরে দেখা যায় না. সে দেশের লোকেরা এখন জানে না যে স্বদেশে পূর্ব্বে এইরূপ মহানগর ছিল, কিন্তু অন্যং জাতিরদের মধ্যে তাহার বিবরণ গচ্ছিত আছে. পৃথিবীর উপরে মনুষ্যেরদের সকল মহাকর্ম্ম এই মত অস্থির.

Of the Divisibility of Matter.

TUTOR. Do you understand what philosophers mean when they make use of the word Matter?

PUPIL. Are not all things which we see and feel composed of Matter?

T. Every thing which is the object of our senses is composed of matter. But in a philosophical sense *matter* is said to have four qualities, and is defined to be an *extended, solid, inactive,* and *moveable* substance.

P. If by extension is meant length, breadth, and thickness, matter undoubtedly is an extended substance. Its solidity is also manifest by the resistence it makes to the touch. And the other properties nobody will deny, for all material objects are, of themselves, without motion; and yet it may be readily conceived, that by the application of a proper force there is no body which cannot be moved. But I remember, that you told us something about the infinite divisibility of matter.

T. I did, some time ago mention this difficult as this may at first appear, yet I think it very capable of proof. Can you conceive of a particular of matter so small as not to have an upper and under surface?

P. Certainly, every portion of matter, however minute, must have two surface at least, and then that it is divisible.

পদার্থের অসংখ্য ভাগ বিষয়ে.

গুরু. হে শিষ্য, যখন পণ্ডিতেরা পদার্থের নাম কহে তখন তুমি কি বুঝ?

শিষ্য. আমরা যাহা দেখিতে পাই ও স্পর্শ করিতে পারি সে কি পদার্থ নহে?

গুরু. বটে, যে আমারদের পঞ্চেন্দ্রিয়ের গোচর সেই পদার্থ, কিন্তু পণ্ডিতেরা পদার্থকে চারি গুণদ্বারা চিনিতে পারেন. তাহার প্রথম গুণ বিস্তার, দ্বিতীয় গুণ অনন্তরত্ব, তৃতীয় গুণ অচলত্ব, চতুর্থ গুণ চাল্যমানত্ব.

শিষ্য. সত্য বিস্তারের অর্থ যদি দীর্ঘতা ও প্রস্থতা ও স্থূলতা হয় তবে পদার্থের গুণ বিস্তার বটে. তাহার অনন্তরত্ব ইহাতে জানা যায় যে হস্তদ্বারা তাহার স্পর্শ হয়, আর অন্য দুই গুণ সকলেই দেখিতে পারে, যেহেতুক আমরা জানি যে তাবৎ পদার্থ স্বাভাবিক অচল, কিন্তু তাহার উপরে প্রকৃত শক্তি দিলে সে চলিতে পারে; কিন্তু হে গুরু কএক দিন হইল কহিয়াছিলা যে পদার্থের অশেষ ভাগ হইতে পারে.

গুরু. এমত কহিয়াছিলাম বটে, কিন্তু সে বিষয় অতি কঠিন, তথাপি আমি বুঝি তোমাকে ইহার প্রমাণ দিতে পারি. তুমি এমত বুঝ যে এমন ক্ষুদ্র পরমাণু আছে যে তাহার নীচ ভাগ ও উচ্চ ভাগ নাই?

শিষ্য. কখন নহে; পরমাণুর উচ্চ নীচ দুই দিগ আছে অতএব তাহা ছেদ করিয়া ভাগ করা যায়.

T. Your conclusion is just; and though there may be particles of matter too small for us actually to divide, yet this arises from the imperfection of our instruments; if we had suitable instruments we could divide them.

P. Give us some remarkable instances of the minute division of matter.

T. If a pound of silver, which, you know, contains five thousand seven hundred and sixty grains, and a single grain of gold be melted together, the gold will be equally diffused through the whole of the silver, insomuch that if one grain of the mass be dissolved in a liquid the gold will fall to the bottom The gold-beaters can spread a grain of gold into a leaf containing fifty square inches, and this leaf may be easily divided into 500,000 parts, each of which is visible to the naked eye; and by the help of a microscope which magnifies a body a hundred times, a hundredth part of each of these becomes visible, that is, a single grain of metal that may be divided into fifty millions of visible parts.

In odoriferous bodies a most astonishing subtility is perceived, for though they are continually loosing a considerable portion of their particles yet these bodies loose but a very small part of their weight in a great length of time.

It is said by those who have examined the subject with the best glasses, that there are more anima's in the milt of a cod-fish than there are men on

গুরু. তুমি নিশ্চয় বুঝিয়াছ. এমত পরমাণু আছে যে আমরা ভাগ করিতে না পারি কিন্তু সে অস্ত্রের দোষ ; যদি তদনুযায়ি ক্ষুদ্র অস্ত্র হইত তবে আমরা তাহা ছেদন করিতে পারিতাম.

শিষ্য. পদার্থের অশেষ ভাগের কিছু২ বিবরণ কহ.

গুরু. অর্দ্ধ শের রূপ্যে পাঁচ হাজার সাত শত ষাটি অর্দ্ধ রত্তি আছে, এক পরমাণুপরিমিত স্বর্ণ তাহার সহিত আবর্ত্তন করিলে সেই পরমাণু প্রত্যেক রূপ্যের ভাগের সহিত মিশ্রিত হইবে, এবং কোন প্রকার স্নেহ দ্রব্যেতে কোন এক অর্দ্ধ রত্তি নিক্ষেপ করিলে সেই মিশ্রিত রূপ্যহইতে স্বর্ণ পৃথক হইয়া নীচে পড়ে. স্বর্ণকারেরা অর্দ্ধ রত্তি স্বর্ণ পিটাইয়া দীর্ঘে প্রস্থে তিন হাত পাত করিতে পারে, ঐ পাত করা স্বর্ণ পাঁচ লক্ষ ভাগ করিলে চক্ষুর গোচর হয়, এবং যে দুরবিণদ্বারা কোন পদার্থ শতগুণ বড় দৃষ্ট হয়, তাহার দ্বারা পাঁচ লক্ষ ভাগের এক ভাগকে শত ভাগ করিলেও সে প্রত্যেক শত ভাগ চক্ষুর গোচর হয়. ইহাতে জানা যায় যে অর্দ্ধ রত্তি স্বর্ণ পাঁচ কোটি ভাগ করা যায়, এবং তাহার প্রত্যেক ভাগ চক্ষুর গোচর.

সুগন্ধ দ্রব্যের অতিশয় সূক্ষ্মতা আছে, যেহেতুক তাহার পরমাণু দিন২ ক্ষয় পাইতেছে, তথাপি মাসান্তরে পরিমাণ করিলে প্রায় ন্যূনতা বোধ হয় না.

আর যাহারা উৎকৃষ্ট দুরবিণদ্বারা অতিসূক্ষ্ম বিবেচনা করিয়াছে তাহারা কহে, যে এক প্রকার মৎস্যের এক কোশা ডিম্বেতে এত ডিম্ব আছে যে পৃথিবীর মধ্যে এত মনুষ্য নাই; এবং বালির

the whole earth, and that a single grain of sand is larger than four millions of these animals. Now if each of them possess a heart, a stomach, muscles, veins, &c. we seem to approach to some idea of the infinite divisibility of matter. It has indeed been calculated that a particle of the blood of one of these animalcula is as much smaller than a pea as that is smaller than the whole earth, and that if this particle of blood be compared with particles of light, it is probable that it will be found to exceed them in bulk as much as mountains do a single grain of sand.

Obidah, or the Vanity of Riches.

As Obidah of Bussorah was one day wandering along the streets of Bagdad, musing on the variety of merchandize which the shops offered to his view and observing the different occupations which busied the multitude on every side, he was awakened from the tranquillity of meditation, by a crowd that obstructed his passage. He raised his eyes, and saw the chief vizier, who, having returned from the divan, was entering his palace.

Obidah mingled with the attendants; and being supposed to have a petition for the vizier, was permitted to enter. He surveyed the spaciousness of the appartments, admired the floors covered with silken carpets; and despised the simple neatness of his own little habitation.

"Surely," said he to himself, "this place is the

এক পরমাণুতে তাহার চল্লিশ লক্ষ ডিম্ব ঢাকা যায়. যদি ইহার প্রত্যেক ডিম্বেতে হৃদয় বুক সিরাপ্রভৃতি সকল আছে তবে কি পর্য্যন্ত পদার্থ ভাগের শেষ অন্বেষণ করিব. এই বিষয়ে এই গণনা করা গিয়াছে যেমত পৃথিবীহইতে মটর ক্ষুদ্র সেই মত মটরহইতে ঐ ডিম্বের এক ফোটা রক্ত ক্ষুদ্র, এবং পরমাণুস্বরূপ বালিহইতে পর্ব্বত যত বড়, সেই রক্তটুকু আলোকহইতে তত বড়.

অবিদা অথবা ধনের অনিত্যতা.

বছরানিবাসী অবিদা এক দিন বাগদাদ নগরে উভয় পার্শ্বে বাণিজ্যের দোকান দেখিতেং ভ্রমণ করিতেছিল, এবং স্বস্বকর্ম্মে ব্যাপৃত লোকেরদিগকে দেখিতেং জনতার সম্মুখতাপ্রযুক্ত তাহার ধ্যানভঙ্গ হইল. সে চক্ষু উঠাইয়া দেখিল যে প্রধান রাজমন্ত্রী রাজসভাহইতে বাহির হইয়া আপন ঘরে প্রবেশ করিতেছেন.

অবিদা মন্ত্রির পরিবারের সহিত মিলিত হইয়া কোন নিবেদন করিবার ছলে তাহারদের সহিত প্রবেশ করিল, সেখানে সে কুঠরীর বিশালতা দেখিয়া, এবং মেজ্যে রেসমি সতরঞ্চীতে ভূষিত দেখিয়া আশ্চর্য্যজ্ঞান করিল, ও আপন ক্ষুদ্র ও কুৎসিত গৃহ হেয়জ্ঞান করিল.

অপর সে আপন মনে কহিল, যে এই গৃহ অবশ্য সুখের

seat of happiness; where pleasure succeeds to pleasure, and sorrow can have no admission. Whatever nature has provided for the delight of the senses, is here spread forth to be enjoyed. What can mortals hope or imagine, which the master of this place has not obtained? The dishes of luxury cover his table; the voice of harmony lulls him in his bowers. He speaks, and his mandate is obeyed; he wishes, and his wish is gratified; all whom he sees obey him, and all whom he hears flatters him. How different, O Obidah, is thy condition, who art doomed to the perpetual torments of unsatisfied desire. They tell thee that thou art wise; but what does wisdom avail with poverty? None will flatter the poor; and the wise have very little power of flattering themselves. I have long sought content, and have not found it, I will from this moment endeavour to be rich."

Full of his new resolution, he shut himself up in his chamber for six months, to deliberate how he should grow rich. He sometimes proposed to offer himself as a counsellor to one of the kings of India; and sometimes resolved to dig for diamonds in the mines of Golconda. One day, after some hours passed in the violent fluctuation of opinion, sleep insensibly seized on him. He dreamt that he was ranging a desert country in search of some one that might teach him to grow rich; and as he stood on the top of a hill shaded with trees, in doubt whither to direct

স্থান, এখানে এক সুখ সমাপ্ত না হইতেং অন্য সুখ উদিত হয়, ও দুঃখ এখানে প্রবেশ করিতে পারে না. আমারদের ইন্দ্রিয়ের সুখের কারণ যে প্রকৃতি পৃথিবীর মধ্যে আছে তাহা এখানে বিস্তীর্ণ আছে. এই গৃহস্বামী যে সুখ ভোগ না করিয়াছে সে সুখ কি কোন ব্যক্তি অপেক্ষা করিতে পারে কিম্বা চিন্তা করিতে পারে. সুরস দ্রব্যেতে তাহার ভোজন দ্রব্য পরিপূর্ণ ও সুস্বর তাহাকে নিদ্রাপ্রাপ্ত করায়. তিনি কথা কহিবামাত্র তাহার আজ্ঞাতে সকল পূর্ণ হয়, তিনি অভিলাষ করিবামাত্র তাহা সিদ্ধ হয়, তিনি যাহাকে দেখেন সেই তাহার আজ্ঞাবহ হয়, তিনি যে কথা শুনেন সেই স্তব. হে অবিদ্যা তোমার দশা কেমন ভিন্ন, তুমি অপর্ণাভিলাষের দুঃখেতে মরিতেছ. লোকেরা কহে যে তুমি জ্ঞানবান, কিন্তু দরিদ্র হইলে জ্ঞানের কি ফল. কোনহ ব্যক্তি দরিদ্রকে স্তব করে না, এবং জ্ঞানবান লোক যে আপনাকে স্তব করিবে তাহার প্রসক্তি কি. আমি অনেক কালাবধি সান্ত্বনা চেষ্টা করিয়াছি কিন্তু পাই নাই, আমি অদ্যাবধি অর্থচেষ্টাতে থাকিলাম.

অবিদ্যা এইমত নিশ্চয় করিয়া কি প্রকারে আপনি ধনবান হইবে ইহার উপায় চিন্তা করত কুটরীতে আপনাকে ছয় মাস পর্য্যন্ত বদ্ধ করিল. কোনং সময়ে সে ভাবিল যে ভারতবর্ষের কোন এক রাজার মন্ত্রী হই. কখনং সে ভাবিল যে আমি গোলকুণ্ডার আকরে গিয়া হীরা খনন করি. এক দিন এইরূপ ভাবিতেং শেষে নিদ্রা তাহার চক্ষুর পাতা বদ্ধ করিল, ও সে স্বপ্নে দেখিল যে অত্যন্ত অরণ্যে এমন ব্যক্তিকে সে খুজিতেছে যে তাহার দ্বারা ধনোপার্জন উপায় পায়. এবং সে পর্ব্বতের

his steps, his father appeared on a sudden standing before him. "Obidah," said the old man, "I know thy perplexity; listen to thy father; turn thine eye on the opposite mountain." Obidah looked, and saw a torrent tumbling down the rocks, roaring with the noise of thunder, and scattering its foam around: now, said his father, behold the valley that lies between the hills. Obidah looked, and espied a little well, out of which issued a small rivulet. "Tell me now," said his father, "dost thou wish for sudden affluence, that may pour on thee like the mountain torrent; or for a slow and gradual increase, resembling the rill gliding from the well?" "Let me be quickly rich," said Obidah; "let the golden stream be quick and violent." "Look round thee," said his father, "once again." Obidah looked, and perceived the channel of the torrent dry, but following the rivulet from the well, he traced it to a wide lake, which the supply, slow and constant, kept always full. He awoke, and determined to grow rich by silent profit and persevering industry.

Having sold his patrimony, he engaged in merchandise; and in twenty years purchased lands, on which he raised a house, equal in sumptuousness to that of the vizier; to which he invited all the ministers of pleasure, expecting to enjoy all the felicity which he had imagined riches able to afford.

বট বৃক্ষের ছায়াতে দাঁড়াইয়া ভাবিতেছে যে কোন দিকে যাইবে. ইতোমধ্যে দেখে যে তাহার মৃত পিতা তাহার সম্মুখে উপস্থিত হইল, ও তাহাকে কহিল যে হে অবিদা আমি তোমার মনের চিন্তা বুঝি, পিতার কথা শুন, সম্মুখবর্ত্তি পর্ব্বতের উপরে দৃষ্টি কর. অবিদা অবলোকন করিয়া দেখিল যে পর্ব্বতহইতে এক মহানদী নির্গতা হইয়া বজ্রের শব্দের ন্যায় চলিতেছে, এবং আপন ফেণ চতুর্দ্দিকে বিস্তার করিতেছে. পুনর্ব্বার তাহার পিতা কহিল যে ঐ দুই পর্ব্বতের মধ্যে অধিত্যকা ভূমি দর্শন কর. অবিদা অবলোকন করিয়া দেখিল যে এক ক্ষুদ্র কূপহইতে এক অল্প নিঃশব্দ নদী নির্গতা হইতেছে. অপর তাহার পিতা কহিল যে হে সন্তান তুমি অকস্মাৎ ভাগ্যবান হইতে বাসনা কর, যে মহানদীর স্রোতের মত ধন তোমার উপরে বহিয়া আসিবে, কিম্বা ধীরে২ কুজ্ঝটিকাজাত নদীর মত ভাগ্যবান হইতে চাহ. অবিদা কহিল যে আমি শীঘ্র ভাগ্যবান হই, আমার ধনের নদী শীঘ্র হুহু করিয়া আইসুক. পিতা কহিল যে পুনর্ব্বার দর্শন কর. অবিদা দেখিল যে মহানদীর স্রোত শেষে শুষ্ক হইয়াছে কিন্তু কূপহইতে নির্গতা ক্ষুদ্র নদী মহাহ্রদের মধ্যে প্রবেশ করিয়াছে, এবং সে হ্রদ ক্ষুদ্র নদীর জলপ্রাপ্ত হইয়া নিত্য পরিপূর্ণ থাকিতেছে. অবিদা স্বপ্নভঙ্গে উঠিয়া এই মনে নিশ্চয় করিল যে আমি অল্পলাভ ও দৈনন্দিন পরিশ্রমদ্বারা ক্রমে ভাগ্যবান হইব.

পরে সে আপন পৈতৃক অধিকার বিক্রয় করিয়া বাণিজ্য করিতে প্রস্থান করিল, এবং বিশ বৎসরের মধ্যে ভূমি ক্রয় করিয়া সেই উজীরের গৃহের তুল্য সুন্দর গৃহ করিল, এবং সুখজনক লোকেরদিগকে আহ্বান করিল, এবং ভাবিল যে আমি ধনলভ্য

Leisure soon made him weary of himself, and he longed to be persuaded that he was great and happy. He was courteous and liberal: he gave all that approached him, hopes of being rewarded. Every art of praise was tried, but Obidah heard his flatterers without delight, because he found himself unable to believe them. His own heart told him its frailties. "How long," said he, with a deep sigh, "have I been labouring in vain to amass wealth, which at last is useless! Let no man hereafter wish to be rich, who is already too wise to be flattered."

Of the division of Time.

Among the nations of Europe, the year is measured by the time which the earth takes in performing its annual journey round the sun. To compute the exact time taken by the earth in its progress was a work of considerable difficulty. Julius Cæsar was the first person who seems to have attained to any accuracy on the subject. He lived about eighteen hundred years ago, and was equally celebrated as a man of science and as a general.

He fixed the length of the year at three hundred and sixty-five days and six hours; which was six hours longer than the Egyptian year. In order to allow for the odd hours in each year, he introduced

যে সুখ ভাবিয়াছিলাম সে সকল আমি পাইব, কিন্তু শেষে সে নিষ্কর্ম্মতাপ্রযুক্ত আপনি বিরক্ত হইতে লাগিল, এবং সে ইচ্ছা করিল যে অন্য কেহ তাহাকে সুখী ও ভাগ্যবান বলিয়া প্রবোধ দেয়. সে বিনয়ী ও দাতা হইল, যত লোক তাহার সম্মুখে আসিত তাহারদিগ্যকে সে দান প্রত্যাশা দিত. এবং সকল লোক তাহাকে স্তব করিতে লাগিল. অবিদ্যা তাহারদের স্তব সুখ বিনা শুনিল, যেহেতুক তাহারদের কথা সে মিথ্যা গ্রহ করিল. তৎকালে তাহার সকল দোষ আপন অন্তঃকরণে আইল, শেষে সে দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া খেদপূর্ব্বক কহিল, যে হায় আমি এত কালপর্য্যন্ত চেষ্টা করিয়া ধন পাইয়াছিলাম এখন জানিলাম যে সে মিথ্যা, অতএব যে ব্যক্তি জ্ঞান করে যে স্তব কিছু নয় সে ধন চেষ্টা না করুক।

ইউরোপীয়েরদের মধ্যে কাল বিভাগ বিষয়ে.

ইউরোপীয়েরদের মধ্যে যত কালে পৃথিবী সূর্য্যকে একবার প্রদক্ষিণ করে তাহার নাম বৎসর, কিন্তু নিশ্চয় কত কালে একবার প্রদক্ষিণ করে সে গণনা দুর্ঘট. জুলিয়স কাইসর এই বিষয় প্রথম নিশ্চয় করিয়া স্থির করিলেন. অনুমান আটার শত বৎসর হইল তিনি জন্মিয়াছিলেন, তিনি যেমন সৈনাপত্যরূপে খ্যাত, তেমন নানা বিদ্যাবত্তারূপে খ্যাত ছিলেন.

তিনি বৎসরকে তিন শত পঁয়ষট্টি দিন পোনের দণ্ডেতে স্থির করিলেন. মিসর দেশ সম্মত বৎসরহইতে ইহাতে পোনের দণ্ড অধিক স্থির করিলেন. তিনি ঐ অধিক পোনের দণ্ড গণ

an additional day every fourth year, which in honor of him was denominated the Julian year. The Romans inserted this additional day between the 23d and 24th of February, on account of its being the anniversary of the expulsion of Tarquin, their last and most tyrannical king. The English introduce it after the 28th of February, so that every fourth year, February has twenty-nine days.

As the year however does not consist exactly of three hundred and sixty-five days and six hours, in this arrangement there will necessarily be some error;—which will amount to a certain number of days in a certain number of years. The period established by Julius Cæsar, however, continued in use till the year 1582, when Pope Gregory undertook to reform the error, which then amounted to ten days. He accordingly ordered ten days between the 4th and 15th of October, in that year to be suppressed, so that the 5th day of that month was called the 15th.

This alteration took place throughout the greater part of Europe. In England it was not admitted till the year 1752 when the error amounted to nearly

নার মধ্যে আনিবার কারণ তিন বৎসর অন্তরে চতুর্থ বৎসরে এক দিন অধিক করিয়া, তিন শত পঁয়যট্টি দিনে চতুর্থ বৎসর নিরূপণ করিলেন, এবং তাহার সম্ভ্রমার্থে ঐ চতুর্থ বৎসরের নাম জুলিয়ন বৎসর হইল. রোমাণ লোকেরা ঐ অধিক দিন ফিব্রুআরি মাসে ২৩, ২৪ দিনের মধ্যে গণিত করিল, যেহেতুক তাহারদের শেষ ও প্রমাদী রাজা তারকুইন সেই দিনে নগরহইতে দূর করা গেল. ইংগ্লণ্ডীয়েরা ২৮ ফিব্রুআরির পরে ঐ দিন গণনা করে, অতএব প্রত্যেক চতুর্থ বৎসরে ফিব্রুআরি মাসে ২৯ দিন আছে.

কিন্তু বৎসরেতে নিশ্চয় তিন শত পঁয়যট্টি দিন পোনের দণ্ড না হওয়াতে কালক্রমে এই গণনাতে অবশ্যং কিছু ভ্রান্তি হইবেক, এবং কতক বৎসরের পর গণনাতে কতক দিন ভ্রান্তি হইবেক, তথাপি যে গণনা জুলিয়স কাইসর স্থির করিলেন সেই গণনা ১৫৮২ সালপর্য্যন্ত স্থাপিত রহিল, সেই সনে মহাধর্ম্মাধ্যক্ষ গ্রিগরি পাপা এই ভ্রান্তি দূর করিতে নিশ্চয় করিল, সে তৎকালে গণনা করিয়া দেখিল যে ইহাতে দশ দিনের ভ্রম হইয়াছে, অতএব সে আজ্ঞা করিল যে সেই মাসের চতুর্থ দিনের পর পঞ্চদশ দিন পর্য্যন্ত মধ্যের দশ দিন এককালে লুপ্ত হউক, এবং সেই মাসের পঞ্চম দিন পঞ্চদশ দিন হউক.

এই পরীবর্ত্ত প্রায় তাবৎ ইউরোপে গ্রাহ্য হইল, কিন্তু ইংগ্লণ্ড দেশে ১৭৫২ সালের পূর্ব্বে গ্রাহ্য হইল না, সে সনে গণনা করিয়া দেখা গেল যে এগার দিনের ভ্রম হইয়াছে, অতএব

eleven days, which were taken from the month of September, by calling the 3d of that month the 14th.

To prevent a recurrence of this error in future, it was then settled by Act of Parliament that, the years 1800 and 1900, which as being leap years would contain 366 days should be reckoned as common years, with 365 days in each, and that every four hundredth year afterwards should be esteemed common years containing 365 days. If this method be adhered to, the present mode of reckoning will not vary a single day from the true time, in 5000 years.

Of the Cataract of Niagara, in Canada, North America.

This amazing fall of water is made by the river St. Lawrence, in its passage from lake Erie into lake Ontario. The St. Lawrence is one of the largest rivers in the world; and the whole of its waters is discharged in this place, by a fall of a hundred and fifty feet prependicular. It is not easy to bring the imagination to correspond to the magnitude of the scene. A river extremely deep and rapid, which serves to drain the waters of almost all North America into the Atlantic Ocean, is here poured precipitately down a ledge of rocks, that rises, like a wall, across the whole bed of the stream. The river, a little above, is nearly three

তাহারা সেপ্তম্বর মাসহইতে সে এগার দিন লুপ্ত করাইল, এবং ৩ সেপ্তম্বর তাহারা ১৪ গণনা করিল.

এই মত ভ্রান্তি ইহার পর না হয় তন্নিমিত্ত মহাসভা তৎকালে আজ্ঞা করিলেন, যে সন ১৮০০ ও সন ১৯০০ সালে, চতুর্থ বৎসর হইয়া তিন শত ছেষট্টি দিন প্রাপ্ত হইত, তাহা অন্যথা করিয়া ঐ দুই বৎসর তিন শত পঁয়ষট্টি দিন করিয়া নিরূপণ করিলেন. তাহারা আরো আজ্ঞা করিলেন যে চতুঃশত বৎসরের মধ্যে শেষ যে চতুর্থ বৎসর সে তিন শত পঁয়ষট্টি দিনে হইবেক. যদি এমত গণনা নিশ্চয় হয় তবে পাঁচ হাজার বৎসরের মধ্যে এক দিনেরও ভ্রান্তি হইবে না.

উত্তরামেরিকাস্থ কনাদা দেশে নওয়াগড়া নামে মতিঝিল.

এই স্থানের মহাজল পতন এই প্রকারে উৎপন্ন হয়. সেন্ত লারন্স নদী এরই হ্রদহইতে অণ্টারিও হ্রদে পড়ে, সেন্তলারন্স নদী পৃথিবীর মধ্যে মহানদী, এবং তাহার মহাস্রোতের জল এই মতিঝিলের স্থানে নিশ্চয় এক শত হাত উপরহইতে পড়ে, এই দর্শনের গৌরব প্রায় মনে ভাবা দুষ্কর. এই গভীর ও বেগগামিনী নদী যে প্রায় তাবৎ উত্তরামেরিকার জল আতলান্তিক সাগরে প্রবেশ করায়, সেই নদী অতিবেগে পর্ব্বতের উপর দিয়া পড়ে, সেই পর্ব্বত নদীর মধ্যবর্ত্তি ও প্রাচীরের ন্যায়, ও নদীর সমান আয়ত তৎপ্রযুক্ত ঐ নদীর স্রোত ঐ পর্ব্বতে রুদ্ধ হইয়া পর্ব্বতের সমান উচ্চ উঠে, পরে ঐ পর্ব্বতের গা বাহিয়া অন্য দিকে পড়ে, সেই মতিঝিলের অগ্রে কতক দূর ঐ নদী

quarters of a mile broad; and the rocks at which it grows narrower, are four hundred yards over. Their direction is not straight across, but they are hollowed inwards like a horse-shoe; so that the cataract, which bending to the shape of the obstacle, rounds inward presents a theatre the most tremendous in nature. Just in the middle of this circular wall of waters, a little island, that has braved for thousands of years the fury of the current, presents one of its points, and divides the stream at the top into two parts; but they unite again long before they reach the bottom. The noise of the fall is heard at the distance of several leagues and the fury of the water, at the termination of their fall, is inconceivable. The dashing produces a mist that rises to the very clouds; and forms a most beautiful rainbow, when the sun shines. It will readily be supposed, that such a cataract entirely destroys the navigation of the stream; and yet some Indians, in their canoes have it is said, ventured down it with safety.

এক পোয়া ক্রোশ আয়তা, এবং পরে যেখানে কিঞ্চিৎ ন্যূন আয়তা, সেখানে ঐ নদী আট শত হাত. পর্ব্বতগুলি নিশ্চয় সোজা নহে, কিন্তু অর্দ্ধচন্দ্রাকৃতি কিঞ্চিদ্বক্র ভাবাপন্ন, এবং জল তাহার আকৃত্যনুসারে তাহার মধ্যে প্রবেশ করে, তাহাতে তাহার যেমন সৌন্দর্য্য দর্শন হয় তেমন পৃথিবীর মধ্যে আর নাই. এই গোলাকৃতি জলের স্রোতের মধ্যে এক ক্ষুদ্র দ্বীপ আছে, সে সহস্রবর্ষ পর্য্যন্ত ঐ জলের স্রোতের সহিত যুদ্ধ করিয়া জয়ী হইয়াছে, সে পর্ব্বতের শৃঙ্গের দ্বারা নদী দুই ভাগ হইয়া যায়, কিন্তু নীচপর্য্যন্ত না পঁহুছিতেং একত্র হয়, এই জল পতনশব্দ সাত আট ক্রোশহইতে শুনা যায়. জল পতনদ্বারা আসারসমূহ মেঘ পর্য্যন্ত উঠে, এবং সূর্য্যের তেজ তাহাতে লাগিলে ইন্দ্রধনুকের মত জ্ঞান হয় সে এমত স্থান যে সকলে জ্ঞান করে যে কোন ব্যক্তি তাহা দিয়া গমন করিতে পারে না, তথাপি সেখানকার কতক লোকেরা সেই স্থানে ডোঙ্গা লইয়া অনায়াসে পার হয় এমত লোকে কহে.

146

Dig-Durshun,

OR THE

INDIAN YOUTH'S MAGAZINE.

No. VII.

October, 1818.

DIG-DURSHUN.

No. VII.

Of the Origin of Printing.

The art of Printing is one of the most useful and important which mankind have yet invented. It has contributed more than any thing else to the extension of knowledge, and may be said indeed to have established a new empire in the world. Before the invention of this art when books existed only in manuscript, the progress of knowledge was exceedingly slow. When a book had been composed, it was some time before the inhabitants who lived in its vicinity became acquainted with its existence, and a still longer time elapsed before it was known to the inhabitants of other countries. This will in some measure account for the slow progress of knowledge; and for its being valued by so small a number before the invention of Printing. The nations of Europe were at that time involved in the deepest ignorance; few were acquainted even with the common rudiments of knowledge, and true science was almost extinct; but after this art had become universally

সপ্তম ভাগ.

ছাপাকর্ম্মের উৎপত্তির বিবরণ.

পৃথিবীর মধ্যে ছাপাকর্ম্ম মনুষ্যসৃষ্ট অন্যং সকল ক্রিয়া হইতে প্রশস্য ও উপযোগি, এবং অন্যং উপায়হইতে তাহার দ্বারা বিদ্যার বেগ অতিশয় বর্দ্ধিষ্ণু হইয়াছে. এই ছাপাকর্ম্ম মনুষ্যেরদের মনে নূতন রাজ্যের মত জ্ঞান হয়. ছাপা সৃষ্টির পূর্ব্বে যখন সকল গ্রন্থ কেবল হস্তলিখিতমাত্র ছিল, তখন বিদ্যা অতিমন্দগামিনী ছিলেন, যেহেতুক কোন গ্রন্থ রচনা করা গেলে তন্নিকটবর্ত্তি লোকেরা ক্রমেং বহু দিনে জানিতে পারিত কিন্তু অন্যং দেশস্থেরা তাহাহইতেও অত্যন্ত বিলম্বে সে গ্রন্থ জানিত, ইহাতে বিদ্যার গমন অতিমৃদু ছিল এবং অত্যল্প লোকের মধ্যে বিদ্যার অলোচনা ছিল. ছাপা উপস্থিত হওনের পূর্ব্বে ইউরোপ দেশীয় লোকেরা অতিঘোর অজ্ঞানান্ধকারে মগ্ন ছিল, অত্যল্প লোক কেবল লিখা পড়া জানিত প্রকৃত জ্ঞান প্রায় লুপ্ত ছিল, কিন্তু ছাপাকর্ম্ম প্রকাশ হইলে পর নানা বিদ্যাবিষয়ক গ্রন্থ সৃষ্টি হইল.

known, an immense number of works were composed on the various branches of science, and instead of the darkness which had heretofore prevailed, the light of knowledge began to shine with uncommon splendour.

By the aid of Printing truth and error being distinguished from each other, were more quickly discriminated. When a book had been printed on any subject, it was speedily put into circulation, and a great number were enabled to weigh its contents, and to form their separate opinions on the subject, by which course the truth was more likely to be discovered. Without the aid of printing it would be difficult thus to ascertain the various opinions of mankind.

Through this art also, valuable works are preserved from destruction. As the writings of the Greeks and Romans existed only in manuscript, the greater part of them have perished in the revolution of empires, and through the ravages of time. Those which survived to the period when printing was invented will probably continue for ever, as such an immense number of copies of them have been printed and deposited in the various countries of Europe that it is scarcely possible for every copy to perish. Since the invention of Printing no one valuable work has been lost. It is owing to the lateness of the inven-

তাহাতে যেমন পূর্ব্বে ঘোরান্ধকার ছিল তেমন এখন বিদ্যার আলোক প্রজ্বলিত হইল.

ছাপাকর্ম্মদ্বারা সকল প্রকার সত্য কিম্বা মিথ্যা শীঘ্র জানা যায়, যেহেতুক কোন বিদ্যাবিষয়ক গ্রন্থ প্রস্তুত হইয়া ছাপা হইলে ঐ গ্রন্থ সর্ব্বত্র প্রকাশিত হওয়াতে তাহার সত্য মিথ্যা অনেকে বিচার করিতে পারেন, এবং আপনং অভিপ্রায়ানুসারে তাহার বিবেচনা করেন; এইং প্রকারে বিদ্যার সত্যতা প্রকাশ হয়. যদি ছাপাকর্ম্ম প্রকাশ না হইত তবে লোকেরদের অভিপ্রায় জানিতে দুর্ঘট হইত.

ছাপার দ্বারা কর্ম্মণ্য পুস্তক চিরজীবী হইয়া থাকে. গ্রীকেরদের ও রোমাণেরদের পুস্তক কেবল লিখিত ছিল; এই নিমিত্ত নানা রাজ্যের উপপ্লবেতে ও সময়ের গমনেতে তাহার অনেক লুপ্ত হইয়াছে, কিন্তু ছাপাকর্ম্মের আরম্ভ হইলে যে পুস্তক ভাগ্যক্রমে ছিল সেং পুস্তক নিত্য চিরজীবী থাকিবে. যেহেতুক ঐ পুস্তক এতৎসংখ্যক ছাপান গিয়াছে এবং ইউরোপের নানা দেশে এমত ব্যাপ্ত হইয়াছে, যে তাহাতে সকল আদর্শ কখনও লুপ্ত হইতে পারে না. এবং ছাপার আরম্ভাবধি কোন কর্ম্মণ্য পুস্তক লুপ্ত হয় নাই. পূর্ব্বে ছাপাকর্ম্ম না থাকাতে, নানা দেশীয়

tion that the ancient history of so many nations is buried in impenetrable obscurity. Through the loss of their records which existed only in manuscript, their descendants in some cases know not even the name by which their ancestors were distinguished. Of many of the ancient Hindoo sages the names only are known, their works are completely lost; whereas those which have survived to this period and are now committed to the press, will probably remain for ever. And if in any respect the immortality of Valmeeki be substantiated, it can only be done by his poems being rendered immortal through this art.

The cities of Harlem in Holland, and Mentz in Germany, contend for the honor of having originated printing, but the learned have decided that though the art originated at Harlem, it received great improvements in Mentz. About the year 1430 in the city of Harlem, one Laurentius having without any particular intention engraved some letters upon a tree and blackened them with ink, laid some paper over them and obtained a good impression. Encouraged by this attempt, he began to cut whole pages upon blocks of wood, and to print them off. He afterwards improved the art by cutting each letter upon a separate bit of wood, which being put together, enabled him to print books. This is the origin of printing. The wooden types

লোকেরদের পূর্ব্বকালীন বৃত্তান্ত অন্ধকারে আচ্ছন্ন হইয়াছে. এবং পূর্ব্বকালীন লিখিতমাত্র ইতিহাস এমন লুপ্ত হইয়াছে যে তাহারদের সন্তানেরা জানে না যে তাহারদের পূর্ব্ব পুরুষেরা কি নামে খ্যাত ছিল. পূর্ব্বকালীন হিন্দু অধ্যাপকেরদের অনেক গ্রন্থ লুপ্ত হইয়াছে; তাহার নামমাত্র শুনা যায় এখন অবশিষ্ট যেং গ্রন্থ আছে সে সকল যদি ছাপান যায় তবে চিরজীবী হইবে; এই প্রকারে বাল্মীকিও চিরজীবী হইয়া থাকিবেন.

ছাপাকর্ম্মারম্ভের সম্ভ্রমের কারণ হলণ্ড দেশান্তর্গত হারলেম নগর, ও জর্মণি দেশান্তঃপাতি মেন্‌স নগরের বিরোধ আছে. পণ্ডিতেরা এই নিশ্চয় করিয়াছেন যে হারলেম নগরে এই ছাপা কর্ম্ম প্রথম উৎপন্ন হইল, কিন্তু মেন্‌স নগরের লোকেরা তাহার সংস্কার করিল. অনুমান চৌদ্দ শত ত্রিশ সনে হারলেম নগরে লারেন্‌সিয়স নামে এক জন ক্রীড়ানিমিত্ত এক বৃক্ষের উপরে অক্ষর ক্ষুদিয়া, তাহার উপরে কালি দিয়া কাগজ ছাপাইলেন তাহাতে সুন্দর অক্ষর জন্মিল, ইহাতে আশাযুক্ত হইয়া তিনি কাষ্ঠের উপরে অক্ষর ক্ষুদিয়া ছাপাইতে লাগিলেন. পরে একং অক্ষর স্বতন্ত্র ক্ষুদ্রং কাষ্ঠে প্রস্তুত করিতে লাগিলেন ও তাহা একত্র করিয়া তাহার দ্বারা পুস্তক ছাপাইলেন. এই

however involved so great a delay, that it was seven or eight years before a book could be completed.

In the year 1442, twelve years after the first attempt, a workman in the office, of the name of Faustus, having during the night robbed it of a set of types and printing implements fled to Mentz, where he established another printing office. Two or three years after this, it was perceived that the wooden types decayed quickly, they therefore substituted lead in its stead, which was the second improvement in the art.

Fifteen years after this event, in the year 1457, a man of the name of Schœffer intered into copartnership with Faustus. It was Schœffer who first invented the casting of types. The former process of cutting letters on wood or lead was exceedingly tedious; to remedy this delay Schœffer engraved them on steel punches. These punches were beaten with violence into a piece of copper; the copper was then put into a mould and liquid lead poured upon it, by which as many letters as were required were fabricated in a short space of time. This was the next improvement. And as lead was found to be exceedingly soft, antimony was mixed with it to harden it.

ছাপাক৺র্ম্মের আরম্ভ কিন্তু সেই কাষ্ঠে অক্ষর ক্ষুদিতে এত বিলম্ব হইল, যে সাত আট বৎসরে এক পুস্তক ছাপা সমাপ্ত হইল.

এই প্রথমোদ্যোগের বার বৎসর পরে; অর্থাৎ চৌদ্দ শত বিয়াল্লিশ সনে; সেই ছাপাগৃহস্থিত ফষ্টস্ নামে এক ব্যক্তি এক প্রস্থ অক্ষর ও ছাপার উপযোগি ভাবদস্তু লইয়া রাত্রিতে পলায়ন করিয়া মেন্‌স নগরে গিয়া সেখানে ছাপাঘর করিলেন. তাহার দুই তিন বৎসর পরে তাঁহারা দেখিলেন যে শীঘ্র কাষ্ঠক্ষয় হয়; এই কারণ সীসার উপরে অক্ষর ক্ষুদিতে লাগিলেন ইহাতে দ্বিতীয় সংস্কার হইল.

ইহার পোনের বৎসর পরে; অর্থাৎ চৌদ্দ শত সাতান্ন সনে; সেফর নামে এক ব্যক্তির সহিত ঐ ফষ্টস্ একপরামর্শ হইয়া গ মানাংশে কর্ম্ম করিতে লাগিলেন. ঐ সেফর প্রথমে অক্ষর ঢালিতে লাগিলেন; ইহার পূর্ব্বে যখন কাষ্ঠে ও সীসাতে অক্ষর ক্ষুদিতেন তখন অতিশয় বিলম্ব হইত, কিন্তু ঐ ব্যক্তি প্রথম ইস্পাতের উপরে ছেনি ক্ষুদিলেন; পরে সেই ইস্পাত অতিদৃঢ়রূপে তাঁবার উপরে মারিলেন এবং সীসা গলাইয়া সেই তাঁবার উপর ঢালিলেন তাহাতে যত অক্ষর করিতে ইচ্ছা করিলেন, সেই তাঁবাতে সীসা ঢালিবামাত্র অত্যল্পকালে তত অক্ষর জন্মিতে লাগিল; এই সংস্কার তৃতীয়. পরে দেখিলেন যে সীসা অতিকোমল অতএব তা৺হার সহিত সুরমামিশ্রিত করিয়া শক্ত করিলেন.

In the year 1462, thirty-two years after the invention of the art, a prince of Germany having conquered the city of Mentz, the members of the printing office, with all their implements, were dispersed abroad, by which a knowledge of the art was extended to other countries, and in a few years printing offices were established in all the principal cities of Europe. The honour of the invention continues however to belong to Holland.

At what time it was first introduced into England, is matter of controversy. It was for a long time the established opinion that the first book ever printed in England was executed by William Caxton in the year 1471, but the discovery of a book in the Library of the University of Oxford which purports to have been printed in the year 1468, has in some measure diminished the honor which was paid to him as the father of English printing. The introduction of printing into Oxford was somewhat remarkable. When it had attained celebrity on the continent, the Archbishop of Canterbury besought the king of England to introduce a knowledge of this new and wonderful art among his subjects. The king assented to his proposal, and convinced that this could only be accomplished by secret measures; sent one of his confidential servants with Caxton, and a considerable sum of money, into Holland. The servant of the king having disguised himself, took

চৌদ্দ শত বাষট্টি সনে, ছাপার আরম্ভের বত্রিশ বৎসরের পরে, জর্ম্মনি দেশীয় এক রাজা ঐ নগরাধিকার করিলেন; তাহাতে ঐ ছাপাঘরের সকল লোক ও ছাপার তাবৎ সজ্জা নানা স্থানে ছড়িয়া পড়িল; তাহাতে নানা দেশে ছাপাবিদ্যা প্রকাশ হইল. কএক বৎসর পরে ইউরোপ দেশের সকল প্রধান২ নগরে ছাপা স্থাপন হইল; কিন্তু এই কর্ম্মের উৎপত্তিজন্য সংভ্রম হলণ্ড দেশের রহিল.

ইংগ্লণ্ড দেশে কোন সময়ে ছাপার আরম্ভ হইয়াছে তাহার নির্ণয় কারণ বিরোধ হইতেছে. অনেক কাল পর্য্যন্ত লোকেরদের জ্ঞান ছিল যে ইংগ্লণ্ডে কাক্স্তন সাহেব চৌদ্দ শত এক হত্তর সনে প্রথমে এক পুস্তক ছাপা করিয়াছিলেন; কিন্তু পরে অকস্ফোর্দ নামে বিদ্যালয়ের পুস্তকের মধ্যে চৌদ্দ শত আটষট্টি সনের ছাপা এক পুস্তক পাওয়া গেল. ইহাতে আমরা কাক্স্তন সাহেবকে ছাপার পিতা জানিয়া যে সংভ্রম করিতাম তাহার কিঞ্চিৎ ন্যূনতা হইল. অকস্ফোর্দে যে ছাপা আরম্ভ হয় তাহার বিবরণ কিছু আশ্চর্য্য; যখন ইউরোপেতে প্রথম ছাপা খ্যাত হইল তখন ইংগ্লণ্ড দেশের প্রধান ধর্ম্মাধ্যক্ষ আপন বাদশাহের নিকটে অনেক বিনয় করিয়া যাক্রা করিলেন, যে কোন প্রকারে এই নূতন ও আশ্চর্য্য ছাপাবিদ্যা আপন দেশে আনেন. ইহাতে বাদশাহ সম্মত হইলেন ও বুঝিলেন যে এ কর্ম্ম কেবল গুপ্তরূপে করিলেই নিষ্পন্ন হইতে পারিবেক. এই কারণ আপন বিশ্বস্ত এক চাকর ও ঐ কাক্স্তনকে ও কতক টাকা হলণ্ড দেশে পাঠাইলেন. ঐ চাকর অন্য বেশধারণ করিয়া হলণ্ড দেশের

up his residence successively in two or three towns of Holland, because the magistrates of Harlem were continually on the watch to prevent any one's acquiring a knowledge of the art, and had confined several persons who had visited the city with that object. After many exertions, the royal messenger succeeded in purchasing at a very high price the services of Corsellis, one of the workmen in the office, who having agreed to go over to England, fled from the city in the dead of the night to the sea shore, where a vessel belonging to the king sent for the purpose, conveyed him over to England. The king fearing to establish the office in the city of London, dispatched him under a guard to Oxford, where he continued in custody till he had instructed two or three of our countrymen in the art. After this, a knowledge of printing was gradually diffused through the country, and printing offices were established in the principal cities. Fifty years after the invention of the art, there was no country in Europe without a printing office.

The praise bestowed on this art though great, does not exceed its merits. Before its invention, the progress made in knowledge during a thousand years, was scarcely equal to that made in a hundred years since. Europe has now sent its philosophy and science to the inhabitants of Hindoost'han, and with it they have also sent this inva-

দুই তিন নগরে কতককাল বাস করিলেন; যেহেতুক হলণ্ডের হারলেম নগরের অধ্যক্ষেরা অন্যে এই কর্ম্ম শিক্ষা করিবে, ইহা ভাবিয়া সর্ব্বদা সন্ধিগ্ধ ছিলেন, এবং যে লোকেরা শিখিবার নিমিত্ত সে নগরে গিয়াছিল তাহারদিগকে ধরিয়া কএদ করিয়াছিলেন. পরে অনেক চেষ্টাতে ঐ ছাপাঘরের কর্ণিলিস নামে এক চাকরকে অধিক টাকা দিলেন; তাহাতে সে ইংগ্লণ্ড দেশে যাইতে সম্মত হইল ও এক রাত্রিতে পলাইয়া সমুদ্রতীরে বাদশাহকর্তৃক প্রস্তুতা এক নৌকাতে আরোহণ করিয়া, ইংগ্লণ্ডে আইল. কিন্তু বাদশাহ লণ্ডন নগরে ছাপাঘর করিতে ভয় করিলেন এইপ্রযুক্ত তাহার সঙ্গে সৈন্য দিয়া অকস্ফোর্ড নগরে পাঠাইলেন এবং সেখানে যাবৎ দুই তিন জন ইংগ্লণ্ডীয় লোক তাহার নিকটে ছাপাকর্ম্ম শিক্ষিত হইল তাবৎ তাহাকে প্রহরীর জিম্মাতে রাখিলেন. ইহারপরে ক্রমেং ছাপার বৃদ্ধি অতিশয় হইল এবং প্রধানং নগরে ছাপাঘর হইল. ছাপাকর্ম্মের প্রকাশ হওনের পর পঞ্চাশ বৎসরের মধ্যে ছাপাঘর না হইল ইউরোপের মধ্যে এমত দেশ ছিল না.

এই ছাপাকর্ম্মের প্রশংসা অনেক করা গিয়াছে; কিন্তু সে অতুল্য নহে. যে অবধি এই ছাপার আরম্ভ হইয়াছে ইহার পূর্ব্বে যে বিদ্যোপার্জনে সহস্র বৎসর লাগিত সে বিদ্যোপার্জন ইহার দ্বারা এক শত বৎসরে হইতেছে. ইউরোপ দেশস্থ লোকেরা আপনারদের জ্ঞান ও বিদ্যা হিন্দুস্থানীয় লোকেরদের নিকটে

luable art, by which the knowledge now spreading in the East will continually remain, and gradually acquire new splendor till every city in Hindoost'han shall be filled with light.

Of the Echo.

Pupil. When I make a sound in a house or in any other place, an Echo is produced; what is the cause of it?

Tutor. When you throw a pebble into a small pool of water, what happens to the waves when they reach the margin?

P. The water after reaching the shore, is thrown back again in proportion to the strength of the stroke.

T. The same happens with regard to the undulations in the air, which are the cause of sound; when a sound is uttered, it spreads through the air. The air being put in motion and striking against a wall, or a hill, or any other object is thrown back again; this is the cause of the Echo.

P. I wonder then that we do not hear Echos more frequently.

এখন প্রেরণ করিয়াছেন তাহার সহিত ছাপাকর্ম্ম ও পাঠাইয়াছেন এবং সে কর্ম্মের দ্বারা যে বিদ্যা এতদ্দেশে প্রচলিতা হইতেছে সে বিদ্যা কখনও লুপ্তা না হইয়া নূতন সংভ্রমপ্রাপ্তা হইবে, যাবৎপর্য্যন্ত হিন্দুস্থানের প্রত্যেক প্রদেশ বিদ্যাতে পরিপূর্ণ হয়.

প্রতিধ্বনি বিষয়ে.

শিষ্য. যখন কোন ঘরে কিম্বা অন্য কোন স্থানে থাকিয়া শব্দ করি তাহার প্রতিধ্বনি হয়; ইহার কারণ কি.

গুরু. যখন তুমি জলের মধ্যে এক প্রস্তর ক্ষেপ কর, তখন সে জল তীরে পঁহুছিয়া কি হয়.

শিষ্য. সে জল যেমন ঐ প্রস্তর ক্ষেপের বলানুসারে উর্ম্মি হইয়া তীরপর্য্যন্ত আইসে, তেমন তীরে ঠেকিয়া পুনর্ব্বার ফিরিয়া যায়.

গুরু. নিশ্চয় সেই মতও আকাশের উর্ম্মি. শব্দের কারণ আকাশ, অতএব শব্দ করিলে সেই শব্দ আকাশের উর্ম্মিসঙ্গী হইয়া কোন প্রাচীরে কিম্বা কোন পাষাণে ঠেকিলে, ফিরিয়া আইসে তাহাতে প্রতিধ্বনি হয়.

শিষ্য. তবে কেন নিত্য প্রতিধ্বনি না শুনি.

T. Several circumstances must concur before an echo can be produced; for an echo to be heard, the ear must be in a straight line with the place from whence the sound is thrown back.

P. What do you mean by the ear's being in a straight line with the object?

T. Have you ever played with a ball?

P. I and my brother have frequently played with one.

T. Suppose you were to throw a ball against a wall, what would happen?

P. If I stand directly opposite, the ball will, if I throw it with sufficient force, spring back.

T. The line which the ball describes in striking against the wall, is called the *line of incidence,* and that which marks its returning, is the *line of reflection.*

P. But both these lines are the same.

T. Yes in this case. But suppose you should throw it obliquely against the wall, will the ball return to the hand?

P. Oh no! it will turn sideways, contrary to the direction in which I throw it.

গুরু. প্রতিধ্বনি হওনের আরও দুই তিন কারণ আছে. প্রতিধ্বনি শুনিতে যদি ইচ্ছা থাকে তবে শব্দ যে স্থানে ঠেকিয়া পরাঙ্মুখ হয় তাহার সমসূত্র পাত স্থানে কর্ণ রাখিলে শুনা যায়.

শিষ্য. পরাঙ্মুখের সমসূত্র পাতার্থ কি বুঝিতে পারি না.

গুরু. তুমি কখন কন্দুক ক্রীড়া করিয়াছ, অর্থাৎ গেঁড়ো খেলা করিয়াছ.

শিষ্য. হাঁ মহাশয় আমি ও আমার ভ্রাতা বারং খেলাইয়াছি.

গুরু. তুমি ঐ গেঁড়ো কোন প্রাচীরে নিক্ষেপ করিলে কি প্রকার হয়.

শিষ্য. যদি আমি সমানে সক্ত করিয়া প্রাচীরে গেঁড়ো নিক্ষেপ করিয়া হাত সমানে রাখি তবে সে গেঁড়ো পরাঙ্মুখ হইয়া সেই হাতে আইসে.

গুরু. গেঁড়ো নিক্ষিপ্ত হইয়া যে পথে যায় তাহার নাম নিক্ষেপসূত্র, ও যে পথে ফিরিয়া আইসে তাহার নাম পরাঙ্মুখসূত্র.

শিষ্য. কিন্তু যদি ফিরিয়া হাতে আইসে তবে দুই সূত্র সমান.

গুরু. বটে যদি সে গেঁড়ো বক্রভাবে ক্ষেপ কর তবে কি হয় তবে কি হাতে আসিবে.

শিষ্য. তবে অন্য বক্র দিকে পড়ে.

T. You have answered rightly: if the ball be thrown sideways, the *line of incidence* is different from the *line of reflection.*

P. This is true. Can you explain it to me by any thing else?

T. When you stand before a looking glass, you see yourself, because the rays of light which flow from you to the glass, are reflected back in the same line; but if you stand on one side of the room and your brother on the other, you will see your brother's face in the glass, and your brother will see your's, because the rays of light flow from both of you obliquely on the glass and are thrown off in a contrary direction. It is exactly the same with regard to sound; if the sound strike the wall obliquely, it will like the ball against the wall, or the rays of light against the glass, fly off again obliquely on the other side.

P. I have heard of places were the sound is repeated several times.

T. This happens when a number of walls, rocks, &c. reflect the sound from one to the other; and when a person happens to stand in such a situation as to intercept all the *lines of reflection.* In Scotland, there is an echo that repeats a tune played with a trumpet, three times completely and distinctly. Near Rome there was one that re-

গুরু. তুমি নিশ্চয় বুঝিয়াছ যে যখন বক্রভাবে গেঁড়ো ক্ষেপ কর তখন নিক্ষেপসূত্র ও পরাঙ্মুখসূত্র সমান নহে.

শিষ্য. এ সত্য. তুমি আর কোন প্রকারে আমাকে বুঝাইতে পার.

গুরু। আর যখন তুমি আদর্শের সম্মুখে থাক তখন তুমি আপন মুখ দেখিতে পাও, যেহেতুক আলোকের কিরণ তোমাহইতে আদর্শে পড়িয়া পরাঙ্মুখ হইয়া তোমার ঐ চক্ষুতে আইসে, কিন্তু যদি তুমি ও তোমার ভ্রাতা আদর্শের দুই পার্শ্বে থাক তবে তোমার মুখ তোমার ভ্রাতা দেখিতে পাইবে তুমিও তোমার ভ্রাতার মুখ দেখিতে পাইবা, যেহেতুক উভয় দিকের আলোক বক্রভাবে আদর্শে পড়িয়া বক্রভাবে পরস্পর উভয় চক্ষুতে পড়ে. সেই মত শব্দের নিয়ম, যদি শব্দ বক্রভাবে কোন প্রাচীরে ঠেকে তবে তাহার প্রতিধ্বনি বক্রভাবে হইবেক, যেমত গেঁড়ো বক্রভাবে ভিত্তির উপরে পড়িলে কিম্বা আলোকের কিরণ বক্ররূপে আদর্শে পড়িলে বক্রভাবে পুনর্গমন করে.

শিষ্য. আমি শুনিয়াছি যে এমত স্থান আছে যে সেখানে এক শব্দে দুই তিন প্রতিধ্বনি হয়.

গুরু. এমত স্থান আছে যেখানে অনেক প্রাচীর ও পর্ব্বত আছে সেখানে শব্দ করিলে সেই শব্দ প্রথম এক প্রাচীরে কিম্বা পর্ব্বতে ঠেকিয়া অন্য প্রাচীরে কিম্বা পর্ব্বতে লাগে, তাহার মধ্যে যে লোক থাকে তাহারদের সমসূত্রপাতে যে কএক বার গমনাগমন করে সেই কএক বার প্রতিধ্বনি শুনিতে পায়. স্কটলণ্ড দেশে এক প্রতিধ্বনি আছে যে সেখানে তূরীদ্বারা শব্দ করিলে প্রতিশব্দের তিনবার প্রতিধ্বনি হয়. রোম নগরের

peated what a person said, five times. In England, there is an echo which repeats ten or eleven times very distinctly. At Brussels in Germany, there is an echo that answers fifteen times. In another place in Germany, there is a celebrated echo different from most others. In common echoes, the repetition is not heard till some time after the words spoken; in this, the repetition is instantly perceived very clearly, and in surprising varieties; the echo in some cases appears to be approaching, in others receding; sometimes it is heard distinctly, at other time scarcely at all: one person hears only one voice, while another hears several.

P. This is astonishing.

T. A philosopher in England, contrived to measure distances by the echo. Standing on one side of a river, he uttered a sound, noticing distinctly in what time it returned to him, by which means he ascertained the breadth of the river.

Of the Barbarism and Manners of the Ancient Britons.

Eighteen hundred years ago, the Roman general Cæsar, who made a descent on England, found the

নিকট দেশে যে প্রতিধ্বনি হয় সে প্রতিকথায় পাঁচবার প্রতিধ্বনি জন্মে. ইংগ্লণ্ডে এক স্থান আছে সেখানে দশ এগারবার এক শব্দের প্রতিধ্বনি হয়, এবং জর্ম্মনি দেশে ব্রুসেল্স নগরে এক প্রকার প্রতিধ্বনি আছে সে পোনেরবার হয়; এবং জর্ম্মনির অন্য স্থানে অন্যহইতে এক আশ্চর্য্য প্রতিধ্বনি আছে সে সামান্য প্রতিধ্বনিতে শব্দ নির্গত হইবার দুই তিন পল পরে প্রতিধ্বনি শুনা যায়, কিন্তু সেখানে মুখহইতে শব্দ নির্গত হইবামাত্র অতি স্পষ্টরূপে প্রতিধ্বনি হয়, এবং পৃথকং রূপে. কোনং সময়ে এমন বোধ হয় যে ঐ প্রতিধ্বনি যে তোমার নিকটে আইসে, ও কোনং সময়ে বোধ হয় যে তোমার নিকটহইতে যায়. কোনং সময়েতে সেখানে শব্দ করিলে প্রতিধ্বনি শুনা যায়, ও অন্য সময়ে প্রায় শুনা যায় না. এবং সেখানে শব্দ করিলে তাহার নিকটবর্ত্তী জন এক প্রতিধ্বনি শুনে, ও অন্য লোক সে শব্দহইতে অনেক প্রতিধ্বনি শুনে.

শিষ্য. এ অত্যাশ্চর্য্য.

গুরু. ইংগ্লণ্ড দেশে এক পণ্ডিত প্রতিধ্বনিদ্বারা স্থানের দূরত্ব মাপিয়াছিল. সে ব্যক্তি নদীর এক তীরে দাঁড়াইয়া শব্দ করিল ও দেখিল যে সে শব্দের প্রতিধ্বনি কত পলের মধ্যে ফিরিয়া আইসে. তাহাতে সে নদীর আয়ততা নিশ্চয় করিল.

ইংগ্লণ্ডীয়েরদের পূর্ব্বকালীন অসভ্যতা ও ব্যবহার.

আটার শত বৎসর হইল যখন রোমাণেরদের সেনাপতি কাইসর ইংগ্লণ্ড দেশ অধিকার করিতে গেলেন, তখন সেখান

inhabitants altogether savage and uncivilized. Their bodies were naked, with the exception of those who inhabited the southern part of the island, who covered themselves with the skins of beasts, not so much for the purpose of clothing, or to prevent the inconveniences of cold, but out of regard to the inhabitants of other countries who visited them for the sake of trade. They were also in the habit of marking their skins with the figures of flowers, trees, fishes, beasts, &c. by way of ornament. These impressions were afterward stained with the juice of a tree to render them indelible. This practice is still in use among the uncivilized inhabitants of New Holland and other Islands.

Our ancestors lived at that time in the woods. Their huts were made of posts and covered with the branches of trees, or the skins of beasts. A village consisted in general of two or three hundred of these huts, built without any regularity, in the woods. The village was generally surrounded with a mound of earth to serve for defence. Their food consisted chiefly of flesh obtained by hunting; the use of fish and birds being prohibited by their religion.

At this period also our fore-fathers were involved in the profoundest ignorance. The knowledge of letters was confined to the priests, who exercised

কার লোকেরদিগকে অসভ্য ও বন্য দেখিলেন, তাহারদের মধ্যে পরিচ্ছদের ব্যবহার কিছুমাত্র ছিল না. দক্ষিণ ভাগের লোকেরা পশুচর্ম্মদ্বারা আপনারদিগের উলঙ্গতা আবরণ করিতেন, সে যে আবরণ করিতেন সেও পরিচ্ছদের জন্যে নহে শীত নিবারণার্থও নহে; কিন্তু অন্য দেশীয় লোকেরা বানিজ্যের কারণ আইলে পরিচ্ছদে আবরণ করিতেন, এবং শোভার কারণ আপন শরীরের চর্ম্মেতে কণ্টকদ্বারা ঝাড় ফুল গাছ মাছ পশু পুভৃতির আকৃতি লিখিতেন, এবং এক পুকার বৃক্ষের রস তাহার উপরে দিতেন যে সে অঙ্ক কখনও লুপ্ত হইত না. এই ব্যবহার নবহলণ্ডের মধ্যে ও অন্য২ উপদ্বীপের মধ্যে বন্য জাতিরদের এখন পর্য্যন্তও আছে.

সে সময়ে আমারদের পুর্ব্ব পুরুষেরা অরণ্যে বাস করিতেন, এবং ক্ষুদ্র২ কাষ্ঠদ্বারা গৃহ করিয়া বৃক্ষের ডাল ও পশুচর্ম্ম দ্বারা তাহার আচ্ছাদন করিতেন. দুই তিন শত এই মত কুটীরদ্বারা এক গ্রামহইত, কিন্তু সে সকল কুটীরও ক্রমপূর্ব্বক ছিল না. এবং গ্রামের চতুর্দ্দিকে মৃত্তিকা কাটিয়া গড় নির্ম্মাণ করিতেন; তাঁহারা মৃগয়া করিয়া যে মাংসাহরণ করিতেন তাহাই আহার করিতেন, মৎস্য ও পক্ষী ভোজন তাঁহারদের স্বধর্ম্মে নিষিদ্ধ ছিল.

সে সময়ে আমারদের দেশের সকল লোক অজ্ঞান ছিলেন, তাহার মধ্যে অধ্যাপকেরামাত্র লিখা পড়া জানিতেন, ঐ অধ্যা

the most unbounded influence over their disciples. They also worshipped idols of various descriptions, to appease the imaginary wrath of whom, they practised rites of unparalleled barbarity. On one occasion having been defeated in battle and suspecting that their discomfiture was occasioned by the wrath of their god Saturn, they selected three hundred children of the best families, and having put them into a large caldron, burnt them alive in order to avert his wrath. What an astonishing difference is perceivable between their state and ours. The English were once as wretched in their morals and as degraded in their understandings as the most uncivilized savages of the present day, but in the lapse of years by an almost imperceptible progression, they are become rich in a variety of acquirements. They are unrivalled in commerce, pre-eminent in arts, and foremost in the pursuits of philosophy and science, and from their own inexhaustible stores, they are now sending forth the blessings of knowledge to the remotest corners of the world. Let no one therefore despair of the progress of knowledge in India; the same means which have raised Britain from a state of the most profound barbarism to their present degree of civilization are open to all other nations; that knowledge, which has rendered Europe, though the smallest quarter of the globe, the most celebrated, is within the grasp of all;—it is now spreading in India, where we hope it will make a vigorous progress. And who knows but that this coun-

পকেরা শিষ্যেরদিগকে অত্যন্ত বশীভূত করিয়া রাখিতেন, তাহারা নানাবিধ দেবপূজা করিতেন, এবং সেই দেবতারা রুষ্ট হইলে তাহার শান্তি কারণ এমত গর্হিত কর্ম্ম করিতেন যে তাহা শ্রুতও নহে. এক সময়ে তাঁহারা যুদ্ধেতে পরাজিত হইয়া বুঝিলেন যে আমারদের দেবতা শনি রুষ্ট হইয়াছেন. ইহা ভাবিয়া তাহার শান্তি কারণ মহাকুলীনেরদের তিন শত বালক নৈবেদ্যার্থে বড় পাত্রের মধ্যে রাখিয়া অগ্নিতে দগ্ধ করিলেন. এখন আমরা তাহারদের সন্তান তাহারদের ব্যবহার ও আমারদের ব্যবহার কিপর্য্যন্ত অন্তর তাহা বিবেচনা কর. যেমত এখন অন্যং অজ্ঞাত অসভ্য জাতি আছে, সেমত আমরাও কুব্যবহারী ও অসৎ ক্রিয়াতে রত ও নীচমনস্ক ছিলাম, কিন্তু অনেক কালে প্রথম অতর্কিত বৃদ্ধিতে আমরা ক্রমেং অনেক প্রকার জ্ঞানেতে সম্পন্ন হইয়াছি, বাণিজ্যেতে আমরা এখন প্রধান, ও শিল্পকর্ম্মে অদ্বিতীয়, ও সর্ব্ববিধ জ্ঞানে ও বিদ্যাতে শ্রেষ্ঠ, এবং আমরা আপনারদের জ্ঞানের অক্ষয় ভাণ্ডারহইতে পৃথিবীর শেষ পর্য্যন্ত সকল লোকেরদের প্রতি জ্ঞান বিতরণ করিতেছি. অতএব এই দেশের জ্ঞানোদয় কেহই অসাধ্য বোধ না করুন, যেহেতুক পূর্ব্বে সকলহইতে অসভ্য ছিলাম যে আমরা, আমরাও যে উপায় দ্বারা এখন সকলহইতে সভ্য হইয়াছি সে উপায় অন্যং দেশেরও আছে. পৃথিবীর চতুর্ভাগের মধ্যে সকলহইতে অল্প হইয়াও যে বিদ্যাদ্বারা ইউরোপ অন্যং ভাগহইতে সুখ্যাত হইয়াছে সে বিদ্যা সকলের গ্রাঁসগোচর আছে. আমরা আশা করি যে এ দেশেও সে বিদ্যা শীঘ্রব্যাপিনী হইবে, এবং কত্তক কালপরে

try buried as it now is in ignorance, may at no distant period emmulate the nations of Europe in the pursuits of philosophy.

Of the City of London.

London is the capital of England, and is situated on the banks of the Thames, the largest river in the country. When the Romans, after conquering England reduced it to a province of their empire, the city of London was called by its present name, but it was not esteemed the capital of England till the reign of Alfred, the most celebrated of our kings, in the ninth century. Within the last two hundred years it has been enlarged two or three-fold; it is sixty miles distant from the sea, and is divided into three parts, of which two are situated on the south of the Thames, and one to the north. London is seven miles in length; its breadth is not every where equal; being in some places two miles wide and in others four. The streets of the city are wide and excellent, and more convenient than those of perhaps any other city in the world. They are divided into three parts; the centre formed of large stones is used only for horses and carriages; the two sides are excellently paved for the accomodation of foot passengers, beneath the streets are

এ দেশের যে লোক এখন অন্ধকারে মগ্ন আছেন, হইতে পারে যে তাঁহারা বিদ্যা শিক্ষাতে ইউরোপের লোকেরদের তুল্য হইবেন.

লণ্ডন নগরের বিবরণ.

ইংগ্লণ্ড দেশের রাজধানী নগর লণ্ডন, এবং সে ইংগ্লণ্ডের সকল নদীহইতে প্রধান টেমস নদীর তীরে স্থাপিত আছে. রোমাণেরা যখন ইংগ্লণ্ড জয় করিয়া আপনারদের অধীন করিল তখনও ঐ নগরের নাম লণ্ডন ছিল, কিন্তু এক সহস্র বৎসর হইল ইংগ্লণ্ডের অতিবড় মহাখ্যাত রাজা আলফ্রেডের অধিকার অবধি সে নগর ইংগ্লণ্ডের রাজধানী হইল. গত দুই শত বৎসরের মধ্যে লণ্ডন নগর দুই তিনগুণ বর্দ্ধিষ্ণু হইয়াছে. সে সমুদ্রহইতে ত্রিশ ক্রোশ অন্তরে, সে তিন ভাগে বিভক্ত, তাহার দুই ভাগ টেমস নদীর দক্ষিণ ভাগে, এক ভাগ উত্তর ভাগে. লণ্ডনের দাঘিমা সাড়ে তিন ক্রোশ, তাহার আয়ততা সর্ব্বত্র সমান নহে, কোন স্থানে এক ক্রোশ কোন স্থানে দুই ক্রোশ. তাহার পথ অতিপ্রশস্ত ও আয়ত, ও পৃথিবীর সকল পথহইতে সেখানকার পথ সর্ব্বোপকারক; সেখানকার প্রতিপথের তিনং ভাগ আছে, মধ্যখানে বড়ং প্রস্তরে গ্রথিত সে কেবল ঘোড়া ও গাড়ীচলনের নিমিত্ত, ও উভয় পার্শ্বে অতিসুন্দর প্রস্তরে গ্রথিত পথ সে কেবল মনুষ্যেরদের চলিবার কারণ. সেই উভয়

large drains which serve to carry off the filth of the city into the river.

করিলে পাওয়া যায়, এবং তাহার এক ক্রোশ দূরে সেই শ্রেণী অনেক মৃত্তিকা খনন না করিলে পাওয়া যায় না. যখন আকরের গভীর স্থানে প্রথম কর্ম্ম করিতে প্রবৃত্ত হয়, তখন ক্রমেং লোকেরা ঊর্দ্ধগামী হয়. এবং লোকেরা যে স্থানে কর্ম্ম করিতে আরম্ভ করে সেখানহইতে এক ক্রোশপর্য্যন্ত কর্ম্ম করিতেং ঋজু চলে, এবং যেমন কয়লার আকর কাটিতেং যায় তেমন মধ্যেং উপযুক্ত মত একং থাম রাখে. এবং ঐ আকর কাটিতে অন্যং দিগে কয়লার শ্রেণী দর্শন হয়, তাহা কাটিলে সে আকর নানা রাস্তাতে বিভক্ত মহানগরের মত দেখা যায়.

কোনং স্থানে কয়লা এত গভীর মৃত্তিকার নীচে থাকে, যে চারিশত হাত মৃত্তিকা কাটিলে কয়লার আকর পাওয়া যায়. যে লোকেরা সেখানে কর্ম্ম করে তাহারা যন্ত্রের রজ্জুর দ্বারা দুই পলের মধ্যে ঐ মহাগভীর গর্ত্তে প্রবেশ করে, ইহাতে তাহারদের কোন ভয় ও ব্যাঘাত হয় না. সে পথ অতিশয় অন্ধকারময়; যাহারা তাহার মধ্যে প্রবেশ করে তাহারা দীপ লইয়া যায়. সেখানে এমত অন্ধকার যে সূর্য্য চন্দ্রাদিহীন স্থান মিলিলে তাহার সহিত তাহার দৃষ্টান্ত সম্ভবে. এই নিমিত্ত সেখানে প্রদীপের আনুকূল্যব্যতিরিক্ত কোন প্রকারে কর্ম্ম করা যায় না; স্থানেং যে প্রদীপ জ্বলিতেছে ইহাতে অন্ধকারের অতিশয় গাঢ়তানুভব হয়.

যেমন লোকেরা প্রতিদিন কয়লা বাহির করে তদনুসারে প্রতিদিন কিঞ্চিৎ২ দূরে যায়; তাহাতে কয়লা বাহির করণের দ্বার দূর

d up to the surface of the earth. They have therefore a long way to draw the coal, which is done by means of horses and a species of waggon made for the use of the mine; the horses drag the loads of coal by candle-light through the street, between the rows of pillars with as much ease as though they were employed on the smoothest road above ground. The workmen generally come up to their meals, and always at night, but the horses have very commodious stables prepared for them in the mine; their provender is also carried down to them, and they enjoy every convenience which they could have enjoyed above. On Saturday evening the horses are generally brought up, to graze in the fields, and to inhale fresh air. On Monday morning they are let down again into these subterranean caves.

As the air in the mine is exceedingly confined and unwholesome, there are generally two pits dug at some distance from each other, by means of which a free circulation of air is promoted through the mine. Without this or some other mode of ventilating it, the confined air would inevitably suffocate the workmen. In every mine the air must still, however, be greatly confined, and frequently so inflammable that if a candle were carried into it, the air would instantly take fire like a train of gunpowder, the mine would explode, and the workmen would be all destroyed. Accidents of this nature do frequently happen, through

হয়, তৎপ্রযুক্ত তাহার মধ্যে গাড়ী ও ঘোড়ার দ্বারা কয়লা উঠাইবা দ্বারপর্য্যন্ত কয়লা আনে; সেখানহইতে যন্ত্রের দ্বারা উপরে উঠায় ঘোড়ারা যেমন পৃথিবীর উপরে বোঝা বহে সেমত কয়লাবোঝাই গাড়ী সেইং থামের মধ্যবর্ত্তি পথ দিয়া প্রদীপের আলোতে সেখানে আনে. যাহারা সেখানে কর্ম্ম করে তাহারা ভোজন ও শয়নার্থে প্রতিদিন উপরে উঠে; ঘোড়ার কারণ সেখানে আকরের মধ্যে সুন্দর কুঠরী করা গিয়াছে তাহারা সেখানে থাকে, তাহারদের ভোক্তব্য দ্রব্য সেখানে লইয়া যায়; যেমন উপরে স্বচ্ছন্দে থাকে তেমন তাহারা সেখানে বাস করে. এবং শনিবারে তাহারদিগকে উপরে উঠায়, যে তাহারা মিষ্ট বায়ু সেবন করে ও ইচ্ছাপূর্ব্বক ঘাসের উপরে ভ্রমণ করে; পরে সোমবারে প্রাতঃকালে পুনর্ব্বার সেই পাতালে লইয়া যায়.

সেখানকার বায়ু বদ্ধ ও পীড়াদায়ক, তৎপ্রযুক্ত ঐ গভীর স্থানের দুই দিকে দুই বড় গর্ত্ত করা যায়; তাহাতে সুখদ বায়ু তাহার এক গর্ত্ত দিয়া প্রবেশ করিয়া অন্য গর্ত্ত দিয়া বাহির হয়. যদি কোন প্রকারে সুখদ বায়ু তাহার মধ্যে প্রবেশ না করিত তবে সেখানকার বদ্ধ বায়ুদ্বারা লোকেরা নিতান্ত মরিত. তথাপি সকল আকরে বায়ু বদ্ধ আছেই, এবং কোনং আকরে এমন শীঘ্র জ্বলনশীল বদ্ধ বায়ু আছে যে তাহার নিকটে অগ্নি সংযোগ হইবামাত্র, বারুদের মত সে বায়ুতে অগ্নি লাগিয়া ঐ আকর ফাটিয়া যায়, ও সেখানকার সকল প্রাণী তৎক্ষণাৎ ভস্মসাৎ হয়. লোকেরদের অজ্ঞানতাপ্রযুক্ত প্রায় বৎসরং ঐ রূপ

he ignorance of the workmen, and many lives are thus annually lost. In some mines the candle may be carried to a certain distance without danger, and a skilful miner by careful observation will discern the first symptoms of danger from his candle, and instantly extinguish it. Sir Humphrey Davy has within the last few years invented a lamp, by which sparks are prevented from being communicated to the inflammable air, and mines of every description may be worked without risk. By the aid of this lamp, miners can now descend into places where, to have carried an open candle heretofore, would have been instant death. When we consider the great number of men who are annually employed in the mines in England, and the number of accidents which formerly happened, we may justly rank this invention among the most useful of modern times.

In one or two places in England, the vein of coal extends under the sea, and to such an extent have manufactories been carried, that, even this coal has been extracted from the bowels of the earth, and brought into use. In these mines men are employed under the bottom of the sea in excavating the coal, and transmitting it above, while ships are employed over their heads in receiving the coal thus transmitted.

In another part of England, the miners have pursued the vein one mile beyond land under the ocean, and

অগ্নি লাগিয়া কয়লার আকর ফাটে, ও তাহাতে অনেক প্রাণিহত্যা হয়. কোনং আকরে লোকেরা কতক দূরপর্য্যন্ত নির্ভয়ে দীপ লইয়া যাইতে পারে, কিন্তু তাহার এক বিন্দু দূর গেলে তখনি সর্ব্বনাশ হয়. এবং যে ব্যক্তি অতিজ্ঞানবান্ ও এ কর্ম্মে নিপুণ হয়, সে অতিসাবধানপূর্ব্বক দীপ লইয়া যায় ও সতর্ক থাকে; যখন বদ্ধ বায়ুতে অগ্নি সংযোগের সন্ধান পায় তখনি দীপ নির্ব্বাণ করিয়া রক্ষা পায়. দুই তিন বৎসর হইল দেবি সাহেব নামে এক পণ্ডিত এক প্রকার নূতন প্রদীপ সৃষ্টি করিয়াছেন, যে সে প্রদীপের স্ফুলিঙ্গ কখনও ঐ জ্বলনশীল বায়ুর সহিত সংলগ্ন হয় না. সংপ্রতি ঐ প্রদীপদ্বারা সকল প্রকার আকর খনন করা যায়; এই প্রদীপ দ্বারা লোকেরা এখন এমত স্থানে গিয়া কর্ম্ম করে, যে পূর্ব্বে সেখানে প্রদীপ সম্পর্কেও সর্ব্বনাশ হইত. এবং যখন আমরা স্মরণ করি যে প্রতিবৎসর আকরে কত লোক কর্ম্ম করে ও কত লোক মরে, তখন আমরা ঐ প্রদীপকৃত অত্যন্তোপকার জানিতে পারি.

ইংগ্লণ্ডের দুই তিন স্থানেতে লোকেরা কয়লার আকর খনন করিতেং সমুদ্রের তীরপর্য্যন্ত গিয়া দেখিল, যে সেখানে কয়লার আকরের শেষ নহে; সমুদ্রের তলের নীচপর্য্যন্ত ঐ আকর শ্রেণী চলিয়াছে. তাহাতে লোকেরা সমুদ্রের ভয় না করিয়া বরোবর কাটিতেং গিয়াছে. লোকেরা সমুদ্রের তলের নীচে আকর খুদিয়া ঐ সমুদ্রের উপরে জাহাজে যন্ত্রের দ্বারা বোঝাই করিতেছে.

ইংগ্লণ্ডের অন্য স্থানে লোকেরা তীরহইতে অর্দ্ধ ক্রোশপর্য্যন্ত সমুদ্রের তলের নীচে চারি শত হাত আকর খনন করিতেছে. তা

are constantly employed in working it at the depth of six hundred feet below the bottom of the sea; and the deeper and further they go, the finer do they find the coal. Horses are employed here, as in other mines, and repose beneath the sea at night without the least danger.

Newcastle in the north of England, is the great source from whence the other parts of England are supplied with coals. It is within the last two hundred years, that coal has come into general use. At one of the mines at Newcastle, the workmen are employed at the amazing depth of seven hundred and twenty feet beneath the surface of the earth, and the large quantity of water which must necessarily exist at this depth, is raised by means of an engine of amazing power; so that it may be said without exaggeration that the engine thus employed, raises up a little river seven hundred and twenty feet.

The price of coal in England has increased more than ten-fold during the last two centuries. It is not only employed for culinary purposes, but the astonishing manufactures of England, which exceed in extent and magnitude those of all the world beside, are worked by means of its coal. The quantity of coal consumed annually in London alone, exceeds six hundred and forty lacs of maunds, and the quantity used in other parts of the kingdom is equal to

হারাতাহাহইতে যত নীচে ও যত দূরে যায়, তত উত্তম কয়ল দেখিতে পায়. ঐ স্থানে অন্য আকরের মত ঘোড়া আহার করে ও স্বচ্ছন্দে শয়ন করে.

ইংগ্লণ্ডের উত্তর ভাগে নিউকাস্তল নামে এক স্থানে, ইংগ্লণ্ডের ব্যয়নীয় তাবৎ কয়লা প্রায় উৎপন্ন হয় ; গত দুই শত বৎসরের মধ্যে এই কয়লার অনেক চলন হইয়াছে. নিউকাস্তলের এক আকরে চারি শত আশী হাত মৃত্তিকার নীচে লোকেরা কর্ম্ম করিতেছে. এবং সেখানে মৃত্তিকা খননেতে যে জল নির্গত হয়, সে জল এক মহাযন্ত্রের দ্বারা উপরে উঠান যায় ; অতএব আমরা নিশ্চয় কহিতে পারি যে চারি শত আশী হাত নীচেহইতে ঐ যন্ত্র দ্বারা এক নদী চারি শত হাত উপরে উঠান যায়.

গত দুই শত বৎসরের মধ্যে কয়লার মূল্য দশগুণ বৃদ্ধি হইয়াছে. ঐ কয়লা কেবল যে পাকাদি ক্রিয়াতে উপযোগী সে নয়, কিন্তু যাহার তুল্য পৃথিবীর মধ্যে নাই, এমত ইংগ্লণ্ডের মহাশিল্প কর্ম্মও তাহার দ্বারা চলে. লণ্ডন শহরে ছয় কোটি চল্লিশ লক্ষ মোন কয়লা বৎসরং ব্যয় হয়, এবং ইংগ্লণ্ডের অন্যং পু

thrice that amount. It is calculated that the sum expended for materials employed in obtaining coal, such as, wood, iron, ropes, &c. is equal to two lacs and a half of Rupees annually. The number of men employed on two rivers alone, in the vicinity of which coal is excavated in great abundance, exceeds sixty-four thousand seven hundred. Nearly two thousand vessels are employed in transporting this coal to London, and to other places where it is used in manufactures; and the capital employed in the trade, exceeds three crores of Rupees annually.

To conclude this view of the coal mines, we will give an account of the mode of visiting one of the most celebrated in England. Having provided yourself with a lantern, and a change of linen, you take a boat, and proceed four miles by water. When arrived on the place of embarkation, some of the men belonging to the establishment will seat you in a waggon, of which seven are chained together, and drawn by one horse. You then enter a dark subterraneous passage about six feet in heighth and three miles in length, which commences nearly on a level with the river. It is in some places cut through the solid rock, and the whole length of the passage is railed in. Having lighted your candle, the waggoner proceeds at full speed at the rate of about ten miles an hour. On the other side of the rail, a small stream of

দেশে তাহার তিনগুণ অধিক ব্যয় হয়. ঐ কয়লা উঠাইবার কারখানাতে কাষ্ঠ ও লৌহ ও রজ্জু ইত্যাদি সামগ্রীতে আড়াই লক্ষ টাকা বৎসরং ব্যয় হয়. যেখানে অধিক কয়লা উৎপন্ন হয়, সেখানে কয়লা ব্যবসায়ে দুই নদীর উপরে চৌষট্টি হাজার সাত শত লোক কর্ম্ম করে. এই লণ্ডন শহরে ও অন্যং প্রদেশে কয়লা লইয়া যাইবার কারণ দুই হাজার জাহাজ সতত নিযুক্ত আছে. এই কয়লার ব্যবসায়েতে বৎসরং তিন কোটি টাকার অধিক বাণিজ্য হয়.

সম্পূর্ণরূপে কয়লার আকরের বিবরণ সমাপ্ত করিবার পূর্ব্বে, ইংগ্লণ্ডে এক প্রসিদ্ধ কয়লার আকর দেখিবার প্রকার আমরা জ্ঞাত করি. তুমি হাতে এক প্রদীপ ও যুগ্ম যন্ত্র লও, ও এক নৌকার উপরে আরোহণ করিয়া দুই ক্রোশপর্য্যন্ত গমন কর. পরে নৌকাহইতে নামিলে সেই আকরের কোন লোক উপস্থিত হইয়া তোমাকে এক গাড়ীতে বসাইবে; এমন সাত গাড়ী লৌহের জিঞ্জিরদ্বারা বদ্ধ ও এক ঘোড়া সে সকল গাড়ী টানে. তুমি সেই গাড়ীতে আরোহণ করিলে মৃত্তিকার মধ্যে খনিত অন্ধকারময় এক পথে গমন করিবা, সেই পথ নদীর তীরে জলের সমান ও চারি হাত উচ্চ ও দেড় ক্রোশ লম্বা. কোনং স্থানে সে পথ শৈল খুদিয়া হওয়াগিয়াছে; এবং যত দূর পথ যায় তত দূরপর্য্যন্ত উভয় পার্শ্বে গরাদে আছে. তুমি প্রদীপ জ্বালাইলে তোমার গাড়ীর সারথি গাড়ি এমন চালাইবে যে দণ্ডে দুই ক্রোশ যাইবে. দুই গরাদের বাহির

water runs from the place where the excavation is going forward, and empties itself into the river. The rapidity of the motion, combined with the rattling of the chains which fasten the waggons together, impresses the mind with awe, and produces a sound not unlike that of thunder. If you extend your hand, you will run every degree of risk, as the passage is but just wide enough to admit of the waggon. At intervals, the path is considerably wider, and when the waggoner arrives at one of these places he stops, and a dead silence ensues; he then calls aloud and listens to hear if any other waggons are coming down, that they may there pass each other. The driver then renews his speed, till he arrives at the next interval, when he stops and calls aloud again. If by the negligence of the driver the waggons should meet where there is no double path, the boy with the empty waggon unlooses his horse, turns him round, and drives the waggons back to the wide path, were they pass each other.

After this you alight from your waggon in order to view the different operations which are going forward in the mine, three hundred and thirty-six feet under ground. Here you see the stables for the horses, the steam engine for raising the coal from the

দিকে তুমি দেখিবা যে ক্ষুদ্র এক নদী বহিতেছে; যেখানে লোকেরা কর্ম্ম করিতেছে সেখানকার জল ঐ নদী বহিয়া বাহিরে বড় নদীতে পড়িতেছে. গাড়ীর শীঘ্র গমন ও জিঞ্জিরের ঝঞ্ঝনি শব্দেতে ভয় জন্মে, এবং বোধ হয় যে বুঝি নিত্য বজ্রাঘাত হইতেছে. হাত বাড়াইলে সে ভাঙ্গিবে; যেহেতুক সে পথ গাড়ীমাত্র যাই বার উপযুক্ত. স্থানেং পথ দ্বিগুণপুস্থ আছে, সেখানে গাড়ী পঁহুছিলে একেবারে নিঃশব্দ হয়, পরে সারথি বড় শব্দ করে ও সম্মুখহইতে আর কোন গাড়ী আসিবার সমাচার জানে; কোন গাড়ী যদি আসিতে থাকে তবে আপন গাড়ী সেই দ্বিগুণ পুস্থ স্থানে কিঞ্চিৎকাল রাখে তাহাতে আগামি গাড়ী পশ্চাৎ চলিয়া গেলে ঐ সারথি আপন গাড়ী চালায়, যেপর্য্যন্ত দ্বিতীয় দ্বিগুণপুস্থ পথে না পঁহুছে. পরে সে স্থানে পঁহুছিলে; সেখানে দাঁড়াইয়া পুনর্ব্বার শব্দ করে ও সেইরূপ হয়. যদি সারথির অনবধানতাপ্রযুক্ত অনায়ত পথে দুই গাড়ী সম্মুখাসম্মুখ ভাবে মিলে, তবে যাহার গাড়ীতে বোঝাই নাই সে গাড়ীর সারথি আপন গাড়ীর ঘোড়া খুলিয়া, আপন গাড়ী টানিয়া সেই দ্বিগুণ পুস্থ স্থানে লইয়া যাইবেক; সেখানে থাকিয়া বোঝাই গাড়ীর পথ দিবেক.

প্রকৃত আকরে পঁহুছিলে, তুমি গাড়ীহইতে নামিবা ও সেখানে দুই শত চব্বিশ হাত মৃত্তিকার নীচে যেং কর্ম্ম হইতেছে তাহা দেখিবা. আরো সেখানে দেখিবা, যে ঘোড়ার কারণ প্রস্তুত ঘর, এবং বাষ্পের যন্ত্রের দ্বারা সেখানে নীচহইতে কয়লা উঠিতেছে;

lower parts of the pit, where the men are employed in digging, and the ventilating furnace by which the impure vapors are drawn off. A little further on, you will perceive a vault containing curious specimens of subterraneous plants, and the trunk of a tree which has been petrified, but which retains even the roughness of its bark. This tree has been partly converted into planks for seats in an adjoining garden, in which these subterraneous plants are laid out in regular order. Having viewed all this, you may be drawn up to the surface in a basket in about two minutes, or return back by the tunnel. The waggons which are employed are drawn up, and led down by means of a steam engine.

The coal mines of England have been worked so much and to such a depth, that unless new mines are discovered, the price of coal will considerably increase. To the manufactures of England which are conducted on so grand a scale, coal is so essential that they could not exist without it. The south-west part of England is rich in tin mines, which give employment to a great number of people. Coal is however so essential to the working of these mines, that without it, they would cease to be wrought.

এবং আগ্নেয় যন্ত্রের দ্বারা সেখানকার বদ্ধ বায়ু নির্গত করিয়া সেখানে সুখদ বায়ু প্রবেশ করাইতেছে. কতক দূর অন্তরে এক মহাগর্ত্তের মধ্যে সেখানে জাত বৃক্ষ দেখিবা, আর সেখানে এক বৃক্ষ পাথর হইয়া গিয়াছে তথাপি তাহার গায়ে নিম্নোন্নততা অদ্যাপি আছে. এবং সে বৃক্ষ কাটিয়া যে কাষ্ঠাসন করিয়াছে, ও সেই সকল কাষ্ঠাসন সেখানকার এক উদ্যানে রাখিয়াছে, সে উদ্যান সেখানে জাত বৃক্ষেতে সুশোভিত হইয়াছে তাহা দেখিবা. পরে এই সকল দেখিয়া যদি তোমার পৃথিবীর উপরে আসিতে বাসনা হয়, তবে তুমি এক টুকরীর [illegible]রে বসিলে যন্ত্রের দ্বারা পাঁচ পলের মধ্যে ঊর্দ্ধে আকৃষ্ট হইয়া উপরে উ[illegible]বা; অথবা সেই পাতাল পথ দিয়া আসিতে ইচ্ছা কর তাহাও হইতে পারিবে. যেং গাড়ী সেখানে চলে সেই গাড়ী উপরহইতে যন্ত্রের দ্বারা সেই গর্ত্ত দিয়া, সেই আকরে নামায় ও উঠায়.

ইংগ্লণ্ডে কয়লার আকরহইতে এত কয়লা তোলা গিয়াছে ও এত দূরপর্য্যন্ত মৃত্তিকার মধ্যে খনকেরা গিয়াছে, যে নূতন আকর যদি না পাওয়া যায় তবে ইংগ্লণ্ডে কয়লার মূল্য অতিভারী হইবেক. ইংগ্লণ্ডের মহাশিল্পকর্ম্মে কয়লা এমত সপ্রয়োজনক, যে [illegible] ব্যবসায়িরা কয়লাব্যতিরেকে কেবল নিষ্কর্ম্মা হইয়া থাকে. ইংগ্লণ্ডের দক্ষিণ পশ্চিম ভাগেতে অতিবড় রাঙ্গের আকর আছে, সেই রাঙ্গের আকরের দ্বারা লোকেরা অনেক কর্ম্ম পায়, এবং আকরহইতে রাঙ্গ বাহির করা কয়লা বিনা হয় না.

Coal is found in several countries on the continent, in France, Germany, and Sweden. In America, coal mines are also wrought in several places. But the coal of all these mines is so inferior to British coal, and so unfit for manufactures, that the inhabitants of those countries import their supplies from England. Within a few years coal has been discovered, and mines have been wrought in this country, in Burdwan and at Sylhet. It is said to be of a very fine quality, and to exist in very great abundance, and at no inconvenient depth. The price at which coal from these mines can at present be afforded, is nearly four times that of wood. Should manufactures and machines requiring great strength, increase in this country, this coal will be found of essential service; but it is not likely soon to be employed by the natives for culinary purposes; as should its price fall to a level with wood, the apparatus for using it would be so expensive, as to be beyond the reach of the great bulk of the people. In England, the extreme cold renders coal an article of indispensible necessity, as every house lights up a fire with it, to keep the rooms and the inhabitants warm.

Of the Pearl Fishery in Ceylon.

Ceylon is celebrated for its rich pearls which are found in the oysters with which the coast abounds.

ইউরোপের অন্য দেশে, ফ্রান্স ও জর্ম্মনি ও স্বীদেন দেশে কয়ল পাওয়া যায়. ও আমেরিকার কোন২ স্থানে কয়লার আকর আছে, সেখানহইতে কয়লা বাহির করা যায়. কিন্তু এই সকল স্থানেতে যে২ কয়লা উৎপন্ন হয় সে সকল ইংগ্লণ্ডীয় কয়লাহইতে এমত অধম, এবং শিল্প কর্ম্মেতে এমন অনুপযুক্ত, যে তদ্দেশস্থেরা প্রায় ইংগ্লণ্ডের কয়লা লইয়া শিল্পকর্ম্ম করে. সংপ্রতি এতদ্দেশে মোং বর্দ্ধমান ও মোং শ্রীহট্টে কয়লার আকর পাওয়া গিয়াছে; সেই২ স্থানে কয়লা উঠান যাইতেছে. লোকেরা কহে যে সে কয়লা উত্তম ও অনেক পা[illegible] যায়, ও কয়লা বাহির করিতে অনেক মৃত্তিকা খনন করিতে হয় না. কিন্তু এই আকরে যে কয়লা পাওয়া যায় তাহার মূল্য কাষ্ঠহইতে চতুর্গুণ; যদি এ গৌড় দেশে শিল্পকর্ম্ম বাড়ে, ও যে যন্ত্র অতিশয় বল অপেক্ষা করে সে যন্ত্রের সঞ্চার যদি হয়, তবে এ কয়লার প্রয়োজন অধিক হইবে; কিন্তু এতদ্দেশীয়েরদের পাকাদি করিতে উপকার যে হইবে এমত বোধ হয় না. যদি কয়লার মূল্য কাষ্ঠের সমান হয় তথাপি কয়লা জ্বালাইবার আয়োজনে এত ব্যয় হইবেক, যে অধিক লোক জ্বালাইতে পারিবেক না. ইংগ্লণ্ড দেশে এমত শীত যে কয়লা ব্যতিরেকে চলে না, যেহেতুক প্রতিঘরে অগ্নি জ্বলে তাহাতে কুঠরী ও লোক উত্তপ্ত থাকে.

সিংহলদ্বীপে মুক্তান্বেষণ.

সিংহলদ্বীপ বহুমূল্য মুক্তার বিষয়ে প্রসিদ্ধ; সেই মুক্তা জোঙ্গড়ার মধ্যে পাওয়া যায়; এবং জোঙ্গড়া সিংহলদ্বীপের চতু

The manner in which these oysters are found, is remarkable. There are two seasons for pearl fishing: one in March and April, and the last in August and September; and the greater the quantity of rain which falls during the year, the more productive are the fisheries.

At the beginning of the season there are sometimes two hundred and fifty barks in the search. As soon as they arrive at the place where the oysters lie and have cast anchor, each diver binds under his body, a stone six inches thick, and a foot long, which serves him as ballast, prevents his being driven away by the motion of the water, and enables him to walk steadily under the waves. He also fixes another heavy stone to one foot, by which he is speedily sent to the bottom of the sea; and as the oysters are firmly fixed to the rocks, he arms his hands with leather, to prevent their being bruised in pulling the oysters off; but this is sometimes performed with an iron rake. Each diver also carries down with him a large net made in the form of a sack, which is attached to his neck by a large cord, the other end of which is fastened to the side of the bark. This net is intended to receive the oysters which he gathers from the rock, and the cord is for the purpose of pulling up the diver when his sack is full, or when he wants air.

নিকস্থ সমুদ্রে অনেক পাওয়া যায়. এই জোঙ্গড়া আহরণ করিবার প্রকরণ আশ্চর্য্য; তাহা ধরিবার দুই সময় আছে; এক সময় চৈত্র বৈশাখ আর এক সময় ভাদ্র আশ্বিন মাস, ও বৎসরের মধ্যে যত অধিক বৃষ্টি হয় তত জোঙ্গড়া পাওয়া যায়.

এই জোঙ্গড়া ধরিতে প্রথম যখন আরম্ভ করে তখন কোনং বৎসরে আড়াই শত নৌকা সেই কর্ম্মে সসজ্জ হয়. যেখানে জোঙ্গড়া থাকে সে স্থানে লোকেরা পঁহুছিলে তাহারা নঙ্গর ফেলে; ও ডুবরুরা প্রত্যেক জন আপনং শরীরে একটা [illegible]পাথর বান্ধে, সে পাথর প্রস্থে এক পোয়া হাত লম্বে অর্দ্ধ হাত. ঐ পাথরে এই উপকার যে ডুব দিবার সময়ে তাহার দ্বারা আপনাকে স্থির রাখিতে পারে, এবং স্রোতেতে আপনি অস্থির হয় না, এবং সমুদ্রের নীচে পঁহুছিলে স্থিররূপে সেখানে হাঁটিতে পারে. তাহারা আর এক পাথর এক পায়ের তলে বান্ধে, তাহাতে অতিশীঘ্র তলপর্য্যন্ত পঁহুছে. এবং সমুদ্রের তলেতে শক্তরূপে পাথরে সংলগ্ন জোঙ্গড়া থাকে তাহা অক্লেশে উঠাইবার নিমিত্ত হস্তে চর্ম্ম জড়ায়; কিন্তু কোনং সময়ে এক প্রকার অস্ত্রদ্বারা পাথরহইতে ঐ জোঙ্গড়া উঠায়. প্রত্যেক ডুবরু জালনির্ম্মিত থলি লম্বা রজ্জুদ্বারা আপনং গলে বান্ধে, সে রজ্জুর অন্য দিক নৌকার সহিত সংলগ্ন থাকে, তাহারা শৈলহইতে যে জোঙ্গড়া ধরে সে জোঙ্গড়া সেই থলির মধ্যে ফেলে, এবং যখন তাহার থলি পরিপূর্ণ হয় অথবা সে ব্যক্তি নিশ্বাস ত্যাগ করিতে চাহে, তখন ঐ রজ্জু টানে তাহাতে উপরিস্থ লোকেরা ঐ রজ্জু আকর্ষণ করিয়া তাহাকে উপরে উঠায়.

Thus equipped, he sometimes precipitates himself sixty feet under water; and as he has no time to lose, he no sooner arrives at the bottom, than he runs from side to side, tearing up all the oysters within his reach, and putting them with the utmost expedition into his sack.

At whatever depth the divers may be, the light is so great that they can with ease see all that passes in the sea. Sometimes, to their great consternation, they perceive the approach of enormous fishes, from whom their dexterity in rendering the water muddy does not always save them: and of all the dangers which attend the fishery, this is the greatest and the most common.

The best divers will remain under water nearly half an hour, and the least skilful do not continue less than a quarter of an hour. During all this time they restrain their breath, a faculty which they acquire by long practice. When they need relief, they pull the rope which is fastened to the boat, and hold it firmly with both hands; on which those in the bark draw them up into the vessels and unload them of their oysters, which amount sometimes to five hundred.

ডুবরুরা এমত সসজ্জ হইয়া চল্লিশ হাতপর্য্যন্ত জলের মধ্যে মগ্ন হয়; তাহারদের জলের মধ্যে কোন বিলম্ব করিবার সময় নহে, তৎপ্রযুক্ত মগ্ন হইবামাত্র জলের মধ্যে চতুর্দিক দৌড়িয়া হাতে যত জোঙ্গড়া আইসে তখনি টানিয়া অতিশীঘ্র আপন থলিতে ভরে.

ডুবরুরা যত দূরপর্য্যন্ত যায় সেখানে এমত সুন্দর আলোক পায় যে তাহাতে সেখানকার সকল দেখে. কখন২ তাহারা দেখে যে মহামৎস্য তাহারদিগকে খাইতে আসিতেছে; তৎক্ষণে তাহারা কর্দমদ্বারা জল ঘোলা করিয়া কখন২ রক্ষা পায়. এবং সেই ব্যবসায়েতে যত সঙ্কট আছে তাহার মধ্যে মহামৎস্যের ভয় প্রধান ও দৈনন্দিন সঙ্কট.

উত্তম ডুবরুরা নিশ্বাস ত্যাগ ব্যতিরেকে সওয়া দণ্ডপর্য্যন্ত জলের মধ্যে থাকে, যাহারা সেই ব্যবসায়ে নূতন শিক্ষিত তাহারাও অর্দ্ধ দণ্ডের ন্যূন থাকে না. তাহারা যত ক্ষণ পর্য্যন্ত জলে মগ্ন থাকে তত ক্ষণ নিশ্বাশ ত্যাগ করে না; তাহারা অনেক২ দিন অভ্যাস করিয়া এই দুষ্কর কর্ম্মে নিপুণ হয়. নিশ্বাস ত্যাগ করিতে চাহিলে হস্তদ্বয় দ্বারা নৌকাসংলগ্ন রজ্জু শক্ত করিয়া তাহারা আকর্ষণ করে, তাহাতে নৌকাস্থ লোকেরা তাহাকে নৌকাতে উঠায়, এবং তদানীত জোঙ্গড়া লইয়া নৌকাতে রাখে; তাহার এক২ ব্যক্তি কোন২ সময়ে পাঁচ শত জোঙ্গড়া উপার্জন করিয়া আনে

Of the Salt Mine near Cracow in Poland.

In Europe at a small town about eight miles from Cracow in Poland, there is a wonderful mine of salt excavated in the ridge of a hill, which has now been worked for nearly six hundred years.

Into this mine there are eight openings or descents, six in the fields, and two in the town itself. The openings are lined throughout with timber to prevent the earth from falling in; at the top of each aperture, there is a large wheel, with a rope as thick as a cable, by which articles are sent below, and the salt is drawn up.

The descent is very slow and gradual, through a narrow dark well, to the depth of six hundred feet perpendicular. The place where the stranger is set down is perfectly dark; but the miner by striking fire, lights a small lamp, and conducts him through a number of passages; by means of ladders, he again descends to an immense depth; at the foot of the last ladder, the stranger is received into a small dark cavern.

পোলণ্ডের মধ্যে ক্রাকোর নিকটস্থ লবণের আকর.

ইউরোপে পোলণ্ড দেশে ক্রাকোহইতে চারি ক্রোশ অন্তরে এক গ্রাম সেখানে আশ্চর্য্য এক লবণের আকর আছে ; সে এক পর্ব্বতের নিকটহইতে খনন করে, এবং ছয় শত বৎসরাবধি সেখানে লবণ নির্গত হইতেছে.

এই আকরে প্রবেশ করিবার কারণ খনন করিয়া গর্ত্তাকার আট পথ করা গিয়াছে ; তাহার দুই পথ নগরের মধ্যে ছয় পথ মাঠে. সেই পথরূপ গর্ত্তের মধ্যে মৃত্তিকা চসিয়া না পড়নের জন্যে, চতুর্দ্দিকে কাষ্ঠের পাট দেওয়া গিয়াছে. প্রত্যেক গর্ত্তের মুখে এক চক্র ও তাহাতে সংলগ্ন জাহাজের হামারের মত রজ্জু আছে ; ত...র দ্বারা উপরহইতে নীচে জিনিস পাঠায় ও নীচহইতে লবণ উপরে উঠায়.

সে গর্ত্তে ক্রমেং যাইতে হয়, তাহার পথ অতি আয়ত নয় অথচ অন্ধকারময় কূপ, ও উপরহইতে নীচপর্য্যন্ত নিশ্চয় চারি শত হাত দীর্ঘ. ঐ গর্ত্তের মধ্য দিয়া যেখানে উদাসীন লোককে নামাইয়া দেয় সে স্থান ঘোর অন্ধকারময়, কিন্তু তাহার সঙ্গে যে আকরখনক ব্যক্তি যায়, সে চকমকি পাথরদ্বারা অগ্নি নির্গত করিয়া প্রদীপ জ্বালে পরে অনেক পথ গমন করিয়া সিঁড়িদ্বারা অতিনীচ স্থানে পঁহুছে. শেষে সিড়িহইতে নামিয়া এমত এক গর্ত্তে প্রবেশ করে যে সেখানে অন্ধকারের শেষ নাই. গমন কালে আকর

In the course of the descent it is usual for the guide to pretend the utmost apprehension lest his feeble light should be extinguished, and to declare that such an accident might be attended with the most serious consequences.

When the stranger arrives in this dreary chamber, the miner contrives to extinguish his lamp, as if by accident. Then, seizing the stranger by the hand, he draws him through a norrow passage into the body of the mine, when there suddenly bursts upon his view a little world, the beauty of which can scarcely be imagined. He beholds a spacious plain, containing a subterraneous city, with houses, carriages, roads, &c. all scooped out of one vast rock of salt, as bright and glittering as crystal; the blaze of the lights continually burning for the general use, reflected from the dazzling columns of salt which support the lofty arched vaults of the mine, and which are beautifully tinged with all the colours of the rainbow, and sparkle with the lustre of precious stones, afford a more splendid prospect than any thing above ground can possibly exhibit.

In various parts of this spacious plain, stand the huts of the miners and their families, some single and others in clusters like a village. They have very little communication with the world above ground: and

ফলক ঐ উদাসীনকে মিথ্যা ভয় দেখায়, যে যদি আমারদের এই প্রদীপ নির্ব্বাণ হয় তবে আমারদের কি দশা হইবে.

অন্ধকারময় গর্ত্তে প্রবেশ করিলে আকরখনক একেবারে ছলক্রমে প্রদীপ নির্ব্বাণ করে, এবং ঐ উদাসীনের হাত ধরিয়া অন্ধকারময় অমায়ত পথে টানিয়া লইয়া ঐ আকরের মধ্য স্থানপর্য্যন্ত লইয়া যায়. সেইখানে পঁহুছিবামাত্র এমত এক সুদর্শনীয় পূর্ব্ব অদৃষ্ট স্থান তাহার দৃষ্টিতে আইসে যে তাহার মনে চমৎকার লাগে, ও সে সেখানে একটা বৃহৎ মাঠ দেখে ও তাহার মধ্যে এক পাতালীয় নগর. ও তন্মধ্যে ঘর ও গাড়ী ও রাজপথপ্রভৃতি সকল বড় এক লবণের পর্ব্বতের মধ্য খনিত ও স্ফটিকের মত দেদীপ্যমান. যেং প্রদীপ সাধারণ উপকারের নিমিত্ত সদা জ্বলন্ত থাকে তাহার আলোক সেই স্থানের লবণের খীলানের স্তম্ভের উপরে পড়িলে ইন্দ্রধনুকের মত সহস্রং বর্ণ হয়, এবং মণির মত ও জাজ্বল্যমান হয়; এমত শোভার ঐশ্বর্য্য হয় যে পৃথিবীর উপরে কোন স্থানে এমত দর্শন হয় না.

এই বৃহৎ মাঠের মধ্যে কর্ম্মকারিরদের ও তাহারদের পরিজনেরদের নানা ঘর দেখা যায়; কোন স্থানে একখানি ঘর কোনং স্থানে গ্রামের মত অনেক ঘর. তাহারদের উপরিবর্ত্তি পৃথিবীর লোকেরদের সহিত কোন সম্পর্ক নাই, এবং শতং লোক সেখানে জন্মে ও

many hundreds of persons are born and pass the whole of their lives there without ever beholding even the light of the sun, or mingling with society.

Through the midst of this plain lies a road, which is always filled with carriages laden with masses of salt brought from the furthest part of the mine. The drivers are generally singing, and the salt has all the appearance of a load of gems. A great number of horses are kept in the mine; and when once let down, never see day-light again.

The instruments principally used by the miners are pick-axes, hammers, and chisels; with which they dig out the salt in the form of huge masses, each of many maunds weight. As soon as they are carried above, the masses are broken into smaller pieces, and sent to the mills, where they are reduced to powder. The finest sort of salt is sometimes cut into toys, and often passes for real chrystal.

This mine appears to be inexhaustible. Its known breadth is one thousand one hundred and fifteen feet, its length six thousand six hundred and ninety-one feet, and its depth seven hundred and forty-three feet. This, however, is to be understood only of that part which has been actually worked; as the real depth or longitudinal extent of this bed of salt, it is scarcely possible even to conjecture.

...লক্ষেপণ করিয়া মরে, কিন্তু তাহারা কখনও পৃথিবীস্থ লোকের দের সহিত আলাপ করে না ও সূর্য্যের মুখ কখনও দেখে না.

এই পাতালীয় মাঠের মধ্যে বরোবর লম্বা রাজপথ আছে; সেই রাজপথ দিয়া অনেক২ দূর স্থানহইতে লবণপূর্ণ অনেক গাড়ী চলে, ঐ গাড়ীর দ্বারা সে রাজপথ সদা পরিপূর্ণ থাকে. সা রথিরা নিত্য গান করিতে২ আপন গাড়ী চালায়, এবং তাহারা যে রাশীকৃত লবণ আনে তাহাতে মণিসমূহজ্ঞান হয়. এই আকরের মধ্যে অনেক ঘোড়া থাকে; যে ঘোড়ারা একবার ঐ আকরে আইসে তাহারা কখনও আর সূর্য্যমুখ দেখিতে পায় না.

যে২ অস্ত্র দিয়া লোকেরা সেখানে কর্ম্ম করে সে এই২, কোদালি ও মুদ্গর ও বাঁটালি; এই২ অস্ত্রদ্বারা লবণরাশিহইতে খণ্ড২ করিয়া লবণ বাহির করে; এক২ রাশিতে অনেক মোন লবণ থাকে. অপর সেই খণ্ডখণ্ডীকৃত লবণ পৃথিবীর উপরে আনিয়া চূর্ণ করে, শেষে যন্ত্রদ্বারা গুঁড়া করে. তাহার মধ্যে যে লবণ অতিসুন্দর ও নির্ম্মল হয় কোন২ সময়ে তাহার দ্বারা নানা প্রকার খেলনা করে, সে কেবল স্ফটিকের খেলনার মত জ্ঞান হয়.

অনুমান হয় যে এই আকর অশেষ; যত দূর খনন করা গিয়াছে তাহার আয়তভা সাত শত চল্লিশ হাত, তাহার দৈর্ঘ্য চারি হাজার চারি শত যাটি হাত, এবং তাহার গাম্ভীর্য্য পাঁচ শত হাত. এত দূর লোকেরা খনন করিয়াছে কিন্তু আকরের প্রকৃত দৈর্ঘ্য প্রভৃতি অনুমান করা যায় না.

Manners of the Laplanders.

Lapland is the most northerly country in Europe. The cold during the winter is so intense as to freeze even brandy; all the lakes and rivers are frozen, and the whole country is covered with snow to the depth of four or five feet. The heat of summer is almost as intolerable in Lapland as the cold in winter. At the northern extremity of the country the sun never sets for three months in summer, and in winter there is an uninterrupted night of the same duration. The tops of the mountains are so much exposed to intense cold and tempests, that no tree will grow near the summit.

The Laplanders make surprizing excursions upon the snow in their hunting expeditions. They provide themselves with a pair of snow shoes; which are composed of boards covered with the rough skin of the rein-deer, turned in such a manner that the hair rises up against the snow, else they would be too slippery. One of these shoes is generally as long as the person that wears it, the other a little shorter. The feet are placed in the middle of these shoes and strongly bound to them by throngs. The Laplander thus equipped weilds a long pole in his hand, at the end of which a round ball of wood is a fixed to prevent its piercing the snow too deep; with this

216

লাপ্লাণ্ডদেশীয়েরদের ব্যবহার বিষয়ে.

ইউরোপের সকলহইতে উত্তর ভাগে লাপ্লাণ্ড দেশ ; সেখানে শীতকালে এমত অতিশয় শীত যে ব্রাণ্ডি মদিরা জমে, ও সকল হ্রদ ও সকল নদী জমে এবং তাবৎ দেশ বরফদ্বারা তিন হাত উচ্চ আচ্ছাদিত হয়. লাপ্লাণ্ড দেশে যেমন শীতকালে শীত তেমন গ্রীষ্ম কালে গ্রীষ্ম দুঃসহনীয়. ঐ দেশের উত্তর ভাগে গ্রীষ্ম কালে সূর্য্য অস্তগত হয় না, ও শীতকালেও উদয়প্রাপ্ত হয় না. এবং পর্ব্বতের শৃঙ্গে অতিশীত ও প্রবল বায়ুপ্রযুক্ত বৃক্ষাদি উৎপন্ন হয় না.

লাপ্লাণ্ডীয়েরা যখন মৃগয়া করিতে যায়, তখন বরফের উপরে অত্যাশ্চর্য্যরূপে গমন করে. তাহারা বরফের উপর গমনোপযুক্ত এক প্রকার জুতা পায়ে দেয় ; সে জুতা কাষ্ঠনির্ম্মিত, তাহার বাহিরে হরিণচর্ম্মেতে এমত মণ্ডিত করে যে তাহার লোম বরফের প্রতিকূল হয়, তাহাতে বরফের উপরে চলিবার সময়ে পা পিচ্ছলে না. তাহার মধ্যে এক পায়ের জুতা আপনার সমান লম্বা আর এক পায়ের জুতা তাহাহইতে কিঞ্চিৎ নূ্যন. সে জুতার মধ্যে পা দেয় ও চর্ম্ম দিয়া শক্ত করিয়া বান্ধে ; এই রূপ সসজ্জ হইয়া লাপ্লাণ্ডীয় এক লম্বা লাঠি হাতে করে, ও ঐ লাঠির এক মুখে কাষ্ঠের এক এণ্টাল লাগায়, যেহেতুক ঐ লাঠি বরফের মধ্যে প্রবিষ্ট হয় না ; ইচ্ছা হইলে ঐ লাঠিতে খোঁচ দিয়া আপনাকে চালায়, ও ইচ্ছা হইলে স্থগিত হয়. এই অস্ত্রেতে যুক্ত হইয়া সে এক দিনের

he impels himself forward and stops himself occasionally. By means of these accoutrements he will travel at the rate of sixty miles a day sliding over the snow without being fatigued, ascending steep mountains and sliding down again with amazing swiftness.

Agriculture is but little attended to in Lapland. The inhabitants are divided into fishers and mountaineers; the former build their habitations near some lake, from which they draw their subsistence; the others possess herds of rein-deer and seek their support on the mountains. They are excellent herdsmen, and rich in comparison with the fishermen. Some of them possess from five hundred to a thousand rein-deer, which they mark and divide into classes, so that they instantly perceive whether any one has strayed, though they are not able to count so high a number as that to which their flocks amount. Those who have but a small flock give to every individual a proper name.

The rein-deer has been wisely reduced by the Laplander to a state of domestication and servitude, since in these creatures alone he finds almost all his wants supplied: they feed and clothe him; with their skins he covers his tents, and forms his bed: of their milk he makes cheese, and uses the whey for his beverage. Every part of this valuable animal is converted to some use: with its sinews he makes bow-strings,

মধ্যে ত্রিশ ক্রোশ চলে, ঐ লাঠিতে খোঁচ দিয়া বরফের উপরে বিনা পরিশ্রমে গমন করে. এবং অত্যুচ্চ পর্ব্বতের উপারে অতিশীঘ্র ঐ রূপে উঠে ও ঐ রূপে অতিশীঘ্র পর্ব্বতহইতে নামে.

লাপ্লাণ্ডদেশে কৃষিকর্ম্ম প্রায় নাই, তত্রত্য লোকেরদের মধ্যে কেহ২ মৎস্য ধরিয়া কালক্ষেপ করে, কেহবা পর্ব্বতে থাকে. মৎস্য ধারকেরা কোন মহাসরোবরের নিকটে বসতি করে, ও সেখানে মৎস্যভক্ষণদ্বারা কালযাপন করে. যাহারা পর্ব্বতে থাকে তাহারা হরিণপালনদ্বারা কালক্ষেপ করে; তাহারা মৎস্যধারকেরদেরহইতে ধনবান, তাহারদের মধ্যে কোন২ ব্যক্তির পাঁচ শত ও কোন২ ব্যক্তির হাজার হরিণ আছে, তাহারা এমত গুণাধার যে এক শতের ঊর্দ্ধ গণনা করিতে পারে না; তাহারদের মধ্যে যাহার অনেক হরিণ সে আপন হরিণসমূহের এক২ ভাগ করে সে প্রত্যেক ভাগের উপরে এক২ চিহ্ন দেয়; যদি হরিণপালের একটা হারায় তবে তখনি জানিতে পায়; যাহার অল্প হরিণ সে প্রত্যেক হরিণের নাম রাখে.

লাপ্লাণ্ডীয়েরা হরিণকে যে পোষ্য করিয়াছে ইহাতে তাহারদের বড় জ্ঞানের কর্ম্ম হইয়াছে; যেহেতুক তাহারদের কালক্ষেপণার্থ যত বস্তু প্রয়োজনযোগ্য হয়, তত ঐ হরিণহইতে সুসিদ্ধ হয়. হরিণের দ্বারা তাহারা বস্ত্র পায় ও ভক্ষ্য পায়, হরিণের চর্ম্মের দ্বারা তাহারদের ছাউনি ও বিছানা হয়, তাহার দুগ্ধেতে তাহারা পনীর করিয়া ভক্ষণ করে; ও তাহারা দধি জলের মত খায়; এই সুন্দর পশুর শরীরের এমত অবয়ব নাই যে সে প্রয়োজন না আইসে; তাহার

springs for catching birds, and threads for sewing: its horns the Laplander sells, to be converted into glue; its skins also, and its tongue, which is accounted a great delicacy, is sent to the southern parts of Europe, and procures him in return toys and luxuries.

The rein-deer carries the Laplander in his journeys; it is yoked to a sledge by means of a strap, made very light, which goes round its neck, and comes between its legs: the rider guides the animal with a cord, which he fastens round the horns. In general they can go about thirty miles without halting, and without any great or dangerous efforts.

The food which this faithful domestic lives upon is moss; and while the fields are clothed with this, the Laplander envies neither the fertility nor the verdure of the southern landscape. Wrapt up in his deer-skins, he defies the severity of his native climate; and in the midst of snows, fearless and at his ease, he drives his herds along the desert, and subsists where another would perish, while his cattle dig up their frugal fare from beneath the snow.

দের সির দিয়া তাহারা ধনুকের গুণ ও পক্ষি ধরিবার কারণ ফাঁদ করে, এবং লাপ্লাণ্ডীয়েরা আপনারদের বস্ত্রাদি সেলাই করিবার কারণ সূত্র করে. এবং হরিণের শৃঙ্গ বিক্রয় করে, তাহাতে শিরীশ জন্মে. তাহার চর্ম্ম ও জিহ্বা অতিশয় মনোহর, এবং দক্ষিণ ইউরোপে তাহা লাপ্লাণ্ডীয়েরা বিক্রয় করিয়া সেই২ দেশের নানাপ্রকার খেলনা ও সুখসম্পাদন বস্তু ক্রয় করিয়া আনে.

যখন লাপ্লাণ্ডীয়েরা গমন করে তখন হরিণের পৃষ্ঠে আরোহণ করিয়া চলে; তাহারা যে হরিণের গাড়ী করে সে অতিপাতলা, এবং তাহাতে হরিণকে এই মত বান্ধে যে হরিণের গলে এক রজ্জু তাহার চারি পায়ের ভিতর দিয়া গাড়িতে বান্ধে, এবং তাহার দুই শৃঙ্গেতে লাগাম দিয়া চালায়. হরিণ অতিশ্রম না করিয়া প্রতিদিন পোনর ক্রোশ চলে.

এই মনোহর পশুর আহার কেবল ছেতলা; যখন তাহারদের মাঠ ছেতলাতে পূর্ণ থাকে তখন লাপ্লাণ্ডীয়েরা দক্ষিণ দেশের যে সহস্র২ উর্ব্বরা ক্ষেত্রের শস্যাদি তাহা মনেও করে না; ও হরিণের চর্ম্মেতে আবৃত হইয়া তাহারা আপনারদের দেশের অতিদুঃসহ শীতও মানে না, এবং বরফেতে বেষ্টিত হইয়া নির্ভয়ে ও নির্ভাবনাতে বনে আপন২ হরিণের পাল চরায়; এবং যেখানে অন্যের বাস অসাধ্য সেখানে তাহারা কালযাপন করে; এবং তাহারদের পশুরা বরফ ঢুসাইয়া আপনারদের আহার নির্ব্বাহ করে.

Dig-Durshun,

OR THE

INDIAN YOUTH'S MAGAZINE.

No. X.

January, 1819.

DIG-DURSHUN.

No. X.

History of Hindoost'han.

We propose in this, and several succeeding numbers to give a brief sketch of the History of Hindoost'han, from its subjection by Mahmood the Emperor of Gujni, to the period when the English, having overturned the Moosulman empire, established themselves in the government. As the conquest of Hindoost'han was gradually atchieved by the various Emperors who ascended the throne, we will endeavor to trace in succession the progress made by their arms, and introduce each country which submitted to their sway by a brief account of its geographical position, and by any other remarks which may tend to illustrate the subject. For the History of the Moosulman conquest of India we are chiefly indebted to the Moosulman historians.

The first conqueror who made any lasting impression on Hindoost'han was Mahmood, Emperor of Gujni. Gujni was situated on the western side of the Indus about five hundred miles north-west of Delhi. Soobuctukee, the father of Mahmood was a

দিগ্দর্শন.

দশম ভাগ.

হিন্দুস্থানের ইতিহাস.

গজনেনের বাদশাহ মহমুদকর্তৃক হিন্দুস্থান জয় করা অবধি মুসলমানেরদিগকে রাজ্যভ্রষ্ট করিয়া ইংগ্লণ্ডীয়েরদের রাজ্যস্থাপনপর্য্যন্ত, হিন্দুস্থানের ইতিহাস দিগ্দর্শনের এই ভাগে ও কতক আগামী ভাগে লিখিব. যে নানা বাদশাহেরা সিংহাসনে বসিয়াছিলেন তাহারা ক্রমেং হিন্দুস্থানের নানা মণ্ডল জয় করিয়াছিলেন ; এইহেতুক তাহারদের আক্রমণ বিবরণ আমরা ক্রমেং লিখিব. ও তাহারদেরকর্তৃক প্রত্যেক মণ্ডল জয় করণ বিবরণের সহিত সেইং মণ্ডলের সীমা, ও যে কোন বিবরণেতে তাহা বিশেষে জ্ঞাত হওয়া যায় তাহা আমরা সংক্ষেপে লিখিব. মুসলমানেরদের কর্তৃক এই ভারতবর্ষ জয় করিবার ইতিহাস আমরা মুসলমানীয় ইতিহাসবক্তারদের দ্বারা জ্ঞাত হইয়াছি.

যে জয়শীল ব্যক্তি প্রথম ভারতবর্ষে আপন রাজ্যস্থাপন করিলেন তিনি গজনেনের বাদশাহ মহমুদ. ঐ গজনেন নগর সিন্ধু নদীর পশ্চিম সীমাতে দিল্লীর উত্তর পশ্চিম সীমাহইতে আড়াই শত ক্রোশ অন্তরে স্থাপিত. মহমুদের পিতা সুবক্তকী বাদ

prince of great valor, and made several irruptions into India. His chief object however was plunder, and his ravages extended only to a short distance from the Indus. In detailing the history of Mahmood his son and successor, we have to unfold a scene of horror, almost unparalleled in the page of history. An immense and beautiful country, which had for ages been free from the desolation of war, utterly plundered and laid waste by an unfeeling despot, in whom the rage for conquest was urged on by his insatiable desire to extend the triumphs of Islamism. The plunder of every species which he amassed, was so vast that the belief of the reader will probably be staggered during the perusal. Let him however remember that India had been for centuries sending forth its rich and valuable commodities into the rest of the world, while the peculiar nature of its society rendered it unnecessary to import much in return. The wealth of a great part of the world had therfore been accumulating within its bosom for a long series of years, while no conqueror appeared to disturb its repose, or to despoil it of its immense treasures.

Soobuctukee left two sons, Ismael and Mahmood. Ismael was a prince of mild and amiable disposi-

শাহ্ অতিসাহসী ছিলেন ; তিনি ভারতবর্ষের উপরে পুনঃপুন আক্রমণ করিয়াছিলেন. দেশ লূঠ করিতে তাঁহার প্রধান চেষ্টা ছিল, তৎপ্রযুক্ত তিনি কেবল সিন্ধু নদীহইতে অল্প দূরপর্য্যন্ত লূঠ করিয়াছিলেন. তাঁহার পুত্র অথচ তাঁহার সিংহাসনাধিকারী যে মহমূদ তাঁহার ইতিহাসেতে পূর্ব্বকালীন ইতিহাসালিখিত দুঃখের বিবরণ আমারদের লিখিতে হইবে. যেহেতুক এই যে উত্তম মহাদেশ ভারতবর্ষ বহুকালপর্য্যন্ত যুদ্ধরহিত ছিল, সে দেশ এই নির্দ্দয় প্রমাদির দ্বারা এককালে লূঠ ও বিনাশপ্রাপ্ত হইল. এবং ঐ প্রমাদি ব্যক্তির দেশ জয় করণের যে বায়ু জন্মিয়াছিল সে বায়ু মহম্মদের মতস্থাপন বাসনার সহকারে আরো বর্দ্ধিষ্ণু হইল. তিনি নানা প্রকারে এত লূঠ সঞ্চয় করিয়াছিলেন যে ইহা পড়িলে কেহ বিশ্বাস করিবে না. যদ্যপি এ বিষয়ে কেহ সংশয় করেন, তথাপি তিনি স্মরণ করুন যে বহুকালাবধি এই ভারতবর্ষহইতে বহুমূল্য বাণিজ্যের সকল বস্তু পৃথিবীর অন্যং দেশে গিয়াছিল, এবং এই ভারতবর্ষের লোকেরদের স্বভাবপ্রযুক্ত স্বদেশোৎপন্ন বস্তুর পরীবর্ত্তে সেইং দেশহইতে অন্য কোন বস্তু ভারতবর্ষে আইসে নাই. তন্নিমিত্তে পৃথিবীর অধিক ভাগের ধন বহুকালপর্য্যন্ত এই ভারতবর্ষের উদরে সঞ্চিত হইতেছিল, এবং মহমূদের পূর্ব্বে এতাদৃশ কোন যোদ্ধা উপস্থিত হইল না যে সে ভারতবর্ষের শান্তি ভ্রষ্ট করে অথবা উদরের ধন বলাৎকারে লয়.

সুবক্তগীর দুই পুত্র ছিল যিশমাইল ও মহমূদ. য়িশমাইলের অতিমৃদু ও প্রসন্ন স্বভাব ছিল তন্নিমিত্তে তাহার পিতা যে রাজ্য

tion, totally unfit to govern an empire founded on the conquests of his father. He prevailed on his father however to appoint him his successor till the return of his brother, and was solemnly crowned at Balk. Having ascended the imperial throne, he shewed no disposition to quit it, but prepared to resist his brother, who was employed in one of the distant provinces of the empire. Mahmood offered him the government of Khorasan for life if he would yield the empire to him; but Ismael prepared to support his claim by arms; and having unlocked the imperial treasury distributed large sums among his troops. Mahmood in the mean time advanced on him with his army, and the conflict of the two brothers was both long and bloody. Ismael was in the end defeated, and confined in an iron cage which, in the full confidence of success, he had prepared for his brother. The conqueror now ascended the throne, and after subduing the petty chiefs who had revolted against him during his enterprize against his brother, began to prepare for his grand expedition into India.

At his accession to the throne of Gujni, Mahmood had made a solemn vow that he would attack with his whole force the idolators of Hindoost'han.

জয় করিয়া স্থাপিত করিয়াছিলেন সে রাজ্যশাসন করিতে তিনি অসমর্থ ছিলেন. তথাপি তিনি আপন পিতার প্রবৃত্তি জন্মাইলেন, যে তাহার পর আপন ভ্রাতা মহমুদের প্রত্যাগমনপর্য্যন্ত সিংহাসনে আপনি বসেন ; ইহাতে য়িশমাইল বলখ নগরে অভিষিক্ত হইলেন. অনন্তর তিনি রাজসিংহাসনে আরোহণ করিয়া তাহা ত্যাগ করিতে ইচ্ছাও করিলেন না, কিন্তু আপন ভ্রাতার সহিত যুদ্ধ করিতে উদ্যত হইলেন, সে সময়ে তাহার ভ্রাতা মহমুদ রাজ্যের দূর প্রদেশে ছিলেন. মহমুদ রাজ্যের পরীবর্ত্তে তাহার এক প্রদেশ খোরাশান রাজ্য আপন ভ্রাতাকে যাবজ্জীবন দিতে স্বীকৃত হইলেন, কিন্তু যিশমাইল যুদ্ধ করিয়া আপন দাওয়া লইতে উদ্যত হইলেন, এবং রাজকোষ খুলিয়া অনেক ধন আপন সৈন্যেরদিগকে বিতরণ করিলেন. ইতোমধ্যে মহমুদ সসৈন্য আগমন করিতে লাগিলেন ; পরে দুই ভ্রাতার মহাসংগ্রাম অনেক দিন হইল ও তাহাতে অনেক প্রাণিহত্যা হইল. শেষে য়িশমাইল পরাজিত হইলেন এবং স্থির জয়প্রত্যাশাতে যে লৌহ পিঞ্জর মহমুদকে কএদ করিতে নির্ম্মাণ করিয়াছিলেন, শেষে সেই পিঞ্জরে মহমুদ তাঁহাকে কএদ করিলেন. পরে মহমুদ জয়ী হইয়া সিংহাসনে বসিলেন ও আপন ভ্রাতার সহিত যুদ্ধকালে যে ক্ষুদ্র২ রাজারা তাঁহার প্রতিকূলাচরণ করিয়াছিল, তাহারদের দমন করিয়া ভারতবর্ষ আক্রমণ করিবার আয়োজন প্রস্তুত করিলেন.

গজনেনের সিংহাসনে অভিষিক্ত হইবার কালে মহমুদ প্রতিজ্ঞা করিলেন, যে তিনি আপনার তাবৎ সৈন্য লইয়া হিন্দুস্থানীয়

In the year one thousand he commenced the earliest of those twelve dreadful irruptions in which he spared neither age nor sex, but plundered without remorse the palaces of princes, and the temples of the gods, and despoiled India of the accumulated wealth of centuries.

Having crossed the Indus, Lahore was the first object of his attack. Lahore is one of the largest and most fertile provinces of Hindoost'han. It is watered by fire rivers, the Sutudroo, the Veepasa, the Chundru-bhaga, the Iravutee, and the Veetusta, from which circumstance it is called the Punjab. It is situated between the Indus and Delhi, and is reckoned three hundred and sixty miles in length and a hundred and seventy-two in breadth. Lahore the capital, is a city of high antiquity, and is by some supposed to have been built by Alexander the Great. Lying on the direct road that leads into Hindoost'han, Lahore has ever been harrassed by the armies of contending princes, and has been more deeply stained with blood than any other province of the empire. It is perhaps to this circumstance that the people are indebted for their martial spirit. The throne of Lahore was then occupied by *Juyapala* who, though he had been before vanquished by Soobuctukee did not decline a contest with his son, but collecting an army of twelve thousand horse, thirty thousand foot, and three hundred elephants, he offered him battle, which was obstinately disputed on

দেবপূজকেরদিগের উপরে আক্রমণ করিবেন. মহমুদ যে দ্বাদশ বার এই ভারতবর্ষে আসিয়া আবাল বৃদ্ধ বনিতাপর্য্যন্ত দয়া না করিয়া, রাজারদের রাজগৃহ ও দেবতারদের মন্দির লুট করিয়া সমভূমি করিয়াছিলেন, এবং শতং বৎসরাবধি সঞ্চিত যে ধনসম্পত্তি ভারতবর্ষে ছিল, তাহা লইয়া আপন দেশে গিয়াছিলেন সে দ্বাদশ বারের প্রথম বার এক হাজার সালে হইল.

সিন্ধু নদী পার হইয়া তিনি লাহোর নগর প্রথম আক্রমণ করিলেন. লাহোর হিন্দুস্থানের অতিবড় উপস্বত্বের স্থান ; ঐ দেশে শতদ্রু ও বিপাশা ও চন্দ্রভাগা ও ঐরাবতী ও বিতস্তা, এই পাঁচ নদী বহে, তন্নিমিত্তে তাহার নাম পঞ্জাব কহা যায়. সিন্ধু নদী ও দিল্লী এই উভয়ের মধ্যবর্ত্তী লাহোর দেশ, দীর্ঘ এক শত আশী ক্রোশ, ও প্রস্থারে ছিয়াশী ক্রোশ. লাহোর নামে ... প্রদেশের রাজধানী নগর অতিপ্রাচীন, ও কেহং অনু... যে সেকন্দর শাহ সে নগর গাঁথিয়াছিলেন. লাহোর ... স্থানের গমনাগমনের পথ, তন্নিমিত্ত উভয় পার্শ্বের বাদশাহেরদের যুদ্ধে ঐ নগরের উপরে ব্যাঘাত নিত্য জন্মিত, তাহাতে ঐ প্রদেশ অন্য সকল প্রদেশহইতে রক্তেতে অধিক সিক্ত হইয়াছে ; তৎপ্রযুক্ত তদ্দেশীয় লোকেরদের এতাদৃশ সাহসিত্ব. সে কালে ঐ লাহোর নগর জয়পাল রাজার অধীন ছিল ; সুবক্তকী বাদশাহ তাহাকে পূর্ব্বে জয় করিয়াছিলেন, তথাপি তাহার পুত্র মহমুদ বাদশাহের সহিত যুদ্ধ করিতে ঐ জয়পাল রাজা পরাঙ্মুখ হইলেন না, কিন্তু বার হাজার ঘোড়সোয়ার ও ত্রিশ হাজার পদাতিক ও তিন শত হস্তী প্রস্তুত করিয়া, মহমূদের সহিত যুদ্ধ করিলেন ;

both sides. Mahmood, notwithstanding the inferiority of his forces, vanquished *Juya*-pal*a*, killed five thousand of his troops, and took the raja himself prisoner. The booty obtained on this occasion was immense; round the neck of the captive monarch were found sixteen strings of pearls each valued at a hundred and eighty thousand Rupees. The spoil found in the camp was proportionably great. *Juya*-pal*a* obtained his liberation by paying a large ransom and by consenting to an augmented tribute. Stung with shame at his misfortune, he in compliance with a maxim then prevalent in India, that a monarch who had been twice vanquished by the Moosulmans was unworthy of his throne, resigned the sceptre to his son, and having caused a funeral pile to be kindled, [illegible] into the flames and perished. He was suc[illegible] by his son An*u*nd*a*-pal*a*.

The object of Mahmood's *Second* expedition was to secure his newly acquired territories, rather than to make new conquests, or to accumulate wealth.

In the year 1004, Mahmood commenced his *Third* Indian expedition, on the pretext of tribute detained by Bukhera, a dependent of An*u*nd*a* pal*a*. His capital city Tahera, on the borders of Mooltan,

তাহাতে উভয়ের অতিঘোরতর যুদ্ধ হইল. মহমূদের সৈন্য স্বল্প হইয়াও তিনি জয়পাল রাজাকে জয় করিলেন ও তাহার পাঁচ হাজার সৈন্যেরদিগকে সংহার করিলেন, ও ঐ রাজা তাহার হস্তগত হইলেন. এই যুদ্ধেতে মহমুদ অনেক লুণ্ঠিত বস্তু পাইলেন, ও হস্তগত রাজার গলাতে ষোল ছড়া মুক্তার হার পাইলেন; সে প্রত্যেক হারের মূল্য এক লক্ষ আশী হাজার টাকা. এই অনুসারে লুঠের বস্তু ঐ ছাউনিতে লোকেরা পাইয়াছিল. জয়পাল রাজা অনেক টাকা দিয়া এবং অধিক রাজকর দিতে স্বীকার করিয়া মুক্ত হইলেন. পূর্ব্বে ভারতবর্ষে এই রীতি ছিল, যে যদি কোন হিন্দুরাজা মুসলমান কর্ত্তৃক দুইবার পরাজিত হইতেন, তবে তিনি সিংহাসনে বসিবার অনুপযুক্ত; তৎপ্রযুক্ত রাজা জয়পাল অপমানে সলজ্জ হইয়া আপন রাজদণ্ড আপন পুত্রের প্রতি অর্পিত করিলেন, [illegible] প্রস্তুত করিয়া তাহাতে আপন পাঞ্চভৌতিক শরীর [illegible] করিলেন. তাহার পুত্র আনন্দপাল তদবসরে সিংহাসনে বসিলেন.

মহমূদের দ্বিতীয় যুদ্ধের কালে নূতন রাজ্য ও ধনপ্রাপ্ত হওনের অপেক্ষায় পূর্ব্বাধিকৃত রাজ্য রক্ষা করিতে তাহার চেষ্টা ছিল.

আনন্দপালের অধীন বেথীরা নামে এক ব্যক্তি রাজকর আটক করিয়াছে, এই মিথ্যাছল করিয়া সন ১০০৪ সালেতে মহমূদ তৃতীয় বার এই ভারতবর্ষে যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন. বেথীরার রাজধানী মুলতানের নিকটবর্ত্তি ভটীরা নামে নগর

was exceedingly well fortified, and the prince defended himself with such resolution as to drive Mahmood almost to despair. Bukhera however, was eventually constrained to shut himself up in the citadel, which was immediately invested by his enemy. Finding it untenable, he effected his escape from the fort, and drew a considerable part of his army with him. On receiving intelligence of this, Mahmood divided his forces into two bodies, and dispatching one in quest of the fugitive prince, pressed forward the siege with the other. Bukhera finding resistance impossible, endeavoured to force a passage through the midst of his enemies, but his troops were all either cut to pieces, or taken prisoners. To avoid a similar fate, he plunged his sword into his own bosom. The capital after this fell an [illegible] y to Mahmood, who transported all its jew[illegible] wealth to Gujni, to which he also annexed the territory.

His *Fourth* expedition was directed against Mooltan, which was at that time under the government of Daood, who refused to submit himself to Mahmood. This province extends on the east side of the Indus, from its source till it falls into the ocean. It is reckoned three hundred and sixty-six miles in length, and two hundred and sixteen in breadth. In very ancient times the capital was a city of amaz-

এমত শক্তরূপে প্রস্তুত ছিল এবং রাজা এমত সাহসপূর্ব্বক আপ নাকে রক্ষা করিলেন যে তাহাতে মহমূদ প্রায় এই বিষয়ে হতাশ ছিলেন. কিন্তু শেষে বেথীরা উপায় না দেখিয়া, আপনি গড়ের মধ্যে পলায়ন করিল; তৎক্ষণাৎ মহমূদ সে গড় বেষ্টন করিলেন. বেথীরা সে গড় অতিসঙ্কটাবিষ্ট জানিয়া কতক সৈন্য সঙ্গে লইয়া পলায়ন করিলেন. মহমূদ এই সমাচার জ্ঞাত হইয়া আপন সৈন্যেরদিগকে দুই ভাগ করিলেন; তাহার এক ভাগ ঐ পলায়িত রাজার অন্বেষণার্থ পাঠাইলেন ও আর ভাগ লইয়া ঐ গড় আরো শক্তরূপে ঘেরিলেন. বেথীরা আত্মরক্ষার কোন উপায় না দেখিয়া আপনার শত্রুরদের মধ্য দিয়া তরবালদ্বারা পথ করিয়া পলাইবার চেষ্টা করিল, কিন্তু মহমূদের সেনা তাহার কতক সৈন্যেরদিগকে সংহার করিল এবং অবশিষ্ট সৈন্য আপন হস্তগত করিল. এই দুরবস্থাহইতে মুক্ত হইবা বেথীরা আপন উদরে অস্ত্রাঘাত করিয়া প্রাণত্যাগ করিল. ঐ রাজধানী নগর সুতরাং মহমূদের অধীন হইল, এবং সে নগরের ধন ও অলঙ্কার সকল গজনেন নগরে তিনি পাঠাইলেন এবং ঐ রাজ্য তিনি আপন রাজ্যমিশ্রিত করিলেন.

মহমূদের চতুর্থবার আগমন মুলতানের প্রতি হইল; সে সময়ে মুলতান দেশ দাউদের অধীন ছিল দাউদ মহমূদের অধীনতা স্বীকার করিলেন না. ঐ দেশ সিন্ধুনদীর পূর্ব্ব দিকে ও তাহার সীমা প্রায় সিন্ধুনদীর নির্গমন স্থানহইতে সমুদ্রে প্রবেশ স্থানপর্য্যন্ত; সে দেশ দীর্ঘ এক শত তিরাশী ক্রোশ, প্রস্থারে এক শত আট ক্রোশ নিরূপিত ছিল. পূর্ব্বকালে তাহার রাজধানী অতি

ing extent. The fort is said to have had one thousand four hundred bastions, and of some of its fortifications there are at present considerable vestiges. Mahmood's army though exceedingly numerous, had to contend both with Daood, and with An*u*nd*a*-pal*a* his old enemy, who was ever on the watch to harass and distress him. The forces of the latter though greatly superior in number, were so far inferior in valor and discipline that he was totally routed by the Sultan, and obliged to fly into Kashmeer. Mahmood pushed on his troops to Mooltan, which he took with little difficulty, and though the Persian historians are silent respecting the plunder which he obtained, yet it doubtless bore some proportion to the wealth and immense commerce of the place. Daood after flying to the [illegible] submitted himself to the conqueror, who [illegible]ted him to occupy his throne on the promise of a large increase of tribute.

In the year 1008 An*u*nd*a*-pal*a* impatient under a foreign yoke, endeavoured to wrest Mooltan from Mahmood, which roused the resentment of the Sultan, who prepared to pour his vengeance on the Punjab. This formed his *Fifth* expedition. An*u*nd*a*-pal*a*, determined to perish rather than to submit, sent messengers to the great rajas of Hindoost'han intreating them to form a confederacy for their mu-

আয়ত স্থান ছিল. তাহার গড়ে এক হাজার চারি শত বুরুজ ছিল এবং ... তাহার কতক চিহ্ন সেখানে অদ্যাপি আছে. মহমুদের সৈন্য অতিশয় ছিল, কিন্তু তাহার দুই শত্রুর সঙ্গে এক সময়ে যুদ্ধ করিতে হইল ; দাউদের সহিত এবং তাহার পূর্ব্ব শত্রু অথচ তাঁহাকে নিত্য দুঃখ দিতে চেষ্টান্বিত যে আনন্দপাল রাজা তাহারও সহিত. আনন্দপাল রাজার সৈন্য সংখ্যাতে অধিক হইয়াও সাহস ও যুদ্ধরীতিতে এমত ন্যূন ছিল যে সেই সুলতানকর্ত্তৃক পরাজিত হইয়া কাশ্মীর দ্বারে পলায়ন করিলেন. মহমূদ সসৈন্য মুলতানের উপরে আক্রমণ করিয়া সহজরূপে অধিকার করিলেন. পারসীর ইতিহাসবক্তারা তাহার লুঠপ্রাপ্তির বিবরণ লিখেন নাই বটে, কিন্তু ঐ দেশের বাণিজ্যের ও ঐশ্বর্য্যের দ্বারা বোধ হয় যে তিনি অত্যন্ত লুঠ করিয়াছিলেন. দাউদ প্রথম বনে পলায়ন করিলেন, পরে মহমূদের অনুগত হইলেন. এ... রাজকর দিতে স্বীকার করাতে মহমূদ পুনর্ব্বার তাঁহাকে ...সন সমর্পণ করিলেন.

সন ১০০৮ সালেতে রাজা আনন্দপাল অন্যের অধীনতাপ্রযুক্ত অস্থির হইয়া, মহমুদহইতে মুলতান লইবার চেষ্টা করিলেন, তাহাতে সুলতান ক্রোধান্বিত হইলেন ও পঞ্জাব নগরের উপরে আপন ক্রোধবৃষ্টি করিতে উদ্যোগ করিলেন. এই নিমিত্ত তিনি পঞ্চম বার ভারতবর্ষ আক্রমণ করিতে প্রবৃত্ত হইলেন. আনন্দপাল রাজা অন্যের অধীনতাপেক্ষায় আত্ম মৃত্যু শ্রেয়োজ্ঞান করিয়া হিন্দুস্থানীয় অন্যং মহারাজেরদের নিকটে ঐ সম্বাদ পাঠাইলেন, যে তোমরা সকলে একবাক্য হইয়া আমারদের সাধারণ

tual defence against a common enemy. The rajas of Oojjuyuna, Gualior, Kallinjer, Kanooj, Delhi, and Ajimeer, advanced to support him with a numerous army, animated by the most heroic fortitude, but without a chief capable of coping with Mahmood. India had not for many years witnessed so large an army, collected from so many different provinces. Mahmood encamped on a vast plain near Peishawir; opposite him encamped the Hindoos who became every day more formidable for numbers and strength. The two armies continued in sight of each other forty days. Mahmood who was strongly entrenched, was anxious to provoke an attack on his camp; in which he at length succeeded. As fast as the Hindoos approached, they were cut down by the troops of the Sultan, who [illegible] them at length greatly exhausted, rushed out [illegible] entrenchments and commenced a dreadful attack on the weakened enemy.

An accident happened at this time, which determined the fate of the day. A species of fire weapon exploded near the elephant of the raja of Lahore, the generalissimo of the army, which so terrified the animal, that he flew with the Raja precepitately from

এই শত্রুর সহিত যুদ্ধ করিতে আইস. ইহাতে উজ্জয়িনী ও গোয়ালিয় ও কালিঞ্জর ও কান্যকুব্জ ও দিল্লী ও আজমের এই২ দেশের রাজারা আপন২ মহাসেনা লইয়া আনন্দপাল রাজার সাহায্য কামনাতে আগমন করিলেন; তাহারা সাহসে ও স্থির প্রতিজ্ঞাতে মনকে দৃঢ় করিয়া আইলেন, কিন্তু তাহারদের মধ্যে এমত কেহ মুখ্য যোদ্ধা ছিল না যে মহমুদের সহিত যুদ্ধ করে. ভিন্ন২ দেশহইতে আসিয়া এত সৈন্য বহু কালাবধি কখনও এই ভারতবর্ষে একত্র হয় নাই. মহমূদ পেশোর শহরের নিকটে বড় এক মাঠেতে ছাউনি করিয়া রহিলেন, এবং তাহার সম্মুখে হিন্দুস্থানের রাজারাও ছাউনি করিলেন, হিন্দুরদের সৈন্য প্রতিদিন সংখ্যাতে ও সাহসেতে বৃদ্ধিপ্রাপ্ত হইতে লাগিল. চল্লিশ দিনপর্য্যন্ত ঐ উভয় পক্ষীয় সৈন্যেরা পরস্পর সম্মুখাসম্মুখিভাবে রহিল. মহমূদের উত্তম মুন্সী বন্দী ছি... যুক্ত তাহার এই বাসনা হইল যে হিন্দুরা তাহার উপ... আক্রমণ করে, দৈবাৎ তাহা শেষে ঘটিল. হিন্দুরা নিকটবর্ত্তী হইবামাত্র মহমূদের সৈন্যেরা তাহারদিগের সংহার করিল. শেষে মহমূদ তাহারদিগকে নিতান্ত ক্লান্ত দেখিয়া আপনার ছাউনিহইতে নির্গত হইয়া ঐ ক্ষীণবল শত্রুরদের উপরে ঘোর আক্রমণ করিলেন.

ভাগ্যক্রমে ঐ দিবস এক দুরবস্থা ঘটিল তাহাতে সে যুদ্ধে জয় নিশ্চয় হইল; তাবৎ হিন্দু রাজারদের সৈন্যের সেনাপতি লাহোরের রাজার হস্তীর নিকটে এক প্রকার অগ্নিময় বাণ ফাটিল; তাহাতে ঐ হস্তী ভীত হইয়া রণভূমিহইতে রাজাসমেত পলায়ন

the field. The Hindoos imagining themselves deserted by the chief, betook themselves to flight, and Mahmood at the head of his horse commenced a bloody pursuit which lasted two days, during which time he destroyed twenty thousand of the enemy, besides the uncounted numbers which perished on the field of battle. The plunder of the most costly kind obtained on this occasion was sufficient to load forty elephants, and the fame of Mahmood was wafted to the most distant extremities of Asia.

Even this plunder was unable to satiate his avarice. On the Himaluyu mountains, in the territory of Nagur-kot*a*, a fort called Bheem had been erected in former times, which contained a superb tem- resort of pilgrims from all parts, and such that the floor is said to have been covered with plates of gold. The fort had been built with great labor, on the summit of a lofty peak, and was deemed utterly impregnable. In the vaults under the temple, as in a place of inviolable security, was deposited the whole collected wealth of the neighbouring princes, so that in this fort there was supposed to be amassed a greater quantity of gold, silver, and precious stones than in the treasury of any prince in Asia. Mahmood fresh from his victory, hurried hither with the utmost expedition, and investing the fort, sent out detachments to lay waste the surrounding country. The brahmuns who

করিল; কিন্তু তৎক্ষণাৎ হিন্দু সৈন্যেরা আপনারদের প্রধান সেনাপতির পলায়ন সত্য ভাবিয়া আপনারাও পলায়ন করিল. মহমুদ আপন ঘোড়সোয়ার লইয়া দুই দিনপর্য্যন্ত তাহারদিগকে কাটিতেং তাহারদের পশ্চাতে দৌড়িলেন; তাহাতে বিশ হাজার সৈন্য নিপাত করিলেন কিন্তু রণভূমিতে যত মরিল তাহা গণা গেল না. তিনি এই যুদ্ধে চল্লিশ হস্তির ভার পরিমাণে বহু মূল্য সামগ্রী লুঠে পাইলেন এবং তাহাতে মহমুদের নাম বায়ুর অগ্রগামী হইয়া আসিয়ার শেষ সীমাপর্য্যন্ত গেল.

এই লুঠেতেও তাহার ধনাকাঙ্ক্ষানিবৃত্তি হইল না. হিমালয় পর্ব্বতের নগরকোঠ প্রদেশে পূর্ব্বনির্ম্মিত ভীমনামে এক দুর্গে এক উত্তম দেবালয় ছিল; সেখানে চতুর্দিক্‌হইতে যাত্রিকেরা তীর্থ করিবার নিমিত্ত যাইত, তৎপ্রযুক্ত সেই স্থানে এত ধন সঞ্চয় হইয়াছিল যে লোকে কহিত যে সেই [illegible]ালয়ে [illegible] পাত্রে মণ্ডিত ছিল. সে দুর্গ এক উচ্চ পর্ব্বতের শৃঙ্গে [illegible] শ্রমপূর্ব্বক নির্ম্মিত ও বিপক্ষ লোককর্তৃক অজেয়. তাহার ভূমিকুঠরী অতিদুর্লংঘ্য স্থান জ্ঞান করিয়া প্রতিবাসি রাজারা আপনারদের তাবৎ সম্পত্তি সেইখানে সঞ্চয় করিয়াছিলেন; এই হেতুক অনুমান হয় যে ভারত বর্ষের কোন এক রাজার রাজ কোষহইতেও অধিক স্বর্ণ ও রূপ্য ও বহুমূল্য প্রস্তর ঐ দুর্গেতে ছিল. মহমুদ আপন জয় সিদ্ধ করিবামাত্র অতিবেগে সে স্থানে আগমন করিয়া ঐ দুর্গ ঘেরিলেন, এবং তাহার চতুর্দিকস্থ গ্রাম সকল লুঠ করিতে আপন সৈন্যেরদিগকে পাঠাইলেন. যে ব্রাহ্মণেরা ঐ রাজকোষের রক্ষক ছিলেন তাঁহারা আপনার

guarded the treasure, were determined with the aid of their small garrison to make a vigorous resistance, while they heaped curses on the rapacious M osul man, who had dared to invade the sanctity of *Shiva*, the deity of the place. In spite of their anathemas, Mahmood carried on his works with vigor, and it was not till resistance appeared unavailing that they surrendered the fort, and opened its gates for the first time to admit the troops of a conqueror. In the temple were found seven hundred thousand golden deenars, seven hundred maun s of gold and silver plate, forty maunds of pure go d in ingots, two thousand maunds of silver bullion, and twenty maunds of jewels of various kinds, which had been accumulating in the temple from the time of its foundation. With this enormous treasu.e he returned to Gujni, ... of a magn ficent festival, he displayed to an ... concourse of people on an extensive plain, ... wealth he had amassed, and distributed rich prizes among his generals, omrahs, and chief officers. In each of these expeditions, Mahmood defaced ... d mutilated all the images he could discover, and compelled the inhabitants to acknowledge the sacred mission of Mahomet on pain of instant death, or perpetual slavery in a foreign country.

In the year 1011, Mahmood made his *Sixth* irruption into India, and plundered the cities of Tanassar and Delhi. Tanassar was a very ancient city, situated in the Soobah of Delhi, from which it is dis-

দের ক্ষুদ্র সৈন্য লইয়া ঐ স্থান রক্ষার্থে সসজ্জ হইলেন; এবং যে পাষণ্ড মুসলমান মহমূদ ঐ স্থানের অধিষ্ঠাতৃ দেব শিবের ধর্ম্মালয় অপবিত্র [illegible] উদ্যত হইয়াছিল তাহাকে অভিশাপ করিতে লাগিলেন. মহমুদ তাঁহারদের সে অভিশাপ না মানিয়া আরো অতিকঠিনরূপে যুদ্ধ করিতে লাগিলেন. পরে ব্রাহ্মণেরা পুনর্ব্বার উদ্যোগ করা মিথ্যা জানিয়া দুর্গ সমর্পণ করিবার কারণ সেই জয়শীল সৈন্যের প্রবেশের নিমিত্ত প্রথমবার দুর্গের কপাট খুলিয়া দিলেন. ঐ দেবালয়েতে সাত লক্ষ স্বর্ণ দীনার ও সাত শত মোন স্বর্ণ ও রূপ্যের পাত্র ও চল্লিশ মোন নিরট স্বর্ণের কামী ও দুই হাজার মোন রূপ্য ও বিশ মোন অলঙ্কার পাইলেন; সে সকল ঐ দেবালয় নির্ম্মাণাবধি সঞ্চিত হইয়াছিল. এই অসংখ্য সম্পত্তি লইয়া মহমুদ গজ[illegible] নগরে প্রত্যাগমন করিলেন; তিনি সেখানে বড় এক মাঠে রাজসভা করিয়া অনেক জনতার সম্মুখে আপনার সঞ্চিত সম্পত্তি দেখাইলেন, এবং আপন সে[illegible] দিগকে ও ওমরারদিগকে ও মুখ্য সেনারদিগকে বহুমূল্য পা[illegible]ষিক দিলেন. এই প্রত্যেক যুদ্ধে মহমূদ যত দেবপ্রতিমা দেখিলেন সে সকলকে ভাঙ্গিয়া নষ্ট করিয়াছিলেন, এবং মহমুদ ত[illegible] লোকেরদিগকে মরণের ভয় ও অন্য দেশে দাসত্বনিয়োগের ভয় প্রদর্শনদ্বারা মহম্মদের মতাবলম্বন করাইলেন.

সন ১০১১ সালেতে মহমূদ ষষ্ঠ বার এই ভারতবর্ষে আগমন করিয়া থানেশ্বর ও দিল্লী নগর লুঠ করিলেন. থানেশ্বর অতি প্রাচীন নগর দিল্লীর সুবার অন্তঃপাতী, ও দিল্লী নগরহইতে

tant about thirty miles. The river Suruswutee runs near it, and, in its vicinity is the lake of Kooroo-kshettra. This region was the scene of the Maha-bharut, and the city of Hustinapóor, the capital of Bharut, stood near it. Mahmood had heard that it was held in the same degree of veneration by the Hindoos, as Mecca was by the Moosulmans, that it was full of temples, and that like Bheem, it over-flowed with consecrated wealth. Amidst a thousand inferior divinities, sat the tutelar deity of the place, whose image the brahmuns vaunted to be coeval with the world.

Mahmood directed Anunda-pala to perform all the duties of a faithful ally, and to provide for the daily support of the army in its progress. Anunda-pala, [illegible]us to preserve Tanassar from plunder and des-[illegible]n, offered as a ransom a large number of [illegible]phants, bullion and jewels. Mahmood inexorable to all his entreaties, only returned in reply that according to the maxims of the Moosulman faith, the more the glory of the prophet was augmented, and the more idolatry was subverted, the greater would be the reward in heaven. When the news of Mahmood's approach reached the king of Delhi to whom Tanassar belonged, he dispatched heralds to all the rajas in Hindoost'han summoning them once more to the field, and entreating them to protect from profanation the last sanctuary of the gods. Mahmood's troops in the mean time poured in

ত্রিশ ক্রোশ অন্তর. তাহার নিকটে সরস্বতী নদী বহে, ও কুরুক্ষেত্রের হ্রদ ঐ থানেশ্বরের নিকটবর্ত্তী. মহাভারতে যে সকল বর্ণনা আছে তাহার স্থান ঐ দেশ, এবং ভারত রাজার রাজধানী হস্তিনাপুরও তদ্দেশবর্ত্তী. মহমূদ শুনিয়াছিলেন যে মুসলমানেরা যেমন মক্কাকে মানে তেমন হিন্দুরা এই স্থানকে অতিশয় মানে, এবং ঐ স্থান মন্দিরময়, ও ভীম গড়ের মত পুণ্যার্থে দত্ত ধনেতে পরিপূর্ণ. সহস্রং ক্ষুদ্র প্রতিমার মধ্যে সে স্থানের অধিষ্ঠাতৃ এক দেব উপবিষ্ট ছিলেন. ঐখানকার ব্রাহ্মণেরা গর্ব্ব রূপে কহিলেন যে এই প্রতিমা পৃথিবীর মত প্রাচীন.

মহমূদ আনন্দপাল রাজাকে আজ্ঞা করিলেন যে তুমি আমার মিত্র রাজার উপযুক্ত কর্ম্মানুসারে গমনশীল সৈন্যেরদের আহারীয় বস্তু তাহারদের নিকটে পঁহুছাইয়া দেও. কিন্তু লুঠ ও নাশ হইতে থানেশ্বর নগররক্ষা করিতে আনন্দপাল রাজার অভি[illegible] ছিল, তন্নিমিত্ত তিনি অনেক হস্তী ও স্বর্ণ ও রূপ্য ও অলঙ্ক[illegible] মূদকে দিতে অঙ্গীকার করিলেন. মহমূদ তাহার সে সকল বিনয়েতেও বাধ্য না হইয়া প্রত্যুত্তর করিলেন যে মুসলমানের [illegible]প্রমাণে দেবপূজা যত ভ্রষ্টা হয় ও মহম্মদের খ্যাতিবৃদ্ধি হয় তদনুসারে লোকেরদের স্বর্গফল হয়. ঐ থানেশ্বর নগরের অধিকারী যে দিল্লীর রাজা তাহার নিকটে যখন মহমূদের আগমন বার্ত্তা পঁহুছিল তখন তিনি হিন্দুস্থানীয় তাবৎ রাজারদের নিকটে দূত পাঠাইলেন, ও প্রার্থনা করিলেন যে তাহারা সকলে সসৈন্য আসিয়া দেবতারদের শেষ আশ্রয় অপবিত্রতাহইতে রক্ষা করে. পরে ঐ মিলিত রাজারা তাহার সাহায্যার্থে না পঁহুছিতেং মহমূ

with unceasing rapidity, and before the confederated rajas could assemble their troops, he had already invested the place, the defenders of which, unaccustomed to military operations, were quickly obliged to surrender it. In the space of a few hours this splendid city of unrivalled beauty and opulence, was reduced to the lowest state of desolation and distress by the ravages of the soldiery. The temples were ransacked of all their wealth and jewels, and then thrown down, and the images of the gods after being cut to pieces were strewed about the streets of the city. The principal image was reserved for still greater degradation. Lest it should rekindle the flame of enthusiasm, it was carried to Gujni, where, after being publicly decapitated, its members were scattered through the streets and ways, and trampled on by the victorious Moosulmans.

Enraged at the conduct of the Raja of Delhi, in summoning other rajas to the conflict, Mahmood had no sooner subdued Tanassar than he marched against that city. The greatest length of the Soobah of Delhi is three hundred and thirty miles, and its extreme breadth, two hundred and eighty. The principal rivers which water it are the Ganges and the Yumoona. The city is said to have been founded two thousand one hundred years ago by one Delu, though others maintain that one Aurung-

দের সৈন্যেরা অতিবেগে আগমন করিয়া ঐ থানেশ্বর নগর যে রিল. ঐ স্থানের রক্ষকেরা যুদ্ধ বিষয়ে অজ্ঞাত ছিল, তৎপ্রযুক্ত ঐ গড় মহমূদের হাতে শীঘ্র সমর্পিত হইল. ঐশ্বর্য্যশালী ও ধন ও সৌন্দর্য্যেতে অদ্বিতীয় যে এই নগর সে মহমূদের সৈন্যেরদের লূঠের দ্বারা এক দণ্ডের মধ্যে আত্যন্তিক সংহার ও দুঃখপ্রাপ্ত হইল. সৈন্যেরা দেবালয়ের ধন ও রত্ন লুঠিয়া লইয়া দেবালয় ভাঙ্গিয়া সমভূমি করিল. এবং দেবপ্রতিমা সকল ছিন্ন করিয়া ঐ নগরের রাজপথে ছড়াইয়া ফেলিল; কিন্তু প্রধান প্রতিমাকে অধিক নিগ্রহ করিবার নিমিত্ত রাখিল. তাহার দ্বারা প্রতিমাপূজকেরদের যে পূজার বায়ু আর না জন্মে, এই কারণ ঐ প্রতিমা গজনেন নগরে লইয়া গেলেন, এবং সে খানে সকল লোকের সম্মুখে মস্তক ছেদন করিলেন, ও তাহার প্রত্যেক অবয়ব পথে ও রাজপথে ফেলিলেন যে জয়শীল মুসল মানেরা তাহা পায়ের দ্বারা দলন করে.

দিল্লীর রাজা যে তাহার সহিত যুদ্ধ করিতে অন্যং রাজার দিগকে আহ্বান করিয়াছিলেন, তাহাতে মহমূদ কোপান্বিত হই য়া থানেশ্বর নগরাক্রমণ করিবামাত্র দিল্লীতে আগমন করি লেন. দিল্লীর সুবা দীর্ঘে এক শত পঁয়ষট্টি ক্রোশ, প্রস্থারে এক শত চল্লিশ ক্রোশ. ঐ দেশের মধ্যে প্রধান নদী গঙ্গা ও যমুনা. এমত কহা যায় যে দুই হাজার এক শত বৎসর হইল দিলু নামে এক রাজা ঐ নগর বসাইয়াছিল, অন্য কেহং কহে যে আরঙ্গপাল নামে এক রাজা চৌদ্দ শত বৎসর হইল

pal*a* founded it on the ruins of a more ancient city, about fourteen hundred years ago. Its chiefs had been for a long time independent, but at length they became tributary to the great Rajas of Lahore, whose family name was Pal*a*. It is supposed to stand on the site of the ancient city of Indrupoot, mentioned in the Muha-bharut. It rose to renown as Kanooj declined, and after the total decay of this last, it continued to be the metropolis of Hindoost'han under all the successive families of Moosulmans till it was superseded in its turn by Calcutta.

Against this great capital, Mahmood now directed the march of his victorious troops. The rapidity of his approach and the vigor of his attack rendered all opposition fruitless; the city capitulated, and the crescent of Mahomet was soon elevated in the place of the banners of Vishnoo. The palace was given up to indiscriminate plunder. Mahmood was so delighted with the beauty of the city and with its situation that he wished to annex it to Gujni, but on his generals representing to him the impossibility of accomplishing this project, while the intermediate raja of Lahore continued to maintain his independence, he relinquished his design and contenting himself with a large annual tribute, returned to Guj-

তাহাহইতে অধিক এক প্রাচীন নগর ভাঙ্গিয়া ঐ নগর পত্তন করিলেন. ঐ নগরাধ্যক্ষেরা বহু কালপর্য্যন্ত স্বাধীন ছিল, পরে লাহোরের পালবংশ নামে মহারাজার অধিকৃত হইল. মহাভারতে ইন্দুপ্রস্থনামে প্রাচীন নগর লিখিত আছে অনুমান হয় যে তাহার স্থানে এই নগর স্থাপিত হইল. শেষে কান্যকুব্জ নগরের যেরূপ হ্রাস হইতে লাগিল, তেমন দিল্লী নগরের বৃদ্ধি হইল, এবং কান্যকুব্জ নগরের সমুদায় নাশ হওনের পর মুসলমান রাজবংশের রাজত্বের সময়ে ঐ দিল্লী নগর তাবৎ হিন্দুস্থানের রাজধানী হইল, ও এখন সেই রাজধানীত্বপদ সেখানহইতে কলিকাতাতে আসিয়াছে.

মহমুদ আপন জয়শীল সৈন্য লইয়া এই মহারাজধানীর উপরে শক্তরূপে আক্রমণ করিলেন. তাহার বেগপূর্ব্বক আগমন, ও শক্ত আক্রমণদ্বারা তাহার বিপরীতে সকল বাধা নির্মূল হইলে; ঐ নগর মহমুদের হাতে সুতরাং সমর্পিত হইল, এবং তৎক্ষণাৎ বিষ্ণুপতাকার স্থানে মহম্মদের অর্দ্ধচন্দ্র পতাকা উড়িতে লাগিল; এবং ঐ রাজস্থানের অতিশয় নিগ্রহ ও লুঠ করা গেল. মহমুদ ঐ নগরের সৌন্দর্য্য ও স্থান দেখিয়া তুষ্ট হইয়া গজনেন নগরের অন্তঃপাতী করিতে বাসনা করিলেন, কিন্তু তাহার সেনাপতিরা তাহাকে জ্ঞাত করিল যে লাহোরের রাজা যত দিন স্বাধীন হইয়া মধ্যবর্ত্তি দেশে আছেন, তত দিন গজনেনের অন্তঃপাতী করা অসাধ্য. ইহাতে আপনার সে মনোরথ ত্যাগ করিলেন, এবং অনেক রাজস্ব পাইবার স্বীকারে সম্মত হইয়া চল্লিশ হাজার যুদ্ধ

ni laden with forty thousand captives, and wealth which almost defies belief.

About two years after this expedition An*unda*-pal*a* died and was succeeded by his son Prit'hwee-*juya*-pal*a*, who almost immediately on his accession to the throne, declared war against Mahmood, who now commenced his *Seventh* expedition into India. Unable however to cope with his disciplined troops, J*uya*-pal*a* fled into Kashmeer, where he was followed by the sovereign of Gujni

Kashmeer is situated about three hundred and sixty miles north-west of Delhi, and is about eighty miles in length and forty in breadth. It is shut in on every side by mountains, and the valley is represented as delightful beyond expression. In the time of Akber, Shree-n*ugura* was the capital of the country. Into this delightful country Mahmood let loose his destroying legions. In reducing the forts which were built on the hills, he found however great difficulty, and though he plundered the country of every thing valuable, he was detained a whole season before Lokot*a*, a strong fort, the siege of which he was compelled to relinquish ;—the first check to his victorious arms.

At the time of which we are speaking, Kanooj was

লক্ষ লোক, ও অবিশ্বসনীয় ধন লইয়া তিনি গজনেনে পুনর্ব্বার আইলেন.

এই যুদ্ধের দুই বৎসর পরে আনন্দপাল রাজার মৃত্যু হইলে, তাহার পুত্র পৃথ্বীজয়পাল সিংহাসনে বসিবামাত্র মহম্মুদের সহিত যুদ্ধ প্রকাশ করিলেন; ইহাতে মহম্মুদ সপ্তমবার এই ভারত বর্ষে যুদ্ধ করিতে আগমন করিলেন. জয়পাল রাজা তাহার যুদ্ধ রীতিজ্ঞ সৈন্যের সহিত যুদ্ধাসমর্থ হইয়া কাশ্মীরে পলায়ন করিলেন, এবং গজনেনের বাদশাহও তাহার পশ্চাতে সে দেশে গমন করিলেন.

দিল্লীর উত্তর পশ্চিম এক শত আশী ক্রোশ কাশ্মীর দেশ; সে চল্লিশ ক্রোশ দীর্ঘ ও বিশ ক্রোশ প্রস্থার. তাহার চতুর্দ্দিকে পর্ব্বত আছে, তাহার উপাত্যকা ভূমি, অর্থাৎ পর্ব্বতদ্বয় মধ্যবর্ত্তি ভূমি এ মত মনোহর যে সে অনির্ব্বচনীয়. শাহ অকবর বাদশাহের কালে শ্রীনগর নামে নগর ঐ কাশ্মীর দেশের রাজধানী ছিল. এই উত্তম দেশ নষ্ট করিবার জন্য মহম্মুদ নাশক সৈন্যের দিগকে ছাড়িয়া দিলেন, কিন্তু পর্ব্বতের উপরি গ্রথিত তাহার দুর্গ সকলকে জয় করণ দুষ্কর হইল; ঐ দেশের তাবৎ সমূল্য বস্তু তিনি লুট করিলেন, তত্রাপি লোকোট নামে দৃঢ় দুর্গ জয় করিবার নিমিত্ত সম্বৎসরপর্য্যন্ত তিনি সেখানে ছিলেন, পরে ঐ দুর্গ জয় করিতে তিনি অসমর্থ হইয়া তথাহইতে ফিরিয়া আইলেন. তিনি এই একবার প্রথম যুদ্ধে পরাস্ত হন.

আমরা যে কালের বিবরণ কহিতেছি তৎকালে কান্যকুব্জ নগর

the chief city in Hindoost'han. The distance between Kanooj and Gujni was equal to three months' journey, and seven rivers intersected the path. *Uyoodhya* is said in the legends of Hindoost'han to have been the capital of Hindoost'han for fifteen hundred years before the foundation of Kanooj, which was built by one of the princes of the *Uyoo*dhya dynasty, and which was said to have been one hundred miles in circumference. The foundation of Kanooj is generally placed about two thousand eight hundred years ago. The rajas who governed it for a long succession of years, were possessed of great power; one of them, Singhu, is said to have brought into the field against Affrasiah, king of Persia, an army consisting of four thousand elephants of war, a hundred thousand horses, and four hundred thousand foot. About twelve hundred years ago, the city was so populous, that there were reckoned thirty thousand shops of beetle-nut in it, and sixty thousand musicians who paid a tax to government. Though these numbers may be a little exaggerated, yet after every degree of allowance has been made for eastern exaggeration, they will convey to us some idea of the immense magnitude, and the vast wealth of this city.

Mahmood in this his *Eighth* expedition came down upon Kanooj through the mountains of Tibet, and his march, which continued three months, was toilsome in the extreme. When he arrived before it with his army, he is said by the historian to have be-

হিন্দুস্থানের রাজধানী ছিল. ঐ কান্যকুব্জ গজনেনহইতে তিন মাসের পথ, ও সাত নদীর পার ছিল. হিন্দুস্থানের ইতিহাসে লিখিত আছে যে কান্যকুব্জ স্থাপিত হওনের পোনর শত বৎসর পূর্ব্বে অযোধ্যা হিন্দুস্থানের রাজধানী ছিল, অযোধ্যার রাজবংশ এক জন ঐ কান্যকুব্জ নগর স্থাপিত করে, এবং লোকে কহে যে ঐ নগর পূর্ব্বে পঞ্চাশ ক্রোশ পরিধি ছিল. অনুভব হয় যে কান্যকুব্জ নগর দুই হাজার আট শত বৎসর স্থাপিত হইয়াছে. বহু কালপর্য্যন্ত কান্যকুব্জ রাজ্যাধিকারিরা বড় পরাক্রান্ত ছিলেন, তাহারদের মধ্যে সিংহ নামে এক রাজা এক লক্ষ ঘোড়সোয়ার ও চারি হাজার যুদ্ধের হস্তী; এবং চারি লক্ষ পদাতিক ইত্যাদি সৈন্য লইয়া পারসের বাদশাহ আপরাসের সঙ্গে যুদ্ধ করিয়াছিলেন. অনুমান বার শত বৎসর গত হইল ঐ নগর এমত লোকে পূর্ণ ছিল যে তাহাতে ত্রিশ হাজার তাম্বুলীর দোকান ছিল, ও ষাটি হাজার বাদ্যকরেরা রাজকর দিত. এই গণনা করাতে হইতে পারে যে বর্ণনীয় বিষয়ের রসাধিক্যের কারণ তাঁহারা কিছু অধিক লিখিয়াছেন, তাহার কিঞ্চিৎবাদ দিলেও ইহার দ্বারা বুঝা যায় যে এই নগর কি রূপ ধন ও লোকেতে পূর্ণ ছিল.

মহমূদের অষ্টম বার আগমনে তিনি তিন মাসপর্য্যন্ত অতিশয় ক্লেশ পাইয়া তিব্বতের পর্ব্বতীয় পথ দিয়া কান্যকুব্জ নগরে আইলেন. হিন্দুস্থানীয় ইতিহাসবক্তারা কহে, যে যখন মহমুদ ঐ নগরের সম্মুখে পঁহুছিলেন, তখন অগ্রভাগদ্বারা গগণ

held "a city which raised its head to the firmament, and which in strength and structure might justly boast of having no equal." The reigning raja Gora affected the utmost pomp and splendor in his living, and his troops and generals seem to have been enervated by the same spirit. When therefore the Tartars and Affgans of Mahmood's army poured down suddenly on the city, unprepared for resistance, the minds of the astonished citizens were struck with terror, and the troops of the country though great in number, yet immersed like their master in debauchery, fled in every direction. The raja went out in a suppliant manner to the camp of Mahmood, to claim his mercy, which was readily granted. The keys of the metropolis of India were delivered into the hand of the Sultan, who after plundering the city, reposed himself and his army in it three nights.

In these fertile provinces there were several cities of considerable wealth and magnitude, which excited the cupidity of Mahmood. The first object of his attack was Meerut, situated in the Dooab. The raja preferring flight to imprisonment, abandoned the city to the rapacity of the conqueror, and fled. Mavin a strong fort on the banks of the Yumoona also attracted the notice of the Sultan. The raja Kala-ch*u*ndr*a*, determining to submit, marched out at the head of his army with this pacific intent; but while he was settling his bargain with Mahmood, the

স্পর্শি, অথচ সৌন্দর্য্যে ও শক্তিতে অদ্বিতীয় এক নগর দেখিলেন; তাহার রাজা গোরা মিথ্যাভিমানী ও উর্জ্জ্বল ছিল, এবং তাহার সৈন্য ও সেনাপতিরা আপন প্রভুর স্বভাবপ্রাপ্ত হইয়া বলহীন হইল. যখন সেই নগরের অপ্রস্তুত সৈন্যের উপরে মহমূদের তাতারীয় ও আফগান সৈন্যেরা অকস্মাৎ আক্রমণ করিল, তখন প্রজাগণেরা চমৎকৃত হইয়া ভয়প্রাপ্ত হইল. এবং তদ্দেশীয় সৈন্য সংখ্যাতে অধিক হইয়াও, আপন প্রভুর মত ব্যসনে মগ্ন হইয়া যুদ্ধে অসামর্থ্যপ্রযুক্ত চতুর্দ্দিকে পলাইল; এবং ঐ রাজা মহমূদের নিকটে নম্রতারূপে যাইয়া কৃপা যাচ্ঞা করিল, তাহাতে মহমূদ তৎক্ষণাৎ ক্ষমা করিলেন. ভারতবর্ষের রাজধানীর কুঁজি সুলতানেরহস্তে সমর্পিত হইল; তিনি নগর লুঠ করিয়া সেখানে তিন দিবারাত্রি সসৈন্য বিশ্রাম করিলেন.

এই সকল উর্ব্বর রাজ্যে অন্যং ধনযুক্ত মহানগর মহমূদের লুঠের বাসনা উদ্দীপ্ত করিল. তিনি প্রথম দোআবের মধ্যস্থিত মীরঠ নগরের উপরে আক্রমণ করিলেন; তাহার রাজা কারাগার বাসাপেক্ষয়া পলায়ন শ্রেয়োজ্ঞান করিয়া, সে জয়শীল মহমূদের লুঠের কারণ মীরঠ নগর ত্যাগ করিয়া পলায়ন করিলেন. মাবিন নামে যমুনার তীরবর্ত্তি এক দুর্গ মহমূদের আকাঙ্ক্ষা জন্মাইল; তাহার রাজা কালাচন্দ্র সুলতানের অগ্রে নম্র হইতে স্থির করিয়া সসৈন্য দুর্গহইতে নির্গত হইলেন; কিন্তু যখন মহমূদের সহিত বন্দোবস্ত স্থির করিতেছিলেন, তখন গজনেনের সৈন্যেরদের

insolence of some of the Gujnavide soldiers provoked the indignation of the raja's troops, and a scuffle ensued which ended in a general massacre of the Hindoo troops. In the midst of the carnage, Kalachundra was driven with his family into the river, and fearing captivity more than death, he desperately plunged his sword first into the bosom of his wife and children, and then into his own. In the fort which immediately submitted to the conqueror were found seventy elephants of war and an immense booty.

On the southern verge of the dominions of Delhi stood the ancient and renowned city of Mut'hoora. It was ever considered peculiarly sacred, as having been the birth place of Krishna; and kings, saints, and pilgrims had been for ages heaping up treasures in it; hence the astonishing wealth which it contained. Though Mahmood was so ferocious in war, and took such a delight in destroying the temples and public buildings of India, yet he was astonished when he beheld for the first time the beauty of the city. It was totally unprovided for a defence against his valorous troops, who inflamed with the same spirit as their master, forced their way into the centre of the city, which was instantly given up to boundless spoliation. The priests and devotees were put to death at the very doors of the temples, the women, (many of them, of the noblest

কটু বাক্যদ্বারা সে রাজার সৈন্যেরদের ক্রোধ জন্মিল; তাহাতে এক মহাবিপৎ উপস্থিতা হইয়া, শেষে হিন্দু সৈন্যেরদের সংহার হইল. এই বধকালে কালাচন্দ্র রাজা আপনি সপরিবার নদীর মধ্যে ক্ষিপ্ত করা গেলেন, এবং মরণাপেক্ষায় পরাধীনতাতে অধিক ভয়জ্ঞান করিয়া, আপন স্ত্রী ও সন্তানেরদিগকে নষ্ট করিয়া, আপনিও প্রাণত্যাগ করিলেন. ঐ দুর্গ তৎক্ষণাৎ মহমূদের অধিকৃত হইল, ও তাহার মধ্যে তিনি সত্তরি যুদ্ধহস্তী ও লুণ্ঠিত অনেক ধন পাইলেন.

দিল্লীর দক্ষিণ সীমাতে প্রাচীন ও প্রসিদ্ধ নগর মথুরা, সে শ্রীকৃষ্ণের জন্মস্থানত্বপ্রযুক্ত নিত্য পবিত্র স্থান. ঐ স্থানে রাজারা ও ধার্ম্মিক লোকেরা ও যাত্রিকেরা বহুকালপর্য্যন্ত অনেক সম্পত্তি অর্পণ করিয়াছিল, এই তাহার অত্যন্ত ধন সম্পত্তির মূল. মহমূদ যুদ্ধে নিষ্ঠুর হইয়া এবং এই ভারতবর্ষের মন্দির ও রাজস্থান নষ্ট করিতে নিত্য আনন্দিত হইয়াও, তিনি প্রথম এই নগরশোভা দেখিয়া চমৎকৃত হইলেন. মহমূদের সাহসি সৈন্যেরদের আক্রমণের বাধা করিতে সে নগরে কোন আয়োজন প্রস্তুত ছিল না; সে সৈন্যেরাও আপনারদের প্রভুর স্বভাবপ্রাপ্ত হইয়া বিপক্ষ নিগ্রহপূর্ব্বক ঐনগরের মধ্যস্থানপর্য্যন্ত প্রবেশ করিল, এবং তৎক্ষণাৎ ঐ নগরে অশেষ লুঠ ব্যাপিল. তাহারা ব্রাহ্মণেরদিগকে ও উদাসীনেরদিগকে স্বস্বদেবালয়ের দ্বারে বধ করিল; এবং তীর্থবাসী উত্তম কুলজাত স্ত্রীলোকেরদের নিগ্রহপূর্ব্বক সতীত্বহানি করিল,

extraction) who attended at the shrine of the god, were violated without remorse, the temples were robbed of every thing valuable, and the idols mutilated and thrown into the high ways. The wealth which Mahmood obtained here was immense; in the various temples were found five idols of pure gold with eyes of rubies, each worth fifty thousand deenars. Upon another idol was found a sapphire weighing four hundred nuskals, and the image itself when melted down, produced ninety-eight thousand and three hundred nuskals of pure gold. The silver idols were sufficient to load a hundred camels.

Mahmood took up his abode in Mut'hoora for twenty days, during which time, a fire accidentally breaking out, a great part of the city was consumed. He then marched against other forts in the district, reduced them to obedience, and plundered them of their wealth. Satiated with victory, and overburdened with the gold and gems of which he had robbed some of the richest cities in Hindoost'han, he returned to Gujni. The booty, his troops had acquired in this expedition, which exceeded that obtained in any former one, was quickly circulated throughout Gujni, and contributed to exalt it in splendor above the noblest cities of Asia. Magnificent buildings were constructed in every part of it at the expense of private individuals, and the Sultan himself expended a

এবং দেবালয়ের সমূল্য তাবৎ বস্তু লইয়া, ও পুতিমা সকলের অঙ্গহীন করিয়া পথে ফেলিয়া দিল. ঐ স্থানে মহমুদ অনেক ধন লাভ করিলেন, ও নানা দেবালয়ে তিনি পদ্মরাগে নির্ম্মিত চক্ষুবিশিষ্টা নির্ম্মল স্বর্ণের পাঁচটী পুতিমা পাইয়াছিলেন, তাহার পুত্যেকের মূল্য পঞ্চাশ হাজার দীনার. অন্য এক পুতিমার শরীরে তিনি চারি শত নক্কাল পরিমাণে এক নীলমণি পাইলেন, এবং সেই পুতিমা যখন অগ্নিতে গলান গেল তখন আটানব্বই হাজার তিন শত নক্কাল নির্ম্মল স্বর্ণ তাহাতে পাওয়া গেল. এবং এক শত উষ্ট্রের ভারপরিমাণে রূপ্যময়ী পুতিমা পাওয়া গেল.

মহমুদ বিশ দিনপর্য্যন্ত মথুরা নগরে রহিলেন, তৎকালে সেখানে দৈবাৎ এক অগ্নি উপস্থিত হওয়াতে নগরের অধিক ভাগ দগ্ধ হইল, তাহার পরে তিনি সেই পুদেশের অন্যং দুর্গ জয় করিয়া তাহারদের সর্ব্বস্ব লুঠ করিয়া লইলেন. শেষে তিনি জয়েতে অতিতৃপ্ত হইয়া, ও হিন্দুস্থানের ধনবান নগরের লুঠিত স্বর্ণ ও মণিমুক্তাদির ভারেতে মন্থর হইয়া আপন দেশে পুনর্ব্বার গেলেন. তাহার সৈন্যেরা এই যুদ্ধে যে লুঠিত ধন পাইল সে অন্যং যুদ্ধহইতে অধিক, এবং সেই ধন গজনেনের মধ্যে ব্যাপনেতে আসিয়ার অন্যং নগরহইতে গজনেন নগর অত্যৈশ্বর্য্যশালী হইল. ঐ নগরের পুতিস্থানে পুজারদের খরচেতে বড়ং গৃহাদি নির্ম্মাণ করা গেল ; এবং সুলতান আপনি ভারতবর্ষ লুঠের অনেক ধন ব্যয় করিয়া এক পুস্তরময় মসজিদ গাঁথিলেন, ও তিনি লুঠিত

large portion of the wealth of India in erecting a superb mosque of marble, the interior of which was adorned with the richest of his spoils, and with such a profusion of costly ornaments, that it was called, the celestial bride. Nor was Mahmood forgetful of the interests of science and literature; for near the mosque he instituted and endowed a college, and enriched it with a variety of books in all languages, making ample provision for the support both of the students and professors.

(To be continued.)

Of the Whale.

The whale is the largest living creature of which we have any knowledge. Some of them are seventy-five feet in length. One-third of its body is occupied by the head; its tail is nine feet long, and its fins twenty-four feet wide. Its eyes are as large as those of a large sized cow, and are so situated as to enable it to look on all sides. The female goes pregnant nine or ten months: and instead of laying eggs like a fish, brings forth one offspring at a time like animals, who are nourished by the teats of the mother. It lives on a sea worm, as long as a finger and of a black color.

This mighty monster of the deep has many enemies. The first is a small sea insect resembling a

বহুমূল্য মুক্তাপ্রভৃতি দিয়া তাহার মধ্যে শোভা করিলেন; তাহাতে এত মুক্তা দিয়া শোভিত্ত করিলেন, যে তাহার নাম স্বর্গীয় কন্যা হইল. সেই সময়েও মহমূদ জ্ঞান ও বিদ্যার উদ্রেক বিস্মৃত হন নাই, যেহেতুক ঐ মসজিদের নিকটে এক বিদ্যালয় নিরূপণ করিলেন, ও নানা দেশীয় পুস্তক সেখানে সংগ্রহ করিয়া রাখিলেন, ও গুরু ও শিষ্যেরদের ব্যয়ের নিমিত্ত বেতন নিরূপণ করিয়া দিলেন.

(ইহার শেষ কথা আগামি ভাগে দেওয়া যাইবেক.)

মকর মৎস্যের বিবরণ.

মকর মৎস্য আমারদের জ্ঞানবিষয় তাবৎ সৃজ্য বস্তুর মধ্যে বৃহৎ. তাহার মধ্যে কোনং মৎস্য পঞ্চাশ হাত লম্বা, এবং তাহার শরীরের তৃতীয়াংশের একাংশ তাহার মস্তক, তাহার পুচ্ছ নয় হাত লম্বা, এবং তাহার পক্ষ চব্বিশ হস্ত আয়ত, তাহার চক্ষু বড় গরুর চক্ষুর মত, এবং এমত স্থানে স্থাপিত্ত যে সে চতুর্দিকে দৃষ্টি করিতে পারে. মকরী নয় দশ মাস গর্ভবতী হইয়া অন্য মৎস্যের মত ডিম্বপ্রসব না করিয়া পশুর ন্যায় একটী সাবক প্রসব করে, ঐ সাবক আপন মাতার দুগ্ধে প্রতিপালিত হয়, এবং সমুদ্রে এক প্রকার শ্যামবর্ণ ও একাঞ্জুলি পরিমাণ কীট আছে, মকর মৎস্য সেই কীট ভক্ষণ করে.

সমুদ্রের এই বৃহৎ জন্তুর অনেক অরি আছে. প্রথম উকুনের মত সমুদ্রে এক প্রকার ক্ষুদ্র কীট আছে, তাহারা ঐ মৎস্যের

louse, which fixing itself on the skin, opens a passage into the body to enjoy the oil with which it abounds. Its second enemy is the sword-fish which constantly pursues and combats the whale. At sight of this little animal the whale seems agitated in an extraordinary manner, leaping from the water with affright; wherever it appears, the whale perceives it at a distance and flies in an opposite direction, since it has no instrument of defence except its tail; with that it endeavours to strike its enemy, whom a single blow would effectually destroy; but the sword-fish easily avoids the stroke and bounding into the air falls on its enemy and endeavours to cut it with the sharp edges of its mouth. The sea all around is soon dyed with blood, from the wounds of the whale, while the enormous animal in vainly endeavoring to reach its enemy strikes with its tail against the surface of the water making a report at each blow louder than the noise of a cannon.

But of all the enemies of these enormous fishes, man is the greatest, and he alone destroys more in one year than the rest do in an age. The whales are chiefly found near the northern and southern poles. On the first commencement of the fishery, as the whales had not been disturbed for ages, they came into the bays, and were frequently killed very near the shore. But the immense number of ships which

চর্ম্মে সংলগ্ন হইয়া শরীরের মধ্যে প্রবেশ করে, ও তাহার শরীরের তৈল ভক্ষণ করে. তাহার দ্বিতীয় শত্রু কাঁকিলা মৎস্য, সে সর্ব্বদা মকরের পশ্চাৎ দৌড়ে ও যুদ্ধ করিতে চেষ্টা করে. এই ক্ষুদ্র জন্তুকে দেখিলে ভয়ে মকর অত্যন্ত কম্পমান হয়, ও জলহইতে উল্লম্ফন করে, এবং মকর মৎস্য কাঁকিলা মৎস্যকে দূরহইতে দেখিয়া অন্য দিকে পলায়; যেহেতুক মকরের আত্মরক্ষার্থে পুচ্ছ ব্যতিরেকে আর কোন উপায় নাই. ঐ পুচ্ছদ্বারা সে শত্রুকে মারিতে চেষ্টা করে, ও তাহাকে এক বার পুচ্ছাঘাত করিলে তাহার সংহার হয়; কিন্তু কাঁকিলা মৎস্য সহজরূপে তাহার আঘাত নিষ্ফল করে, এবং কাঁকিলা মৎস্য উল্লম্ফন করিয়া মকরের উপরে পড়িয়া আপনার সধার চঞ্চুদ্বারা তাহার শরীর বিদারণ করে. তৎক্ষণাৎ মকরের ঘায়ের রক্তেতে সমুদ্রের জল রক্ত বর্ণ হয়. এবং ঐ মহাজন্তু আপনার শত্রুকে আঘাতী করিতে বৃথা চেষ্টাপূর্ব্বক আপন পুচ্ছদ্বারা জলে আস্ফালন করে, তাহার প্রতিআঘাতে তোপের শব্দহইতেও অধিক শব্দ হয়.

কিন্তু এই বৃহৎ মৎস্যের তাবৎ শত্রুহইতে মনুষ্য তাহারদের প্রধান শত্রু. তাহার অন্য শত্রুরা শত বৎসরের মধ্যে যত সংহার করিতে না পারে, মনুষ্য সংবৎসরের মধ্যে একাকী তত সংহার করে. মকর মৎস্য উত্তর ও দক্ষিণ কেন্দ্রের নিকটে সচরাচর পাওয়া যায়. মকর মৎস্য ধরিবার প্রথম উপক্রমেতে ঐ মৎস্যেরা বহুকালপর্য্যন্ত অকুতোভয় হইয়া সমুদ্রের খাড়িতে আসিত, এবং তাহারা তীরের নিকটেই প্রায় মারা

annually come from Denmark, Holland and England on this enterprize, have not only thinned their number, but induced them to keep in the openings of the ice, where they have deep water.

The taking of whales is one of the most astonishing as well as hazardous enterprizes in the world, and is thus performed:

Every ship which goes out in pursuit of the whale is provided with six boats, each containing six men for rowing it, and a harpooner, whose business it is to strike the whale with his harpoon. Two of these boats are kept constantly on the watch at some distance from the ship; they are fastened to pieces of ice, and are relieved by others every four hours. As soon as a whale is perceived, both the boats set out in pursuit of it, and if either of them come up before he finally descends (which is known by his throwing up his tail), the harpooner discharges his weapon at him. As soon as the whale is struck, the men set up one of their oars in the middle of the boat as a signal to those in the ship. On this, the watch-man alarms all the other boats who immediately proceed to the assistance of the first.

The whale finding himself wounded, runs off with prodigious violence. The rope which is fastened to the weapon, is about two hundred fathoms long,

যাইত. কিন্তু দেন্মার্ক ও হলাণ্ড ও ইংগ্লণ্ডহইতে ঐ মৎস্য ধরিবার কারণ পুতিবৎসর অনেক জাহাজ যাওয়াতে, সে মৎস্য ন্যুন হইয়াছে, এবং এখন বরফময় ও গভীর জলে সর্ব্বদা থাকে.

এই মকর মৎস্যধরার বিবরণ অত্যাশ্চর্য্য ও পৃথিবীতে অসম্ভব বিষয়, তাহার পুকরণ এই.

ঐ মৎস্য ধরিবার কারণ পুতিজাহাজের সহিত ছয় নৌকা থাকে, সেই পুতিনৌকাতে ছয় জন দাঁড়ী, ও অস্ত্রদ্বারা মৎস্য মারিবার কারণ এক জন বর্ষাধারী থাকে. দুই নৌকা জাহাজহইতে কতক দূরে বরফের উপরে লাগান করিয়া ঐ মৎস্যের চৌকীতে থাকে, এবং ঐ নৌকার বদলী চারি ঘড়ী অন্তর হয়. মকর মৎস্য দেখিবামাত্র ঐ দুই নৌকা তাহার পশ্চাতে দৌড়ে, ঐ মৎস্য জলে মগ্ন হইবার পূর্ব্বে যদ্যপি এক নৌকা তাহার নিকটে পঁহুছে তবে বর্ষাধারী আপন অস্ত্র তাহার উপরে নিক্ষেপ করে. জলে সে মৎস্য যখন নীচে যায় তখন উর্দ্ধ পুচ্ছ করে, তাহাতে তাহার নীচে গমন অবধারিত হয়. ঐ মৎস্যকে আঘাত করিবামাত্র ঐ নৌকার লোকেরা জাহাজের লোকের দিগকে জানাইবার কারণ আপনারদের এক দাঁড় নৌকাতে গাড়িয়া দেয়, ইহাতে ঐ জাহাজের চৌকীদার অন্যং নৌকা সকলকে ঐ নৌকার সাহায্য করিতে শীঘ্র পাঠাইয়া দেয়.

ঐ মকর মৎস্য আপনার উপরে অস্ত্রাঘাত হইলে অতিবেগে দৌড়িয়া যায়. যে রজ্জু ঐ বর্ষাতে বদ্ধ আছে, সে রজ্জু দুই শত

and properly coiled up, that it may freely be given out as there is a demand for it. At first, the velocity with which the whale moves is so great that the rope is wetted to prevent its taking fire; but in a short time its strength begins to fail, and the fishermen, instead of letting out more rope strive to pull back what has been already given. If he runs out the two hundred fathoms of line contained in one boat, that belonging to another is immediately fastened to the end of the first, and there have been instances, where all the rope belonging to the six boats has been necessary, though half that quantity is seldom required. The whale cannot remain long under water, but comes up again to respire; and being now much fatigued remains longer at the surface, which gives another boat time to come up with him, and to strike him with another harpoon. He again descends, but with less force than before; and when he comes up again is generally incapable of descending, but suffers himself to be wounded and killed with long lances, with which the men are provided. He is known to be near death when he spouts up the water deeply tinged with blood.

The whale being dead, is lashed along side the ship, and they then lay it on one side, and fasten it with two ropes, one at the head, and the other at the tail; three or four men, their feet being guarded with

ব্যাম লম্বা, ও নৌকাতে অতিসুন্দররূপে চক্রাকার করিয়া রাখে, যে সে অবাধিতরূপে যাইতে পারে. প্রথমে মকর মৎস্য এই মত বেগে যায় যে নৌকার ঘর্ষণে অগ্নি জন্মিবার ভয়ে ঐ রজ্জুতে জলা ভিষেক করে; কিন্তু সে মৎস্য দুর্ব্বল হইলে নাবিকেরা আর রজ্জু না ছাড়িয়া, ঐ ক্ষিপ্ত রজ্জু আকর্ষণ করিবার চেষ্টা করে. এবং ঐ দুই শত ব্যাম লম্বা রজ্জু যদি ফুরায়, তবে অন্য নৌকার রজ্জু আনিয়া তাহার সহিত সংলগ্ন করে; কোনং সময় এমত হয় যে ঐ ছয় নৌকার রজ্জুর আবশ্যক হয়, কিন্তু প্রায় তিন নৌকার রজ্জুর অধিক অপেক্ষা হয় না. সে মৎস্য অধিক ক্ষণ জলের মধ্যে থাকিতে পারে না, কিন্তু নিশ্বাসত্যাগ করিবার কারণ জলের উপরে ভাসিয়া উঠে, এবং শ্রান্তিপ্রযুক্ত জলের উপরেই থাকে. সেই সময়ে অন্য নৌকা তাহার নিকটে আইসে, তাহাতে পুনর্ব্বার তাহার উপরে সেই অস্ত্র ক্ষেপ করে, সে তৎক্ষণাৎ পুনর্ব্বার জলের নীচে যায়, কিন্তু পুর্ব্ববারহইতে অল্প বেগে: যখন সে দ্বিতীয়বার উপরে উঠে তখন আরবার জলে প্রবেশ করিতে অপারক হয়, এবং লেজা অস্ত্রদ্বারা নাবিকেরা আঘাত করিয়া বধ করে. যখন তাহার মুখহইতে সজল রক্ত নির্গত হয় তখন তাহার আসন্ন মৃত্যু অবধারিত হয়.

মকর মরিলে তাহাকে জাহাজের সঙ্গে স্থূল রজ্জু দিয়া বান্ধে, আর এক দিকে উলটাইয়া তাহার মস্তকে এক রজ্জু ও পুচ্ছে এক রজ্জু দিয়া বদ্ধ করে, ও তাহার পৃষ্ঠহইতে পিছলিয়া না

iron to prevent slipping, then get on the whale, and begin to cut out pieces of about three feet in thickness, and eight in length, which are hauled up into the ship. When the fat is all removed they cut off the whiskers of the upper jaw with an axe.

One whale will yield eighty barrels of oil; the value of which may be equal to two thousand five hundred rupees. The flesh is not an article of food among civilized nations; but it is valued among the barbarous tribes of the north; and the oil is esteemed a luxury. Wherever they discover a dead whale, they remove thither with their wives and children, and continue till the whole whale has been devoured. Three hundred vessels leave England annually for this fishery, and the trade is generally profitable to all who engage in it.

পড়ে, এই নিমিত্ত তিন সারি লোক আপনং পায়ে লৌহের কাঁটা বান্ধিয়া তাহার উপরে চড়ে ও তাহাকে কাটে, এবং তিন হাত স্থূল ও আট হাত লম্বা তাহার চরবি কাটিয়া জাহাজের উপরে উঠায়. তাহার চরবি সকল বাহির করিলে তাহার ওষ্ঠের রোম কুড়ালি দ্বারা ছেদন করে.

এক মৎস্যহইতে আশী পিপা তৈল পাওয়া যায়. তাহার মূল্য আড়াই হাজার টাকা. সভ্য লোকেরা তাহার মাংস ভক্ষণ করে না; উত্তর কেন্দ্রের নিকটে যেং বন্য লোকেরা আছে তাহারা পাইলে অতিশয় তুষ্ট হয়, এবং তাহার তৈল অতিশয় মিষ্ট জ্ঞানে পান করে. তাহারা যেখানে মৃত মৎস্য পায় সেই স্থানে স্ত্রী পুত্র সমেত বাস করিয়া ভক্ষণ করে, তাহা ফুরাইলে সেখান হইতে উঠিয়া যায়. এই মৎস্যবধার্থ প্রতিবৎসর ইংগ্লণ্ড হইতে তিন শত জাহাজ যায়, এবং এই ব্যবসায়ি লোকেরা প্রায় সকলেই লাভ করিয়া আইসে.

Dig-Durshun,

OR THE

INDIAN YOUTH'S MAGAZINE.

No. XI.

February, 1819.

DIG-DURSHUN.

No. XI.

History of Hindoost'han continued.

Mahmood's *Ninth* expedition was occasioned by the alliance which the different sovereigns of Hindoost'han formed, to chastise the king of Kanooj for having submitted to Mahmood. The sovereign of Kallinj*ur*, Nunda, attacked and defeated him in battle before Mahmood could assemble his troops to succour him. On Mahmood's approach, Nunda prepared for the conflict, and the two armies continued for some time facing each other on the opposite banks of the Yumoona. In the dead of the night, a part of Mahmood's army secretly crossed the stream, and attacked the troops of the enemy, who ignorant of the strength of the assailants, instantly betook themselves to flight. The Sultan commenced a vigorous pursuit, and came up with the Hindoo troops on the confines of Boondelkhund. The forces of the raja of Kallinj*ur* amounted to thirty-six thousand horse, forty-five thousand foot, and six hundred and fifty elephants. He paused on the frontiers of his dominions, which led

দিগ্দর্শন.

একাদশ ভাগ.

হিন্দুস্থানের অবশিষ্ট ইতিহাস.

কান্যকুব্জ নগরের রাজা মহমূদের নিকটে কৃতাঞ্জলি হইয়া ছিলেন, তৎপ্রযুক্ত হিন্দুস্থানীয় অন্য রাজারা তাহাকে শাসন করিতে একবাক্য হইলেন. মহমূদ তন্নিমিত্ত নবমবার যুদ্ধ করিতে সচেষ্ট হইলেন. তিনি সসৈন্য সেখানে না পঁহুছিতে কালিঞ্জরের নন্দ রাজা কান্যকুব্জাধিপতির উপরে আক্রমণ করিয়া তাহাকে যুদ্ধে পরাস্ত করিলেন. মহমূদ সেখানে পঁহুছিলে রাজা নন্দ তাহার সহিত সংগ্রাম করিতে প্রস্তুত হইলেন, এবং যমুনা নদীর উভয় তীরে উভয় সৈন্য পরস্পর সম্মুখাসম্মুখিভাবে কতক দিন রহিল. এক দিন নিশীথ কালে মহমূদের সৈন্যেরা গুপ্তভাবে যমুনা নদী পার হইয়া তাহারদের উপরে আক্রমণ করিল. বিপক্ষ সৈন্যেরা আক্রামক ব্যক্তিরদের সংখ্যা জ্ঞাত না হইয়া তৎক্ষণাৎ পলায়ন করিল. সুলতান অতিবেগে তাহারদের পশ্চাতে দৌড়িলেন, এবং বুন্দেলখণ্ডের সীমাতে তাহারদিগকে ধরিলেন. কালিঞ্জরের রাজার ছত্রিশ হাজার ঘোড়সোয়ার ও পঁয়তাল্লিশ হাজার পদাতিক এবং সাড়ে ছয় শত যুদ্ধে হস্তী ছিল. তিনি আপন রাজ্যের সীমাতে পঁহুছিলে স্থির হইলেন; তাহাতে

Mahmood to expect a regular battle. Nunda however, dreading the issue of a conflict, silently decamped, leaving behind him for the avarice of the foe, his tents, equipage, and baggage. Mahmood did not think proper to pursue him to Kall..ju., to which he had retired. This fort was so ancient that none could say when it had been founded, and it w... reckoned altogether impregnable.

In this expediton, he subdued the little provinces of Kiberat and Nardien, the particular worship prevalent among whom is said to have been the worship of the lion, probably that of the Singh-Uvutar. The chiefs of Kiberat, unable to withstand him submitted to his arms. The other provinces were reduced by one of his generals.

The next year, he commenced his *tenth* expedition, and directed his march through Lahore to L..ma, the fortress in Kashmeer which had before baffled his eff..... The peculiar nature of its situation, rendered every attempt to reduce it vain, and after besieging it a whole month, Mahmood retired in a rage to wreak his vengeance on the capital of Lahore, which he was determined to annex to his own dominions. The raja, *Juya*-pala,

মহমুদের বোধ হইল, যে ঐ রাজা প্রকৃত যুদ্ধ করিবেন. রাজা নন্দ মহমুদের সহিত যুদ্ধ ভয়েতে আপনার তাম্বু ও যুদ্ধ সজ্জা ও শিবির সজ্জা আপনার শত্রুর লোভ নিমিত্তে রাখিয়া, আপনি গুপ্ত রূপে পলায়ন করিলেন. মহমুদ তাহার পশ্চাতে কালিঞ্জর পর্য্যন্ত গমন অনাবশ্যক জ্ঞান করিয়া, সেখানহইতে ফিরিলেন. কালিঞ্জরের দুর্গ এমত প্রাচীন যে সে কোন কালে হইয়াছে, তাহা কেহই জানেন না; এবং সে বিদেশি লোককর্তৃক অজেয় লোকেরা এই জ্ঞান করিত.

মহমুদ এই যুদ্ধে প্রবৃত্ত হইয়া কিবিরাট ও নারদিনের ক্ষুদ্র২ প্রদেশ সকল জয় করিলেন. লোকে কহে, যে ঐ দেশীয় লোকেরা সিংহকে পূজা করে; অনুমান হয় যে সে নরসিংহের অবতার. কিবিরাট নগরের অধ্যক্ষেরা মহমুদের সহিত যুদ্ধে অসমর্থ হইয়া তাহার হস্তে আপনারদের রাজ্য সমর্পণ করিল. তাহার এক জন সেনাধ্যক্ষ অন্য২ প্রদেশ সকল জয় করিল.

তাহার আগামী বৎসর মহমুদ দশমবার যুদ্ধ করিতে প্রবৃত্ত হইয়া, লাহোর নগরের মধ্য দিয়া কাশ্মীর দেশস্থি ... অচ পূর্ব্বে মহমুদকর্তৃক অজেয়, লোকোটা নামে দুর্গে পঁহুছিলেন. দুর্গ এমন দুঃসাধ্য স্থানে গথিত যে মহমুদ তাহা লইতে পারিলেন না; তিনি এক মাসপর্য্যন্ত সে দুর্গ ঘেরিয়া থাকিয়া পরে অতিশয় ক্ষোপান্বিত হইয়া, ঐ স্থানহইতে লাহোরের রাজধানীর উপরে আপন ক্রোধ ... করিতে গেলেন. তাহার নিশ্চয় বাসনা ছিল যে ঐ রাজ্য তিনি আপন রাজধানীর অন্তঃ

now deprived of his last retreat, Kashmeer, fled southwards, and shut himself up in Ajimeer, while the Sultan entered his splendid metropolis, and abandoned it to indiscriminate pillage. As Lahore had been for ages the channel through which the trade of the most distant parts of the East, of China, of Tartary, had flowed into the west, the plunder o d in it, may be more easily conceived than described. Mahmood spent the summer in settling the affairs of the province, over which he appointed a viceroy. In the spring he returned to Gujni laden with treasures, and encumbered with captives.

The year following this insatiable conqueror, set his troops again in motion, and engaged in his *eleventh* Indian expedition. He marched through Lahore to the provinces watered by the Ganges, determined to reduce the sovereign of Kallinj*ur*, who in conjunction with other chiefs, had contrived to mar the glories of his former expeditions. He opened the campaign by investing Gualior, a fort of very considerable strength, seated on the summit of a mountain. By the Hindoos it had always been considered as impregnable; it is situated about sixty miles south of Agra. The hill which it stood was about four miles in length and the only entrance to it was by steps cut out of the solid rock,

পাত্রী করেন. জয়পাল রাজা আপন অবশিষ্ট আশ্রয়স্থান কাশ্মীরকে যুদ্ধে হারাইয়া, তাহার দক্ষিণ দিকে পলায়ন করিয়া আজমের নগরে থাকিলেন; ইত্যবসরে সুলতান তাহার ঐশ্বর্য্যশালী রাজধানী পুরবশ করিয়া নিগ্রহপূর্ব্বক তাহা লুঠ করিলেন. চীন দেশ ও ... দেশপ্রভৃতি পূর্ব্ব দেশের শেষ সীমাহইতে বাণিজ্যবরা আনিয়া লাহোর আড়ঙ্গ দিয়া পশ্চিম ভাগে চালানি হইত, এইহেতুক সেখানে তিনি যে লুঠিত বস্তু পাইলেন তাহা মনেমাত্র করা যায় কিন্তু লিখা দুষ্কর. মহমুদ ঐ রাজ্যের বন্দোবস্ত শীত্ত কালপর্য্যন্ত করিয়া এক জন নাএবকে ঐ রাজ্য শাসনার্থে নিযুক্ত করিলেন, ও বসন্ত কালে অনেক ধন লইয়া লব্ধ সৈন্যের সহিত গজনেন দেশে পঁহুছিলেন.

তাহার পর বৎসর এই অতৃপ্ত জয়ী আপন সৈন্য লইয়া একাদশবার এই ভারতবর্ষে যুদ্ধার্থে আগমন করিলেন. কালিঞ্জরের রাজা অন্যং রাজারদের সহিত একবাক্য হইয়া পূর্ব্বে মহমুদের সংভ্রমহানি করিয়াছিলেন, তৎপ্রযুক্ত মহমুদ লাহোরের মধ্য দিয়া গঙ্গাতীরস্থ দেশ সকল জয় করিয়া, কালিঞ্জরের রাজাকে আপন আয়ত্ত করিতে নিশ্চয় করিলেন. তিনি গো... রের দুর্গ ঘেরিয়া প্রথম যুদ্ধ করিলেন. সে দুর্গ এক পর্ব্বত... উপর অতিশক্তরূপে নির্ম্মিত. ও আগরাহইতে ত্রিশ ক্রোশ ... স্থাপিত ছিল; হিন্দুরা জ্ঞান করিত যে সে অজেয়. যে পর্ব্বতোপরি ঐ দুর্গ ছিল ... র্ব্বত দুই ক্রোশ দীর্ঘ, ও তাহাতে আরোহণনিমিত্ত পর্ব্বতে সোপানরূপ খনিত মুর্চা ও প্রাচীরের

and well defended by a wall and bastions. The natural strength of the place was so great, that, after a fruitless attempt, the Sultan pacified by the submission of the raja raised the siege, and accepted of magnificent presents and thirty-five elephants. He then bent his whole attention to Kallinjur, the raja of which, by presents still more splendid and by an offer of three hundred elephants, purchased the favor of Mahmood.

In the year 1024 he commenced his *last* and most celebrated expedition into India, when he besieged the fort and castle of Som*a*-na'th*a* in Gujerat. Som*a*-nat'h*a* is said to have been the most celebrated resort of idolatrous devotees in the south of India. The different rajas around it had bestowed two thousand villages on the temple for the support of its vast establishment; the priests who daily attended it amounted to two thousand. The most extravagant accounts of its opulence are given by the Persian historians who have recorded the triumph of Mahmood. It was situated in a peninsula on the shore of the ocean near Dev*a*-bunder, now in the hands of the Portuguese. The priests boasted that the fall of the cities of Kanooj and Delhi arose from the desertion of their deity, who could in the twinkling of an eye have blasted the whole army of Mahmood. The lofty roof of Som*a*-nat'h*a* was supported by fifty-six pillars overlaid with gold and ... ... asted at intervals

দ্বারা বেষ্টিত এক পথমাত্র ছিল. সে স্থান অতিপ্রবল, তৎপ্রযুক্ত মহমূদের জয় করিবার চেষ্টা নিষ্ফলা হইল, এবং ঐ দুর্গ লইতে অসাধ্যবোধ করিয়, এবং রাজার বিনয় বাক্যেতে ও বহুমূল্য ধন ও চৈয়াত্রিশ হস্তি উপঢৌকন দানেতে সন্তুষ্ট হইয়া, তথাহইতে ফিরিয়া কালিঞ্জরের [illegible]র উপরে আক্রমণ করিলেন. সেখানকার রাজ তিন শ: হস্তী ও অধিক ধন দিয়া মহমুদের অনুগ্রহ ক্রয় করিলেন.

সন ১০২৪ সালে তিনি সকলহইতে প্রসিদ্ধ ও ভারতবর্ষ আক্রমণের শেষ বারের যুদ্ধেতে প্রবৃত্ত হইয়া, গুজরাতে স্থিত সোমনাথের দুর্গ ঘেরিলেন. এমত প্রসিদ্ধ আছে যে ভারতবর্ষের দক্ষিণে ঐ সোমনাথের মন্দির সকলহইতে উদাসীনেরদের বড় গমনাগমনের স্থান. সেই প্রতিমা পূজা করিবার নিমিত্তে তাহার প্রতিবাসি রাজারা দুই হাজার গ্রাম দান করিয়াছিল, এবং দুই হাজার ব্রাহ্মণ প্রত্যহ পূজা করিত. যে পারসীর ইতিহাসবক্তারা মহমূদের যুদ্ধবর্ণনা করিয়াছেন, তাহারা ঐ স্থানের ধন প্রশংসা অসম্ভবরূপে করিয়াছেন. দেববন্দরের নিকটবর্ত্তি সমুদ্রের তীরে এক প্রায়দ্বীপে ঐ মন্দির স্থাপিত ছিল, সে স্থান এখন পোর্ত্তুগীশেরদের অধীন. সেখানকার ব্রাহ্মণেরা গর্ব্বরূপে কহিতেন, যে সোমনাথ দেবকর্ত্তৃক কান্যকুব্জ ও দিল্লী নগরী পরিত্যাগ করাতে ঐ দুই নগর ভ্রষ্ট হইয়াছিল, এবং ঐ দেবতা চক্ষুর এক নিমিষে মহমূদের তাবৎ সৈন্য [illegible] করিতে পারেন. সোমনাথের মন্দিরের ছাত তিপ্পান্ন স্তম্ভের উপরে স্থাপিত ছিল; ঐ সকল স্তম্ভ স্বর্ণেতে মণ্ডিত, এবং স্থানেং বহুমূল্য

with precious stones. One pendant lamp illuminated the whole fabric, whose light, reflected back from innumerable gems, spread a lustre through the whole temple. In the midst stood Soma-nat'ha, an idol composed of one entire stone, fifty cubits high, of which forty-seven were buried in the earth. Of this image the brahmuns reported, that it had been worshipped from the commencement of the Kali-yooga. It was washed every morning and evening with water brought from the Ganges—a distance of twelve hundred miles. Around the edifice were distributed thousands of little images of gold and silver, which gave the temple the appearance of a grand assembly of the gods.

Mahmood being informed of the riches of Soma-nat'ha and of the menace of the god, was determined to put his power to the trial. With an immense army, he left Gujni, and taking Mooltan and Ajimeer in his way, crossed two formidable deserts, where his army was preserved from destruction almost wholly by his exertions and skill. On the lofty battlements of the temple, a large multitude was assembled. At the approach of Mahmood, a herald denounced the vengeance of the god on the Moosulmans, and declared that Soma-nat'ha had drawn them together there that he might annihilate them with one blow. In spite of these imprecations, Mahmood commenced a vigorous assault—the brah-

পুস্তরেতে খচিত. এক ঝুলান পুদীপের আলোকেতে তাবৎ ঘরে আলোক হইত; ও সেই পুদীপের তেজ মন্দির মধ্যবর্ত্তি বহু সংখ্যাক পুস্তরেতে পড়িলে তাবৎ মন্দির দীপ্ত হইত. মন্দিরের মধ্যে খঞ্চাশং হস্ত উচ্চ এক পুস্তরেতে নির্ম্মিতা সোমনাথের মূর্ত্তি ছিল, সেই পুতিমা সাতচল্লিশ হাত মৃত্তিকার মধ্যে পোতা ছিল. সে স্থানের বৃাহ্মণেরা কহিতেন, যে কলিযুগের আরম্ভাবধি ঐ পুতিমা পূজা হয়. পুত্যহ পুত্যূষে ও সায়ংকালে ছয় শত ক্রোশ অন্তর গঙ্গাহইতে জল আনিয়া ঐ পুতিমার স্নান করাইত. মন্দিরের চতুর্দ্দিকে সহস্রং স্বর্ণের ও রূপ্যের ক্ষুদ্র পুতিমা ছিল, তাহার দ্বারা সে স্থান দেবসভার মত দেখা যাইত.

মহমূদ সোমনাথের ধনের কথা ও গর্ব্বোক্তি শুনিয়া, তাহার পরাক্রম পরীক্ষা করিতে মনে নিশ্চয় করিলেন, ও সেখানে যুদ্ধার্থ গজনেনহইতে অধিক সৈন্য সহিত পুস্থান করিয়া, আজমের ও মূলতানের পথে আসিয়া, দুই মহারণ্য পার হইলেন, সেখানে তাহার সৈন্যের অত্যন্ত বিপৎ উপস্থিতা হইলে, কেবল মহমদের বুদ্ধি ও সাহসের দ্বারা সর্ব্ব সৈন্য পুাণ রক্ষা হইল. মন্দিরের উচ্চ ছাতের উপরে অনেক লোক একত্র হইয়াছিল. মহমূদ পঁহুছিবামাত্র, সেখানহইতে এক জন চর মুসলমানেরদের পুতি দেবতার ক্রোধ পুকাশ করিয়া কহিল, যে দেবতা একাঘাতে সকলকে নষ্ট করিবার নিমিত্ত মুসলমানেরদিগকে এখানে একত্র করিয়াছেন: মহমূদ তাহারদের অভিশাপ না মানিয়, আরো কঠিনরূপে যুদ্ধ করিতে পুবৃত্ত হইলেন. এবং বৃাহ্মণেরা আপ

muns retired to the interior of the temple, and prostrated themselves before the image, hoping every moment to hear of the signal destruction of their foes. Finding their expectations vain, they rushed out and made a desperate attack on the besiegers. This conflict they maintained for two days, fighting like men who had devoted themselves to death. At the end of this period, a vast army of Hindoos under the command of Raja Bh*uyura*n-Dev*a* (in whose territories the temple was situated) and other considerable rajas, approached the Moosulman army, and fought with a degree of heroism which astonished Mahmood; but nothing could resist the vigor of his arms. The confederate rajas fled, after leaving five thousand of their troops slaughtered on the field, and the brahmuns of the temple, conceiving all further resistance vain, embarked in the vessels which lay in the harbour, in the hope of reaching Ceylon. But Mahmood, seizing those which remained, sent a body of troops after them, who capturing some and sinking others, permitted few of these miserable fugitives to escape.

Mahmood having entered the city, approached the temple, and was struck with its awful grandeur. In the fury of his zeal, he smote off the nose of the image with his sword, and ordered it to be disfigured, and hewn in pieces. While they were in the act of obeying his command, the brahmuns entreated him to restrain his vengeance, and offered many

নারদের শত্রু নিপাতবার্ত্তা শ্রবণাপেক্ষা করিয়া, মন্দিরের মধ্যে প্রতিমার নিকটে গিয়া ভূমিষ্ঠ হইয়া পড়িলেন. তাহারা আপনারদের সে আকাঙ্ক্ষা নিষ্ফলা দেখিয়া, যুদ্ধমৃত্যু স্বীকার করিয়া মন্দিরহইতে চণ্ডরূপে বাহির হইলেন, ও ক্রমিক দুই দিনপর্য্যন্ত তাহারা প্রাণপণ করিয়া যুদ্ধ করিলেন. ইত্যবসরে সেই মন্দির যে ভূমিতে স্থাপিত, তাহার অধিকারী ভয়রাম দেব এবং আরং রাজারাও বহু হিন্দু সৈন্য লইয়া মুসলমানেরদের নিকটে আইলেন. তাহারদের যুদ্ধের নৈপুণ্য দেখিয়া মহমূদের আশ্চর্য্যবোধ হইল, কিন্তু মহমূদের অস্ত্রের সম্মুখে কেহই তিষ্ঠিতে পারিলেন না. ঐ সহায় রাজারা আপনারদের পাঁচ হাজার সৈন্যসংহার হইলে, রণস্থলহইতে পলায়ন করিলেন, এবং মন্দিরের ব্রাহ্মণেরাও যুদ্ধ নিষ্ফল জ্ঞান করিয়া, বন্দরস্থিত নৌকারোহণ করিয়া সিংহল দ্বীপে পলায়ন করিতে চেষ্টা করিলেন. কিন্তু মহমূদ অবশিষ্ট নৌকাতে আপন সৈন্যের একভাগ ঐ পলায়িত ব্রাহ্মণেরদের পশ্চাৎ প্রেরণ করিলেন ; তাহারা ব্রাহ্মণেরদের কতক নৌকা ধরিল, ও কতক জলে ডুবাইল, তাহাতে অল্প লোক বাঁচিল.

মহমূদ নগরের মধ্যে পবিষ্ট হইয়া মন্দিরের সম্মুখে আইলে, তাহার চমৎকারি মাহাত্ম্য দেখিয়া আশ্চর্য্যবোধ করিলেন. আপন আশক্তিপ্রভাবে তিনি তলোবার লইয়া সোমনাথের নাসিকা চ্ছেদ করিলেন, ও তাহা চূর্ণ করিয়া নষ্ট করিতে আজ্ঞা করিলেন. তাহা চূর্ণ করিবার সময়ে ব্রাহ্মণেরা মহমূদের ক্ষমা যাচ্ঞা করিলেন, এবং ঐ মূর্ত্তিরক্ষার্থ অনেক কোটি টাকা দিতে

crores of Rupees for the ransom of the image. Mahmood replied, that he had not come so great a distance to defile his hands with the sale of idols. His troops proceeded in their work, and found in the belly of the image an immense quantity of diamonds and precious stones, far exceeding the value of the money which had been offered. This unexpected treasure, with the other spoils of the temple were sent to Gujni, while fragments of the demolished idol were transmitted to Mecca and Medina to be thrown at the threshold of their gates, and trampled under foot. Mahmood was so charmed with the salubrity of the climate, that he was tempted to make it the seat of his empire; but his chief counsellors dissuaded him from it. He now meditated an expedition against Ceylon and Pegu, of whose riches he had heard magnificent accounts. He was absent from home on his last expedition two years and six months. On his return, his army was led astray into deserts where it suffered incredible hardships. Suspecting therefore the fidelity of his guide, he caused him to be put to the torture, when he confessed that he was one of the priests of Soma-nath*a*, and had invented this mode of revenging the insults heaped on his deity. He was instantly put to death.

Soon after finding his end approaching, this brave but cruel monarch commanded that the gold, silver,

প্রস্তুত হইলেন. মহমূদ তাহার উত্তর করিলেন, যে আমি প্রতিমা ক্রয় বিক্রয়দ্বারা হস্ত মলিন করিতে এত দূর আইসি নাই. তাহার সৈন্যেরা সোমনাথের মূর্ত্তি কাটিতেং তাহার উদরে এত হীরক ও বহুমূল্য রত্ন পাইল, যে ব্রাহ্মণেরা যত টাকা দিতে স্বীকার করিয়াছিলেন, তাহাহইতেও অধিক. এই অনপেক্ষিত ধন ও মন্দিরের অন্যং লুঠ লইয়া গজনেনে পাঠাইলেন, এবং সোমনাথের মূর্ত্তি খণ্ডং করিয়া মক্কাতে ও মদীনাতে পাঠাইলেন, ও লোকেরদের পায়ে দলন নিমিত্ত তাহারা সেইং নগরের বহির্দ্বারের নীচে ফেলিলেন. মহমূদ সে স্থান পীড়ারহিত দেখিয়া অতিসন্তুষ্ট হইলেন, ও সেখানে রাজধানী করিতে উদ্যত হইলেন; কিন্তু তাহার প্রধান মন্ত্রিরা তাহাকে বারণ করিল. পরে মহমূদ সিংহলদ্বীপ ও পেগু দেশের ধন বাহুল্য বার্ত্তা শুনিয়া সেইং দেশে যুদ্ধার্থে আগমন করিতে বাসনা করিলেন. এই শেষ যুদ্ধে তিনি দুই বৎসর ছয় মাস বিদেশে ছিলেন. তাহার প্রত্যাগমন সময়ে তাহার সৈন্যেরা পথ হারাইয়া অনেক দুঃখ পাইল: এই কারণ এক জন হিন্দু পথিদর্শকের খলতাবোধ করিয়া, তাহার কায়িক দণ্ড করিলেন: পরে সে পথিদর্শক স্বীকার করিল যে আমি সোমনাথের এক ব্রাহ্মণ, তুমি আমারদের সোমনাথের মূর্ত্তি নষ্ট করিয়াছ, তাহার প্রতিফল দিবার নিমিত্ত তোমারদিগকে এত দুঃখ দিয়াছি: তাহা শুনিয়া মহমূদ তৎক্ষণাৎ তাহার মুণ্ডচ্ছেদন করিলেন.

ইহার পর আসন্ন মৃত্যু জানিয়া ঐ সাহসী অথচ নির্দয় রাজ

and jewels in his treasury, with all the spoils and trophies he had won, should be placed before him; on which having long fixed his eyes, he burst into tears. The following day he ordered a review of his army, his camels, horses, and elephants, with which having for some time feasted his eyes from his magnificent throne, he burst a second time into tears; and retired in dejection to his palace, where he soon after expired, after appointing his youngest son Mahmood to succeed to his vast dominions, with the exception of Persian Irak, which he bequeathed to his eldest son Masood. He died in the sixty-third year of his age, and the thirty-fifth of his reign, in the year 1030.

Sultan Mahmood possessed many great qualities and among the rest a dauntless fortitude, and great wisdom; but they were all obscured by his insatiable thirst for extending the triumphs of the Moosulman faith, and by his excessive cruelty. The wealth he amassed in his various expeditions was enormous: the splendor of his court attracted thereto the most celebrated scholars from all parts of Asia. Here they were hospitably entertained, more however from a spirit of ostentation than from true generosity. In particular, his base conduct towards the great Ferdoosi, one of the most celebrated poets of the age, cannot fail to fix an indelible stigma on his memory.

251

শাহ্ আপনার ভাণ্ডারের তাবৎ স্বর্ণ ও রুপ্য ও অলঙ্কার সকল, ও তাবৎ লুণ্ঠিত ধন ও জয়সূচক পতকা আপন সম্মুখে আনিয়া রাখিতে আজ্ঞা করিলেন. সেই সকল বস্তুর উপরে দৃষ্টি করিয়া তিনি রোদন করিতে লাগিলেন, এবং তাহার পর দিবস আপন সৈন্য ও উষ্ট্র ও অশ্ব ও হস্তী এই সকলকে আপন সম্মুখে আনিতে আজ্ঞা করিলেন ; এবং আপন রাজসিংহাসনের উপরে বসিয়া কতক্ষণ দেখিয়া পুনর্ব্বার রোদন করিলেন, ও অতিমৃদু হইয়া রাজগৃহে গমন করিলেন. পরে তিনি কেবল পারসীর ইরাক দেশে আপন জ্যেষ্ঠ পুত্র মসউদকে দিয়া, কনিষ্ঠ পুত্র মহম্মদকে মহারাজ্যভারে নিযুক্ত করিলেন. অনন্তর পঁয়ত্রিশ বৎসর রাজ্য ভোগ করিয়া ত্রিষষ্টি বৎসর বয়ঃক্রম সময়ে সন ১০৩০ সালে পরলোকগত হইলেন.

সুলতান মহমুদের অনেক গুণ ছিল, তাহার মধ্যে অশেষ সাহস ও তীক্ষ্ন বুদ্ধি. কিন্তু মহম্মদের মত বাড়াইবার তৃষ্ণা ও অতিনির্দয়তা দ্বারা অন্য সকল গুণ তিরোভূত ছিল. তিনি নানা যুদ্ধেতে যত ধন সঞ্চয় করিয়াছিলেন সে অশেষ. তাহার সভার শোভা আসিয়ার অতিজ্ঞানবান লোকেরদিগকে আকর্ষণ করিয়াছিল. মহমূদ আপন দানশক্তিপ্রযুক্ত যে সেখানে তাহারদের প্রতিপালন করিতেন তাহা নহে, কিন্তু কেবল আপন গৌরব প্রকাশের জন্যে তাহারদিগকে সমাদরপূর্ব্বক রাখিতেন. কিন্তু তৎকালীন সকলহইতে প্রসিদ্ধ ফরিদু নামে কবির প্রতি তাহার নিগহ করাতে, তাহার নামেতে অক্ষয় এক কলঙ্ক হইয়াছে.

No Mahomedan prince before him ever attained so exalted a pitch of power and splendor, ever amassed so much wealth, ever made such large conquests, or stained his hands so deeply with human blood. His empire extended from the Caspian sea to the Himal*uya* mountains, and from the Tigris to the Ganges. At Gujni he was the liberal patron of the arts and sciences; but at Kanooj, at Tanassar, at Delhi and Nagurkot*a*, at Mut'hoora, at Som*a*nat'h*a*, he displayed all the fury of a cruel conqueror, and of a relentless bigot. He left no city in upper Hindoost'han untouched, but with unsparing avarice, robbed them of all their wealth, and trampled under foot whatever was deemed sacred by the Hindoos. For thirty years, he kept Hindoost'han in a state of perpetual alarm, and well would it have been for these provinces had this disposition died with him; but he is only the first in a long list of ferocious conquerors and tyrants on whose history we are about to enter.

The family of Mahmood governed the empire he had established one hundred and fifty-four years. After his death, fourteen sovereigns sat on the Gujnavide throne, to the year 1184. During a considerable part of this period, the empire was harassed by the Seljukian chiefs who lived to the west of Gujni, and among whom four men of pre-eminent ability and courage appeared. This family was engaged in perpetual war with the family of Mah-

252

তাহার পূর্ব্বে কোন মুসলমান রাজা এমত পরাক্রম ও ঐশ্বর্য্য প্রাপ্ত হয় নাই, ও এত ধনসঞ্চয় করে নাই, ও এত দেশ অধিকার করে নাই, এবং মনুষ্যের রক্তেতে আপন হস্ত এমত মিশ্রিত করে নাই. কাসপীয়ান সমুদ্র অবধি হিমালয়পর্য্যন্ত, ও তিগ্রস সমুদ্র হইতে গঙ্গাপর্য্যন্ত তাহার অধিকার ছিল. গজনেন নগরে তিনি জ্ঞানিরদের ও শিল্পিরদের অতিসমাদর করিতেন, কিন্তু কান্যকুব্জ ও থানেশ্বর ও দিল্লী ও নগরকোট ও মথুরা ও সোমনাথের নগরেতে অতিশয় জয়শীল ও স্বমতবর্দ্ধকের নির্দ্দয়তা প্রকাশ করিয়াছিলেন. তৎকর্তৃক অস্পৃষ্ট পশ্চিম হিন্দুস্থানে কোন নগর ছিল না, কিন্তু অনিবার্য্য ধনাকাঙ্ক্ষাপূর্ব্বক তাহারদের সকল ধন লুঠিয়াছিলেন, এবং হিন্দুরদের কর্তৃক যত মানিত বস্তু তাহারদিগকে তিনি পদতলে দলন করিয়াছিলেন. তিনি ত্রিশ বৎসরপর্য্যন্ত এই হিন্দুস্থানে সর্ব্বদা উৎপাত করিয়াছিলেন, এবং যদি এই দুঃস্বভাব তাহার সহিত মৃত হইত তথাপি হিন্দুস্থানের আনন্দ হইত. কিন্তু যে নির্দ্দয় জয়শীল প্রমাদীব্যক্তিরদের বিবরণ আমরা কহিব তাহারদের মধ্যে মহমূদ কেবল প্রথম.

মহমূদের বংশ্য এক শত চৌয়ান্ন বৎসর রাজ্য করিল. তাহার মরণের পর ১১৮৪ সন পর্য্যন্ত চতুর্দ্দশ রাজা গজনেনের সিংহাসনে বসিলেন. এই সময়ের অধিক ভাগে গজনেনের পশ্চিম দিকস্থ সলজূকীয় রাজারা রাজ্য উৎকণ্ঠিত করিল ; তাহারদের চারি জন জ্ঞান ওসাহসেতে অতিশয় উপযুক্ত হইয়াছিল. এই সলজূকীয়েরদের বংশ মহমূদের বংশের সহিত নিত্য যুদ্ধ করিত, এবং যতবার এ

mood, and the victory was as frequently on the one side as on the other. As the Seljukian monarchs however, seldom invaded Hindoost'han, it is not necessary that we should give a detailed account of their exploits.

In the history of Mahmood's successors, we shall perceive an unbroken series of revolutions, war, and massacre. Few if any of its sovereigns possessed the ability of Mahmood; and none of them added any lasting conquest in Hindoost'han to the empire which he bequeathed to them. To give a narration merely of revolutions, and assassinations, must necessarily tire the reader, yet the history of the succeeding century and a half is composed of little else. We shall therefore confine ourselves to a detail of the most prominent events, and distinctly notice any further progress which these chiefs made in Hindoost'han.

Mahomed, the Second king of Gujni.

Mahmood left two sons, twins, Mahomed and Masood; to the former of whom, contrary to the wishes and expectations of his people, he bequeathed his throne. Masood, on the death of his father, advanced from his government in Persia to claim the crown of his brother, who opened the royal treasury, and scattered profusely among his followers the wealth his father had accumulat-

দিকে জয় হইল ততবার ও দিকে জয় হইল. ঐ সলজুকীয় রাজারা প্রায় কখনও হিন্দুস্থান আক্রমণ করে নাই, তৎপ্রযুক্ত তাহারদের বিবরণ লিখা অনাবশ্যক.

মহমূদের পরে যেং রাজারা সিংহাসনাধিকারী হইলেন, তাহারদের বিবরণ লিখিতে উপপ্লব ও যুদ্ধ ও বধ, এইং অবিচ্ছিন্ন ধারা লিখিতে হইবে. সে রাজারদের মধ্যে মহমূদের মত জ্ঞানী ও সাহসী প্রায় কেহ ছিলেন না, এবং মহমূদ হিন্দুস্থানের যে রাজ্য জয় করিয়া তাহারদিগকে দিয়াছিলেন সে রাজ্য তাহারা বর্দ্ধিষ্ণু করেন নাই. তাহারদের নানা উপপ্লব ও বধবিষয় লিখিলে কেবল পাঠকের শ্রমমাত্র হইবে, তথাপি আগামী দেড় শত বৎসরের ইতিহাসের মধ্যে এতদ্ব্যতিরিক্ত আর কিছু নাই. এই হেতুক আমরা কেবল স্থূল বিবরণ লিখিব, এবং ইহারদের মধ্যে যে কোন রাজা হিন্দুস্থান নূতন আক্রমণ করিলেন, তাহা আমরা স্পষ্ট করিয়া লিখিব.

গজনেনের দ্বিতীয় রাজা মহম্মদ.

মহম্মদ ও মসউদ এই দুই যমজ সন্তান মহমূদের ছিল ; তিনি আপন প্রজা লোকেরদের অভিপ্রায় অন্যথা করিয়া মহম্মদকে সিংহাসন দিয়াছিলেন. মসউদ আপন পিতার মৃত্যু সম্বাদ শুনিয়া, পারস দেশে আপন পদস্থানহইতে আপনভ্রাতার নিকটে রাজ্য লইবার কারণ আইলেন. মহম্মদ রাজকোষ খুলিয়া আপন পিতার সঞ্চিত ধন অমাত্যগণের মধ্যে বিতরণ করি

ed. This prodigality however failed to secure to him the affections of his soldiers, who had fixed their hopes on his brother. His lofty mien, his undaunted courage, his great ability, and his generosity, fitted him for the throne. The arrow sent from his arm pierced the body of the largest elephant, and his mace was of such weight, that none beside himself could wield it. Mahomed marched out against him, but his generals and soldiers deserted him on his march, and delivered him over to his brother. To prevent all future disputes Masood put out his eyes; and he who had left Gujni in all the splendor of royalty returned to it a miserable object, deprived of his crown and his sight.

Masood, the Third king of Gujni.

Five months after the death of his father, Masood ascended the throne, and released all the state prisoners confined by his father and brother. During the confusion which preceded his ascending the throne, several of the cities in India which had been reduced by his father, revolted. Against these Masood directed his forces, and laid siege to a fort called Suruswutee, the garrison of which offered to submit to him; but before the ratification of the treaty, the piercing cries of some Moosulman

254

লেন. তিনি এই রূপ ধন ব্যয়করাতেও সৈন্যেরদের স্নেহ প্রাপ্ত হইলেন না, যেহেতুক তাহারা তাহার ভ্রাতার প্রতি অন্তঃকরণ রাখিয়াছিল. মিসউদ উচ্চ দৃষ্টি ও অত্যন্ত সাহস ও বিজ্ঞতা ও সাধুতাতে সিংহাসনের উপযুক্ত ছিলেন. তিনি বাণ দ্বারা অতিবৃহৎ হস্তী সংহার করিতে পারিতেন, এবং তাহার এমত গদা ছিল যে তাহা ব্যতিরেকে অন্যকর্তৃক উত্থাপিত হইত না. মহম্মদ তাহার সহিত মিলিতে নগরের বাহিরে আইলেন, কিন্তু পথে তাহার সেনাপতিরা ও সৈন্যেরা তাঁহাকে পরিত্যাগ করিয়া মসউদের হস্তে তাহাকে সমর্পণ করিল এবং মসউদ ভাবি বিরোধ নিবারণার্থে তাহার চক্ষুরুৎপাটন করিয়া ফেলিলেন. এবং যে মহম্মদ ঐশ্বর্য্যেতে বেষ্টিত হইয়া গজনেন হইতে বাহিরে আসিয়াছিলেন, তিনি মুকুট ও চক্ষুরহিত হইয়া অতিদুঃখীরূপে প্রত্যাগমন করিলেন.

গজনেনের তৃতীয় রাজা মসউদ.

মসউদ আপন পিতার মরণের পাঁচ মাসের পর সিংহাসনে বসিলেন, এবং তাহার পিতা ও ভ্রাতা যে যুদ্ধলব্ধ লোকরদিগকে কএদ করিয়াছিলেন, তাহারদিগকে মুক্ত করিলেন. তাহার সিংহাসনারোহণের পূর্ব্বে যে অসমাবেশ ছিল, তৎকালে তাহার পিতাকর্তৃক জিত ভারতখণ্ডের কতক নগর স্বাধীন হইল. ইহার বিপরীতে মসউদ আপন সৈন্য লইয়া গেলেন, ও সরস্বতী নামে এক দুর্গ বেষ্টন করিলেন; ঐ দুর্গের সৈন্যেরা তাহার অনুকূল হইতে চেষ্টা করিল, কিন্তু বন্দোবস্তে সহী করিবার পূর্ব্বে ঐ

prisoners who were confined there, reached the ears of the army. Fired with indignation, they made an impetuous assault, and having captured the fort, put to death every one in it, without regard to age or sex, and pillaged it of every thing valuable. In the mean time, the Seljuks made an irruption into his dominions on the western side, and carried their ravages almost to the gates of Gujni; but they were quickly repulsed. About this time also a new palace was finished at Gujni, and a massy throne erected in it; a crown of fine gold weighing seventy maunds and studded with jewels was suspended over it. Under this canopy Masood, sat daily to give audience to his subjects.

In the year 1035, he again bent his progress to India, and attacked a fort and city of the name of Hansi, which the brahmuns had declared to be impregnable. After a siege of six days he took it, and having secured its immense treasures, marched to Sunput, forty miles from Delhi. At his approach, the chief, *Juya-pala*, fled into the woods, but his treasure fell into the hands of the conqueror; who, inspired with his father's zeal, ordered the temples to be laid in ruins, and the images to be hewn in pieces. In a letter which he wrote to his ministers during this expedition, he boasted that he had sacrificed to

দুর্গে বদ্ধ কত্তৃক মুসলমান লোকেরদের রোদন মহম্মদের সৈন্যের দের কর্ণগোচর হইল, তখনি ক্রোধেতে জ্বলিত হইয়া তাহারা অনিয়মে আক্রমণ করিল, এবং দুর্গাধিকার করিয়া আবাল বৃদ্ধ বনিতাপর্য্যন্ত সকল লোক বধ করিল, ও সেখানকার সমূল্য তাবৎ বস্তু লইল. ইতোমধ্যে তাহার পশ্চিম দিকস্থ রাজ্যে সলজুকী য়েরা আক্রমণ করিল, এবং গজনেনের দ্বারপর্য্যন্ত পঁহুছিল, কিন্তু সেখানহইতে তাহারা অতিশীঘ্র তাড়ান গেল. এই সময়ে গজ নেনে এক রাজগৃহ সমাপ্ত হইল, এবং তাহার মধ্যে এক মহা সিংহাসন স্থাপিত হইল, এবং সত্তরি মোন পরিমিত নিরট সু বর্ণনির্ম্মিত মনি মুক্তা প্রবালাদিতে খচিত এক মুকুট সেই সিংহাস নের উপরে ঝুলান গেল; তাহার নীচে মসউদ বসিয়া প্রতিদিন প্রজা লোকেরদের নিবেদন শুনিতেন.

সন ১০৩৫ সালে তিনি হিন্দুস্থানে আগমনারম্ভ করিলেন, এবং হানসী নামে এক দুর্গ ও নগর ঘেরিলেন; সেই নগরের বিষয়ে ব্রাহ্মণেরা কহিতেন যে সে অজেয়. ছয় দিন যুদ্ধের পর তিনি সেই দুর্গ ও নগর লইলেন, ও সেখানে অনেক ধন স্থির করিয়া রাখিয়া, দিল্লীহইতে বিশ ক্রোশ অন্তরে শোনপত নামে এক স্থানের প্রতি গমন করিলেন. তিনি সেখানে আগত মাত্র তাহার অধ্যক্ষ জয়পাল বনে পলায়ন করিলেন, এবং তাহার সকল ধন মসউদের হস্তেতে পড়িল. তিনি আপন পৈতৃক স্বভাব প্রাপ্ত হইয়া সকল মন্দির সমভূমি করিলেন, ও সকল দেব মূর্ত্তি চ্ছেদন করিলেন; তিনি আপন মন্ত্রির নিকটে অহঙ্কার পূর্ব্বক

the religion of Mahomet fifty thousand idolaters, had taken seventy thousand prisoners, and acquired a booty equal to a million of deenars. His further progress was however stopped by the earnest entreaties of his generals, that he would hasten to repel the invasion of the Seljuks, who in the style of eastern metaphor, were at first but ants, but were now become serpents: Masood met them on the plains of Dindaka, and so vast were their numbers that they almost surrounded his army. The enemy advanced with impetuosity, and so intimidated the troops of Gujni, that they began early to give way: several of his generals joined the enemy, while others fled to Gujni.

The valiant Masood, putting himself at the head of his few remaining followers, plunged into the thickest of the enemy, determined to force his way through them. But his valor was useless when opposed to such superior numbers, and he was obliged to make a hasty retreat to his capital, where he doomed the generals who had deserted him to perpetual confinement. The enemy after this fortified themselves so strongly in Khorasan, that Masood determined to retire into Hindoost'han till he

256

এক পত্র লিখিলেন, যে আমি মহম্মদের নিকটে পঞ্চাশ হাজার দেবপূজক বলিদান করিয়াছি, এবং সত্তরি হাজার লোক যুদ্ধে লব্ধ করিয়াছি ও দশ লক্ষ দীনারপর্য্যন্ত লুঠ করিয়াছি. কিন্তু তাহার সেনাপতিরা অনেক প্রার্থনাপূর্ব্বক হিন্দুস্থানের আর দুরপর্য্যন্ত যাইতে তাহাকে বারণ করিল, ও এক দৃষ্টান্ত দ্বারা কহিল, যে সলজুকীয়েরা পূর্ব্বে পিপীলিকাবৎ ছিল এখন সর্পাকার হইতেছে, অতএব তাহারদের বিপরীতে প্রস্থান করা কর্ত্তব্য. পরে মসউদ তৎক্ষণাৎ ফিরিয়া ডিণ্ডাকার ঘাটে সলজুকীয়েরদের সহিত মিলিলেন; তাহারদের এত সৈন্য ছিল যে মসউদের অল্প সৈন্য তাহারা চতুর্দ্দিকে বেষ্টন করিল. সলজুকীয়েরা অতিবেগে আক্রমণ করিল, এবং গজনেনের সৈন্যের দিগকে এমত ভীত করিল যে তাহারা যুদ্ধারম্ভকালেই পশ্চাতে হটিতে লাগিল, এবং মসউদের কতক সেনাপতিরা বিপক্ষ পক্ষাশ্রিত হইল, ও অবশিষ্ট গজনেনে পলাইয়া গেল.

মহাসাহসী মসউদ অবশিষ্ট সৈন্য সঙ্গে করিয়া, বিপক্ষ ঘটার মধ্যে পথ করিয়া যাইবার কারণ তাহার মধ্যে প্রবেশ করিলেন, কিন্তু বিপক্ষ সৈন্য বাহুল্যপ্রযুক্ত মসউদের সেই সাহস নির্ম্মূল হইল, এবং আপন রাজধানীতে শীঘ্র পলাইয়া আসিতে তাহার আবশ্যক হইল. সেখানে পঁহুছিলে যে সেনাপতিরা তাহাকে যুদ্ধে ছাড়িয়া পলাইয়াছিল, তাহারদের চিরকাল কারাবন্ধনরূপ দণ্ড করিলেন. সলজুকীয়েরা এমত দৃঢ়রূপে খোরাসানে রহিল যে তাহাতে মসউদ এই সকল উৎপাত দূর হও

could recover his affairs. With this view he sent for all his wealth to Gujui, and, laying it on camels, proceeded to Lahore. He likewise released his brother Mahomed from confinement, and obliged him to accompany the expedition. When it arrived on the banks of the Indus, the slaves confederated with the troops to plunder the royal treasures, and in a moment all was uproar and confusion. From plundering the king's treasure, they proceeded to attack one another, and it is scarcely possible to conceive any thing more terrible than the scene which followed. A vast number of lives were lost; and the insurgents thinking themselves unsafe till they had deposed Masood, rushed into the tent; and having brought Mahomed before the army publicly proclaimed him king.

In this dilemma, neither the fortitude nor the courage of Masood, could avail him. Touched with his melancholy situation, his brother informed him that the security, not the destruction, of his person was his object, and desired him to fix on some fort to which he might retire. Masood chose Kobra-Kebei. So reduced were his circumstances, that he was obliged to apply to his brother for money to pay his menial servants. That brother, less generous than merciful, sent him five hundred deenars. It was

257

য়াপর্য্যন্ত হিন্দুস্থানে থাকিতে বাসনা করিলেন. এইহেতুক তিনি আপন সকল ধন উষ্ট্রের উপরে বোঝাই করিয়া গজনেন হইতে লাহোরের দিকে আগমন করিলেন, এবং আপন ভ্রাতা মহম্মদকে কএদহইতে মুক্ত করিয়া সঙ্গে লইলেন. সিন্ধু নদীর তীরে পঁহুছিলে মসউদের দাসেরা সৈন্যেরদের সহিত রাজকোষ লুঠিবার কারণ একবাক্য হইল, তাহাতে এক পলের মধ্যে অতিবাদ উপপ্লব উপস্থিত হইল. রাজকোষ লুঠ করিয়া তাহারা পরস্পর যুদ্ধ করিতে লাগিল, তাহাতে এত দুর্ঘটনা ঘটিল যে সে মনের অগোচর. অনেক লোক মারা পড়িল, এবং সেই বিবাদিরা ভাবিল যে যত দিন মসউদ সিংহাসনে আছেন তত দিন আমরা সঙ্কটাপন্ন, এই নিমিত্ত তাহারা তাম্বুর মধ্যে শীঘ্র প্রবেশ করিয়া মহম্মদকে বাহিরে আনিয়া রাজা নামে তাহাকে খ্যাত করিল.

এই দুর্ঘটনাতে মসউদের সাহস ও প্রবল স্বভাবের কিছু ফল হইল না. তাহার দুঃখাবস্থা দেখিয়া তাহার ভ্রাতা দয়া করিয়া তাহাকে কহিলেন, যে আমি তোমাকে মারিতে বাসনা করি না কিন্তু রক্ষা করিতে, অতএব তুমি এমত কোন দুর্গ মনোনীত কর যে সেখানে নির্ভাবনায় বাস করিতে পার. তাহাতে মসউদ কোবরাকিবেই নামে স্থান মনোনীত করিলেন. তিনি এমত দুঃখী হইয়াছিলেন, যে আপন চাকরের বেতনের নিমিত্ত আপন ভ্রাতার নিকটে তাহার যাচ্ঞা করিবার আবশ্যক হইল. সেই ভ্রাতা দয়ালু কিন্তু কৃপণ ছিলেন, অতএব তাহার কাছে কেবল

then that Masood felt for the first time the misery of his situation, and exclaimed in the anguish of his heart, "O cruel reverse of fate! yesterday I was a mighty prince; three thousand camels bent under the load of my treasures; to-day I am forced to beg, and receive but mockery in return." Indignant at this treatment he borrowed a thousand deenars of his servants; and having bestowed them on his brother's messenger, returned him the five hundred he had sent.

Not long after, Mahomed finding himself incapacitated for the government by the loss of his sight, resigned the sceptre to his son Ahmed, who not thinking himself secure while his uncle lived, went with two attendants to the place of his confinement and assassinatad him. Modud the son of Masood, who was then at Balk with a large army, hearing of the event, vowed revenge against his father's murderers, and came down upon the city of Gujni, the inhabitants of which received him with joy. The opposite party hastened to meet him, and the two armies engaged on the bank of the Indus. The forces of Ahmed were completely defeated, and he with his father, and the two murderers fell into the hands of the victor, who ordered them to immedi-

পাঁচ শত দীনার পাঠাইলেন. সেই সময় মসউদ প্রথম আপন দুরবস্থা জ্ঞান করিলেন, এবং প্রাণের কাতরতাতে কহিলেন, যে হায় নির্দ্দয় কপাল, কল্য আমি এক মহারাজ ছিলাম, তিন সহস্র উষ্ট্র আমার ধনভারেতে মন্থর হইত, অদ্য আমার যাত্রা করিতে হইল, এবং তাহা করণেতেও উপহাসপ্রাপ্ত হইলাম. এই অপমানে উদ্ব্যাম্বিত হইয়া আপন চাকরের স্থানে এক সহস্র দীনার ঋণ করিয়া আপন ভ্রাতার চাকরকে পারিতোষিক দিলেন, ও ঐ পাঁচ শত দীনার আপন ভ্রাতার নিকটে ফিরিয়া পাঠাইলেন.

কতককাল পরে মহম্মদ বুঝিলেন যে আপনার অন্ধতাপ্রযুক্ত রাজকর্ম্ম সুন্দর চালাইতে পারেন না, তৎপ্রযুক্ত রাজদণ্ড আপন পুত্র অহম্মদকে অর্পিত করিলেন. অহম্মদ আপন পিতৃব্য মসউদ জীবদ্দশাতে থাকিতে আপন রাজত্ব অস্থির জানিয়া কারাগারে দুই জন ঘাতুক পুরুষকে সঙ্গে লইয়া মসউদকে বধ করিলেন. মসউদের পুত্র মুদদ সেই সময়ে মহাসৈন্য লইয়া বলখ নগরে ছিলেন; তিনি এই সমাচার শুনিয়া আপন পিতৃসংহারক ব্যক্তিকে প্রতিফল দিবার কারণ দৃঢ় প্রতিজ্ঞা করিলেন, এবং গজনেনে আগমন করিলেন; সেখানকার লোকেরা মহোৎসাহ করিয়া তাহাকে গ্রহণ করিল. তাহার প্রতিকূলেরা তাহার সহিত শীঘ্র মিলিবার কারণ সসজ্জ হইল, ও সিন্ধুনদীতীরে উভয় পক্ষে মহা যুদ্ধ হইল. পরে অহম্মদ যুদ্ধে পরাজিত হইলেন, এবং মহম্মদ ও অহম্মদ ও মসউদের হত্যাকারী দুইজন, এই চারি ব্যক্তি জয়শীল মুদদের হস্তে পড়িল, ও তিনি তাহারদিগকে তখনি সং

ate execution. He then marched back to Gujni and ascended the throne. Masood reigned nine years and nine months; he was assassinated in the year 1041. He was a brave and magnificent prince, easy of access; and so great a patron of learning, that a philosopher of Khorasan, having composed a work on astronomy, Masood presented him with an elephant of silver. He built many noble mosques, and founded and endowed many schools for learning.

Modud, the Fourth king of Gujni.

Modud on his ascending the throne, dispatched a general against Nami, a son of Mahomed who appeared to revenge his father's death, but was completely overcome. A more formidable enemy appeared in the person of Mayoodud his own brother who was dertermined to share the throne with him. He seized on all the Indian provinces which acknowledged the authority of Gujni, and marched against his brother with an army so numerous and well disciplined, that the troops of Modud shrunk from the combat, and several of his generals deserted his standard. On the morning appointed for the battle however, Mayoodud was found dead in his bed, and the next day his friend and

259

হার করিলেন. অনন্তর মুদদ ফিরিয়া আসিয়া গজনেনের সিংহাসনোপরি উপবিষ্ট হইলেন. মসউদ নয় বৎসর নয় মাস রাজ্য করিয়াছিলেন, ও ১০৪১ সালে তিনি হত হইলেন. তাহার এই দুই গুণ ছিল, ভীমত্ব ও অধিগম্যত্ব, তিনি এমত বিদ্বৎপ্রতিপালক ছিলেন যে খোরাশান নগরে এক জন খগোলীয় বিদ্যাবিষয়ক এক গ্রন্থ করিয়াছিল, তাহাতে তাহার প্রতি তুষ্ট হইয়া তাহাকে রূপোর হস্তী দিয়াছিলেন. তিনি অনেক অত্যুত্তম মসজিদ গাঁথিয়াছিলেন, ও বিদ্যা শিক্ষার্থে অনেক বিদ্যালয় সৃষ্টি করিয়া তাহার ব্যয়ার্থ বৃত্তি করিয়া দিয়াছিলেন.

গজনেনের চতুর্থ রাজা মুদদ.

মুদদ সিংহাসনোপরি আরোহণ করিয়া, মহমূদের পুত্র নামির প্রতিকূলে এক সেনাপতিকে পাঠাইলেন. তিনি আপন পিতার মৃত্যুর প্রতিফল দিতে চেষ্টান্বিত ছিলেন, কিন্তু শেষে পরাজিত হইলেন. মুদদের আপন ভ্রাতা মাযুদদ নামিহইতেও তাহার এক ভয়ানক শত্রু উপস্থিত হইলেন, যেহেতুক তিনি কহিলেন যে আমিও ঐরাজ্যার্দ্ধের অধিকারী হইব. গজনেনের অধীন ভারতখণ্ডের যেং প্রদেশ ছিল তাহা তিনি অধিকার করিলেন, এবং তিনি নিয়মে অবস্থিত এত সৈন্য লইয়া আপন ভ্রাতার প্রতিকূলে গেলেন, যে মুদদের সৈনেরা তাহারদের সম্মুখে তিষ্ঠিতে পারিল না, এবং মুদদকে ছাড়িয়া তাহার কতক সেনাপতিরা পলাইল. যে দিন যুদ্ধারম্ভের কল্প ছিল সে দিন প্রত্যূষে মাযুদদকে শয্যার উপরে মৃত দেখা গেল, এবং তাহার পর

counsellor was found dead also; which circumstances created strong suspicions of murder against Modud. The opposite army submitted to him on the death of its leaders.

At this time the Seljuks recommenced their inroads into the empire of Gujni, and established themselves so powerfully in Persian Irak, and Khorasan, that, all Modud's efforts could not expel them. Burning with resentment against the family of Mahmood, who had for forty years ravaged India with fire and sword, the sovereigns of the northern provinces of India prepared to embrace the opportunity offered by the invasion of the Seljuks on the one side, to make an inroad on the other. At the head of the confederacy was the raja of Delhi, who with an immense army besieged the strong holds of the Moosulmans, and with little difficulty retook the forts of Hansi and Tanassar, but was detained four months before Nagur-kot*a*, which the besieged, despairing of succour, at length abandoned to him. The brahmuns in the mean time prepared at Delhi an exact resemblance of the image which the first Mahmood had carried from thence to Gujni, and secretly conveyed it on the night of the surrender into the temple of Bheem. The frantic joy and acclamations of the people on the first sight of the image seated on his throne, can scarcely be conceived. The

দিবস তাহার মন্ত্রী ও সেনাপতি সেই রূপ দেখা গেল. ইহাতে মুদদের প্রতি সকল লোকের সন্দেহ হইল. সেই দুই প্রধান মরিলে তাহার সৈন্যেরা সুতরাং মুদদের হস্তগত হইল.

এই সময়ে সলজুকীয়েরা গজনেন রাজ্যের উপরে আক্রমণ করিতে পুনরুপক্রম করিল, এবং পারসীদেশস্থিত ইরাক রাজ্যে ও খোরাসান প্রদেশে তাহারা এমন সুদৃঢ় হইল, যে বহু যত্নপূর্ব্বক ও তাহারদিগকে মুদদ তাড়াইতে পারিলেন না. মহমূদ চলিশ বৎসরপর্য্যন্ত অগ্নি ও তলোবারদ্বারা ভারতবর্ষ যে বিরক্ত করিয়া ছিলেন, তৎপ্রযুক্ত তাহার বংশের প্রতি রাগে প্রজ্বলিত হইয়া হিন্দুস্থানের উত্তর ভাগস্থ রাজারা, সলজুকীয়েরদের কর্ত্তৃক গজনেনের পশ্চিম দিক আক্রম্যমাণ দেখিয়া, সেই সময় ভাল জ্ঞান করিয়া গজনেনের পূর্ব্ব দিক আক্রমণ করিতে উদ্যত হইলেন. এই সংঘট্টের প্রধান দিল্লীর রাজা, তিনি বহুসংখ্যক সৈন্য লইয়া মুসলমানেরদের যে দৃঢ় স্থান ছিল তাহা বেষ্টন করিয়া অনায়াসে হানসী ও থানেশ্বর লইলেন, কিন্তু চারি মাসপর্য্যন্ত নগরকোটের সম্মুখে ছিলেন, এবং সেখানকার লোকেরা ভয়প্রত্যাশ হইয়া শেষে ঐ দুর্গ তাহারদিগকে দিল. পূর্ব্ব সুলতান মহমুদ যে প্রতিমা গজনেনে লইয়া গিয়াছিলেন, ব্রাহ্মণেরা নিশ্চিত তৎস্বরূপা এক প্রতিমা নির্ম্মাণ করিলেন, এবং যে রাত্রিতে নগরকোট তাহারদের হস্তে সমর্পিত হইবে. সেই রাত্রিতে গুপ্তরূপে ভীমনামে দুর্গে ঐ প্রতিমা স্থাপিতা করিলেন. যখন সেই প্রতিমাকে সিংহাসনোপরি উপবিষ্ট প্রথমে লোকেরা দেখিল, তখন আনন্দরূপোন্মাদেতে এত কোলাহল করিল, যে সে লিখা ভার. পুনর্ব্বার মন্দির

temple regained its credit—and the brahmuns their profits, while devotees from the remotest corners of Hindoost'han hastened to bend the knee before it. Encouraged by this degree of success, other rajas joined the confederacy, and laid siege to Lahore, the garrison of which after being reduced to the greatest extremity, sallied out one day on the besiegers, and so completely repulsed them, that they abandoned the siege and retired. Soon after they fell out among themselves, and some declared in favor of Modud, by whose assistance he extinguished the last spark of rebellion, and re-established his authority.

The remainder of his reign was spent in a series of conflicts with those perpetual enemies of his family, the Seljuks. They were defeated in various battles by the generals of Modud, who hoping to exterminate them at one blow collected all his forces and marched against them. But he was seized with a disorder on his march which obliged him to return to Gujni where he expired in the year 1049, after a reign of nine years.

(To be continued.)

প্রসিদ্ধ হইল, ও ব্রাহ্মণেরা পুনর্লাভপ্রাপ্ত হইল, এবং হিন্দুস্থানের শেষ সীমাহইতে যাত্রিকেরা তাহার নিকটে প্রণাম করিবার কারণ শীঘ্রগামী হইল. ঐ সংমিলিত রাজারদের জয় দেখিয়া প্রত্যাশাপন্ন হইয়া, অন্যং রাজারাও তাহারদের সহিত মিলিলেন, তাহারা লাহোর নগর বেষ্টন করিলেন. লাহোরের সৈন্যেরা শেষ দুর্ঘটনা প্রাপ্ত হইয়া, এক দিন আপনারদের বেষ্টনকারি হিন্দু সৈন্যেরদের উপরে অকস্মাৎ এমন আক্রমণ করিল, যে তাহাতে তাহারা হটিয়া স্থানান্তরে গেল. কতক কাল পরে তাহারদের মধ্যে বিরোধ হইয়া কতক মুদদের পক্ষে আইল, তৎপ্রযুক্ত মুদদ হিন্দু রাজারদের প্রতিকূলকারিকে নষ্ট করিলেন, ও পুনর্ব্বার আপন রাজ্য সুদৃঢ়রূপে স্থির করিলেন.

তিনি আপন রাজ্যের অবশেষ কালে নিত্য বিরোধকারি সলজূকীয়েরদের সহিত সর্ব্বদা যুদ্ধকর্ম্মে কালক্ষেপ করিলেন. মুদদের সেনাপতিরা অনেক যুদ্ধে তাহারদিগকে পরাজিত করিল, এবং মুদদ তাহারদিগকে একাঘাতে নষ্ট করিতে প্রত্যাশা করিয়া, আপন সকল সৈন্য একত্র করিয়া তাহারদের উপরে আক্রমণ করিলেন, কিন্তু পথে তাহার অস্বাস্থ্য উপস্থিত হওয়াতে গজনেনে প্রত্যাগমন করিলেন, এবং নয় বৎসর রাজ্য ভোগ করিয়া আপনি ১০৪৯ সনে প্রাণত্যাগ করিলেন.

(ইহার শেষ কথা আগামী ভাগে দেওয়া যাইবে.)

The necessity of considering both sides of a Question.

In a point were four roads met together, an image had been placed with the hand resting upon a shield, the outside of which was of gold, and the inside of silver.

It happened one day that two knights completely armed, arrived from opposite parts of the country at this statue, at the same time; and as neither of them had seen it before, they stopped to observe the excellence of its workmanship. After contemplating it for some time; "this golden shield," says the knight;—Golden shield! cried the other knight, who was strictly observing the opposite side, "If I have eyes, it is silver. If ever I saw a golden shield in my life, said the other, this is one." Yes, returned the knight, smiling, it is very probable indeed, that they should expose a shield of gold in so public a place as this! for my part, I wonder that even a silver one, has not proved too strong a temptation for the cupidity of those who pass this way; as it appears, by the date, that this has been placed here above three years.

The knight who affirmed it to be gold, not able to bear the taunts of the other, grew so warm in the

উভয় দিক নিরীক্ষণের আবশ্যকতা বিষয়ে.

এক চতুষ্পথে এক মূর্ত্তি রাখা গিয়াছিল, তাহার হস্তাবলম্বন এক ঢালের উপরে. ঐ ঢাল এক দিকে স্বর্ণ ও অন্য দিকে রূপ্যে মণ্ডিত.

এক দিন দৈবাৎ দুই জন ঘোড়সোয়ার দুই দিকহইতে ঐ মূর্ত্তির নিকটে আসিয়া উপস্থিত হইল, এবং তাহারদের মধ্যে পূর্ব্বে কেহই ঐ মূর্ত্তি দেখে নাই, তৎপ্রযুক্ত দুই জন তাহার শিল্প কর্ম্ম দেখিয়া আশ্চর্য্যজ্ঞান করিতে লাগিল. কত ক্ষণ অবলোকন করিতেং এক ব্যক্তি কহিল যে এই স্বর্ণময় ঢাল ;— দ্বিতীয় ব্যক্তি ঐ মূর্ত্তির অন্য দিকে দেখিতেছিল, সে তাহার কথা শুনিবামাত্র কহিল যে এ কি স্বর্ণঢাল, যদি আমার চক্ষু থাকে তবে এ ঢাল রূপ্যময়. প্রথম ব্যক্তি কহিল যে যদি আমি কখনও স্বর্ণ দেখিয়া থাকি তবে এ অবশ্য স্বর্ণঢাল. দ্বিতীয় তাহাকে উপহাসপূর্ব্বক কহিল যে এমন মাঠে অবশ্য স্বর্ণঢাল রাখিবেক, আমি আশ্চর্য্য জ্ঞান করি যে পথিকেরা কেন রূপ্যঢাল লইয়া যায় নাই, যেহেতুক ইহার উপরে যে লিখিত আছে তাহার দ্বারা জানা যায় যে এই ঢাল তিন বৎসর এখানে আছে.

স্বর্ণঢালবাদী দ্বিতীয় ব্যক্তির উপহাস সহ্য করিতে না পারিয়া, অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধ করিতে প্রবৃত্ত হইল. পরে দুই

dispute, that it soon ended in a challenge. They both therefore turned their horses, and rode back so far as to have sufficient space for their career; then couching their spears, they flew at each other with the greatest impetuosity. The blow on each side was so effectual, that they both fell to the ground, greatly wounded and bruised; and lay there for sometime, as in a trance.

A good man, who was travelling that way, found them in this condition. He had a balsam which he had composed himself, for he was skilful in a knowledge of the plants that grew in the fields. He applied his balsam to their wounds, and brought them to life again. As soon as they were sufficiently recovered, he began to enquire the occasion of their quarrel. "Why, this man cried one of the knights, will have it that yonder shield is silver. —And he will have it, replied the other knight, that it is gold.

Ah! said the countryman with a sigh, you are both my brethren, in the right—and both in the wrong: had either of you given himself time to look at the opposite side of the shield, all this passion and bloodshed might have been avoided. One side of the shield is of gold and the other of silver. Learn from the evils that have befallen you on this occasion, never to enter into any dispute for the future, till you have fairly *considered both sides of the question.*

জন আপনং ঘোটক ফিরাইয়া ধাবনোপযুক্ত আয়ত স্থানে গেল, ও আপনং বর্ষা অস্ত্র উদ্যত করিয়া দৌড়িয়া পরস্পর আক্রমণ করিল. তাহাতে উভয়ের এমত আঘাত লাগিল যে দুই জন আঘাতী ও কাতর হইয়া মৃত্তিকাতে পড়িল, ও মূর্চ্ছাপন্ন হইয়া রহিল.

এই কালে এক জন অতিশিষ্ট মনুষ্য পথে যাইতেছিল, সে তাহারদিগকে সে রূপ দুর্দশাগ্রস্ত দেখিল. সে ব্যক্তি বনৌষধিতে পণ্ডিত ছিল, ও আপনি এক প্রকার ঔষধ প্রস্তুত করিয়াছিল সে ঔষধ তাহার সহিত ছিল, সে ঔষধ তাহারদের ক্ষতে লাগাইয়া তাহারদিগকে সজীব করিল; যখন তাহারা কিঞ্চিৎ সুস্থ হইল তখন সে তাহারদিগকে বিরোধের কারণ জিজ্ঞাসা করিল. এক জন বলিল যে এই ঘোড়সোয়ার কহে যে এই ঢাল রূপ্যের. দ্বিতীয় কহিল যে এই ব্যক্তি কহে যে এই ঢাল স্বর্ণের এ কি চমৎকার.

তখন সে পথিক খেদ করিয়া কহিল যে হায়, হে ভ্রাতারা, তোমরা দুই জন সত্য বুঝিয়াছ ও দুই জন মিথ্যা বুঝিয়াছ, তোমারদের এক জনও যদি আপনার অদৃষ্ট দিক দেখিতা তবে এত ক্রোধ ও রক্তারক্তি হইত না, যেহেতুক এই ঢালের এক দিক স্বর্ণ ও অন্য দিক রূপা. অতএব অদ্য তোমারদের যে দুর্দশা ঘটিয়াছে ইহার দ্বারা তোমরা শিক্ষিত হও, যে তোমরা কোন বিষয়ের দুই দিক না দেখিয়া কদাচ বিরোধ করিও না.

On Intemperance.

Cyrus, king of Persia, when a youth, being at the court of his father Cambyses, undertook one day to be the cup-bearer at the table. It was the duty of this officer to taste the liquor before it was presented to the king.

Cyrus, without performing this ceremony, delivered the cup in a very graceful manner to his father. The king reminded him of his omission, which he imputed to forgetfulness. No, replied Cyrus, I was afraid to taste it, because I apprehended there was poison in the liquor; for not long since, at an entertainment which you gave, I observed that the lords of your court, after drinking of it, became noisy, quarrelsome, and frantic. Even you, Sir, seemed to have forgotten that you were a king.

Anecdote of a King and a Dervise.

A certain prince of Tartary, in company with his nobles, was met by a Dervise, who cried with a loud voice, "Whoever will give me a hundred pieces of gold, I will give him a piece of advice." The king ordered him the sum. Upon which the Dervise said, "Begin nothing of which thou hast not well considered the end." The courtiers, upon

মত্ততাবিষয়ে.

পারশীর রাজা কোরেস, যৌবনকালে আপন পিতা কেমবাইসেজের রাজগৃহে ছিল. এক দিন কোরেশ আপন পিতাকে মদিরাপান করাইবার পদ আপনি গ্রহণ করিল. ঐ পদস্থ চাকরের ধারা এই ছিল যে বাদশাহকে মদিরা দিবার পূর্ব্বে আপনি তাহার আস্বাদন করিত.

কোরেশ সেই মত না করিয়া অতিসুন্দররূপে বাদশাহকে পানপাত্র দি[illegible] বাদশাহ তাহাকে ঐ ধারার স্মরণ করাইলেন, ও কহিলেন যে তুমি বুঝি সে ধারা বিস্মৃত হইয়াছ. কোরেশ উত্তর করিল, যে আমি বিস্মৃত হই নাই, কিন্তু ভাবিয়াছিলাম যে ইহাতে কিঞ্চিৎ মন্দ আছে, যেহেতুক আপনি যখন বড় ভোজ করিয়াছিলেন, তখন এইরূপ মদিরা পান করিয়া আপনকার উজীরেরা ও অমাত্যেরা কি রূপ ঔদ্ধত্য করিয়াছিল, এবং আপনিও বাদশাহের অকর্ত্তব্য ব্যবহার করিয়াছিলেন.

এক বাদশাহ ও দরবেশ ফকীর.

তাতার দেশের এক বাদশাহ আপন অমাত্যগণের সহিত ভ্রমণ করিতেছিলেন, ইতোমধ্যে এক দরবেশ ফকীর অকস্মাৎ উপস্থিত হইয়া উচ্চৈঃস্বরে কহিল, যে আমাকে শত খণ্ড স্বর্ণ যে দিবেক তাহাকে আমি এক উপদেশ দিব. বাদশাহ তাহা শুনিয়া তৎক্ষণাৎ তত সুবর্ণ দিলেন. ফকীর বাদশাহকে এই উপদেশ দিল, যে যে কর্ম্মের শেষ না দেখ তাহার আরম্ভ

hearing this plain sentence, smiled, and said with a sneer, "The Dervise is well paid for his maxim." But the king was so well satisfied with the answer, that he ordered it to be written in letters of gold, on several places of his palace.

Not long after, the king's surgeon was bribed to kill him with a poisoned lancet at the time of bleeding him. When the king's arm was bound and the fatal lancet in the hand of the surgeon, he looked up and read on the wall, "Begin nothing of which thou hast not well considered the end." He immediately started, and let the lancet fall out of his hand. The king observing his confusion, enquired the reason. The surgeon fell prostrate, confessed the whole affair, and was pardoned; but the conspirators were put to death. The king then turning to his courtiers, who had heard the advice with contempt, told them, "that the maxim which had saved the life of a king could not be too much valued.

Of the Druids.

The ancient Britons, eighteen hundred years ago, were idolators, and worshipped the sun, moon, stars, rivers, hills and trees. The priests who taught the

করিও না. অমাত্যেরা সে কথা সোজা জ্ঞান করিয়া উপহাস পূর্ব্বক কহিল, যে এই ফকীর এই উপদেশ দিয়া অনেক লাভ করিল. বাদশাহ তাহাতে এমত তুষ্ট হইলেন যে ঐ উপদেশ বাক্য তাবৎ রাজগৃহে সুবর্ণাঙ্কিত করিয়া লিখিয়া রাখিলেন.

কতক কালে পরে কোন শত্রু বাদশাহের রক্তমোক্ষণ কালে, তাহাকে বিষ দিয়া মারিবার কারণ বাদশাহের চিকিৎসককে অনেক টাকা ঘুষ দিয়াছিল. পরে যখন চিকিৎসক বাদশাহের হাত বান্ধিল ও মৃত্যুসূচক অস্ত্র হস্তে করিল, তৎকালে ঐ চিকিৎসক উর্দ্ধে দৃষ্টিপাত করিল, ও যে কর্ম্মের শেষ না দেখ তাহার আরম্ভ করিও না, এই উপদেশবাক্য দেখিয়া চমৎকৃত হইল, এবং তৎক্ষণাৎ অস্ত্র তাহার হাতহইতে পড়িল. বাদশাহ তাহার এই ব্যবহার দেখিয়া তাহার কারণ জিজ্ঞাসা করিলেন. পরে চিকিৎসক বাদশাহের পদাবনত হইয়া সে সকল বিষয় তাহাকে সত্য কহিল. তাহাতে বাদশাহ তাহাকে ক্ষমা করিলেন, কিন্তু যাহারা তাহাকে ঘুষ দিয়াছিল তাহারদের বধ করিলেন. যাহারা পূর্ব্বে ঐ উপদেশবাক্য হেয়জ্ঞান করিয়াছিল, তাহারদের প্রতি অবলোকন করিয়া বাদশাহ কহিলেন, যে যে উপদেশবাক্য দ্বারা এক বাদশাহের জীবনরক্ষা হইল তাহার উপযুক্ত মূল্য দিতে পার না.

ঈদবিষয়ে.

আটার শত বৎসর হইল, ইংগ্লণ্ডীয়েরদের পূর্ব্ব পুরুষেরা দেব পূজক ছিল, এবং সূর্য্য চন্দ্র তারা নদী পর্ব্বত বৃক্ষপ্রভৃতি পূজা

principles, and performed the offices of their religion, were called Druids. Their places of worship were chiefly in the open air, in a grove planted with those trees in which they most delighted. The chief of these was the oak, for which they had so high an esteem, that they did not perform the least religious ceremonies, without being adorned with garlands of its leaves. These sacred groves were watered by some consecrated fountain, or river, and surrounded by a ditch or mound, to prevent the intrusion of the profane. In the centre was a circular area, inclosed with one or two rows of large stones.

The Druids enjoyed the highest honors and privileges. So great was the veneration in which they were held, that when two hostile armies, inflamed with martial rage, were on the point of engaging in battle, at their intervention, they sheathed their swords, and became calm and peaceful.

In some of their most magnificent temples, they laid stones of prodigious weight on the tops of standing pillars, which added much to the grandeur of the place. At Stone henge, there are large stones laid on each other, of such prodigious magnitude, that mankind have been unable to discover how they were raised up, since even in this age when machinery has been carried to such perfection, there is scarcely any instrument of sufficient strength to raise

কাং দ. যে পুরোহিতেরা পূজার ব্যবস্থা শিক্ষা করাইত ও নানা ক্রিয়া করিত তাহারদের নাম ড্রুইদ. তাহারদের সকল পূজাস্থান অনাবৃত স্থান ছিল, এবং তাহারা যেং বৃক্ষ স্নেহ করিত সেইং বৃক্ষেতে পূজার স্থানের চতুর্দিকে বেষ্টিত করিত; তাহার মধ্যে প্রধান বৃক্ষ বাতানা; ঐ বৃক্ষ তাহারদের এমন মান্য ছিল, যে তাহারা বাতানার পত্রের মুকুট মাথায় না দিয়া কোন পারত্রিক কর্ম্ম করিত না. এই ধার্ম্মিক বন কোন ধার্ম্মিক নদীর দ্বারা সিক্ত ছিল, এবং অপবিত্র লোকের অপ্রবেশের নিমিত্ত সেই বনের চতুর্দিকে পরিখা [illegible] প্রাকারদ্বারা বেষ্টিত করিত, তাহার মধ্যস্থলে বেদি ও তাহার চতুর্দিকে দুই তিন থাক ইষ্টক কিম্বা প্রস্তর রাখিত.

ড্রুইদেরা সকলহইতে সম্ভ্রান্ত ও কর্ম্মবিশারদ ছিল, তাহারা এমত মান্য ছিল, যে যদি দুই দল সৈন্য যুদ্ধার্থে অস্ত্রশস্ত্র সহিত প্রস্তুত থাকিত, এবং ড্রুইদেরা মধ্যে আসিয়া উভয় পক্ষে বারণ করিত, তবে সৈন্যেরা আপনং অস্ত্রশস্ত্র সম্বরণ করিত এবং ক্ষান্ত হইত.

তাহারদের পূজার কারণ মন্দিরও ছিল, তাহারা স্তম্ভের উপরে বৃহৎ প্রস্তর রাখিয়া তাহার উপরে সেই মন্দির করিত, তাহাতে সে মন্দির অতিভয়ানক জ্ঞান হইত. ইংগ্লণ্ড দেশে স্তোনহেঞ্জ নামে এক স্থানে এমত বৃহৎ প্রস্তর অন্য প্রস্তরের উপরে রাখা গিয়াছিল, যে মনুষ্যেরা নিশ্চয় করিতে পারে না যে কিরূপে ঐ প্রস্তর উঠাইয়াছে, যেহেতুক ইদানীন্তন কালে নানাবিধ শিল্প কর্ম্ম নৈপুণ্য হওয়াতেও আমারদের এমত কল নাই যে সেই

them. They are supposed by many to be the remains of a Druidical temple. Though the sacred groves of the Druids have been long destroyed, yet of the temples and the stone tables, which were inclosed within them, there are still many vestiges in the British isles, and other parts of Europe. In such places it was customary for the priests or Druids to collect the British youth, and there give them what instruction they thought in that barbarous age, best suited for their future welfare.

The state of bliss into which the souls of good men were supposed by the Druids, to enter immediately after their death, was called the *island of the brave and virtuous.* There the sun shed its kindest influence. The face of nature, always unruffled and serene, diffused happiness on every creation, and wore a perpetual smile of joy. Their place of future torments was a gloomy region, frozen with perpetual cold, an idea of punishment very natural for a people, who live in a climate where the inconveniences of cold are more strongly felt than those of heat.

রূপ দুর্ঘট কর্ম্ম করিতে পারি. অনেক লোক মনে ভাবে যে পূর্ব্ব কালে এই ড্রুইদেরদের এক মন্দির ছিল. ড্রুইদেরদের পবিত্র বন এখন লুপ্ত হইয়াছে, কিন্তু ইংগ্লণ্ড দেশে ও ইউরোপের অন্যং প্রদেশে তাহারদের মন্দির ও মন্দিরের মধ্যকার মেজোর প্রস্তর কতকং অদ্যাপি আছে. এইং মত স্থানেতে ড্রুইদেরা ইংগ্লণ্ডীয়েরদের বালকেরদিগকে অসভ্য কালীন পারত্রিক বিষয় শিক্ষা করাইত.

ড্রুই ... কহিত যে শিষ্ট মনুষ্যেরদের মরণানন্তর প্রাণ যেই স্থানে যায় সে স্থানের নাম সাহস ও সৌজন্যের উপদ্বীপ, তাহারা কহিত যে সে স্থানে সূর্য্য অতিকোমলরূপে আলোক করেন, এবং সেখানকার পৃথিবীর মুখ সতত স্থির, তৎপ্রযুক্ত প্রসন্নবদন হইয়া সেখানে সকল জীবিগণ সদানন্দে থাকে. তাহারা নরকের এই লক্ষণ কহে যে নরক অত্যন্ত ঘোর স্থান, ও শীতেতে ব্যাপ্ত. যেহেতুক তাহারদের দেশে গ্রীষ্ম কাল অপেক্ষায় শীত কালে অতিশয় কষ্ট.

268

Dig-Durshun,

OR THE

INDIAN YOUTH'S MAGAZINE.

No. XII.

March, 1819.

DIG-DURSHUN.

No. XII.

Continuation of the History of Hindoost'han.

Masood II. *Fifth king of Gujni.*

After the death of Modud, his two generals Ali and Hajib determined to set upon the imperial throne the creature most subservient to his wishes. Ali brought forth Masood, the son of Modud an infant of the age of four years, and advanced him to the supeme authority. The nobles who could not brook the government of an infant, and those who dreaded the civil dissensions which might arise from it, gave their support to Hajib, who determined to advance Abdul-Hussen, a son of Masood and the brother of the last monarch. The two generals soon came to an engagement which was to decide the fate of this great empire. Hajib was victorious, and Masood having reigned six days was deposed, and his rival elevated to the vacant throne.

দিগ্দর্শন.

দ্বাদশ ভাগ.

হিন্দুস্থানের অবশিষ্ট ইতিহাস.

গজনেনের পঞ্চম রাজা দ্বিতীয় মসউদ.

মুদদের মরণানন্তর তাহার দুই সেনাপতি আলী ও হাজীব স্বস্ববশীভূত ব্যক্তিকে সিংহাসনে বসাইতে উদ্যোগ করিল. আলী চারি বৎসরবয়স্ক মুদদের পুত্র মসঊদকে আনিয়া রাজ্যাভিষিক্ত করিল. কিন্তু মান্য লোকেরা বালকের রাজশাসনেতে অসম্মত হইল, এবং যেং ব্যক্তি বালকের রাজশাসন নানা অসামঞ্জস্যসূচক ভাবিল তাহারা হাজীবের অনুকূল হইল. হাজীব মৃত রাজার ভ্রাতা অথচ মসউদের পুত্র আবদুল হসেনকে সিংহাসনে বসাইতে বাসনা করিল. এই মহারাজ্যভোগ নিশ্চয় করিবার কারণ উভয় সেনাপতি মহাযুদ্ধ করিল. তাহাতে হাজীবের জয় হওয়াতে মসউদ ছয় দিন রাজ্য করণের পর রাজ্যভ্রষ্ট হইলেন ; এবং তাহার বিপক্ষ সিংহাসনারোহণ করিলেন.

Abdul-Hussen, Sixth king of Gujni.

Abdul-Hussen, to give stability to the throne, married the wife of his deceased brother Modud. The rebel Ali, though discomfited, was not subdued, but retired to Mooltan, and kept quiet possession of that province. In the mean time a new and more formidable enemy appeared in the person of Abdul-Rash*i*d a son of the great Sultan Mahmood, who had been imprisoned by Modud. Risac the general of Modud, hearing of his master's death, released him from confinement, and considering him as possessing strong claims to the throne, determined to support his pretensions. His party daily gained strength, and in the second year of the reign of Abdul-Hussen, he advanced to Gujni. The feeble monarch alarmed at the intelligence, opened the imperial treasury and dispensed large bounties among the soldiery. But this served rather to betray his weakness than to strengthen his party, and when on the arrival of Abdul-Rash*i*d, the two armies came to an engagement, he found that gold could not compensate the absence of prudence and vigor. His party was vanquished; his enemy entered the capital amidst the acclamations of his troops who were sincerely attached to him, and Abdul-Hussen was obliged to fly. He was shortly after seized

270

গজনেনের ষষ্ঠ রাজা আবদুল হসেন.

আবদুল হসেন আপন রাজ্য স্থাপনার্থে আপন মৃত ভ্রাতা মুদদের স্ত্রীকে বিবাহ করিলেন. আলী পরাজিত হইয়াও অবিকৃত রহিল, এবং মুলতানে গিয়া তৎপ্রদেশ ভোগ করিতে লাগিল. ইত্যবসরে মহাসুলতান মহমূদের পুত্র আবদুল রাসেদ নামে এক নূতন ভয়ানক বিপক্ষ উপস্থিত হইলেন; তাহাকে মুদদ পূর্ব্বে কএদ করিয়াছিলেন. মুদদের সেনাপতি রীসাখ আপন প্রভুর মৃত্যুসম্বাদ শুনিয়া আবদুল রাসেদকে মুক্ত করিল, এবং সেই ব্যক্তির সিংহাসনাধিকার ন্যায্য ভাবিয়া তাহার আনুকূল্য করিতে নিশ্চয় করিল. তাহার অমাত্যগণ নিত্য বাড়িতে লাগিল, এবং আবদুল হসেনের রাজত্বের দ্বিতীয় বৎসরে রীসাখ গজনেনের উপরে আক্রমণ করিল. ঐ দুর্ব্বল গজনেনের রাজা এই বার্ত্তা শুনিয়া আপন রাজকোষ খুলিয়া সৈন্যেরদিগকে অধিক বেতন দিতে লাগিলেন; কিন্তু ইহাতে তাঁহার পক্ষীয় লোকেরদের কোন শক্তি হইল না, বরং তাহার দুর্ব্বলত্ব প্রকাশ হইল. পরে তাহার সম্মুখে আবদুল রাসেদ পঁহুছিলেন, ও উভয়ের যুদ্ধ হইল; তখন আবদুল হসেন দেখিলেন, যে যেখানে সাহস ও দূরদর্শিত্ব না থাকে, সেখানে ধন থাকিলেও কোন প্রয়োজন হয় না. পরে তিনি পরাজিত হইলেন, এবং আবদুল রাসেদ আপন প্রভুভক্ত সৈন্যেরদের জয় ধ্বনি শুনিতেং রাজধানী প্রবেশ করিলেন. আবদুল হসেন সুতরাং পলাইলেন. তৎপরে কতক জমীদার লোক তাহাকে

by some zemindars who brought him to his successful antagonist, by whom he was confined in the castle of Delhi.

Abdul-Rashid, Seventh king of Gujni.

This monarch begun his reign in the year 1052. By various offers he prevailed on Ali to submit to his authority, and to return to Gujni. Over the provinces of Hindoost'hau he appointed Hajib one of his generals, who retook Nagur-kot*a* after a long and vigorous siege. Togrol, who had been one of the generals of Modud, and who had revolted against him, and made an unsuccessful attempt during his reign on the throne of Gujni, was a man of such superior talents that all parties were anxious to secure him. Abdul-Rashid on his ascending the throne, disregarding his treachery to his former sovereign, sent him as governor into Sestan with more ample powers than had yet been conferred on any general. Invested with this authority, Togrol, whose baseness was equal to his ability, conceived again the design of dethroning his lawful sovereign. With this view he marched to Gujni and invested it so closely that the unfortunate monarch was obliged to retire into the citadel, which Togrol soon after carried by assault. The infamous traitor, ordered his sovereign into his presence, and caused him

ধরিয়া তজ্জয়শীল রাজার নিকটে সমর্পণ করিল ; তিনি তাহাকে দিল্লীর দুর্গে কারাবদ্ধ করিলেন.

গজনেনের সপ্তম রাজা আবদুল রাসেদ.

এই রাজা সন ১০৫২ সালে রাজ্য করিতে উপক্রম করিলেন, এবং অনেক পারিতোষিক দানদ্বারা আলীকে তিনি স্বাধীন করিলেন, ও তাহাকে গজনেনে আনাইলেন, এবং হিন্দুস্থানের প্রদেশের উপরে আপন সেনাপতি হাজীবকে নিযুক্ত করিলেন. হাজীব অনেক কাল পরিশ্রমের পর নগরকোঠ দুর্গ অধিকার করিল. তোগরল নামে এক জন মুদদের সেনাপতি হইয়া তাহার রাজ্য সময়ে তাহার প্রতিকূলে উঠিয়াছিল, এবং গজনেনের সিংহাসনাধিকার করিতে নিষ্ফল চেষ্টা করিয়াছিল ; তাহার এমত জ্ঞান ছিল যে সকল লোক তাহাকে স্বস্বানুকূল করিতে চেষ্টিত ছিল. আবদুল রাসেদ সিংহাসনের উপরে বসিলে, ঐ তোগরলের পূর্ব্ব প্রভুর প্রতি কৃতঘ্নতা না মানিয়া তাহাকে পুনর্ব্বার সীস্তান প্রদেশের অধ্যক্ষতা দিলেন, এবং তাহাকে এত পরাক্রম দিলেন, যে পূর্ব্ব কালে কোন সেনাপতিকে এমত পরাক্রম দেওয়া যায় নাই. তোগরলের জ্ঞানতুল্য তাহার কৃতঘ্নতা ছিল, অতএব এই পরাক্রমবিশিষ্ট হইয়া সে পুনর্ব্বার প্রকৃত রাজাকে রাজ্যভ্রষ্ট করিতে মনে ভাবিল. এইহেতুক সে গজনেনে সসৈন্য গেল, ও এমত দৃঢ়রূপে ঐ নগর বেষ্টন করিল যে তাহার দুর্ভাগ্য রাজা দুর্গে পলায়ন করিলেন. অপর তোগরল দুর্গাধিকার করিল, এবং ঐ কদর্য্য কৃতঘ্ন আপন প্রভুকে সম্মুখে আনিয়া তাহাকে, ও তাহার বংশের নয় জনকে

to be murdered with nine other members of the royal family. Ferok-zad alone found means to escape, and Anca, who was of the blood royal was constrained to wed the murderer of her family. Togrol commanded all the governors of provinces to repair to Gujni to do him homage. Hajib however refused to submit to the yoke of the tyrant, and formed a conspiracy with Anca. So general was the abhorrence of his perfidy, that the whole nation was ripe for a revolt, and ten of the nobles, men of determined bravery resolved to rid the world of the monster. As he sat on his throne in all the pomp of majesty, they approached him under pretence of paying him homage, and at the same instant drawing their scymetars, plunged them in his breast.

After this transaction, Hajib arrived with the army and called a counsel of state to enquire whether there were any of the race of Mahmood left. He was informed that in a certain fort there were imprisoned Ferok-zad, Ibrahim, and Suja. These he ordered to be brought forth, and it having been agreed that lot should decide the title to the throne, it was decided in favor of Ferok-zad, who was immediately raised to the imperial dignity, and received the congratulations of the courtiers. Abdul-Ra-

বধ করিল.   রাজবংশের মধ্যে কেবল ফীরোগজাদ বাঁচিলেন, এবং তাহার কুলনাশক তোগরল বলাৎকারে সেই রাজবংশীয়া আঙ্কা নামে স্ত্রীকে বিবাহ করিল.   তোগরল আপনার সহিত সাক্ষাৎ করিবার কারণ, গজনেনে আসিতে সকল অধ্যক্ষের দিগকে আজ্ঞা করিল; কিন্তু হাজীব এই প্রমাদী ব্যক্তির পরাক্রম সহ্য করিতে না পারিয়া, তাহার বিনাশের নিমিত্ত আঙ্কার সহিত সন্ধি করিতে লাগিল. তোগরলের কৃতঘ্নতাতে সকল লোক এমত অসম্মত ছিল, যে তাবদ্দেশস্থ লোক তাহার প্রতিকূলে উঠিতে প্রস্তুত হইল, এবং অতিসাহসী দশ জন মান্য লোক এই প্রমাদী ব্যক্তিহইতে পৃথিবীকে উদ্ধার করিতে নিশ্চয় করিল. যখন তোগরল অতৈশ্বর্য্যরূপে সিংহাসনে বসিয়া আছে, তখন তাহারা শিষ্টাচার করিবার ছলে আসিয়া সকলে এক কালে অস্ত্র বাহির করিয়া, তাহার উপরে নিক্ষেপ করিল.

ইহারপর হাজীব সসৈন্য গজনেনে পঁহুছিল, ও রাজসভা একত্র করিয়া জিজ্ঞাসা করিল, যে মহমুদের কোনহ সন্তান আছে কি না.   এক দুর্গের মধ্যে ফীরোগজাদ ও এবরাহীম ও সুজা কএদ আছেন, এই সন্ধান পাইয়া তাহারদিগকে সে বাহিরে আনিতে হুকুম দিল, এবং নিশ্চয় করিল, যে গুটিকা পাতের দ্বারা স্থির হইবে যে কোন জন সিংহাসনোপরি বসিবেন. পরে গুটিকা ফীরোগজাদের নামে পড়িল, তৎক্ষণাৎ তিনি সিংহাসনের উপরে বসিয়া অমাত্যগণেরদের শিষ্টাচারপ্রাপ্ত হইলেন,

shid reigned only one year; he was a prince of no considerable capacity. Togrol said one day, that observing the hand of Abdul-Rashid to tremble as he signed his commission, he concluded that he was not a prince of sufficient resolution for the imperial throne.

Ferok-zad, Eighth king of Gujni.

Ferok-zad, on his ascending the throne, immediately gave the reins of government into the hands of Hajib, to whom he owed his elevation. He was engaged in war during the whole of his reign with the Seljuks, who, though repeatedly beaten, continued to make a gradual progress till they had despoiled the Gujnavide empire of all its western possessions. Ferok-zad made no conquests in Hindoost'han: he reigned seven years, and died of disease.

Ibrahim, Ninth king of Gujni.

Ibrahim a son of Masood, succeeded the last monarch, and continued on the throne forty-two years. Though a prince of a mild and quiet disposition, he in the year 1079 made a descent on India in the spirit of his ancestors, and conquered many forts. There is no detailed account of his con-

আবদুল রাসেদ কেবল এক বৎসর রাজ্য করিলেন ; তিনি তাহ্নে উপযুক্ত ছিলেন না. তোগরল এক দিন কহিয়াছিল, যে যখন আবদুল রাসেদ তাহার সনন্দ সহী করিল, তখন তাহার হস্ত কম্পিত হইল, তোগরল তখনি মনে ভাবিল, যে এই ব্যক্তি রাজ সিংহাসনোপযুক্ত নয়.

গজনেনের অষ্টম রাজা ফীরোগজাদ.

ফীরোগজাদ সিংহাসনে বসিবামাত্র তাবৎ রাজত্বের ভার আপন সিংহাসনদাতৃ হাজীবের হস্তে সমর্পিত করিলেন. তিনি আপন রাজত্বের সময়ে সলজুকীয়েরদের সহিত যুদ্ধে নিত্য প্রবৃত্ত ছিলেন. তাহারা পুনঃ২ পরাজিত হইল, তথাপি তাহারা ক্রমেং এইমত আক্রমণ করিল, যে শেষে তাহারা গজনেনের রাজ্যের তাবৎ পশ্চিম প্রদেশ আপন অধীন করিল. ফীরোগজাদ হিন্দুস্থানের নূতন রাজ্য জয় করেন নাই, তিনি সাত বৎসর রাজ্য করিয়া শেষে রোগে মরিলেন.

গজনেনের নবম রাজা এবরাহীম.

ফীরোগজাদের পর মসউদের পুত্র এবরাহীম সিংহাসনে বসিয়া, বিয়াল্লিশ বৎসরপর্যন্ত রাজ্য করিলেন, তাহার স্বভাব মৃদু ও কোমল ছিল, তথাপি সন ১০৭৯ সালে, তিনি আপন পূর্ব্ব পুরুষের স্বভাবপ্রাপ্ত হইয়া, ভারতবর্ষের উপরে আক্রমণ করিয়া কতক দুর্গ অধিকার করিলেন, কিন্তু তাহার জয়ের সূক্ষ্ম বিবরণ

quests. One of the cities he besieged had been founded by fugitives from Persia, who endured a long and obstinate siege; but were obliged at length to submit to the conqueror. He found a hundred thousand Hindoos confined in the citadel, whom he transported to Gujni. Some time after the king accidentally saw one of these unhappy men carrying a heavy stone with great difficulty to a royal palace which he was building. This awakened his compassion. He commanded the prisoner to throw it down, and gave him his liberty. He gave orders likewise that the stone should not be removed though highly inconvenient, but should remain a memorial of the misfortunes of war, and of the royal clemency. He ceded a considerable portion of his dominions in the west to the Seljuks, on condition that they should not molest his other possessions. He died in 1080 leaving thirty-six sons, and forty-two daughters.

Masood III. *Tenth king of Gujni.*

He was the son of Ibrahim, and of a disposition milder than even his father. He revised the ancient laws, abrogated those which were unreasonable, and substituted others in their stead. By marrying into the family of Malek-Shah, the powerful emperor of the Seljuks, he secured the tranquility

কিছুই নাই. তিনি সসৈন্য যেং নগরবেষ্টন করিলেন, তাহার মধ্যে এক নগর পারসী দেশের পলায়িত লোককর্তৃক স্থাপিত, তাহারা বহুকালপর্য্যন্ত দুর্গ রাখিল, কিন্তু শেষে তাহারা পরাজিত হইল. তিনি সেই দুর্গেতে এক লক্ষ হিন্দু লোক কারাবদ্ধ পাইলেন, ও তাহারদিগকে গজনেনে চালান করিলেন. কতক কাল পরে তিনি যে রাজগৃহ গাঁথিতেছিলেন, তাহার নিমিত্ত এই হিন্দুরদের মধ্যে এক জনকে অতিদুঃখিরূপে পাথর লইয়া যাইতে দেখিলেন, তখনি তাহার দয়া জন্মিল, এবং তিনি সেই পাথর ফেলিতে আজ্ঞা করিলেন, ও তাহাকে মুক্ত করিলেন, এবং তিনি আরো আজ্ঞা করিলেন, যে সেই পাথরেতে যদ্যপি লোকেরদের ব্যামোহ হয়, তথাপি সেখানহইতে সে পাথর লইয়া যাইতে কেহ পারিবেক না, কিন্তু সে যুদ্ধের অসৌভাগ্য এবং বাদশাহের দয়ার এক চিহ্নের মত সে খানে চিরকাল থাকিবেক. তাহার পশ্চিম দিকের অধিক ভাগ তিনি এই নিয়মে সলজুকীয়েরদিগকে দিলেন, যে তাহারা তাহার অন্যং প্রদেশের উপরে আক্রমণ করিবেক না. তিনি সন ১০৮০ সালে ছত্রিশ পুত্র ও বিয়াল্লিশ কন্যা রাখিয়া মরিলেন.

গজনেনের দশম রাজা তৃতীয় মসউদ.

তৃতীয় মসউদ এবরাহীমের পুত্র ছিলেন, এবং তাহার পিতার স্বভাবহইতেও তাহার স্বভাব অধিক কোমল. তিনি দেশের প্রাচীন ব্যবস্থা শুদ্ধ করিলেন, ও যে সকল কুব্যবস্থা ছিল তাহার পরীবর্ত্তে অন্য ব্যবস্থা স্থির করিলেন. সলজুকীয়েরদের পরাক্রান্ত রাজা মলকশাহের বংশের মধ্যে বিবাহ করিয়া

of his dominions in that direction, and dispatched his generals into Hindoost'han. They carried their ravages further than the great Mahmood, plundered many cities and temples, and returned laden with spoil to Lahore, which from being more remote from the Seljukian dominions, was become the favorite residence of the Gujni emperors. After a peaceful reign of sixteen years, he died in the year 1114.

Arsilla, Eleventh king of Gujni.

Arsilla, having put to death the lawful heir to the throne, seized on it, and cruelly confined all the members of the royal family on whom he could seize. Bh*u*y-ram however escaped, and fled for protection to his uncle Sunjar, who ruled the province of Khorasan. Sunjar demanded the release of his nephews, on being refused which, he marched with a large army against the usurper. Mehid, the widow of Masood, who was with Arsilla, asked leave to mediate between them, and carried with her a large sum of money for that purpose. Burning with revenge against the murderer of her son, she, on her arrival in the camp delivered all the wealth into the hands of her brother, and entreated him to lead his troops without delay against the usurping emperor. The

তিনি তদ্দিকস্থ আপন প্রদেশের শান্তি স্থির রাখিলেন, এবং হিন্দুস্থানে আপনার সেনাপতিরদিগকে পাঠাইলেন. তাহারা মহামহমূদহইতে অধিক দূর গিয়া আক্রমণ করিল, ও অনেক নগর ও দেবালয় লুট করিয়া বহু লুঠেতে বোঝাই করিয়া লাহোর পুনর্ব্বার ফিরিয়া আইল; ও সলজুকীয়েরদের রাজ্যহইতে অধিক দূরস্থ প্রযুক্ত গজনেনের বাদশাহেরা সেখানে বাস করিতে অধিক সম্মত ছিলেন. তিনি শান্তিরূপে ষোল বৎসর রাজ্য করিয়া ১১১৪ সালে মরিলেন.

গজনেনের একাদশ রাজা আরসীলা.

আরসীলা সিংহাসনের যথার্থ অধিকারিকে বধ করিয়া সিংহাসন আক্রমণ করিলেন, ও রাজবংশের যত লোককে পাইলেন তাহারদিগকে কারাতে রাখিলেন. কিন্তু বহরাম বাঁচিলেন, এবং খোরাসানের প্রদেশের অধ্যক্ষ আপন খুড়া সঞ্জারের নিকটে পলায়ন করিলেন. সঞ্জার আপন ভ্রাতৃপুত্রেরদিগকে মুক্ত করিতে আরসীলাকে আজ্ঞা করিলেন. আরসীলা তাহাতে অসম্মত হইলে পরে সঞ্জার বহু সৈন্য লইয়া যুদ্ধার্থে গেলেন. মৃত মসউদের স্ত্রী মেহিদ সেই সময়ে আরসীলার নিকটে ছিলেন, তিনি আপনি মধ্যস্থ হইতে চাহিলেন, এবং সেই নিমিত্ত আরসীলাহইতে অনেক ধন লইয়া গেলেন; কিন্তু আপন পুত্র বহুকোরির প্রতিকূলে রাগান্বিতা হইয়া, তিনি আপন ভ্রাতা সঞ্জারের ছাউনিতে পঁহুছিবামাত্র সকল ধন তাহার হাতে সমর্পণ করিলেন. এবং অবিলম্বে ঐ প্রমাদি আরসীলার বিপরীতে সৈন্য লইয়া যাইতে, ব্যাকুলি করিলেন.

conflict took place under the walls of Gujni, and ended in the discomfiture of Arsilla. Sunjar having placed Bh*u*y-ram on the throne returned home; on receiving intelligence of which, Arsilla renewed his claims on Gujni, and drove Bh*u*y-ram from the city. Sunjar brought his troops a second time into the field, and pursued him into Hindoost'han; where after an inglorious reign of three years he was delivered up by his omrahs to his victorious enemy, who put him immediately to death.

Bhuy-ram, Twelfth king of Gujni.

Bhuy-ram, now without a rival, ascended the throne, and shewed himself liberal, benevolent, and the patron of literature. During the early part of his reign which was prosperous, he made two irruptions into Hindoost'han. In the first of these he defeated and pardoned Balin, the brother of Arsilla, who had fortified himself in Lahore. Balin though re-seated in his government, forgot his obligations to Bh*u*y-ram, and after appointing his ten sons to the government of ten provinces, and collecting a large army of Affgans, Arabs, and Persians, ravaged the desolated provinces of Hindoost'han, and aspired at length to the empire. Bh*u*y-ram met him with a large army in Mooltan, where a dreadful battle ensued, in which Balin was defeated, and his ten sons flying

গজনেনের প্রাচীরের নিকটে উভয়ের যুদ্ধ হইল, তাহাতে আরসীলা পরাজিত হইলেন. সঞ্জার বহরামকে সিংহাসনে বসাইয়া পুনর্ব্বার স্বদেশে গমন করিলেন. এই সমাচার যখন আরসীলা শুনিলেন, তখন তিনি পুনর্ব্বার গজনেনের উপরে আক্রমণ করিলেন, ও বহরামকে নগরহইতে দূর করিয়া দিলেন. সঞ্জার পুনর্ব্বার আসিয়া আরসীলাকে হিন্দুস্থানে তাড়াইয়া দিলেন, এবং তিনি তিন বৎসরপর্য্যন্ত কুযশে রাজ্য করিলে তাহার ওমরারা তাহাকে তাহার জয়শাল বিপক্ষের হাতে সমর্পণ করিল, ও তিনি তাহাকে তৎক্ষণাৎ বধ করিলেন.

গজনেনের দ্বাদশ রাজা বহরাম.

রাজ্য অন্যং অভিলাষিরহিত হওয়াতে বহরাম স্বচ্ছন্দে সিংহাসনে আরোহণ করিলেন, এবং দাতৃতা ও কোমলতা স্বভাব প্রকাশ করিলেন, ও বিদ্যার চর্চ্চা বাড়াইলেন. তাহার রাজ্যের প্রথম কএক বৎসরে তিনি সৌভাগ্যপ্রাপ্ত ছিলেন, এবং দুইবার হিন্দুস্থানে যুদ্ধার্থ আগমন করিলেন. যে আরসীলার ভ্রাতা বালিন্ লাহোরে আপনাকে স্থির করিয়াছিল, প্রথমাগমনে তিনি তাহাকে জয় করিয়া ক্ষমা করিলেন. কিন্তু বালিন পুনর্ব্বার আপন পদে স্থিত হইলে বহরামের অনুগ্রহ বিস্মৃত হইয়া, আপন দশ পুত্রকে দশ প্রদেশের রাজশাসনে নিযুক্ত করিলেন ; এবং আপনি আফগান ও আরব ও ফারসী লোকেতে মহাসৈন্য প্রস্তুত করিলেন, এবং হিন্দুস্থানের শূন্য প্রদেশ সকল বিনাশ করিয়া শেষে রাজসিংহাসনে বসিতে আকাঙ্ক্ষা করিলেন. বহরাম মহাসৈন্য লইয়া মুলতানে তাহার সহিত মিলিলেন, ও সেখানে এক মহা

by themselves from the field, fell into a quagmire and perished miserably.

Bh*u*y-ram on his return to Gujni committed an act of cruelty which proved in the end the destruction both of his family and his empire. He publicly executed Mahmood Prince of Gour, the son-in-law of Balin. Sh*u*rr*i*f-ud-deen, the brother of Mahmood raised a large army to revenge his brother's death, and drove Bh*u*y-ram into Hindoost'han. Having established himself in Gujni, he deputed his brother Alla to the government of his native province Gour. Notwithstanding every effort, the people of Gujni however continued disaffected to his rule, and secretly longed for the re-establishment of their lawful sovereign, the descendant of Mahmood the Great. In the depth of winter, when the troops of Gour had returned home in great numbers, Bh*u*y-ram unexpectedly appeared before Gujni, and having surrounded Sh*u*rr*i*f-ud-deen, took him prisoner, and regained his throne. The unhappy prisoner, was ordered to have his forehead blackened, and then to be placed on a meagre bullock with his head towards its tail; in this disgraceful position, he was led round the city amidst the derisions of the mob, and after being put to the torture, his head was struck off and sent to Sunjar king of Persia; while his minister was impaled alive.

যুদ্ধ হইয়া বালিন পরাজিত হইল, এবং তাহার দশ পুত্র একা স্ত্রী রণভূমিহইতে পলায়ন করিয়া হাবড় স্থানে পড়িয়া মরিল.

গজনেনে পুনর্গমন করিয়া বহরাম এক নির্দয় কর্ম্ম করিলেন, তাহার দ্বারা তাহার বংশ ও তাহার রাজ্য নষ্ট হইল. বালিনের জামাতা গোরের অধ্যক্ষ মহমূদকে তিনি সকলের সাক্ষাতে বধ করিলেন. মহমূদের ভ্রাতা সরীফুদ্দীন আপন ভ্রাতার বধের প্রতিফল দিবার নিমিত্ত মহাসৈন্য একত্র করিয়া বহরামকে হিন্দুস্থানে তাড়াইয়া দিলেন, এবং আপনি গজনেনে রাজ্য করিয়া পৈতৃক অধিকার গোর আপন ভ্রাতা আলার প্রতি সমর্পণ করিলেন. সরীফুদ্দীনের আকুঞ্চন ছিল যে তিনি সুন্দররূপে রাজ্য করেন, কিন্তু তদ্দেশীয় লোকেরা তাঁহার রাজশাসনে অসম্মত ছিল, এবং তাহারদের পূর্ব্ব রাজা মহমূদের কোন সন্তান যে সিংহাসনাধিকারী হয় ইহাতে তাহারদের গুপ্ত বাসনা ছিল. শীতকালে যখন গোরের অধিক সৈন্যেরা আপন দেশে প্রত্যাগমন করিল, তখন বহরাম অকস্মাৎ গজনেনে উপস্থিত হইয়া সরীফুদ্দীনকে ঘেরিয়া তাহাকে কারাবদ্ধ করিয়া, পুনর্ব্বার সিংহাসনাধিকার করিলেন. পরে বহরাম ঐ কএদী অথচ দুঃখী সরীফুদ্দীনের কপালে মসী লেপন করিয়া তাহাকে শীর্ণ বৃষভের উপরে বিপরীত আরোহণ করাইলেন, ও এতাদৃশ অবমানযুক্ত করিয়া লোকেরদের পরিহাসের জন্যে তাবৎ নগর ভ্রমণ করাইলেন. অনন্তর যন্ত্রণাপূর্ব্বক তাহার মস্তকচ্ছেদন করিয়া ঐ ছিন্ন মস্তক পারস্যের রাজা সঞ্জারের নিকটে পাঠাইয়া দিলেন, এবং তাহার প্রধান উজীরকে সাজে দিলেন.

When this news reached the ears of his brother Alla, his soul burned with rage and indignation. Collecting all his forces, he advanced against Bh*u*y-ram, who, seeing all hopes of reconciliation at an end after an intimidating letter intrepidly advanced to the conflict, which was very bloody. After numbers had been cut down, two sons of Alla, of gigantic stature came forward and challenged Bh*u*y-ram to single combat.—Dowlut his son, advanced on a large elephant, which the eldest of Alla's sons ripped up by the belly, and was himself killed by the fall of the animal. Alla with his spear transfixed Dowlut. The younger brother then attacked the elephant of Bh*u*y-ram, which he killed by repeated wounds; but while he was rising from his fall, Bh*u*y-ram mounted a horse, and escaping from the field, fled into Hindoost'han. All resistance was now vain, and Alla remained master of the field.

Bh*u*y-ram with the scattered remains of his army kept possession of the Indian provinces of the empire; but overwhelmed with his misfortunes, he sunk under the hand of death, in the year 1152, after a reign of thirty-five years. His reign was inglorious; the empire was verging fast towards its dissolution; the whole of the Gujnavide dominions to the west of

এই বৃত্তান্ত তাহার ভ্রাতা আলার কর্ণগোচর হইবামাত্র তাহার অন্তঃকরণ কোপেতে পরিপূর্ণ হইল. পরে তিনি আপন তাবৎ সৈন্য সংগ্রহ করিয়া বহরামের প্রতিকূলে প্রস্থান করিলেন. বহরাম আলার সহিত সন্ধি দুর্ঘট বুঝিয়া আপনিও ভয়প্রদর্শক পত্র পাঠাইয়া যুদ্ধার্থে সসজ্জ হইলেন, ও উভয়পক্ষের অতিঘোর সংগ্রাম হইল. কতক লোক মারা পড়িলে আলার মহাকায় দুই পুত্র অন্যের সহিত যুদ্ধানিচ্ছুক হইয়া কেবল বহরামের সহিত স্বয়ং যুদ্ধ করিতে বাসনা করিল, তাহাতে দৌলৎ নামে বহরামের পুত্র বৃহৎ হস্তী আরোহণ করিয়া যুদ্ধ করিতে আইল; এবং আলার জ্যেষ্ঠ পুত্র সেই হস্তির উদর বিদারণ করিবামাত্র ঐ বিদীর্ণ হস্তী তাহার উপরে পড়াতে আলার পুত্র প্রাণত্যাগ করিল. তখনি আলা বর্ষা অস্ত্রদ্বারা দৌলৎকে বিন্ধিল, এবং আলার কনিষ্ঠ পুত্র বহরামের হস্তির প্রতি পুনঃ২ অস্ত্রাঘাতে তাহাকে বধ করিল; আপন পতনহইতে উঠিতে২ বহরাম তৎক্ষণাৎ অন্য ঘোটকারোহণ করিয়া রক্ষা পাইয়া, হিন্দুস্থানে পলায়ন করিলেন. অনন্তর রণভূমির সকল বিঘ্ন দূর হইলে আলা জয়ী হইলেন.

বহরাম ছিন্নভিন্ন আপন সৈন্য সকলকে একত্র করিয়া গজনেন রাজধানীর ভারতবর্ষীয় প্রদেশ সকল আপন অধিকারে স্থির রাখিলেন, কিন্তু পূর্ব্ব দুরবস্থাতে খেদপ্রাপ্ত হইয়া, পঁয়ত্রিশ বৎসর রাজ্য করণানন্তর ১১৫২ সালে মরিলেন. তাহার রাজ্য ভোগ করণের কোন সুখ্যাতি নাই, বরং গজনেনের রাজ্য ক্রমে২ নাশপ্রাপ্ত

the Indus were in the hands of its enemies, and the mighty empire of Gujni which Mahmood left in such glory, was reduced to the provinces of Hindoost'han, once considered only as an appendage to the empire.

Kusro, Thirteenth king of Gujni.

KURSO the son of Bhuy-ram, on the death of his father, marched to Lahore, leaving the kingdom of Gujni to his enemies. In the mean time the conqueror Alla entered Gujni, and gave up this noble city for seven days to plunder and slaughter. The wealth which had been collected there from the various cities of Asia, was removed to Gour, together with the most venerable priests and learned men, who were inhumanly butchered; and their blood employed in cementing the wall of the city. Kusro made one attempt to recover his native city, which proving unsuccessful, he retired to Lahore, and governed his Indian subjects with equity and justice, for seven years; at the end of which period he died.

Kusro, II. the Fourteenth and last Emperor of Gujni,

ASCENDED the throne on the death of his father, and ruled with great moderation. He extended his government over the provinces which had formerly belonged to his ancestors; but Mahmood the bro-

হইতে লাগিল, এবং ভারতবর্ষের পশ্চিম দিক্স্থ গজনেনের তাবৎ প্রদেশ বিপক্ষ লোকেরদের হস্তগত হইল, এবং মহম্মুদশাহ যে মহারাজধানী গজনেন অক্ষুণ্ণ রাখিয়া গিয়াছিলেন, সেই মহারাজধানী আপন প্রত্যাশাপন্ন হিন্দুস্থানের অন্তঃপাতিনী হইল.

গজনেনের ত্রয়োদশ রাজা খোসরো.

বহরামের পুত্র খোসরো আপন পিতার মরণানন্তর গজনেন রাজ্য, আপন বিপক্ষেরদের নিমিত্ত ত্যাগ করিয়া লাহোরে গেলেন. সেই সময়ে জয়শীল আলা মহারাজধানী গজনেনের মধ্যে প্রবিষ্ট হইয়া সপ্তাহপর্য্যন্ত লুঠ ও বধ করিলেন. আসিয়ার নানা নগরহইতে গিয়া সেখানে যত ধনসম্পত্তি সঞ্চয় হইয়াছিল সে সকল তিনি গোরে পাঠাইলেন, এবং অতিপ্রাচীন পুরোহিতেরদিগকে ও জ্ঞানি লোকেরদিগকে নির্দয়তাপূর্ব্বক বধ করিলেন, ও তাহারদের রক্তেতে সে নগরের প্রাচীর গাঁথিলেন. খোসরো আপন পৈতৃক নগর পাইবার কারণ একবার পুনরুদ্যোগ করিয়াছিলেন, কিন্তু তাহা নির্মূল হওয়াতে লাহোরে গিয়া ভারতবর্ষীয় প্রজারদের উপরে ন্যায়পূর্ব্বক রাজ্যশাসন সপ্ত বৎসরপর্য্যন্ত করিয়া পরে লোকান্তরগত হইলেন.

গজনেনের চতুর্দ্দশ ও শেষ রাজা দ্বিতীয় খোসরো.

দ্বিতীয় খোসরো স্বপিতৃমরণানন্তর সিংহাসনারোহণ করিয়া, অতিসুন্দররূপে প্রজাপালন করিতে লাগিলেন. তিনি আপন পূর্ব্বপুরুষের অধিকৃত প্রদেশ সকলের উপরে রাজ্যশাসন বর্দ্ধিষ্ণু করি

ther of Alla, unsatiated with the ravages already committed by his family, advanced against Gujni, which was taken a second time. He then marched into India, and having reduced the provinces east of the Indus, invested Lahore; but finding it impregnable, he concluded a treaty with K*u*sro, and took his son a lad of four years of age as a hostage. The terms of the treaty not being adhered by K*u*sro Mahmood besieged the city a second time, but still found it impregnable, and returned in great chagrin to Gujni. Determined however to put a period to the dynasty of the Gujnavide Sultans, the following year he collected a large army, and in despair of taking the city by assault, resorted to treachery. While the army was on its march, he gave out that it was intended against the Seljuks, and offered to accommodate all differences with K*u*sro. To convince him of his sincerity, he returned him his son with a splendid retinue: the emperor, his father, impatient to see him, advanced some distance from the city. In the mean time Mahmood marched with incredible rapidity round the mountains at the head of twenty thousand men, and surrounded the camp of K*u*sro, who, awaking in the morning, found himself in the hands of his enemies, and seeing no hopes of enlargement, consented to give up the city of Lahore.

লেন. কিন্তু আলার ভ্রাতা মহমুদ আপন বংশীয় লোকেরদের লুট ও দৌরাত্ম্যেতে অতৃপ্ত হইয়া গজনেনের উপরে আক্রমণ করিয়া দ্বিতীয়বার তাহা আপন অধীন করিলেন, এবং ভারতবর্ষের প্রতি প্রস্থান করিলেন, ও সিন্ধু নদীর পূর্ব্ব দিকস্থ প্রদেশ সকল আত্মবশীভূত করিয়া লাহোর নগরের উপরে আক্রমণ করিলেন; কিন্তু লাহোর নগর স্বাধীন করিতে অসমর্থ হইয়া খোসরোর সহিত সন্ধি করিলেন. এবং সন্ধিসূচক খোসরোর পুত্রকে আপনি সঙ্গে রাখিলেন. পরে খোসরোর সন্ধি করণ অনুপযুক্ত জ্ঞান করাতে মহমুদ দ্বিতীয়বার লাহোরের উপরে আক্রমণ করিলেন কিন্তু পূর্ব্ববৎ লাহোর লইতে না পারিয়া বিরক্ত হইয়া গজনেনে গেলেন. গজনেনের রাজারদের বংশাবলি লোপ করিতে নিশ্চয় করিয়া, পর বৎসর মহমুদ মহাসৈন্য একত্র করিলেন, ও বলাৎকারে লাহোর লইতে না পারিয়া এই প্রতারণাপূর্ব্বক কহিলেন, যে আমি সলজুকীয়েরদের প্রতিকূলে সৈন্য একত্র করিয়া প্রস্থান করিতেছি, এই রূপ খোসরোর সহিত কপট প্রীতি ব্যবহার করিলেন, ও তাহার প্রত্যয়ের নিমিত্ত তাহার পুত্রকে সমাদরপূর্ব্বক তাহার নিকটে পাঠাইলেন. তাহার পিতা আপন পুত্রদর্শনার্থ মহাহ্লাদিত হইয়া নগরহইতে বাহির হইলেন. ইত্যবসরে মহমুদ বিংশতি সহস্র সৈন্য সঙ্গে করিয়া অতিবেগে পর্ব্বতের পথে গিয়া খোসরোর ছাউনি বেষ্টন করিলেন. খোসরো প্রভাবে উঠিয়া দেখিলেন যে আপনারা বিপক্ষের হস্তগত. তৎকালে কোন উপায় না দেখিয়া লাহোর নগর তাহাকে সমর্পণ করিলেন.

Thus ended the dynasty of Mahmood the Great, emperor of Gujni, after it had enjoyed the throne a hundred and eighty-four years. It does not appear that they made much progress in conquering the southern provinces of India. During their government however, northern Hindoost'han was visited with all the horrors of war; few years elapsed without some fresh instance of barbaric outrage. But this is only a prelude to the horrors by which these beautiful and fertile provinces were hereafter desolated.

To the dynasty of Gujni succeeded that of Gour, a city north-west of the Indus. Only two sovereigns of this race enjoyed the throne, the first of whom, Mahmood, resembled the founder of the Gujnavide empire in the ferocity of his disposition, and in the valor with which his enterprizes were conducted.

GOURIDE DYNASTY.

Mahmood, First king of Gour and India.

Mahmood, having accomplished the overthrow of the Gujnavide empire, and brought its provinces under his own sway, marched in the year 1191, against the prince of Ajimeer, and took Tiberhind its capital. Soon after hearing that *Prithoo*-Roy, king of Ajimeer, in conjunction with *Chundra*-Roy, king of Delhi, was marching against him with two hundred thousand horse, he met them on the banks

এই রূপে মহাসুলতান মহমূদের বংশাবলির এক শত ছিয়াশী বৎসরের পরে গজনেন রাজ্য ভোগ সমাপ্ত হইল. তাঁহারা ভারতবর্ষের দক্ষিণ ভাগ যে জয় করিয়াছেন এমত বুঝা যায় না. তাহারদের রাজ্যকালে উত্তর হিন্দুস্থানেতে সর্ব্বদা যুদ্ধ ও দৌরাত্ম্য ছিল, এমত কোন বৎসর প্রায় ছিল না যে যাহাতে উপপ্লব না হইয়াছিল. কিন্তু এই সকল দৌরাত্ম্য যে এই উর্ব্বর স্থানেতে হইয়াছিল সে কেবল আরম্ভমাত্র.

গজনেনের রাজত্ব সমাপ্ত হইলে, সিন্ধু নদীর বায়ু কোণে স্থিত গোরের রাজত্ব আরব্ধ হইল. ঐ রাজধানীর সিংহাসনে দুই রাজা কেবল বসিলেন, তাহার মধ্যে প্রথম মহমূদ, সে নির্দয়তা পূর্ব্বক ব্যবহার ও সাহসিক মহাকর্ম্মেতে গজনেনের রাজ্যস্থাপক মহমূদের তুল্য ছিল.

গোরের রাজারদের বংশাবলি.

গোর ও হিন্দুস্থানের প্রথম রাজা মহমূদ.

মহমূদ গজনেনের রাজ্য নষ্ট করিয়া, ও তাহার সকল প্রদেশ আপন অধীন করিয়া, সন ১১৯১ সালে আজমেরের রাজার প্রতিকূলে গিয়া ভিবরহিন্দ নামে তাহার রাজধানী লইলেন. এবং আজমেরের রাজা পৃথুরায় দিল্লীর অধিপতি চন্দ্ররায়ের সহিত যোগ করিয়া, দুই লক্ষ ঘোড়সোয়ার লইয়া ঐ মহমূদের প্রতিকূলে আসিতেছেন, ইহা শুনিয়া দিল্লীহইতে আশী ক্রোশ, ও

of the Suruswutee, fourteen miles from Tanassar, and eighty from Delhi. Though a prince of great courage, the inferiority of his army in point of numbers obliged him after an obstinate conflict to retreat. The confederate rajas pursued him for forty miles, and then directed their march to Tiberhind, which they took after a siege of thirteen months. Mahmood, on his return to Gour, disgraced the generals who had deserted him, and gave himself up for a whole year to indolent repose. Then collecting an army of a hundred thousand horse, whose arms were adorned with gold and jewels, he advanced to India. At the request of an old sage of Gour, he released the generals who had been disgraced and gave them an opportunity of retrieving their credit, by employing them again in his army.

Having arrived at Lahore, he sent a conciliating message to Prithoo-Roy, who returned a disrespectful answer, and collecting an immense army, advanced to meet him. His army consisted of three hundred thousand horse, and three thousand elephants, and is said to have contained a hundred and fifty princes. The two armies encamped on the same plain were the former battle had been fought. Mahmood lulled them into security by the promise of a treaty, and then attacked them at break of day, before the Hindoo troops had been duly marshalled. The whole day was spent in manœvering, which exhausted the strength of the Hindoos, and enabled

থানেশ্বরহইতে চৌদ্দ ক্রোশ অন্তরে সরস্বতী নদীর তীরে, তাহার দের সহিত তিনি মিলিলেন. কিন্তু তিনি অতিসাহসী হইয়াও আপন সৈন্যের অল্পতাপ্রযুক্ত মহাসংগ্রামের পর পলাইলেন. পরে ঐ সংমিলিত দুই রাজা বিংশতি ক্রোশপর্য্যন্ত তাহার পশ্চাতে ধাবমান হইলেন, ও তের মাসপর্য্যন্ত যুদ্ধ করিয়া তিবর হিন্দ লইলেন. মহমুদ গোরে প্রত্যাগমন করিয়া যেং সে নাপতিরা যুদ্ধহইতে পলায়ন করিয়াছিল তাহারদের অবমান করিয়া, এক বৎসরপর্য্যন্ত আলস্যে আশক্ত হইয়া রহিলেন. পরে স্বর্ণালঙ্কারমণ্ডিত অস্ত্রধারী এক লক্ষ ঘোড়সোয়ার একত্র করিয়া পুনর্ব্বার হিন্দুস্থানে আগমন করিলেন. এবং গোরের এক জন তপস্বির প্রার্থনানুসারে পূর্ব্ব কারাবদ্ধ সেনাপতিরদিগকে মুক্ত করিয়া স্বস্বপদে পুনর্নিযুক্ত করিলেন.

তিনি লাহোরে পঁহুছিলে পৃথুরাজের নিকটে প্রীতিপূর্ব্বক সম্বাচার পাঠাইলেন, তাহাতে পৃথুরাজ কটু উত্তর করিয়া পাঠাইলেন, ও অনেক সৈন্য একত্র করিয়া তাহার সহিত মিলিবার কারণ বাহির হইলেন. তাহার সৈন্যসংখ্যা তিন লক্ষ ঘোড়সোয়ার ও তিন হাজার হস্তী ও দেড় শত রাজকুমার ছিল. পরে উভয় পক্ষীয় সৈন্যেরা পূর্ব্ব রণভূমিতে ছাউনি করিল. মহমুদ সন্ধির ছল করিয়া তাহারদিগকে নিরস্ত করিয়া রাখিলেন, কিন্তু অতিপ্রত্যূষে তাহারদের অপ্রস্তুত সময়ে তাহারদের উপরে আক্রমণ করিলেন. এইরূপ সমস্ত দিন যুদ্ধ করাতে হিন্দু সৈন্যেরদের সামর্থ্যহানি হইলে, মহমুদ স্নিগ্ধ ঘোড়সোয়ারেরদিগ

Mahmood, by making a desperate charge with a fresh body of horse to throw them into confusion, and eventually to overcome them. Chundra-Roy of Delhi was slain, with many other princes; Prithoo-Roy and the spoil, which was very great, fell into the hands of the enemy. Immediately after the battle the forts of Suruswutee, Soma-nat'ha, and many others, submitted to the conqueror, who marched in person to Ajimeer, and put many thousands to death. In the mean time he appointed his slave Kuttub to the government of Koram near Delhi. Kuttub was the founder of a new dynasty of kings, which gave rise to the remark, that the kings of Delhi were descended from a slave. Kuttub soon after, took Meerut and Delhi, from which last city he expelled the family of Chundra-Roy, and made it the seat of his government.

Mahmood then marched against the king of Kanooj and Benares, whom he defeated; and having entered this sacred city plundered it of all its wealth, and mutilated the idols of a thousand temples. He had before placed Gola on the throne of Ajimeer, but a relation of the former Raja's having raised a rebellion, Kuttub marched from Delhi, overcame him and appointed a viceroy over the city. Soon after he marched against Gualior and took it after a long siege, and appointed Togrol governor. Flushed

কে লইয়া তাহারদের উপরে আক্রমণ করাতে জয়ী হইলেন. দিল্লীর রাজা চন্দুরায় ও অন্যং রাজকুমার মারা পড়িল, ও পৃথু রায় ও তাহারদের যথাসর্ব্বস্ব বিপক্ষের হস্তগত হইল. যুদ্ধের পর তৎক্ষণাৎ সরস্বতী ও সোমনাথ ও অন্যং দুর্গ জয়ী ব্যক্তির অধীন হইল. পরে মহমূদ আজ্মেরের দিকে প্রস্থান করিলেন, ও তৎপ্রদেশের অনেক সহস্র লোক হত্যা করিলেন ; সে সময়ে তিনি আপন দাস কোতবকে দিল্লীর নিকটবর্ত্তি কোরাম নামে নগরের রাজত্ব দিলেন. ঐ কোতবহইতে অন্য এক রাজ বংশ উৎপন্ন হইল, তাহাতে এই এক উপহাসবাক্য প্রচার হইল, যে দিল্লীর বাদশাহেরা দাসের বংশজাত. অনন্তর কোতব মীরট ও দিল্লী নগর আক্রমণ করিয়া, দিল্লীহইতে রাজা চন্দুরায়ের বংশ উৎখাত করিয়া, আপন রাজধানী করিলেন.

পরে মহমূদ কান্যকুব্জ ও কাশীর রাজারদের প্রতিকূলে প্রস্থান করিয়া ঐ রাজারদিগকে পরাজয় করিলেন, এবং ঐ পবিত্র স্থান প্রবেশ করিয়া সমুদয় নগর লুঠ করিলেন, ও এক সহস্র মন্দিরের দেবতা প্রতিমারদিগকে অঙ্গহীন করিলেন. পূর্ব্বে মহমূদ আজমেরের সিংহাসনে গোলা নামে এক ব্যক্তিকে স্থাপিত করিয়াছিলেন, কিন্তু সেখানকার পূর্ব্বকালীন রাজার জ্ঞাতি এক জনের দৌরাত্ম্য করাতে কোতব দিল্লীহইতে সে স্থানে গিয়া তাহাকে দমন করিলেন, ও আপনার নাএব এক জনকে সেখানে নিযুক্ত করিলেন. কিছু দিন পরে কোতব গোয়ালিয়রের উপরে আক্রমণ করিলেন, ও অনেক যুদ্ধের পরে সে স্থান আয়ত্ত করিয়া

with his success, he marched against the Rajpoots of the south, by whom he was wholly defeated. Kuttub in the mean time pursuing his conquests, took Kallinjur and Kulpee in Bundelkhund.

But a reverse was now at hand, and the victorious Mahmood was about to experience some of those evils which he had inflicted on so many others. He invested Charasur, the inhabitants of which made an obstinate resistance. The kings of Tartary and Samarkhund in the mean time were advancing against him, but he continued the seige of the town till they approached so near, as to oblige him to abandon all his baggage and to retreat. The two kings, sent out detachments to surround him;—his valor was of little avail. His noble army was either cut to pieces or fled, and only a hundred men remained with him. With these he opened a passage through the Tartar army, and shut himself up in one of his fortresses, where he was so closely besieged, as to consent to give up a considerable portion of his dominions as the terms of peace. The news of his defeat was accompanied by a report of his death, on which his various generals seized on the provinces they severally commanded, and declared themselves independant. His own slave Ildecuz took possession of Gujni, and refused to admit his master. Mahmood having for a long time wandered about, gradually collected together a number of

টগরালকে তাহার অধ্যক্ষ করিলেন, ও আপন জয়ে সানন্দ হইয়া দক্ষিণ দিক্‌স্থ রাজপুতেরদের সহিত যুদ্ধ করিতে গেলেন, কিন্তু তিনি তাহারদের কর্ত্তৃক পরাস্ত হইলেন. ইতোমধ্যে কোতব আপন জয় ক্রমে বন্দেলখণ্ডের অন্তর্গত কালিঞ্জর ও কুলপী লইলেন.

সংপ্রতি জয়শীল মহমূদের বিপরীত কাল উপস্থিত হইল; তিনি যে রূপ দুর্দশা অন্যেরদের প্রতি করিয়াছিলেন সেইরূপ শেষে আপনিও অনুভব করিলেন. তিনি করাসর নগর বেষ্টন করিলে তন্নগরবাসিরা তাহার সহিত অত্যন্ত রণ করিল. ইতোমধ্যে তাতারের ও সমরকন্দের বাদশাহেরা তাহার প্রতিকূলে আইল, কিন্তু যাবৎ তাহারা নিকটে না আইল তাবৎ মহমূদ করাসর নগর বেষ্টন করিয়া রহিলেন: পরে যথাসর্ব্বস্ব ত্যাগ করিয়া তাহার পলাইবার আবশ্যক হইল. ঐ দুই বাদশাহ তাহাকে ধরিতে আপনং সৈন্য পাঠাইলেন; তাহাতে মহমূদের সাহস নির্মূল হইল. মহমূদের উত্তম সৈন্য কতক কাটা গেল ও কতক পলাইল; অবশিষ্ট কেবল এক শত লোক তাহার সঙ্গে রহিল; তিনি ঐ সৈন্য সঙ্গে করিয়া তাতারীয় সৈন্যেরদের মধ্য দিয়া গিয়া এক দুর্গে প্রবেশ করিলেন. পরে বিপক্ষ সৈন্যেরা সেই দুর্গ ঘেরিলে; মহমূদ সন্ধি করিবার জন্যে আপন রাজ্যের অনেক ভাগ তাহারদিগকে দিতে স্বীকার করিলেন. অনন্তর তাহার পরাজয় সমাচার সম্বলিত তাহার মিথ্যা মৃত্যু সমাচার প্রকাশ হওয়াতে, তাহার অধীন মণ্ডলেশ্বরেরা স্বস্বপ্রধান হইল; এবং ইলদেকুশ নামে তাহার নিজ দাস গজনেন অধিকার করিল; ও আপন প্রভুকে গজনেনে যাইতে বারণ করিল. মহমূদ অনেক দিনপর্য্যন্ত

his friends and a small army, and invested Gujni, the inhabitants of which, willing to curry favor with him, cut off the head of his slave, and threw it over the walls. Against the Goorkhas, a race of mountaineers, who had revolted, he next led his army, and with the aid of Kuttub subdued them.

Of these men it is related that soon after the birth of a female, the parent took her to the market with a knife in his hand and offered her for sale, and on his failing to obtain a purchaser, cut her throat. Hence the number of males exceeded the females, and one woman had several husbands; to prevent broils among whom it was customary to affix a mark to the door-post, when any one of them happened to be in the house, that it might not be visited by another till he was gone. Mahmood not only subdued them, but converted a great number of them to the Moosulman faith.

The empire now enjoyed peace, but Mahmood was determined to march again into India. When he arrived on the banks of the Nilab, fifteen of the relatives of those Goorkha chiefs whom he had murdered, entered into a conspiracy against him, and while his slaves were employed in fanning him, rushed into his tent, and dispatched him with

পর্য্যটন করিয়া, ক্রমেং কতক আত্মীয় লোক ও কতক সৈন্য সংগ্রহ করিয়া গজনেন বেষ্টন করিলেন. সেখানকার প্রজা লোকেরা মহমুদের সন্তোষের নিমিত্তে ঐ দাসের মস্তকচ্ছেদন করিয়া নগরের প্রাচীরের বাহিরে ফেলিয়া দিল. তাহার পর তিনি সসৈন্য পর্ব্বতীয় গুরকারদের প্রতি গমন করিলেন, এবং কোতবের সাহায্যেতে গুরকারদিগকে পরাজয় করিলেন.

ঐ গুরকারদের বিষয় এমন কথিত আছে, যে তাহারদের কন্যা জন্মিবামাত্র এক ছুরী হাতে করিয়া তাহাকে বিক্রয় করিতে বাজারে লইয়া যায়, সেখানে বিক্রয় না হইলে তখনি তাহার মস্তক চ্ছেদন করে. সেইহেতুক তাহারদের স্ত্রীসংখ্যা হইতে পুরুষসংখ্যা অধিক, এবং এক স্ত্রীর অনেক স্বামী সম্ভবে, তাহাতে পরস্পর বিবাদ না জন্মিবার জন্যে এক স্ত্রীর নিকটে এক পুরুষ গেলে সে ঘরের চৌকাঠে এক চিহ্ন দেয়, যে সে ব্যক্তি বাহির না হইলে অন্য লোক সে ঘরে প্রবেশ করিতে না পারে. মহমুদ কেবল তাহারদিগকে জয় করিলেন তাহা নয়, কিন্তু তাহারদের অনেক লোককে মুসলমানও করিলেন.

পরে তাহার রাজ্যশান্তি প্রাপ্ত হইল, কিন্তু তিনি পুনর্ব্বার ভারত বর্ষে যাইতে উদ্যোগ করিলেন, এবং নিলাব নদীর তীরপর্য্যন্ত পঁহুছিলেন. যে গুরকারদিগকে তিনি নষ্ট করিয়াছিলেন তাহার দের জ্ঞাতিরা গোপনের জন একবাক্য হইল, এবং যে সময়ে মহমুদ আপন তাম্বুর মধ্যে বসিয়াছিলেন, ও তাহার দাসেরা তাহাকে চামর ব্যজন করিতেছিল, তৎকালে তাহারা তাম্বুর মধ্যে প্র

nearly forty wounds. Thus fell in 1205, Mahmood of Gour, a courageous but cruel monarch, after he had reigned thirty-two years. He made nine expeditions into India, and is reported to have amassed five thousand maunds of jewels; which is scarcely credible. From all these expeditions except two, he returned laden with plunder.

Mahmood, the Second king of Gour.

As we are now approaching the history of Jenghis-khan, to whom we must devote a considerable space, we will pass rapidly over the turbulent period, between the death of the first Mahmood of Gour, and Jenghis-khan's invasion of Hindoost'han. Mahmood the nephew of the last emperor who ascended the throne on his death, was an indolent and timid prince. He resided in Gour, and bestowed the government of Gujni on one of his uncle's slaves. Kuttub continued to maintain his authority in Delhi, and to receive tribute from the surrounding provinces. No exploits are recorded of Mahmood. He incurred the wrath of Mahmood king of Kharasm, who despoiled him of all his dominions. Like his uncle, he perished by the hands of assassins, and was burried in a superb mosque which his ancestors had begun and which he finished.

বিষ্ট হইয়া চল্লিশবার অস্ত্রাঘাত করিয়া তাঁহাকে বধ করিল. এইরূপে ১২০৫ শালে গৌরের বাদশাহ ঐ সাহসী অথচ নির্দয় মহমুদ বত্রিশ বৎসর রাজত্ব করিয়া মারা গেলেন. তিনি ভারতবর্ষের উপরে নয়বার আক্রমণ করিয়াছিলেন, এবং এমত কথিত আছে যে তিনি পাঁচ হাজার মোন বহু মূল্যপ্রস্তরের অলঙ্কার লাভ করিয়াছিলেন, কিন্তু সে অবিশ্বসনীয়. তিনি দুই বার যুদ্ধ ব্যতিরিক্ত তাবৎ যুদ্ধে অনেক লূঠ করিয়াছিলেন.

গৌরের দ্বিতীয় রাজা মহমুদ.

আমরা জঙ্গীষখাঁ বাদশাহের বিবরণের নিকটে আইলাম, অতএব তাহার বাহুল্যরূপে লিখনানুরোধে গৌরের প্রথম মহমুদের মরণাবধি জঙ্গীষখায়ের হিন্দুস্থানাক্রমণপর্য্যন্ত বিরোধ কালের বিবরণ সংক্ষেপে লিখিব. শেষ বাদশাহের ভ্রাতৃপুত্র মহমুদ আপন পিতৃব্য মরণানন্তর সিংহাসনাধিকারী হইলেন; তিনি কিঞ্চিৎ মৃদু ও অলস ছিলেন, এবং গৌরে আপনি রহিয়া আপন পিতৃব্যের এক দাসকে গজনেনের রাজ্য দিলেন. কোতব আপন রাজধানী দিল্লীতে থাকিলেন, ও তাহার চতুর্দ্দিকস্থ দেশের রাজস্ব লইতে লাগিলেন. এই মহমুদ কোন বর্ণনীয় কর্ম্ম করেন নাই; তিনি কারাজিমের বাদশাহ মহমুদের ক্রোধজনক কর্ম্ম করিয়াছিলেন, তৎপ্রযুক্ত কারাজিমের বাদশাহ তাহাকে রাজ্যভ্রষ্ট করিল. তাহার পিতৃব্যের মত তিনি বিপক্ষের হস্তে নষ্ট হইলেন, এবং তাহার পূর্ব্ব পুরুষকর্ত্তৃক আরব্ধ ও তাহার দ্বারা সমাপ্ত এক মসজিদের মধ্যে তাহার কবর হইল.

Mahmood of Kharasm.

Mahmood king of Kharasm succeeded to immense territories. The whole of the Seljukian empire was under his sway, and by the addition of Gour, Gujni, and the provinces of India to his paternal inheritance, he became the most powerful monarch in that part of the world. On his accession to the throne he conquered the whole of Persia, Khorasan, Gujni, Gour, and Lahore. In military concerns he affected to take Alexander the Great for his model, and like him aspired to the conquest of the world. In the pomp of his court he surpassed all preceding monarchs. Every morning and evening at the gates of his palace, the drums of state were beat by twenty-seven captive princes with drum-sticks of gold inlaid with precious stones. His dominions to the north and the east were bounded by the great Jenghis-khan, who in the space of a very short time had subjected the vast tribes of Tartary from the centre of Russia to the Pacific ocean. He had ravaged China, and plundered its finest cities; and at length poured his desolating legions on the provinces of Hindoost'han. Nothing can be conceived more dreadful than the conflict of two such mighty monarchs as Mahmood of Kharasm and Jenghis-khan, but this we must reserve for the next number.

(To be continued.)

কারাজিমের বাদশাহ মহমুদ.

পরে কারাজিমের বাদশাহ অনেক পৈতৃক অধিকার পাইলেন. সলজুকীয়েরদের রাজ্য তাহার অধীন ছিল, এবং গৌর ও গজনেন ও ভারতবর্ষের কতক প্রদেশ তাহার রাজ্যের অন্তঃপাতী হওয়াতে তিনি পৃথিবীর তৎপ্রদেশে অতিপ্রতাপশালী রাজা হইলেন. তিনি সিংহাসনারোহণ করিলে পারস ও খোরাসান ও গজনেন ও গৌর ও লাহোর আপন আয়ত্ত করিলেন. যুদ্ধ বিষয়ে তিনি সেকন্দরশাহের ন্যায়, ও তাহার মত পৃথিবী জয় করিতে বাসনা করিয়াছিলেন. তাহার সভা অন্যং রাজসভা হইতে ঐশ্বর্য্যশালী, তাহার রাজগৃহের দ্বারে প্রতিদিন প্রাতঃকালে ও সায়ংকালে যুদ্ধলব্ধ সাতাইশ জন বাদশাহেরা বহুমূল্য প্রস্তরে খচিত স্বর্ণদণ্ডের দ্বারা ঢকা বাদ্য করিত. তাহার রাজ্য পূর্ব্ব উত্তর দিকে মহাজঙ্গীষখাঁয়ের সীমাবধি. ঐ জঙ্গীষখাঁ তাতারীয়েরদের নানা জাতিরদিগকে, রুষিয়ার মধ্যহইতে পাসিফিক সাগরপর্য্যন্ত বশীভূত করিয়াছিলেন, তিনি চীন দেশে উপদ্রব করিয়া তাহার উত্তমং নগর লুঠ করিয়াছিলেন, শেষে হিন্দুস্থানের উপরে নাশক সৈন্য চালিলেন. কারাজিমের বাদশাহ ও জঙ্গীষখাঁয়ের যে রূপ ভয়ানক যুদ্ধ হইয়াছিল, তেমন মনের গোচরে আইসে না. কিন্তু এই যদ্ধের কথা আগামি ভাগে দিব.

Example of filial Piety.

One of the Roman Judges had sentenced a woman of some rank, convicted of a capital crime, to be executed in prison. He who had charge of the execution, in consideration of her birth, did not immediately put her to death. He even ventured to let her daughter have access to her in prison, carefully searching her, however, as she went in, lest she should conceal any sustenance. He took it for granted that in a few days the mother must of course perish for want, and that the severity of putting a woman of family to a violent death by the hand of the executioner might thus be avoided.

Several days passed in this manner, and the jailor began to wonder that the daughter still came to visit her mother, and could by no means comprehend how the latter should live so long. Watching therefore carefully what passed between them, he found, to his great astonishment that the life of the mother had been hitherto supported by the milk of the daughter, who came to the prison every day, for that purpose.

This strange contrivance was represented to the Judges, who procured a pardon for the mother. Nor was it thought sufficient to give so dutiful a daughter the forfeited life of her condemned mother, they were both maintained afterwards by a pension set-

মাতৃভক্তি.

রোমাণেরদের মধ্যে এক বিচারকর্ত্তা এক মান্য লোকের স্ত্রীকে গুরুতর অপরাধপ্রযুক্ত, নষ্ট করিতে কারারক্ষককে আজ্ঞা করিল, যে ইহাকে কারাগারে হত্যা করিতে হইবে. কারারক্ষক ঐ স্ত্রীর মান্যত্বপ্রযুক্ত দয়া করিয়া তৎক্ষণাৎ বধ করে নাই, এবং তাহার নিকটে প্রতিদিন তাহার কন্যাকে যাইতে দিত, এবং সন্ধান করিত যে সে আপন মাতার নিমিত্ত কিছু খাদ্য সামগ্রী লইয়া না যায়. সে মনে ভাবিয়াছিল যে এই স্ত্রী অনাহারে কিছু দিনপরে সুতরাং মরিবেক, কেন মিথ্যা মান্য লোকের স্ত্রীকে সকলের সাক্ষাতে অসম্ভ্রম করিয়া নষ্ট করিব.

এইরূপে কতক কাল গত হইল, ঐ কারারক্ষক মনে করিল যে এত দিন অনাহারেও অদ্যাপি ঐ স্ত্রী মরিল না, অতএব সে পরিশ্রমপূর্ব্বক বিতর্ক করিতে লাগিল, যে তাহার কন্যা যখন আইসে সেই সময়ে কোন যোগ থাকিতে পারে. পরে সে ব্যক্তি এক দিন আশ্চর্য্য দেখিল যে মাতা আপন কন্যার দুগ্ধ দ্বারা বাঁচে, ঐ কন্যা প্রতিদিন সেই নিমিত্ত আসিত.

এই আশ্চর্য্য বিষয় বিচারকর্ত্তার কর্ণগোচর হইল, তাহাতে তাহার মাতাকে অপরাধ ক্ষমা করা গেল, এবং এই মত সুশীলা কন্যার নিমিত্তে যে তাহার মাতার প্রাণদান দিল কেবল সে নয়, কিন্তু তাহারদের যাবজ্জীবন জীবিকার নিমিত্তে সংস্থান করিয়া

tled on them for life; and the ground upon which the prison stood was consecrated, and a temple to filial piety built upon it.

Perseverance rewarded.

Demosthenes is a noble instance of the reward of perseverance. He lived in Greece about two thousand years ago, and was reckoned the most famous orator of antiquity. He was extremely affected with the honours which he saw paid to the orator Callistratus, and still more with the supreme power of eloquence over the minds of men. He therefore gave himself wholly up to it, having renounced all other pleasures. He never quitted Callistratus during his continuance at Athens, but made all the improvements he could from his precepts.

The first essay of his eloquence was against his guardians, whom he obliged to refund a part of his fortune. Encouraged by this event, he ventured to speak before the people, but with very ill success. He had a weak voice, and a thick way of speaking, which occasioned his being hissed by the whole audience. As he withdrew, hanging down his head, and in the utmost confusion, Satyrus, one of the most excellent actors of those times who was his friend, met him. Having learned the cause of his

দিল আর ঐ কারাগার ভাঙ্গিয়া সুন্দর মন্দির করিল, ও তাহাতে ঐ দুই জনের নাম বহু কালস্থায়ী করিয়া রাখিল.

পরিশ্রমের ফল.

দিমস্তেনীস নামে এক ব্যক্তিতে পরিশ্রমের প্রকৃত ফল দেখা যায়. দুই হাজার বৎসর হইল তিনি গ্রীকদেশে জন্মিয়াছিলেন, এবং প্রাচীনেরদের মধ্যে প্রধান বক্তৃস্বরূপে গণিত ছিলেন, তৎকালে কালিস্ত্রাতস নামে এক ব্যক্তি সদ্বক্তৃতাতে সম্ভ্রমপ্রাপ্ত হইল, ও সেই গুণের দ্বারা লোকেরদের উপরে কর্তৃত্ব করিল, তাহা দিমস্তেনীসের অন্তঃকরণে অতিশয় লাগিল. অতএব তিনি অন্যং সুখ পরিহার করিয়া আপন সুবক্তৃতালাভের নিমিত্ত উদ্যুক্ত হইলেন, এবং যত দিন কালিস্ত্রাতস আথেন্সেতে বসতি করিলেন তাহার মধ্যে এক দিনও তিনি তাহাকে ছাড়িলেন না, এবং তাহার শিক্ষার দ্বারা যত পারিলেন তত শিক্ষা করিলেন.

তিনি প্রথম আপনার সদ্বক্তৃতা আপনার নিয়োগিরদের উপরে প্রকাশ করিলেন, তাহাতে তাহারা তাহার যে ধন অপহরণ করিয়া রাখিয়াছিল তাহা দিল. ইহাতে হৃষ্ট হইয়া তিনি রাজকর্ম্ম বিষয়ে লোকেরদের সভাতে কথা কহিতে আরম্ভ করিলেন, কিন্তু প্রথম তাহার অসম্ভ্রম জন্মিল. তাহার দুর্ব্বল ও কুৎসিত স্বর ছিল তাহাতে সকলে তাহার কথা শুনিয়া উপহাস করিয়া করতালী দিল, এই লজ্জাতে অধোমুখ হইয়া ঘরে যাইতেং আপন পরম মিত্র সাত্তীরস নামে, তৎকালীন প্রধান বক্তার সহিত সাক্ষাৎ

dejection, he assured him that the evil was not without remedy. He desired him to repeat some of the verses of one of their poets which he did. Satyrus spoke them after him, and gave them such graces, by the tone, gesture, and spirit, with which he pronounced them, that Demosthenes himself found them quite different from what they were in his own manner of speaking. He perceived plainly what he wanted, and applied himself strenuously to the acquisition of it.

His efforts to correct his natural defects of utterance, and to perfect himself in pronunciation, seem almost incredible, and prove that an industrious perseverance can surmount almost every difficulty. He stammered to such a degree, that he could not pronounce some letters, to remedy which he used to speak with little pebbles in his mouth. He had also a quickness of breathing which he overcome by pronouncing several verses without interruption, and by walking, or going up steep and difficult places. He went also to the sea-side and whilst the waves were in the most violent agitation, he pronounced harangues, both to strengthen his voice and to accustom himself, by the confused noise of the waters, to the roar of the people, and the tumultuous cries of the public assemblies.

Demosthenes took no less care of his action than of his voice. He had a large looking-glass in his

হইল. সে দিমস্তেনীসের মনোভঙ্গের কারণ জ্ঞাত হইয়া কহিল যে সে এমন দোষ নহে যে তাহার কোন উপায় নাই. অত এব কাব্যহইতে কোন শ্লোক পড়. দিমস্তেনীস এক শ্লোক পড়িলে সেই শ্লোক সাতীরস পড়িল, এবং স্বরে ও ভাবে ও মুদ্রাতে এমন সুন্দররূপে সে শ্লোক পাঠ করিল, যে দিমস্তেনীস কহিলেন যে এ সে শ্লোক নহে. দিমস্তেনীস তৎক্ষণাৎ আপন দোষানুভব করিলেন, এবং সে দোষ দূর করিবার নিমিত্ত অত্যন্ত মনোযোগ করিলেন.

তিনি আপন স্বরের স্বাভাবিক দোষ দূর করিবার জন্যে ও উচ্চারণ পরিষ্কার করিবার জন্যে যে পরিশ্রম করিলেন, সে প্রায় অবিশ্বসনীয়. তাহাতে দেখা যায় যে এমন কোন দোষ নাই যে স্থির প্রতিজ্ঞাদ্বারা সে দূর না হইতে পারে. তিনি এমন তোতলা ছিলেন, যে অনেক অক্ষর উচ্চারণ করিতে পারিতেন না, এই দোষ দূর করিবার জন্যে ক্ষুদ্র২ কঙ্কর আপন মুখের মধ্যে রাখিতেন. এবং তাহার লঘু শ্বাস ছিল, এই দোষ দূর করিবার কারণ তিনি উচ্চ ও দুর্গম পর্ব্বতে দৌড়িতেন, এবং সভার মধ্যে ক্ষোভ না জন্মে ও কোলাহলের মধ্যে কথারোধ না হয়, তাহার নিমিত্তে তিনি সমুদ্রের মহাতরঙ্গগর্জনের মধ্যে বক্তৃতা করিতেন, যে তাহার স্বর শক্ত হয়, ও কোলাহলের মধ্যে কথা কহিতে তিনি অসমর্থ না হন.

দিমস্তেনীস যেমন সুস্বর হওনের জন্যে চেষ্টা করিলেন, তেমন আপন মুখাদির মুদ্রা করণেও মনোযোগ করিলেন, তাহার ঘরে

house which served to teach him gesture; and at which he used to declaim before he spoke in public. To correct a fault, which he had contracted by an ill habit of shrugging up his shoulders, he placed over him a halberd, in such a manner, that if, in the heat of action, that motion escaped him, the point of the weapon might serve to admonish and correct him.

His application to study was no less surprising. To be the more removed from noise, and less subject to distraction, he shut himself up in a small room under ground, sometimes for months together. There, by the light of his lamp, he composed these admirable orations, which were said, by those who envied him, "to smell of the oil."

He rose constantly very early in the morning, and used to say, that he was very sorry when any workmen was up before him.

We may further judge of his extraordinary efforts to acquire excellence of every kind, from the pains he took in copying the best Grecian historian eight times with his own hand, in order to render the style of that great author familiar to him. By these extraordinary exertions he carried the art of declaiming to the highest degree of perfection, of

একখান আদর্শ ছিল তাহা সম্মুখে রাখিয়া আপনি মুদ্রা শিক্ষিতেন, এবং যে কোন কথা লোকেরদের সাক্ষাৎকারে কহিতে হবে তাহা অগ্রে আদর্শের সম্মুখে বারং শিক্ষিত হইয়া পশ্চাৎ লোকেরদের নিকটে কহিতেন. এবং কথা কহিবার কালে তাহার এক স্কন্ধ নৃত্য করিত, এই দোষ দূর করিতে ঘরের আড়াতে এক তলোবার ঝুলাইয়া তাহার নীচে নিত্য কথা কহিতেন, যখন স্কন্ধ উপরে যাইত তখন তলোয়ারের হুল তাহার স্কন্ধে লাগিত, এই রূপে আপন সেই কদভ্যাস দূর করিলেন.

তিনি বিদ্যাভ্যাসের জন্যে অত্যাশ্চর্য্য পরিশ্রম করিতেন, ও লোকালয়ে কোলাহলপ্রযুক্ত শিক্ষা ব্যাঘাত ভয়ে, মৃত্তিকার মধ্যে গৃহ করিয়া, সেখানে প্রদীপ জ্বালিয়া অনেক কালপর্য্যন্ত থাকিয়া বিদ্যাভ্যাস করিতেন, ও সে স্থানে রহিয়া এই মত কাব্য রচনা করিয়াছিলেন যে লোকেরা কহিত যে সে কাব্য তৈলের গন্ধময়.

তিনি প্রতিদিন অতিপ্রত্যূষে উঠিতেন, ও অন্য লোক আপন হইতে অগ্রে উঠিয়া কার্য্য করিলে তিনি খেদ করিতেন.

তিনি আপন সম্বক্তৃতা নৈপুণ্যের কারণ যে মহোদ্যোগ করিলেন, তাহা ইহাতেও দেখা যায় যে তিনি গ্রীকেরদের সকলহইতে প্রাচীন পুর্ব্ববৃত্তান্ত গ্রন্থ তিনি আপন হস্তে আটবার লিখিলেন, তাহার কারণ এই যে তিনি গ্রীকেরদের প্রাচীন ধারা ও বর্ম্ম বারং অভ্যাস করিয়া আপনি পরিপক্ব হন. এত পরিশ্রমের ফল

which it was capable, insomuch, that all Greece came in crowds to Athens to hear him speak.

Dig-Durshun,

OR THE

INDIAN YOUTH'S MAGAZINE.

No. XIII.

January, 1820.

Dig-Durshun.

No. XIII. JANUARY, 1820. Vol. II.

Continuation of the History of Hindoost'han.

Of the reign of Jenghis-khan.

Though Jenghis-khan made no permanent establishment in India, yet as by overturning the empire of Kharazm to which the Gujnivide provinces of Hindoost'han were subject he was led to interfere in its affairs, and as he was besides one of the mightiest conquerors who have ever appeared in Asia, we shall detail his history at some length.

The rise of Jenghis-khan's empire is one of the most surprizing occurrences in history, whether we consider its extent, or the rapidity of his progress. It was thought that the Arabs had carried conquest to its utmost stretch; but Jenghis-khan far exceeded them, since in a few years he extended his dominions from a small territory to so amazing a size, that the mind is bewildered in running over the various nations differing so widely in language, habits, and manners, which acknowledged his sway.

দিগ্দর্শন.

২ খণ্ড. জানুআরি, ১৮২০. ১৩ ভাগ.

হিন্দুস্থানের অবশিষ্ট ইতিহাস.

জঙ্গীসখাঁয়ের রাজ্য.

ভারতবর্ষে জঙ্গীস খাঁ চিরস্থায়ি কোন রাজ্য স্থাপন করেন নাই, তথাপি কারাজিম রাজ্য ভ্রষ্ট করাতে তদন্তঃপাতি গজনেনের রাজ্যের অন্তর্গত হিন্দুস্থানের উপরে তাহার হস্ত দিতে হইল, এইপ্রযুক্ত ; এবং আসিয়ার মধ্যে তিনি অত্যন্ত জয়শীল বীর ছিলেন তৎপ্রযুক্ত তাহার বিবরণ বিস্তার ক্রমে লিখি.

জঙ্গীস খাঁয়ের রাজ্যের আয়ততা এবং তাহার গমনের বেগ মনে করিলে জ্ঞান হয় যে প্রাচীন বিবরণের মধ্যে তাহার রাজ্যের উৎপত্তি আশ্চর্য. আমরা পূর্ব্বে ভাবিতাম যে আরবীয়েরা দেশ জয় করণে অদ্বিতীয় ছিল ; কিন্তু জঙ্গীসখাঁয়ের আগে তাহারা গণ্য নয়, যেহেতুক তিনি পৈতৃক অল্লাধিকার প্রাপ্ত হইয়া অল্প দিনে এমত আপন রাজ্য বাড়াইলেন, যে ভাষাতে ও চলনে ও ব্যবহারে ভিন্নং তাহার অধিকৃত নানা দেশের বিষয় ভাবিতে হইলে আমারদের মন ব্যাকুল হয়.

The Moguls like all other nations have feigned a divine origin for their chief. His ancestors were however of human origin, and several of them were famous for their military achievements. The territory they bequeathed to him in a part of Tartary, was by no means considerable, and on his accession to the throne, was attacked by the surrounding princes. With the assistance of his mother however, he completely defeated them, though he was then only thirteen years of age. This event happened in the year 1178, from which time we hear nothing of him till he was forty, owing probably to the ravages which time has made in the history of his achievements.

The Tartars at this time were subdivided into a great number of tribes, the chiefs of which were independent of each other, and were engaged in perpetual hostilities. Of these Vang-khan the father-in-law of Jenghis-khan, was one of the most powerful; several of the neighbouring chiefs having confederated against and dethroned him, Jenghis-khan collecting all his troops went to his assistance and gained a complete victory over them, in which six thousand men were slain. Immediately after the battle, he ordered seventy large caldrons of water to be placed on the fire and the principal rebels to be thrown in headlong; then plundering their dwellings he carried all the inhabitants into slavery. From the

অন্যং দেশীয়েরদের মত মোগলেরা জঙ্গীসখাঁকে দেবজাত করিয়া কল্পনা করিয়াছে; কিন্তু তাহার পূর্ব্বপুরুষেরা মনুষ্যজাত ছিল, তাহারদের মধ্যে কেহং যুদ্ধে খ্যাত ছিল. তাতার দেশে তাহার পৈতৃক অধিকার অত্যল্প ছিল; তিনি সেই অধিকারে রাজত্ব করিতে বসিলে তাহার চতুর্দিকস্থ লোকেরা তাঁহার উপরে যুদ্ধার্থে আক্রমণ করিতে লাগিল; কিন্তু তিনি ত্রয়োদশ বর্ষবয়স্ক হইয়াও আপন মাতার আনুকুল্যে তাহারদিগকে স্বচ্ছন্দে জয় করিলেন. এই জয় ১১৭৮ সালে হইল; তদবধি তাহার চল্লিশ বৎসরবয়স্ক হওয়াপর্য্যন্ত তাহার কোন বিবরণ নাই, হইতে পারে যে কালের গ্রাসেতে তাহার বিবরণ লুপ্ত হইয়াছে.

তৎকালে তাতারীয় লোকেরা নানা জাতিতে বিভিন্ন ছিল। তাহারদের অধ্যক্ষেরা স্বাধীন ছিল কিন্তু তাহারা পরস্পর নিত্য বিরোধাচারী. তাহার মধ্যে জঙ্গীসখাঁয়ের শ্বশুর বাঙখাঁ সকল হইতে পরাক্রমী; পরে তাহার চতুর্দিকস্থ রাজারা সকলে এক বাক্য হইয়া তাহাকে রাজ্যভ্রষ্ট করিল; জঙ্গীসখাঁ আপন সকল সৈন্য একত্র করিয়া আপন শ্বশুরের সাহায্যার্থে গিয়া তাহারদিগকে জয় করিলেন; সেই যুদ্ধে ছয় হাজার লোক মারা পড়িল. ঐ যুদ্ধ সমাপ্ত হইবামাত্র তিনি সত্তরি বৃহৎ হাঁড়া জল অগ্নির উপরে রাখিতে আজ্ঞা করিলেন, ও তাহার মধ্যে প্রধানং বিপক্ষেরদিগকে নিক্ষেপ করিলেন; পরে তাহারদের তাবৎ গৃহ ও দ্বার লুঠ করিয়া ইতর প্রজা লোকেরদিগকে দাস করিলেন.

year 1202 to the year 1209 he was employed in subduing the various tribes of his own nation in Tartary; even the mention of whose names we must avoid, as they are so numerous and uncouth, that the reader's patience would inevitably be tired. His first achievement was the dethronement of the Great Khan, who had laid a plot for his life. This brought the greater part of the princes of Tartary against him, but such was the valor of his arms that he gradually subdued them all, and annexed their territories to his own.

In the year 1206, Jenghis-khan, perceiving the vast extent of his dominions, made preparations for being installed Grand Khan of the Tartars and Moguls. This was performed with all imaginable splendor. His name before this event had been Timu-jin; but it was now changed to Jenghis-khan. The inferior Khans of Tartary who were assembled, gave over to him all the territory he had conquered and confirmed it to his family. Having thus collected under his banners the majority of the petty chiefs of the vast country of Tartary, he determined to throw off the yoke of China, to which, even the proud princes of Tartary had for many years been subject, though the sovereignty was simply nominal.

অপর তিনি ১২০২ সাল অবধি ১২০৯ সাল পর্য্যন্ত তাতার দেশে আপন জাতীয় লোকেরদিগকে পরাজয় করিলেন ; ঐ লোকেরদের নাম আমরা পরিহার করিলাম ; যেহেতুক সে বহুসংখ্যক ও অনুচ্চার্য্য অতএব তাহারদের বিবরণ লিখিলে কেবল পাঠকেরদের পরিশ্রমমাত্র. তাহারদের মধ্যে এক জন মহাখাঁ নামে খ্যাত, সে জঙ্গীস খাঁয়ের প্রাণহননেচ্ছু ছিল, অতএব সে ব্যক্তির রাজ্য ভ্রষ্ট করা জঙ্গীসখাঁয়ের প্রথম কীর্ত্তি. ইহাতে তাতারীয় তাবৎ রাজারা জঙ্গীসখাঁয়ের বিপরীতে উঠিল ; কিন্তু জঙ্গীস খাঁয়ের অস্ত্রের এমত পরাক্রম ছিল, যে তিনিতাহারদের সকলকে ক্রমেং পরাস্ত করিলেন ও তাহারদের প্রত্যেক রাজ্য আপন রাজ্যসম্মিলিত করিলেন.

১২০৬ সালে জঙ্গীসখাঁ আপন অধিকারের মহত্ত্বাবলোকন করিয়া তাতার ও মোগল জাতিরদের মধ্যে মহাখাঁ পদে আপন অভিষেকার্থ আয়োজন করিতে লাগিলেন ; পরে মহৈশ্বর্য্য পূর্ব্বক মহাখাঁখ্যাতিপ্রাপ্ত হইলেন. ইহার পূর্ব্বে তাঁহার নাম তিমুজিন ছিল, কিন্তু তদবধি তিনি জঙ্গীসখাঁ নামে খ্যাত হইলেন. সে কালে তাতারীয় ক্ষুদ্রং অধ্যক্ষেরা একত্র হইয়া স্বস্বপ্রদেশ জঙ্গীসখাঁকে ও তাহার বংশের প্রতি স্বেচ্ছাপূর্ব্বক সমর্পণ করিল. তিনি মহাতাতার দেশের ক্ষুদ্রং অধ্যক্ষেরদের অধিক ভাগ এই মত আপন পতাকার নীচে একত্র করিয়া চীন দেশাধিপতির গ্রীবার যুগ নামাইতে স্থির করিলেন ; যেহেতুক অনেক কালাবধি তাতার দেশের অহঙ্কৃত রাজারাও চীনাধিপতির অধীন ছিল কিন্তু সে নামমাত্র.

In subduing Tartary, Jenghis-khan had only to meet the armies of his adversaries in the field; since it possessed few fortified cities: but China and the countries to the east and south, were filled with forts and strong places, which detained him so long that eight years were consumed in conquering them. The contest was likewise more bloody and cost a greater number of lives. The Chinese emperor was able at one time to bring a hundred thousand men into the field; and on this occasion he defeated Jenghis-khan, who however soon retrieved his loss. In the year 1214, he laid waste a great part of China, took ninety cities, and sent all their wealth to his own capital, and reduced to ashes an infinite number of towns and villages, carrying the women and children into captivity. After investing the capital for some time, the Chinese emperor offered to purchase a peace, to which Jenghis-khan agreed, and received five hundred young lads of the noblest families, three thousand horses, and a large sum of money. On his return home he ordered all the lads to be massacred, and regardless of his word returned to the siege of the capital, which he took after much difficulty, and thereby extended his dominions to the Pacific Ocean.

He then turned his arms westward, and after a series of conflicts, subdued the Turks. Having thus

তাতার দেশ জয় করিবার সময়ে বিপক্ষ লোকেরদের সহিত কেবল মাঠেতে জঙ্গীসখাঁয়ের যুদ্ধ করিতে হইল; যেহেতুক সে খানে সদুর্গ নগর ছিল না কিন্তু চীন দেশ ও পূর্ব্ব ও দক্ষিণ দেশ দুর্গ ও শক্ত স্থানেতে ব্যাপ্ত ছিল, তৎপ্রযুক্ত তাহা জয় করিতে জঙ্গীসখাঁয়ের আট বৎসর বিলম্ব হইল. তাহাতে যুদ্ধস্থল রক্তাভিষিক্ত ও অনেক প্রাণিহত্যা হইল. এক সময়ে চীনের রাজা যুদ্ধস্থলে এক লক্ষ সেনা আনিয়া জঙ্গীসখাঁকে পরাজিত করিল, কিন্তু জঙ্গীসখাঁ শীঘ্র আপন পতনহইতে উঠিলেন. ১২১৪ সালে জঙ্গীসখাঁ চীন দেশের অধিক ভাগ একেবারে উচ্ছিন্ন করিলেন, তাহার নব্বই নগর লইয়া তাহারদের তাবৎ ধন আপন রাজধানীতে পাঠাইলেন, ও বহুসংখ্যক ক্ষুদ্র বৃহৎ নগরাদি দাহ করিয়া তত্রত্য স্ত্রী ও বালকপ্রভৃতিরদিগকে যুদ্ধলব্ধ করিয়া দেশান্তরে বদ্ধ করিলেন. অপর চীনের রাজধানী বেষ্টন করিলে চীনের রাজা তাহার ক্ষমা ক্রয় করিলেন; জঙ্গীসখাঁ মহাকুলীনেরদের পাঁচ শত বালক ও তিন সহস্র ঘোড়া ও অনেক ধন লইয়া ক্ষান্ত হইলেন. পুনরাগমনকালে সেই পাঁচ শত বালকেরদের সংহার করিলেন, ও আপনি সন্ধিপত্র অনাথা করিয়া পুনর্ব্বার সেই রাজধানী বেষ্টন করিলেন, এবং অনেক পরিশ্রমে তাহা লইলেন তাহাতে তাহার অধিকার প্রশান্ত সাগর পর্য্যন্ত পঁহুছিল.

ইহারপর তিনি পশ্চিম দিকে গেলেন এবং তুরুকেরদিগকে জয় করিলেন, ও আপন মহারাজ্যে স্থিরব্যবস্থা করিলেন, ও

consolidated his vast empire, he sought and obtained the amity of Mahmood of Kharazm, the most potent monarch, himself excepted, in all Asia. For some time there subsisted such friendship between them that one might have travelled without danger through the territories of either, laden with gold and silver. Sultan Mahmood however soon manifested tokens of uneasiness at Jenghis-khan's greatness, and began to treat the Moguls with great disrespect.

He likewise carried himself with great haughtiness to the Calif at Bagdad, who secretly dispatched a messenger with his credentials inscribed on his head to prevent detection, to Jenghis-khan, inviting him to attack Mahmood. Jenghis-khan anxious to preserve peace, and to improve his own extensive dominions by a traffic with those of Mahmood, neglected the invitation, and passing over the malicious actions of his rival dispatched fifty merchants to Otrâe, who were barbarously murdered by the governor, in the dominions of Mahmood, and it was strongly suspected with the privity of his master. Jenghis-khan hearing of this outrage, resolved to declare war; and having

আসিয়ার মধ্যে আপনাভিন্ন আর সকলহইতে মহারাজ কারাজিমের বাদশাহ মহম্মদের সহিত মিত্রতা যাক্রা করিয়া পাইলেন. কতক দিনপর্য্যন্ত ঐ উভয়ের পরস্পর এমত মিত্রতা হইল যে কোন ব্যক্তি স্বর্ণ ও রূপ্য বোঝাই করিয়া উভয় দেশে স্বচ্ছন্দে নির্ভয়ে গমনাগমন করিতে পারিত. কিন্তু সুলতান মহম্মদ জঙ্গীসখাঁয়ের মহৈশ্বর্য্য দেখিয়া অত্যন্ত ঈর্ষা প্রকাশ করিতে লাগিলেন, এবং মোগলেরদিগকে অসংভ্রম করিতে লাগিলেন.

কতক দিন পরে সুলতানমহম্মদ বাগ্দাদস্থিত কালিফের নিকটে আপন অহঙ্কারিত্ব প্রকাশ করিলেন. তাহাতে ঐ কালিফ পথে ধরা না পড়নের কারণ এক দূতের মস্তকে আপন কোন চিহ্ন দিয়া, তাহাকে জঙ্গীসখাঁয়ের নিকটে গুপ্তরূপে পাঠাইলেন, ও জঙ্গীসখাঁকে সুলতান মহম্মদের উপরে আক্রমণ করিতে আহ্বান করিলেন. জঙ্গীসখাঁ সুলতান মহম্মদের সহিত বন্ধুতা অচল রাখিবার জন্যে, ও সুলতান মহম্মদের দেশের সহিত বাণিজ্যদ্বারা আপন দেশের বাণিজ্যবৃদ্ধি করিবার জন্যে চেষ্টান্বিত হইয়া, সে আহ্বান স্বীকার করিলেন না. এবং তিনি মহম্মদের প্রাতিকূল্যাচরণ গ্রাহ্য না করিয়া তাহার দেশে আত্রয়ী নগরে পঞ্চাশ জন মহাজনকে পাঠাইলেন; পরে ঐ নগরের অধ্যক্ষ ঐ পঞ্চাশ জন মহাজনকে অতিনির্দয়তারূপে নষ্ট করিল. ইহাতে বোধ হইল যে সে আপন প্রভুর অনুমতি ব্যতিরেকে এমত কর্ম্ম করে নাই. জঙ্গীসখাঁ এই শঠতানুভব করিয়া যুদ্ধ করিতে নিশ্চয় করিলেন এবং

written to his tributaries an account of the massacre, and roused their resentment, he collected an army of seven hundred thousand men to pour down on the innocent provinces of his rival. As the troops he was going to attack were courageous to a high degree, and experienced in the art of war, he made various regulations in his army, appointed his officers with great discernment, and improving the discipline of his soldiers. He begun his march in the year 1218. Mahmood collecting four hundred thousand troops, marched out to meet the Khan, and on the plains of Samark hand, fellin with a large detachment of the enemy under the command of Jugi the son of Jenghis-khan, and gave him battle before his father could join him.

The combat was obstinate and bloody, but neither side was able to claim the victory. In the evening Jugi retreated with his army in search of his father, and Mahmood the next morning, finding that he had lost a hundred and sixty thousand men the preceding day, retired also, not daring to risk another engagement, the loss of which would have been his utter ruin. Determined therefore to maintain a desultory warfare, he increased the garrisons of his chief cities, and gradually retreated before the Khan, who took city after city and pressed forward till his

আপন অধীন রাজারদের নিকটে এই দুষ্টতা বিষয়ক বৃত্তান্ত পাঠাইয়া তাহারদের ক্রোধ জন্মাইলেন, এবং সুলতান মহম্মদের নিরপরাধি রাজ্যের উপরে আপন ক্রোধাভিষেক করিবার জন্যে সাত লক্ষ লোক সংগ্রহ করিলেন. তিনি যে সৈন্যের উপরে আক্রমণ করিতে গেলেন, সে সৈন্য অতিসাহসী ও যুদ্ধকর্ম্মে বিশারদ, অতএব তিনি আপন সৈন্যে অনেক নূতন ধারা করিলেন, ও উৎকৃষ্ট জ্ঞানবান দেখিয়া সৈনাপত্য কর্ম্মে নিযুক্ত করিলেন, ও সৈন্যের মধ্যে নানা নিয়ম করিতে অত্যন্ত মনোযোগ করিলেন. ১২১৮ সালে তিনি যুদ্ধার্থে যাত্রা করিলেন. মহম্মদ চারি লক্ষ লোক একত্র করিয়া জঙ্গিসখাঁয়ের সহিত যুদ্ধ করিতে গেলেন. এবং পিতা পুত্র সাক্ষাৎ হওনের পূর্ব্ব সমরকন্দের মাঠে জঙ্গীসখাঁয়ের পুত্র, জগীর অধীন অনেক সৈন্যের সহিত যুদ্ধ করিলেন.

সে যুদ্ধ অতিঘোরতর ও রক্তময় হইল কিন্তু কাহারো জয় নিশ্চয় হইল না. অপরাহ্নে জুগী সৈন্য লইয়া আপন পিতার অন্বেষণার্থ গেল, এবং মহম্মদ প্রাতঃকালে দেখিলেন যে আপনার এক লক্ষ ষাটি হাজার সৈন্য মারা গিয়াছে; তাহাতে পুনর্যুদ্ধে ভীত হইয়া ও ভাবিয়া প্রস্থান করিলেন, যে আমার এই মত দুর্দশা পুনর্ব্বার হইলে সর্ব্বনাশ হইবে. অতএব ক্রমেং যুদ্ধকরণেচ্ছাতে আপন অধিকৃত প্রধানং নগরে অধিক সৈন্য সংস্থাপন করিলেন, এবং জঙ্গীসখাঁয়ের সম্মুখে ক্রমেং হটিলেন. জঙ্গীসখাঁ ক্রমে এক নগরের পর আর নগর এই প্রকারে নগর অধি

progress was arrested by the great city of Bokhara. The outward enclosure of this celebrated place was twelve leagues in circumference, within which were planted luxurious vineyards and fields. Arts and sciences flourished no where with more vigor than in this city, to which students flocked from all parts of Upper Asia. The Mogul army was encamped around it nine months, before they took the outward enclosure, after which the garrison despairing of success, sallied forth during the night, but being pursued by the enemy were all cut to pieces. The city soon after surrendered, and Jenghis-khan entering the great Mosque, and giving the principal Magistrate his horse to hold, took up the Koran and threw it under the feet of his horses. As soon as he was seated, his soldiers without the least regard to the sanctity of the place, began to eat and drink therein.

Then assembling the principal inhabitants he commanded them to bring him every thing of value which the city contained, giving them at the same time a promise of security; but understanding soon after that several of Mahmood's soldiers were concealed in the city, he ordered it to be set on fire, and as the houses were built of wood, it was entirely

করি করিতে২ মহানগর বোখারাপর্য্যন্ত পঁহুছিলেন; কিন্তু সে থানে আসিয়া স্থকিত হইলেন. এই অতিশয় বিখ্যাত নগরের বেড় নয় ক্রোশ আয়ত ছিল এবং তাহার মধ্যে মনোহর উপ বন ও ক্ষেত্র ছিল. সকলহইতে এই নগরের সুকর্ম্ম শিল্প ও বিদ্যার প্রচার ছিল, এবং আসিয়ার সর্ব্বত্রহইতে অনেক২ শিষ্যো রা সেখানে আসিয়া বিদ্যা শিখিল. জঙ্গীসখাঁ নয় মাসপর্য্যন্ত ঐ নগর বেষ্টন করিয়া শেষে ঐ বেড় অধিকার করিলেন. পরে নগরের সৈন্যেরা অনুপায় ভাবিয়া রাত্রিযোগে নগরহইতে বাহির হইয়া পলায়ন করিতে লাগিল. জঙ্গীসখাঁ তাহারদের প শ্চাৎ২ গিয়া নিঃশেষরূপে তাহারদের সংহার করিলেন. ইহার পর নগর জঙ্গীসখাঁয়ের অধীন হইল, পরে জঙ্গীসখাঁ তাহারদের মহামসজিদে প্রবেশ করিয়া ঘোড়াহইতে নামিয়া ঐ নগরাধ্যক্ষ কে আপন ঘোড়া ধরিতে আজ্ঞা করিলেন, এবং কোরাণ লইয়া ঘোড়ার পদতলে ফেলিলেন; অপর তিনি সেখানে বসিলে তাহার সৈন্যেরা সে স্থানের পবিত্রতা গ্রাহ্য না করিয়া আহার ও পান করিতে লাগিল.

তাহার পর তিনি নগরের উত্তম২ বস্তু আপনার সম্মুখে আনি তে নগরের প্রধান লোকেরদিগকে আজ্ঞা করিলেন, ও কহিলেন যদি তোমরা আপন২ সম্পত্তি আন তবে নিরুদ্বেগে থাকিবা; কিন্তু পরে তিনি শুনিলেন যে মহম্মদের কতক সৈন্য গুপ্তরূপে নগরে আছে, এই অনুসন্ধান পাইয়া তিনি ঐ নগর দাহ করিতে আজ্ঞা করি লেন, এবং নগরের সকল গৃহ কাষ্ঠময়ত্বপ্রযুক্ত ভস্মসাৎ হইল

consumed with the exception of the Sultan's palace which was built of stone. Thus he destroyed without the least remorse the renowned city of Bokhara, the seat of literature, and the glory of Northern Asia. After this he took the city of Otrâe, and put the garrison to the sword. Several other cities were afterwards captured, where great massacres were perpetrated.

Pursuing his route he arrived before the great city of Samarkhand, into which Mahmood had thrown one hundred and ten thousand men under thirty generals. A dispute arising between the inhabitants and the generals, the former opened the gates of the city to Jenghis-khan, who put thirty thousand of the garrison to the sword, and completely plundered the place. While he was besieging it Jenghis-khan detached thirty thousand troops in pursuit of the flying Mahmood, who, chased from city to city, was at length overtaken at Farzina, where his army was cut to pieces, and he and a few officers alone escaped. He then fled to a city on the borders of the Caspian sea. While engaged in his devotions, the Mogul horse appeared in view, and the Sultan had just time to embark on a boat on the Caspian sea, when the enemy arrived, and vainly attempted to reach him with their arrows. Soon after he fell ill, and landed on a little island, where having ap-

কেবল মহম্মদের রাজগৃহ থাকিল, যেহেতুক সে প্রস্তরময়. এই রূপে তিনি বিদ্যা নিবাসস্থান ও উত্তরাসিয়ার ভূষণস্বরূপ বোখারা নগর নির্দয়তারূপে দগ্ধ করিলেন. ইহারপর তিনি আত্রেয়ী নগর লইয়া তন্মধ্যস্থিত মহম্মদের সকল সৈন্যকে হত করিলেন.

অনন্তরে তিনি আপনার নির্দিষ্ট পথে যাইতেং সমরকন্দের মহানগরের নিকটে পঁহুছিলেন, সেইখানে মহম্মদ এক লক্ষ দশ হাজার সৈন্য ও ত্রিশ সেনাপতি রাখিয়াছিলেন. পরে নগরের লোক ও সেনাপতিরদের সঙ্গে বিরোধ হইল, এবং নগরস্থ লোকেরা জঙ্গীসখাঁয়ের কারণ নগরের দ্বার খুলিয়া দিল. ইহাতে জঙ্গীসখাঁ সে নগর লইয়া ত্রিশ হাজার সৈন্য নষ্ট করিয়া নগর লুঠ করিলেন. তিনি যে কালে নগর বেষ্টন করিয়াছিলেন সেই কালে পলায়নশীল মহম্মদকে ধরিতে ত্রিশ হাজার সৈন্য পাঠাইলেন. পরে মহম্মদকে নগরেং তাড়াইলে শেষে মহম্মদ ফুজীনা নগর আশ্রয় করিলেন, সেখানে তাহার সৈন্য উচ্ছিন্ন হইল, এবং তিনি ও তাহার অবশিষ্ট সেনাপতি পলায়ন করিলেন. মহম্মদ আপনি কাসপীয়ান সমুদ্রের নিকটবর্ত্তি এক নগরে পলায়ন করিলেন, সেখানে পারত্রিক কর্ম্ম করিতেং সম্মুখে মোগলেরদের ঘোটক দর্শন করিয়া এক ক্ষুদ্র নৌকাতে আরোহণ করিবামাত্র তীরহইতে বিপক্ষেরা শর নিক্ষেপ করিল, কিন্তু সে শর তাহার নিকটে পঁহুছিল না. কিছু কাল পরে তাহার অস্বাস্থ্য জন্মিল তাহাতে ক্ষুদ্র এক উপদ্বীপে নৌকাহইতে নামিলেন, এবং

pointed his son Jallalooddin to succeed him, he expired in the most abject poverty under cover of a little tent. His first minister of state washed his body with his own hands, and wrapped it up in a shirt, having no other linen in which to bury it. Thus perished the great Mahomed, emperor of Kharazm, leaving Asia to his rival.

At the time of Mahomed's death, a considerable number of towns still acknowledged the Kharazmian authority, and many cities remained firm to its interest. The Mogul army was however so situated that Jallalooddin was obliged to maintain a running fight with his enemy. Mahomed's queen still reigned in the capital, a woman as remarkable for her cruelty and her hatred to Jallalooddin, as for her ability. She fell at length into the hands of the Khan who fed her with crumbs from his own table like a dog, and carried her about in triumph through the provinces over which she had formerly ruled. In the mean time he dispatched his three sons to besiege the capital of Kharazm, which made a very brave resistance. Jallalooddin was at this time flying before his enemies and could therefore give it no succour. After a long siege, the Moguls with infinite labor turned the course of the river, which enabled them to fill up the ditch and make nearer attacks. The town surrendered by degrees,—its

আপন পু. জলালুদ্দীনের হস্তে আপন পদার্পণ করিয়া এক ক্ষুদ্র ছাউনিতে অতিদুঃখিরূপে প্রাণত্যাগ করিলেন. তাহার প্রধান উজীর তাহার মৃত শরীর আপন হস্তদ্বারা প্রক্ষালন করিল, এবং অন্য বস্ত্রাভাবপ্রযুক্ত আপনার বস্ত্রেতে তাহার শরীর বেষ্টন করিল. এইরূপ কারাজিমের মহাবাদশাহ আপন বিপক্ষেরদের ভোগের কারন আসিয়া পরিত্যাগ করিয়া মরিলেন.

মহম্মদের মরণ কালে অনেক নগর কারাজিমের অধিকারে থাকিল, তথাপি মোগলের সৈন্য এমন স্থানেং স্থাপিত ছিল যে জলালুদ্দীন অস্থিররূপে যুদ্ধ করিলেন. মহম্মদের স্ত্রী ঐ রাজধানীতে রাজ্য করিতে লাগিলেন ; তিনি যেমন জ্ঞানেতে ও নির্দয়তাতে তেমনি জলালুদ্দীনের প্রতি দ্বেষেতে খ্যাতা ছিলেন. কতক কাল পরে সে স্ত্রী জঙ্গীসখাঁয়ের হস্তগতা হইলেন ও তিনি তাহাকে কুক্কুরীবং আপন ভুক্তাবশিষ্ট আহার দিতে লাগিলেন, এবং যে প্রদেশে ঐ স্ত্রীর অধিকার ছিল সেখানে তাহাকে দাসীর মত লইয়া গিয়া অস ভ্রম রূপে ইতস্ততো দর্শন করাইলেন. ইতোমধ্যে জঙ্গীসখাঁ আপন তিন পুত্রকে কারাজিমের রাজধানী বেষ্টন করিতে পাঠাইলেন, কিন্তু সে অতিদৃঢ়রূপে যুদ্ধ করিয়া স্বাধীন রহিল. এতৎ কালে জলালুদ্দীন আপন বিপক্ষেরদের অগ্রে পলায়ন করিলেন, এবং ঐ নগরের কোন উপকার করিতে পারিলেন না. মোগলেরা অনেক ক্ষণ নগর বেষ্টন করিলে পর অতিশয় যত্নপূর্ব্বক নিকটবর্ত্তি নদী অন্য দিকে ফিরাইল, এবং তাহার মৃত্তিকা লইয়া নগরের নরদামা পুরাইলে নিকটে যুদ্ধ করিল, তাহাতে ক্রমেং সে নগর

defenders retired from post to post and [illegible]ly annoyed the Moguls. Seeing at length no further hope of holding out, the soldiers set fire to the place, and the son of Jenghis-khan in revenge for this act put a hundred thousand of the inhabitants to the sword, and sent the rest into slavery. These amounted to so great a number, that twenty-four prisoners are said to have fallen to the lot of each private soldier.

The capital of Kharazm was taken in the year 1221, and many other cities warned by its fate, submitted to the conqueror. At Termid Jenghis-khan put the whole garrison to the sword. The inhabitants of Nesa to the amount of seventy thousand, were likewise drawn out in a plain and shot.

After this, he proclaimed a general hunt in order to keep his soldiers in action. In the summer of 1221 he besieged the great city of Balk, a place of great wealth owing to its extensive traffic, and containing many buildings of exquisite workmanship, twelve hundred temples, and two hundred baths. The inhabitants on his first approach delivered up the city to him, which he plundered of every thing valuable. He then dispatched eighty thousand troops in pursuit of Jallalooddin, under the command of his son Tali, who not being able to over-

অধিব[illegible] নগররক্ষকেরা এক দুর্গহইতে অন্য দুর্গে ছুটিয়া আইল ও মোগলেরদিগকে অনেক কষ্ট দিল. শেষে নগররক্ষকের অনুপায় ভাবিয়া নগর দাহ করিল. পরে জঙ্গীস খাঁয়ের পুত্র ইহার প্রতিফল দিবার নিমিত্ত সে নগরের এক লক্ষ লোকেরদিগকে নষ্ট করিলেন, ও অবশিষ্ট লোকেরদিগকে দাস করিবার জন্যে কএদ করিয়া লইয়া গেলেন, তাহাতে এত লোক কএদ হইল যে জঙ্গীসখাঁয়ের সৈন্যের [illegible]তিজনের জিম্মাতে চব্বিশ জন দাস করিয়া ভাগ হইল.

১২২১ সালে তাহারা কারাজিমের রাজধানী লইল, এবং অন্যং নগর ইহার দুর্দশা দেখিয়া এই জিহু জঙ্গীসখাঁয়ের অধীন হইল. জঙ্গীসখাঁ তলমি নগর লইয়া সকল রক্ষক লোককে নষ্ট করিলেন. এবং নিসা নামে নগরের সত্তরি হাজার লোকেরদিগকে মাঠে লইয়া একং করিয়া বধ করিলেন.

ইহারপরে আপন সৈন্যের আলস্যানুৎপত্তির কারণ এক মহা মৃগয়া প্রকাশ করিলেন. ১২২১ সালের গ্রীষ্মকালে তিনি বলখের মহানগর বেষ্টন করিলেন, সেই নগর বহু বাণিজ্যপ্রযুক্ত অধিক ধনস্থান ছিল, তাহার মধ্যে অতিশয়োৎকৃষ্টরূপে প্রস্থিত অনেক অট্টালিকা ও বার শত মন্দির ও দুই শত স্নানাগার ছিল. তিনি আগতমাত্র লোকেরা তাহার হস্তে ঐ নগর সমর্পণ করিল, এবং তিনি তাহার তাবৎ সমূল্য দ্রব্য আপনি লুঠিয়া লইলেন. পরে আপন পুত্র তলীর অধীন আশী হাজার সৈন্য

take him, laid close siege to Maru. He [illegible] to capitulate, and endeavoured to make the best terms in his power. Tali, promised to spare him, and four hundred of his friends, on condition of their delivering to him a list of the rich men of the city. With this clue, he first obtained all their wealth, and then ordered all the inhabitants to leave the city and encamp on a plain. So populous was the city that four days were occupied in quitting it. When they arrived on the plain, they were all put to death to the number of one hundred thousand, according to the register kept by the secretaries. This was the fourth time this city had been plundered, and more than fifty thousand were massacred on the three former captures.

After this, hearing that Jallalooddin had entered Nishabur, Tali laid siege to it. The defendants behaved like lions, but on the third day a secret passage was discovered, through which he entered the city, massacred all the inhabitants, and razed it to the foundation, so that twelve days were spent in numbering the dead, and one of the historians calculates that in this and the surrounding cities,

জলালু ... পশ্চাৎ পাঠাইলেন. তলী তাহাকে ধরিতে না পারিয়া মারু নগর বেষ্টন করিলেন. মারু নগরের অধ্যক্ষ ঐ নগর তাহাকে ... বার কারণ পেগাম করিয়া পাঠাইল, কিন্তু আপন শক্ত্যনুসারে আপনারদের কুশল চেষ্টা করিল. তাহাতে তলী প্রতিজ্ঞা করিয়া তাহাকে কহিলেন, যে যদি তুমি ... তদ্রূপে তোমার নগরস্থ তাবৎ ধনবান লোকেরদের সম্পত্তির হিসাব আমাকে দেও তবে তোমার ও তোমার চারি শত বন্ধু লোকের কোন ব্যাঘাত হইবে না. তিনি এই রূপে অনুসন্ধান করিয়া ভাগ্যবান লোকেরদের তাবৎ ধন লইয়া তাহারদিগকে নগরের বাহিরে ছাউনি করিতে আজ্ঞা করিলেন. সে নগর এমত লোকেতে পূর্ণ ছিল যে লোকেরদের বাহিরে যাইতে চারি দিন বিলম্ব হইল. পরে মাঠে পঁহুছিলে তাহারদের সকলকে নষ্ট করিলেন, তাহাতে যে মুহুরিরা তাহারদের নাম লিখিয়াছিল তাহারা গণনা করিয়া দেখিল যে এক লক্ষ লোক মারা গিয়াছে. এই চতুর্থ বার সে নগর লুঠ করা গেল, এবং পূর্ব্ব২ লুঠের কালে পঞ্চাশ হাজার লোকের ন্যূন মরে নাই.

অনন্তর তলী শুনিলেন যে জলালুদ্দীন নিশাবর নামে নগরে পলায়ন করিয়া আছে, তন্নিমিত্ত তিনি সে নগর বেষ্টন করিলেন. নগর রক্ষকেরা তাহার সহিত সিংহের মত যুদ্ধ করিল, কিন্তু তৃতীয় দিবসে একটা গুপ্ত পথদ্বারা তলী তাহাতে প্রবেশ করিয়া সেখানে এত লোকবধ করিলেন যে মৃত লোক গণনা করিতে বার দিন লাগিল, ও ভিটামাটী সুদ্ধ সে নগর উচ্ছিন্ন হইল. তৎকালীন এক

one million seven hundred thousand me[illegible] e put to death. Herat soon after submitted to the conqueror, with almost all the cities on the west of the Indus. Jallalooddin though in one engagement victorious over the Moguls, was obliged to fly before their legions. After a long pursuit, Jenghis-khan came up with him on the banks of the Indus, and a dreadful conflict ensued. Jenghis-khan knowing that he had a vigilant enemy to deal with, exerted all his skill, and Jallalooddin notwithstanding his bravery and skill was defeated.

Jenghis-khan, anxious to take him alive arranged his troops in the form of a bow, of which the river constituted the string. Jallalooddin perceiving that there was but one way of escape, namely by crossing the Indus, took a tender farewell of his wife and children and putting off his armour, with the exception of his sword, bow and quiver, mounted a fresh horse, and plunged into the Indus. Jenghis-khan followed him to the shore, and beheld his horse combating the waves;—the Sultan stopped in the midst of the stream to consult him, and vainly emptied his quiver against him. Jenghis-khan was so struck with his courage that he would not allow any of his generals to pursue him, but turning to his family exclaimed, 'what son would not be happy to have

ইতিহাসবে এই গণনা করিয়াছে যে সত্তর লক্ষ লোক ঐ নগরে ও চতুর্দিকস্থ নগরে মরিয়াছে. পরে হিরাট নগর ও সিন্ধু নদীর পশ্চিম তাবৎ নগর তাহার হস্তগত হইল. জলালুদ্দীন একবার মোগল সৈন্যেরদের পরাজয় করিয়াছিলেন বটে তথাপি তাহারদের সম্মুখহইতে শেষে তাহার পলায়নাবশ্যক হইল. অনেক দিনের পর সিন্ধু নদীর তীরে জঙ্গীসখাঁ জলালুদ্দীনের সহিত মিলিলেন, এবং উভয়ের মহাযুদ্ধারম্ভ হইল. চতুর্দিগ্ঘূর্ণি বিপক্ষের সহিত যুদ্ধ করণাবশ্যকত্বপ্রযুক্ত জঙ্গীসখাঁয়ের তাবৎ জ্ঞান প্রকাশ করিতে হইল. তাহাতে জলালুদ্দীন সাহস ও জ্ঞানেতে সম্পন্ন হইয়াও পরাজিত হইলেন.

জঙ্গীসখাঁ জলালুদ্দীনকে জীবৎ ধরিতে বাসনা করিয়া ধনুকের আকারবৎ আপন সৈন্য সংস্থাপিত করিলেন, সিন্ধু নদী সে ধনুকের গুণরূপা. পরে জলালুদ্দীন সিন্ধু নদী ব্যতিরেকে আর পলায়ন পথ না দেখিয়া আপন সন্তান ও স্ত্রীর নিকটে বিদায় হইলেন, ও অন্য অস্ত্র ত্যাগ করিয়া কেবল তরবাল ও ধনুর্ব্বাণ লইয়া এক উৎকৃষ্ট ঘোটকারোহণপূর্ব্বক সিন্ধু নদীতে ঝম্প দিলেন. জঙ্গীসখাঁ তীরপর্য্যন্ত আসিয়া দেখিলেন যে তাহার ঘোটক সিন্ধু নদীর তরঙ্গের সহিত যুদ্ধ করিতেছে. সুলতান জলালুদ্দীন নদীর মধ্যখানে স্থিত হইয়া জঙ্গীসখাঁকে তিরস্কার করিতে ও আপন তরকোচের বাণ খালাস করিতে লাগিলেন. জঙ্গীসখাঁ তাহার সাহস দেখিয়া আপন কোনহ সেনাপতিকে তাহার পশ্চাৎ যাইতে দিলেন না ও স্বয়ং জলালুদ্দীনের পুত্রের

sprung from such a father?" Jallalooddin, having crossed the river was obliged to pass the first night in a tree to avoid wild beasts. Soon after several of his generals joined him, and he made several conquests in Hindoost'han; but, his father's empire was dissolved beyond redemption, and the future course of Jallaooddin was unprosperous.

In the battle on the banks of the Indus Jenghis-khan lost twenty thousand troops. After the engagement he sent his generals into Persian Irak, and afterwards into Georgia, both of which countries he completely subdued. Jenghis-khan, himself went into Kandahar, and conquered it, while one of his generals, crossing the Indus brought Moolt[illegible] subjection. Goozerat held out long against another of his generals, but was at length taken a second time, and the Moguls boasted that in the expedition against this town they had slaughtered sixteen hundred thousand men. Soon after Gujni the former capital of Eastern India, was taken by his son, and

নিকটে [illegible]য়া কহিলেন, যে এমন পিতাহইতে জন্ম লইয়া কোন পুত্রের অহঙ্কার না জন্মে. জলালুদ্দীন নদী পার হইয়া শত্রুভয়প্রযুক্ত পুথের রাত্রিতে এক গাছের উপরে শয়ন করিলেন. কিছু কাল পরে তাহার কতক সেনাপতি তাহার সহিত মিলিল ও তিনি হিন্দুস্থানের মধ্যে কতক প্রদেশ জয় করিলেন, কিন্তু তাহার পিতার রাজ্য এমত ভুষ্ট হইল, যে আর কখনও তাহার একত্র হওনের প্রত্যাশাও রহিল না. ইহার পরে জলালুদ্দীনের যে কালক্ষেপ হইল সে প্রায় দুর্ভাগ্যেতে পর্য্যবসন্ন.

সিন্ধু নদীর তীরে যে যুদ্ধ হইয়াছিল তাহাতে জঙ্গীসখাঁয়ের বিশ হাজার সৈন্য মারা পড়িয়াছিল; সে যুদ্ধের পর তিনি পারসী দেশস্থিত ইরাকে আপন সৈন্য পাঠাইলেন, তৎপরে তাহারদিগকে জর্জিয় দেশে পাঠাইলেন. তিনি সেই দুই দেশ জয় করিলেন. অনন্তর জঙ্গীসখাঁ স্বয়ং গান্ধার দেশে গমন করিয়া সে দেশে আপন জয়পতাকা উঠাইলেন. ইতোমধ্যে তাহার এক সেনাপতি সিন্ধু নদী পার হইয়া মুলতান দেশ আক্রমণ করিল. তাহার অন্য সেনাপতি গুজরাটে গেল কিন্তু গুজরাটের রাজা অনেক কালপর্য্যন্ত আপন নগর লইতে দিলেন না. দ্বিতীয় বার ঐ সেনাপতি সে নগর অধিকার করিল, ও তৎকালে মোগলেরা অহঙ্কারপুর্ব্বক কহিল যে আমরা এই নগরে ষোল লক্ষ মনুষ্যের মস্তক ছেদন করিয়াছি. পরে জঙ্গীসখাঁয়ের পুত্র পশ্চিম হিন্দুস্থানের পুর্ব্ব রাজধানী নগর গজনেন আ

spared from destruction. After all these expeditions the Great Khan returned to Bokhara, which had recovered in some measure from its desolation: there he held a conference with the learned about the Mahometan religion, which they said to consist in five points: 1*st*. In the belief of one God, the creator of all things, who had no equal. 2*ly*. In giving the poor one-fourth of their yearly income. 3*ly*. In praying to the deity five times a day. 4*ly*. In setting apart one month of the year for fasting. 5*ly*. In making a pilgrimage to the temple of Mecca, there to worship God. Jenghis-khan told them he believed the first article and the next three, but was displeased with the last, saying, the whole world was God's, and that it was ridiculous to suppose one place more fit than another for worshipping him.

His next expedition was against Astrakhan, the inhabitants of which submitted to him, and so far gained his favor, that he remitted the taxes to them for several years. In the year 1224 he convened at Tokat a grand diet, which he ordered all his generals, his tributary princes, and the ambassadors of his allies to attend. There he feasted them a whole month on an

ক্রমণ ... ন, কিন্তু নষ্ট করিলেন না. এই সকল যুদ্ধের পরে ঐ মহা... বোখারা দেশে পুনর্গমন করিলেন, যেহেতুক বোখারা দেশ ছিন্নপ্রারূঢ় হইয়াছিল. সেখানে তিনি জ্ঞানবান মুসলমানেরদের সহিত তাহারদের মতের বিষয়ে বাদানুবাদ করিলেন; তাহাতে মুসলমানেরা উত্তর করিল যে আমারদের এই পাঁচ স্থূল আরাধনার পথ. প্রথমতঃ সকলের সৃষ্টিকর্ত্তা অতুল্য অদ্বিতীয় ঈশ্বরেতে ভক্তি করা. দ্বিতীয়তো দরিদ্র লোকেরদিগকে বৎসরীয় উপার্জনের চতুর্থাংশ দান. তৃতীয়তো দিনের মধ্যে পাঁচবার আরাধনা. চতুর্থতো বার মাসের মধ্যে এক মাস উপবাস করা. পঞ্চমতো আপন জীবনের মধ্যে এক বার মক্কাতে গিয়া ঈশ্বরারাধনা করা. ইহাতে জঙ্গীসখাঁ উত্তর করিলেন যে প্রথম চারি বিষয় আমার গ্রাহ্য কিন্তু পঞ্চম আমার অমনোনীত, যেহেতুক সকল পৃথিবী ঈশ্বরের অতএব এক স্থানহইতে যে অন্য স্থান ঈশ্বরারাধনা বিষয়ে উপযুক্ত সে হাস্যাস্পদ.

ইহারপরে অস্ত্রাখানের প্রতিকূলে জঙ্গীসখাঁয়েরগমন হই... অস্ত্রাখানের লোকেরা জঙ্গীসখাঁয়ের নিকটে নম্র হইয়া তাহার কৃপা এত পাইল যে কতক বর্ষপর্য্যন্ত জঙ্গীসখাঁ তাহারদের রাজকর ক্ষমা করিলেন. ১২২৪ সালে তিনি তোকাত নগরে দেশের মহাসভা একত্র করিলেন. সেখানে তিনি সেনাপতিরদিগকে ও আপনার অধীন রাজারদিগকে ও আপন মিত্র রাজারদের উকীলেরদিগকে একত্র করিলেন. তাহারদিগকে এক

immense plain, and distributed rich pres s. The plain, though twenty-one miles in length, could scarcely contain the immense crowd that was assembled. From the eastern border of China to the west of Persia, and from the farthest northern extremity of Tartary, princes flocked to the assembly. The chamber of audience was supposed to hold two thousand. A magnificent throne was erected in it, which, to remind the Khan of his former poverty, was covered by his order with the same cushion on which he had sat when chief of only his native province. On the top of each tent, the richest silks were suspended, which gave this immense town the most splendid appearance. Seated on his throne, the Khan made a speech to the assembly, and ordered the laws he had enacted to be read, after which he dismissed it.

Unsated with conquest, he next carried his arms into several parts of China which had not submitted to him; and into the northern provinces of India. He next conquered Korea, and the kingdom of Hya and a tribe of independent Turks.

In the beginning of the year 1227 he fell ill near a forest in the Chinese empire, and considering his end approaching, resolved to appoint a successor. To this purpose he ordered his sons and the princes of

মাঠে নানা প্রকার সুখে এক মাসপর্য্যন্ত ভোজন করাইয়া পরে তাহারদিগেকে উত্তম পারিতোষিক দিলেন. সে মাঠ সাড়ে দশ ক্রোশ লম্বা ছিল তথাপি সে সকল লোকের কারণ সেখানে স্থান কুলাইল না. সেখানে চীন দেশের পূর্ব্ব সীমাহইতে ও পারসী দেশের পশ্চিম সীমাহইতে ও উত্তরে তাতার দেশের উত্তরসীমা হইতে লোক সমাগম হইয়াছিল. জঙ্গীসখাঁয়ের মজুরাগাহেতে অনুমান দুই হাজার লোক ধরিত. তাহার মধ্যখানে অত্যন্ত শোভাযুক্ত এক সিংহাসন ছিল, ও আপন পৈতৃক রাজ্যমাত্র ভোগ করিবার কালে যে আসনে তিনি বসিতেন সে আসন আপনার পূর্ব্বকালীন দরিদ্রতা স্মরণের কারণ ঐ সিংহাসনের উপরে বিস্তীর্ণ ছিল. প্রত্যেক তাম্বুর উপরে উৎকৃষ্ট রেশম ছিল, তাহাতে ঐ ছাউনিরূপ মহানগর অত্যন্ত ঐশ্বর্য্যশালী দেখা যাইত. তিনি ঐ সিংহাসনের উপরে বসিয়া সুন্দর বক্তৃতা করিলেন, এবং স্বকৃত ব্যবস্থা পাঠ করিতে আজ্ঞা করিলেন, পরে সিংহাসনহইতে নামিলে সভা ভাঙ্গিল.

আপনার দেশ জয় করণ বায়ু নিবৃত্ত না হওয়াতে তিনি হিন্দুস্থানর উত্তর ভাগস্থ চীন দেশে জয়াবশিষ্ট দেশ জয় করিতে নদেন্ত প্রস্থান করিলেন, এবং কোড়িয়া দেশ ও হেয়া দেশ ও স্বাধীন তুরুকেরদের এক জাতিকে তিনি অধিকার করিলেন.

১২২৭ সালে চীন রাজ্যের এক বনেতে তিনি রোগগ্রস্ত হইলেন, এবং আপন মরণাবধারণ করিয়া আপন পদে অন্যাকে বসাইতে স্থির করিলেন, অতএব আপন পুত্র ও পরিজনেরদিগ

the blood to be called before him; then raising himself up, with that majestic look that had always gained him respect and awe, he said, 'I leave you the mightiest empire in the world: if you will preserve it, always continue united, if discord steals in among you, you will inevitably be ruined.' After this he appointed his son Oktay Grand Khan of khans, and expired. His body was interred with great magnificence in a place which he had chosen for that purpose under a beautiful tree, where on his return from hunting he had reposed himself a few days before with great satisfaction. A noble monument was erected over his grave, and those who came to visit the tomb planted other trees round it in such delicate order, that it became in a short time one of the finest sepulchres in the world.

Jenghis-khan possessed all the qualities requisite for a great conqueror, a genious to plan grand enterprizes, consummate wisdom and prudence; a natural flow of eloquence, extraordinary patience; a large understanding, and a penetrating judgment; but all these virtues were sullied by his extreme cruelty. No conqueror ever erected so mighty an empire in so short a time, and few have been more stained with crimes and bloodshed. His dominions

কে ডাকিলেন ও যে পুতাপী মুখ দেখিয়া লোকেরা তাঁহাকে ভয় ও সম্ভ্রম করিত, সেই মুখ উঠাইয়া কহিলেন, যে হে পুত্রেরা আমি পৃথিবীর মধ্যে সকলহইতে মহারাজ্য তোমারদিগকে দিছি; কিন্তু যদি ইহা রক্ষা করিতে বাসনা কর তবে একবাক্যতাতে থাক, যদি তোমারদের মধ্যে বিবাদ পুবিষ্ট হয় তবে সর্ব্বনাশ হইবে. পরে তিনি আপন পুত্র অক্তায়াকে মহাখাঁ নামে খ্যাত করিয়া পরলোকপ্রাপ্ত হইলেন. ইহার পুর্ব্ব কতক দিন হইল তিনি মৃগয়া করিতে গিয়া এক বৃক্ষতলে বিশ্রাম করিয়াছিলেন; তৎকালে সেই স্থান আপন কবরের নিমিত্ত পছন্দ করিয়াছিলেন, তাহাতেই অত্যৈশ্বর্য্যরূপে সেখানে তাহার শব রাখা গেল. তাহার কবরের উপরে সুন্দর ঘর গাঁথা গেল, এবং ঐ কবরের দর্শনার্থ যখন যে যাইত তখন ঐ কবরের চারি দিকে সুন্দর২ বৃক্ষ রোপণ করিত; এইপ্রযুক্ত অত্যল্প দিনের মধ্যে সে পৃথিবীর মধ্যে সকলহইতে অতিসুন্দর কবর হইল.

মহাজয়শীল ব্যক্তির যে২ গুণ অপেক্ষিত সে সকল জঙ্গীসখাঁয়ের ছিল, অর্থাৎ মহাকীর্ত্তির পাণ্ডুলেখ করিবার গুণ, এবং অতুল্য জ্ঞান, ও অব্যাহত গতি, ও জল স্রোতের মতসদ্বক্তৃতা, ও মেধাবিত্ত্ব, ও তীক্ষ্ণবুদ্ধিতা, কিন্তু তাহার এই সকল গুণ নির্দ্দয়তাতে আচ্ছাদিত ছিল. কোন জিষ্ণু ব্যক্তি এত অল্পকালে এমত মহারাজ্য সৃষ্টি করে নাই এবং কোন ব্যক্তি দোষে ও রক্তেতে আপন হস্ত এত

extended five thousand four hundred miles from east to west, and three thousand from north to south; and the Chinese historians relate, that during his career which lasted twenty-two years he put to death eighteen millions of human beings. This is beyond belief, but the massacres he committed, must have been enormous to have occasioned such a report. He had a great number of wives and many children;—some have exalted the number of his concubines to five hundred.

The laws which he enacted, were so excellent that they are to this day held sacred in Tartary. Timur-beg, who was born one hundred and eleven years after him, caused them to be observed throughout his empire.

(To be continued.)

Of the Treatment of the Dead among different Nations.

The mode in which different nations dispose of the bodies of the dead, is a subject of considerable interest, inasmuch as there are scarcely any two nations, among whom some difference is not observable in this respect.

The English, and all the nations of Christendom bury their dead. The Americans likewise, who emi-

গ্রাহ্য করে নাই তাহার অধিকার দুই হাজার সাত শত ক্রোশ ব্যাপক, এবং উত্তর দিগহইতে দক্ষিণে পোনের শত ক্রোশ ব্যাপক ছিল. চীনের ইতিহাসবক্তা কহিয়াছেন যে তিনি বাইশ বৎসরে এক কোটি আশী লক্ষ লোক বধ করিয়াছেন, কিন্তু এই কথা অবিশ্বসনীয়; তথাপি এই মত জনরবে জানা যায় যে তাহার প্রাণি বধ করার শেষ নাই. তাহার অনেক স্ত্রী এবং অনেক সন্তান ছিল; কেহ২ তাহার স্ত্রী পাঁচ শত বর্ণনা করিয়াছে.

যে ব্যবস্থা তিনি প্রকাশ করিলেন সে এমত উত্তম যে সে ব্যবস্থা অদ্যপর্য্যন্ত তাহার দেশে চলে. এবং তাহারপর তৈমুরবেগ জন্মিয়া এক শত এগার বৎসর সেই ব্যবস্থা রাখিতে আজ্ঞা করিলেন.

(ইহার শেষ কথা আগামী ভাগে দেওয়া যাইবে.)

নানাদেশীয় লোকের শববিষয়ক ব্যবহার.

নানা দেশীয় লোকেরা যে প্রকারে মৃত শরীরের শেষ ক্রিয়া করে সে অগ্রাহ্য নহে, যেহেতুক এমন দুই জাতি নাই যে যাহারদের শববিষয়ক ক্রিয়াতে বৈলক্ষণ্য নাই.

ইংগ্লণ্ডীয়েরা এবং সকল খ্রীষ্টিয়ানেরা শব মৃত্তিকার মধ্যে পোতে. আমেরিকীয়েরা ইংগ্লণ্ডহইতে উঠিয়া গিয়া আমে

grated thither from England, and who now form a distinct nation, follow the customs of their ancestors. The body of the first President of their republic, Henry Laurens, was however, burnt by his own special directions. But this is a solitary instance of the practise.

Among the natives of Hindoost'han the Hindoos burn the bodies of their deceased relatives, and the Mahomedans bury them. Among the Burmans the general practice is burning. Criminals and those who die of diseases which are regarded as loathsome, are buried; but it is considered disgraceful.

Among the Hottentots, burial is the exclusive privilege of the king; all other bodies are thrown to the wild beasts without the least compunction. A great deal of barbarous indifference prevails among them in this respect, as they generally throw out into the fields the bodies of their friends, when they perceive the first symptoms of death. This arises from a belief that if death occurs in their habitations, it will entail on them a succession of calamities. They have therefore no funeral rites.

The inhabitants of New Holland place the dead bodies of their relatives upright in the hollow stumps of trees, and paint the skulls and bones partly white and partly red.

রিকাতে অনেক কালাবধি বসতি করিয়াছে ও স্বতন্ত্র রাজ্য হই য়াছে, তাহারাও আপন পূর্ব্ব পুরুষেরদের ব্যবহার ত্যাগ করে নাই. কিন্তু তাহারদের প্রধান অধ্যক্ষ হেনরি লারন্স সাহেব আপন মৃত শরীর আপনার আজ্ঞায় দগ্ধ করাইলেন; এই ব্যব হার সর্ব্বসাধারণ নহে একবারমাত্র হইয়াছিল.

হিন্দুস্থানে হিন্দু লোকেরা আপনারদের শব দাহ করে এবং মুসলমানেরা পোতে. ব্রহ্মা দেশীয়েরদের মধ্যে দাহ ব্যবহার আছে, দুষ্ট লোকেরদের ও ঘৃণ্য রোগার্ত্ত জনেরদের শরীর পোতে এই ব্যবহার তাহারদের অসংভ্রমসূচক.

কাফ্রিরদের মধ্যে কবর দেওয়া কেবল রাজার উপযুক্ত, অন্যং শব নির্দ্দয়তারূপে বনে পশুরদের নিকটে ক্ষেপ করা যায়. এই বিষয়ে তাহারদের অত্যন্ত অসভ্য অনবধান আছে. যেহেতুক তাহারা মরিবার প্রথম চিহ্ন দেখিয়া আপন মিত্রেরদের শরীর বনে নিক্ষেপ করে. তাহারা ভাবে যে যদি কোন ব্যক্তি ঘরে মরে তবে অশেষ কালপর্য্যন্ত সেখানে দুর্ভাগ্য হইবে; অতএব তাহারদের কিছুমাত্র চরম ক্রিয়া নাই.

নবহলাণ্ডের লোকেরা আপনারদের মিত্র লোকের শব মহা বৃক্ষের কোটরের মধ্যে দণ্ডায়মান করিয়া রাখে এবং শবের মস্তক ও অস্থি শ্বেত কিম্বা রক্ত বর্ণ করে.

In South America some tribes on the Oronoco fasten their dead by a rope to the trunk of a tree on the shore, and sink the body in the river; in the course of twenty-four hours, the skeleton is completely stripped by the fish; after which the bones are carried home and preserved.

Another race of savages in the same region reduce the bones of the dead to powder, and as an act of piety mingle them with their food. Some of the Moxo tribe in that region have a similar custom. They make this powder into cakes with a mixture of maize, and consider it as the surest pledge of friendship to partake of this family meal among their friends.

The rudest mode of preserving the dead is found on the banks of the Congo in Africa. They do not bury them for six or seven years, but envelope them in cloth to defend themselves from the smell of putrefaction. The wrappers are successively multiplied according to the capacity of the relatives. In the case of rich and very great men the bulk of the body being increased by these various envelopes, the first hut in which the body was deposited becomes too small, and a second, a third and in some cases even a sixth, are added, each increasing in dimensions with the increase of the body. It is finally buried.

দক্ষিণামেরিকাতে অরণকো নদীর তীরস্থ লোকেরা রজ্জুদ্বারা শব বান্ধিয়া জলের মধ্যে নিক্ষেপ করে, ও রজ্জু তীরস্থ বৃক্ষে বান্ধিয়া রাখে, তাহাতে মৎস্যেরা চব্বিশ ঘণ্টায় ঐ শবের সমুদায় মাংস খাইয়া যায় এবং অবশিষ্ট অস্থি তাহারা ঘরে আনিয়া রক্ষা করে.

তত্রস্থ অন্য এক অসভ্য জাতিরা ঐ অস্থি ধূলিবৎ চূর্ণ করিয়া ধর্ম্ম ক্রিয়া জ্ঞানে খাদ্য দ্রব্যের মধ্যে মিশ্রিত করে. সেখানে মক্কোনামে জাতির আশ্চর্য্য ব্যবহার আছে; তাহারা জনারের আটার সহিত ঐ চূর্ণ মিশ্রিত করিয়া পিষ্টক করে এবং তাহারা মিত্রতা করিবার কালে ঐ গৃহজাত পিষ্টক ভোজন করে; সে সকলহইতে পরম মিত্রতার এক চিহ্ন.

। মৃত লোকেরদিগকে রাখিতে সকলহইতে অপকৃষ্ট রীতি আফ্রিকা দেশের কঙ্গ নদীর তীরে আছে. তাহারা ছয় সাত বৎসর পর্য্যন্ত মৃত শরীর কবরে দেয় না, কিন্তু গন্ধ নির্গত না হওনের কারণ বস্ত্রের দ্বারা বেষ্টন করে; এবং তাহারা আপনারদের অর্থানুসারে ঐ বেষ্টনের বস্ত্র বাড়ায়; যদি কোন ভাগ্যবান লোক মরে তবে তাহার শরীরে এত বস্ত্র জড়ায় যে বস্ত্র জড়াইতেং এক ঘরে সে শব ধরে না, পরে অন্য ঘরে লইয়া রাখে সেখানেও ঐ রূপে বস্ত্র জড়াইতেং ধরে না, তাহাতে অন্য ঘরে লইয়া যায়; এই রূপ ছয় ঘরপর্য্যন্ত রাখিয়া পরে তাহাকে কবর দেয়.

A more loathsome custom prevails in Guiana. On the death of any of their chiefs his body is watched for thirty days by his wives, whose duty it is to keep close to it during that time, and not to suffer a single fly to settle on it, while its putrefaction attracts them by millions. At the end of that period it is buried, and one of the women with it for a companion.

In the Peruvian Andes, the dead are placed in towers, and not covered with earth. It has been said of the ancient Phrygians that when a priest died, they placed his body on a high pillar, as if he were to continue to instruct the people from thence after his death. The Persians are persuaded that if a true Moslem dies among the infidels, the angel of the grave will not permit his body to remain in such bad company, but will transport it through the air to a country of believers.

An old Mahomedan traveller who visited Serindeep or Ceylon, relates, that when the king died, his body was placed on a carriage in such a position that the head hung down to the ground; and that women followed it, throwing dust on the head of the corpse.

গ্নিয়ানা দেশেতে ইহাহইতেও কুব্যবহার চলে; যখন তাহার দের মধ্যে কোন অধ্যক্ষ মরে তখন তাহার স্ত্রীরা ত্রিশ দিনপর্য্যন্ত সে শবত্যাগ করে না, সে শবের নিকটে তাহারদের সর্ব্বদা বসিয়া থাকিবার আবশ্যকত্ব. সে শরীরের দুর্গন্ধ লক্ষং মক্ষিকারদিগকে আকর্ষণ করে তথাপি তাহারা এমন সর্ব্বদা তাহার নিকটে থাকে যে এক মক্ষিকাও বসিতে পারে না. ঐ ত্রিশ দিনের পরে ঐ শবকে কবরে দেওয়া যায় ও তাহার সহিত সহবাসার্থে এক স্ত্রীকে তাহার সহিত কবরে দেয়.

পিরু দেশের পর্ব্বতীয় লোকেরা মৃত লোককে দুর্গের উপরে রাখে তাহার উপরে কিছু আবরণ করে না. পূর্ব্বকালে ফ্রিজিয়া দেশীয়েরদের মধ্যে অধ্যাপক মরিলে তাহার শব এই বোধ করিয়া কোন উচ্চ স্তম্ভের উপরে রাখে, যে সে মরণান্তেও লোকেরদিগকে উপদেশ দেয়. পারসী দেশীয় লোকেরা এই মত জ্ঞান করে যে যদি কোন সত্য মুসলমান অবিশ্বাসি লোকের মধ্যে মরে, তবে কবরের দূতেরা এমন মন্দ সভার মধ্যে থাকিতে দিবে না, কিন্তু আকাশ পথদ্বারা আনিয়া অবশ্য বিশ্বাসি লোকেরদের দেশে তাহাকে লইয়া রাখিবে.

প্রাচীন এক পথিক মুসলমান অনেক দিবসপর্য্যন্ত সিংহল দ্বীপে গিয়াছিল; সে লিখিয়াছে যে যখন কোন রাজা মরে তখন তাহার শব গাড়ীর উপরে এমত রাখে, যে তাহার মস্তক গাড়ীহইতে মৃত্তিকাপর্য্যন্ত ঝুলিয়া পড়ে এবং সেই মস্তকে ধূলি নিক্ষেপ করিতেং তাহার পশ্চাৎং স্ত্রী লোকেরা যায়. তিন

After this spectacle had been exhibited for three days, the body was embalmed with sandal wood, camphor, and saffron; it was then burnt, and the ashes scattered to the winds.

One tribe among the Circassians embalm their chiefs in the following manner. They put the body in a wooden coffin, fasten it to the branch of some high tree, and leave a hole at the head that the defunct may look up to heaven. The bees quickly enter the coffin, and take possession of it as they would of a hollow tree, and embalm the body by covering it with honey and wax. When the season arrives, the people open the coffin and take out the honey for the purpose of selling it.

Of the Great Wall of China.

This wall is one of the greatest wonders of China, and in fact of the world. It constitutes the defence of the country on the side of Tartary. It extends fifteen hundred miles in length, and is of such thickness that six horsemen can easily ride abreast upon it. It is flanked with towers two bow shots distant from each other. It was erected two thousand years ago. This extraordinary work is carried on not only through the low lands, and vallies, but over hills and mountains; the highest of one of which was by a celebrated traveller computed at one thousand two

দিন এইরূপ করিয়া পরে সে শরীরে চন্দন ও কর্পূর ও কেসর এই তিন দ্রব্য পূর্ণ করিয়া রক্ষা করে, পরে সেই শরীর দগ্ধ করে এবং তাহার ভস্ম আকাশে উড়াইয়া দেয়.

সরকাসিয়া দেশে এক জাতীয়েরা এইমত আপনারদের অধ্যক্ষেরদের শব রক্ষা করিয়া রাখে. তাহারা মৃত শরীর সিন্দুকের মধ্যে রাখে এবং তাহা: চক্ষুর সম স্থানে সিন্দুকে ছিদ্র করে যেন মৃত শরীর তাহার দ্বারা স্বর্গ দেখিতে পায়; পরে ঐ সিন্দুক বৃক্ষের ডালে বদ্ধ করিয়া রাখে. মধুমক্ষিকাসমূহ ঐ ছিদ্রদ্বারা মধ্যে প্রবিষ্ট হইয়া মধু ও মোম দিয়া সে শরীরকে আবরণ করে, এবং লোকেরা উপযুক্ত সময়ে সেই মধু তাহাহইতে লইয়া বাজারে বিক্রয় করে.

চীন দেশের মহাপ্রাচীরবিষয়ে.

এই প্রাচীর চীন দেশের সকলহইতে আশ্চর্য্য এবং প্রায় পৃথিবীর মধ্যে আশ্চর্য্য. ঐ প্রাচীরদ্বারা তাতার দেশহইতে সে দিকে চীন দেশের রক্ষা হয়. সে দীর্ঘ সাড়ে সাত শত ক্রোশ সে এমত আয়ত যে ছয় জন ঘোড়সোয়ার সমানে তাহার উপরে দৌড়িতে পারে সে প্রাচীর দুইং তীর অন্তরে একং দুর্গদ্বারা দৃঢ়ীকৃত. সে দুই হাজার বৎসর গত হইল গাঁথা গিয়াছে. এই অদ্ভুত প্রাচীর কেবল মাঠে ও উপত্যকা ভূমিতে গাঁথা গিয়াছে সে নহে কিন্তু বৃহৎ পর্ব্বতের উপরেও গাঁথা গিয়াছে. এক জন খ্যাত পথিক হিসাব করিয়া দেখিল যে সে পর্ব্বত আট

hundred and thirty-six feet. To the north of the city of Suen it is interrupted by a ridge of hideous and inaccessible mountains to which it is closely united. To carry it over rivers, it has been constructed on arches, beneath which the water flows freely. After running about one thousand five hundred miles it terminates in impassable mountains and sandy deserts. The foundation consists of large blocks of stone laid in mortar but all the rest is composed of brick. It is said that a third of the able bodied men in the empire were employed in constructing it, and that the workmen were ordered under pain of death to place the materials so closely together that not the least entrance might be afforded for any instrument of iron. The whole is so strong and well built that it needs no repairs, and in the dry climate in which it stands may continue for ages. It was begun and completely finished in five years, and it is reported that the laborers stood so close together for many miles that they could hand the materials from one to another.

This is one of the most astonishing productions of human labor and industry in the earth. On a moderate calculation it contains materials more than sufficient to erect all the dwelling houses in England and Scotland, admitting their number to be, 1,800,000. In this calculation, the projecting

শত চব্বিশ হাত উচ্চ. ষুয়েন নগরের উত্তরে তাহার পথে অত্যন্ত দুর্গম পর্ব্বত আছে, তথাপি তাহার সহিত সংলগ্ন ঐ প্রাচীর করা গিয়াছে, এবং যে স্থানে নদী আছে সেখানে নদীর উপরে খীলান করিয়া তাহার উপরে প্রাচীর গাঁথা গিয়াছে ও তাহার নীচে দিয়া জল চলে. এই প্রাচীর সাড়েসাত শত ক্রোশ চলিয়া তাহার পর অগম্য পর্ব্বত ও মরুভূমিতে বিরত হইয়াছে. তাহার প্রস্তান বৃহৎ প্রস্তরেতে ও চুর্ণেতে গ্রথিত কিন্তু অন্য সকল ইষ্টকনির্ম্মিত. এই মত জনরব আছে যে রাজ্যের তৃতীয়াংশ বলবান লোক ঐ কর্ম্মে নিযুক্ত ছিল. এবং তাহারদিগকে মরণ দণ্ডভয় প্রদর্শন করাইয়া আজ্ঞা করা গিয়াছিল যে এই প্রাচীর এইমত সংলগ্ন করিবেক যে কোন লৌহ শলাকাদি প্রবিষ্ট হইতে না পারে. সে প্রাচীর এমত শক্ত নির্ম্মাণ করা গিয়াছে যে তাহার মেরামত করিবার কোন আবশ্যক নাই, এবং এমত শুষ্ক স্থানে গ্রথিত যে সে চিরস্থায়ী জ্ঞান হয় সে আরম্ভ হওয়ার পাঁচ বৎসর পরে সমাপ্ত হইল. এমন জনরব আছে যে সে প্রাচীর গ্রন্থন সময়ে রাজমিস্ত্রীরা অনেক ক্রোশপর্য্যন্ত এমত নিকটেং দাঁড়াইয়াছিল, যে এক জন আর এক জনের হাতে ইট মসালা দিয়াছিল.

পৃথিবীর মধ্যে মানুষের শ্রম ও কীর্ত্তির মধ্যে এই কীর্ত্তি আশ্চর্য্য. তাহার সরঞ্জাম হিসাব করিয়া দেখা গেল যে ইংলণ্ড দেশে ও স্কটলণ্ড দেশে যদি আটার লক্ষ পাকা ঘর থাকে তবে সকল ঘর ঐ প্রাচীরের সরঞ্জামে নিষ্পন্ন হইতে

towers are not included, which of themselves would suffice to erect a city as large as London, which contains eight thousand streets and lanes. We may farther remark respecting this stupendous and singular fabric that were its materials converted into a wall twelve feet high and four thick, it would possess sufficient length to surround the globe.

Of the Egyptian Sphinx.

The Sphinx was an object of adoration among the ancient Egyptians; and the images they made of it were remarkable for their prodigious size. Several of these are still to be seen; though they have now been erected for many thousand years. There is one in particular near the pyramids, cut out of the rock which had the head of a woman and the body of a lion, and was much celebrated by the ancients two thousand years ago. The head and neck are only visible at present; the body being buried in the sand. The head is now twenty-six feet high; and fifteen feet from the ear to the chin; but Pliny an ancient writer assures us, that the head was one hundred and two feet in circumference; and that the body was an hundred and forty-three feet long.

The fable respecting the Sphinx implied that it was a monster, with the head of a woman, the body of

পারে ; কিন্তু এই হিসাবে তাহার দুর্গ গণা গেল না ; যেহেতুক আট হাজার গলি পুচ্ছতিযুক্ত লণ্ডন নগর তাহার এক দুর্গেতে হইতে পারে. এবং সেই আশ্চর্য্য ও বৃহৎ কর্ম্মের বিষয়ে আমরা আরো লিখিতে পারি, যে তাহাতে যত সরঞ্জাম আছে তাহার দ্বারা আট হাত উচ্চ ও আড়াই হাত চৌড়া এক প্রাচীর করিয়া তাহা দিয়া তাবৎ পৃথিবী বেষ্টন করা যায়.

মিসর দেশের স্ফিংক্স.

প্রাচীন মিসর দেশের লোকেরা স্ফিংক্স পূজা করিত এবং তাহার যে বৃহৎ মূর্ত্তি নির্ম্মাণ করিত তাহার বৃহত্ত্ব আশ্চর্য্য. সে মূর্ত্তি অনেক সহস্র বৎসরনির্ম্মিতা হইয়াছে তথাপি তাহার কতক অবশিষ্ট আছে. পিরামিদের নিকটে তাহার এক মূর্ত্তি আছে সে পর্ব্বত খুদিয়া বাহির করিয়াছে ; সেই মূর্ত্তির মস্তক স্ত্রীর মত তাহার শরীর সিংহের মত. এই মূর্ত্তির মস্তক ও কণ্ঠ দেশ অদ্যাপি দৃষ্ট হয়, কিন্তু শরীর বালিতে আচ্ছাদিত হইয়াছে. সে মস্তক সতর হাত উচ্চ এবং তাহার কর্ণের পাতার অগ্র ভাগহইতে চিবুকপর্য্যন্ত দশ হাত ; কিন্তু প্লিনি নামে এক ব্যক্তি প্রাচীন ইতিহাসবক্তা লিখিয়াছে যে তাহার মস্তকের পরিধি সাতহত্তর হাত ও তাহার শরীর এক শত হাত লম্বা ছিল.

এই স্ফিংক্সের বিষয় ইতিহাস এই, যে সে একটা দানব তাহার মস্তক স্ত্রীর মত, ও তাহার শরীর কুকুরের মত, তাহার লাঙ্গূল

a dog, the tail of a serpent, the wings of a bird, the paws of a lion, and a human voice. It is said to have been sent to Egypt by Jupiter, to punish the inhabitants, which it did by devouring those who were unable to explain its enigmas. In the midst of the consternation occasioned by her ravages, the Thebans were told that the Sphinx would devour herself as soon as one of the enigmas she proposed was explained. In this enigma, she demanded to know what animal walked on four legs in the morning, on two at noon, and on three in the evening. The king offered his sister in marriage and his crown to him who could deliver his country from the monster by a successful explanation of the enigma. It is said to have been explained by Œdipus, who observed that a man crawled on four legs in his infancy; walked on two in mature life; and on three, when obliged to use a crutch in old age. Perceiving that her enigma was solved, the Sphinx is said to have dashed her head against the rock, and to have expired.

সর্পের মত, তাহার ডেনা পক্ষির মত, তাহার পা সিংহের মত, ও তাহার স্বর মনুষ্যের মত. এমত জনরব ছিল যে লোকেরদের দমনার্থে যুপিতর তাহাকে মিসর দেশে পাঠাইলেন. এবং সে লোকেরদিগকে এমত দণ্ড করিত যে আপন প্রহেলিকার অর্থ যে ব্যক্তি করিতে না পারিত তাহাকে সে খাইয়া ফেলিত. ইহাতে তাহার দৌরাত্ম্যপ্রযুক্ত সকল দিকে ভয় জন্মিতেং এক জন মিসর দেশের লোকে দিগকে কহিল যে তাহার এক প্রহেলিকার অর্থ যদি কেহ করিতে পারে তবে সে আপনি আপনাকে বধ করিবে. সে প্রহেলিকা এই সে জিজ্ঞাসা করিল যে কোন পশু পূর্ব্বাহ্নে চারি পায়ে, গমন করে, ও মধ্যাহ্নে দুই পায়ে, ও অপরাহ্নে তিন পায়ে গমন করে. তাহাতে সে দেশের বাদশাহ অঙ্গীকার করিলেন যে যে কোন লোক এই প্রহেলিকার অর্থ কহিয়া এই দানবহইতে এ দেশ রক্ষা করে তাহাকে আমি আপন ভগিনী ও সকল রাজ্য দিব. লোকে কহে যে এদিপস নামে এক ব্যক্তি ইহার অর্থ এইরূপে করিল, যে মনষ্য স্তনপান কালে চারি পায়ে চলে, তাহারপরে বড় হইলে দুই পায়ে চলে, বৃদ্ধ কালে যখন লগুড় অবলম্বন করে তখন তিন পায়ে চলে. প্রহেলিকার এই অর্থ শুনিয়া আপন প্রতিজ্ঞানুসারে পর্ব্বতে মস্তকাঘাত করিয়া ঐ স্ফিংক্স প্রাণত্যাগ করিল.

Dig-Durshun,

OR THE

INDIAN YOUTH'S MAGAZINE.

No. XIV.

February, 1820.

…g-Durshun.

No. XIV. FEBRUARY, 1820. Vol. II.

Continuation of the History of Hindoost'han.

Jenghis-khan by overturning the Kharazmian dynasty, completely dissolved the subjection of the provinces east of the Indus to a Sovereign ruling on the other side of that river, and introduced a new system of policy into India. The provinces of Hindoost'han which had been subjugated by the Moosulmans, were thus thrown as prizes in the way of those who in this dissolution of kingdoms could seize on them. Nor was this change altogether disadvantageous to the provinces themselves; the seat of empire after this period was not as formerly at a distance of many hundred miles; but in the very centre of northern India. The provinces were better governed than when tributary to a foreign power, to the grandeur of which they were obliged to contri-

দিগ্দর্শন.

২ খণ্ড. ফিব্রুআরি ১৮২০. ১৪ ভাগ.

হিন্দুস্থানের অবশিষ্ট ইতিহাস.

দীল্লীর রাজা কোতবুদ্দীনের বংশাবলি.

জঙ্গীসখাঁকর্তৃক কারাজিমের রাজ্যভ্রংশ হওয়াতে সিন্ধু নদীর পূর্ব্ব দিকস্থ দেশে তাহার পশ্চিম দেশীয় রাজারদের অধিকার লোপ হইল, এবং হিন্দুস্থানের উপরে নূতন রাজ্যশাসন উপস্থিত হইল. অতএব মুসলমানেরদের অধিকৃত যে হিন্দুস্থানের প্রদেশ সে এই রাজ্যভ্রংশ সময়ে নিধির মত বহুস্বামিক হইল, কিন্তু ইহাতে সেই২ প্রদেশের অমঙ্গল হইল না, যেহেতুক পূর্ব্বে যেমন দেশের রাজধানী অনেক শত ক্রোশ দূরবর্ত্তিনী ছিল তেমন পরে হইল না, কিন্তু উত্তর হিন্দুস্থানের মধ্যবর্ত্তিনী রাজধানী হইল. যখন সেই২ প্রদেশ অতিদূরবর্ত্তি রাজধানীর অধীন ছিল, এবং সে প্রদেশসমূহের ঐ রাজধানীর ঐশ্বর্য্য সম্পাদন করিতে হইত, তৎকালাপেক্ষায় এখন সে প্রদেশে অনেক উত্তম রাজশাসন

bute. The Moosulman princes of Delhi, also, liberated from the care and guardianship of distant provinces, were enabled to extend their conquests over the southern provinces of India and to bestow more attention on the provinces themselves. It does not appear that either the sovereigns of Gujni, Gour, or Kharazm, enjoyed even a nominal authority over any of the provinces south of Benares. Under the first independent sovereign of Delhi, we shall see the Moosulman arms carried into Bengal, and within seventy-two years after, the Deccan subjugated by the Moosulman generals.

The dynasty on whose history we are entering was founded by Kuttub, a slave of Mahommed of Gour, and subsisted for one hundred and seventy-seven years, till the year 1398, when it was overturned by the great Timur-beg. Kuttub, who was a man of very considerable talents, was entrusted by his master with the government of Delhi and of the adjacent provinces, and in that capacity, defeated the Jauts of Goozerat who had besieged Hansi, and on Mahommed's expedition against Kanooj, joined him and with the van of the army defeated the raja of Benares; who, filled with despair at the retreat of his troops, pushed forward his elephant into the midst of his enemies. Cuttub excelled in archery, and dis-

হইল; এবং দিল্লীস্থ মুসলমান বাদশাহেরাও দূরবর্ত্তি প্রদেশ বিষয়ক ভাবনা ও তাহার রক্ষার চেষ্টাহইতে মুক্ত হইয়া হিন্দুস্থানের দক্ষিণ প্রদেশ জয় করণাবকাশ পাইলেন; এবং নিজাধিকৃত প্রদেশের উপরে অধিক মনোযোগ রাখিতে পারিলেন এমত বোধ হয় যে গজনেন ও গোর ও কারাজিমের বাদশাহেরা কাশীর দক্ষিণ প্রদেশে নামমাত্রেও অধিকারী ছিলেন না. কিন্তু পশ্চাদ্বিবরণে দেখা যাইবে যে দিল্লীর প্রথম স্বাধীন বাদশাহের তরবাল বঙ্গভূমিপর্য্যন্ত পঁহুছিল, এবং বাহত্তরি বৎসরের পর দক্ষিণ দেশ মুসলমানেরদের কর্ত্তৃক জিত হইল.

যে বংশের বিবরণ আমরা লিখিব সে গোরের রাজা মহমূদের এক দাস কোতবুদ্দীনকর্ত্তৃক স্থাপিত হইল. সে ১৩১৮ সালপর্য্যন্ত, অর্থাৎ এক শত সাতহত্তরি বৎসরপর্য্যন্ত সিংহাসনে বসিল, ঐ বৎসরে মহাতৈমুরবেগ সে বংশ ভ্রষ্ট করিলেন. কোতবুদ্দীন অত্যন্ত জ্ঞানী ছিলেন, এবং আপন প্রভুকর্ত্তৃক দিল্লী ও তচ্চতুর্দ্দিক্স্থ দেশের অধিকারিত্বরূপে নিযুক্ত হইয়া হানসী নগরের আক্রমণকারী গুজরাতের জাঠনামক এক জাতিরদিগকে জয় করিলেন. এবং মহমূদ যখন কান্যকুব্জাক্রমণেচ্ছাতে গেলেন তখন ঐ কোতবুদ্দীন তাহার সহিত মিলিয়া তাহার সৈন্যের অগ্র ভাগ লইয়া কাশীর রাজাকে জয় করিলেন. ঐ রাজা আপন সৈন্যেরদের যুদ্ধ পরাবৃত্তিপ্রযুক্ত আপনি গজারোহণ করিয়া বিপক্ষ সৈন্যের মধ্যে প্রবেশ করিলেন. কোতবুদ্দীন ধনুর্ব্বিদ্যাতে অতিপণ্ডিত ছিলেন, ও তিনি বিপক্ষ রাজার চক্ষুতে এক বাণ ক্ষেপ করাতে ঐ রাজা

charged an arrow into the eye of the Raja, which brought him to the ground. The number of the slain was so great that the body of the Raja continued concealed for a long time. The emperor following up his victory took the city of Benares, and proceeded to the boundaries of Bengal. He destroyed all the idols of the sacred city and loaded four thousand camels with the spoil found in it. This was the first time this sacred city had been taken by the Moosulmans.

After the departure of Mahommed, Cuttub returned to Delhi, where he received advice that Himrage brother of the discomfited king of Ajimere was advancing against him. Cuttub marched out and defeating him, pursued him to the very gates of Ajimere. After this he turned his arms against Goozerat which he completely plundered. About this time while his army was dispersed, he received intelligence that several of the Rajpoot sovereigns had leagued against him; and as he was obliged to meet them with only a part of his army, he was completely defeated, and after receiving six wounds, was obliged to fly to Ajimere, where he continued shut up till Mahommed sent an army from Gour to relieve him. The Gouride generals obliged the enemy to raise the siege, and Cuttub in his turn pursued them into their own territories. Soon after Cuttub march-

ভূমিতলে পড়িলেন. সেই যুদ্ধে এত লোক মারা পড়িল যে রাজার শব সকলের নীচে অনেক ক্ষণ আচ্ছাদিত রহিল. মহমুদ আপন জয় সম্পূর্ণ করিতে২ কাশী নগরাধিকার করিয়া বঙ্গভূমির সীমাপর্য্যন্ত আইলেন, ও সেই ধর্ম্ম নগরের তাবৎ দেবপ্রতিমা নষ্ট করিলেন, এবং সেখানে যে ধন লুঠিয়া লইলেন তাহাতে তিনি চারি হাজার উষ্ট্র বোঝাই করিলেন. এই প্রথমবার সেই নগর মুসলমানকর্ত্তৃক বিধ্বস্ত হইল.

মহম্মুদের পুনর্গমনের পর কোতবুদ্দীন দিল্লীতে গেলেন, এবং সেখানে শুনিলেন যে আজমের শহরের পরাজিত রাজার ভ্রাতা হেমরাজ আপনার প্রতিকূলে আগমন করিতেছেন. ইতো মধ্যে কোতবুদ্দীন তাহার সহিত মিলিলেন, ও তাহাকে জয় করিয়া আজমেরের দ্বারপর্য্যন্ত তাহার পশ্চাৎ২ গেলেন. ইহার পর কোতবুদ্দীন গুজরাত দেশের বিপরীতে গিয়া সে দেশ একেবারে লুঠ করিলেন. এই কালে যখন তাহার সৈন্য নানা স্থানে বিস্তারিত ছিল তখন তাহার বিপক্ষেরা রজপুত দেশে একবাক্য হইল, তাহা শুনিয়া আপনার এক ভাগ সৈন্যমাত্র লইয়া তাহারদের সহিত কোতবুদ্দীনের সমর করিতে হইল. কিন্তু তাহাতে তিনি পরাজিত হইলেন ও আপনার ছয় অঙ্গে আঘাতী হইলেন, পরে আজমেরপর্য্যন্ত পলায়ন করিলেন. তিনি তাবৎ সেখানে বদ্ধথাকিলেন যাবৎ মহমুদ সসৈন্য গোর হইতে আসিয়া তাহাকে মুক্ত না করিলেন. গোরের সেনাপতিরা আসিয়া বেষ্টনকারি বিপক্ষেরদিগকে দূর করিলে

ed with an army to the assistance of his old master who had been defeated in Turkestan, and who was about this time assassinated as we have before related. Cuttub on his death assumed the title of king, and proclaimed himself an independent sovereign: Anxious to augment his dominions, he took possession of Gujni which had been seized by Eldoze, another of the slaves of Mahommed. He then gave himself up to every kind of intemperance, and Eldoze having recruited an army with the utmost expedition and secrecy, retook Gujni, before Cuttub was aware of his approach, and drove him back to Delhi where he exercised himself in the practise of justice and temperance, and governed his kingdom with great moderation till his death, which happened in the year 1210 by a fall from his horse.

Aram.

After the death of Cuttub, his son Aram ascended the throne, but his weakness soon occasioned insurrections and massacres. The generals of Cuttub seized on the various provinces of the empire, which was on the point of dissolution, when the great Omrahs at a general council invited Altumush, an adopted son of Cuttub to the throne. A battle ensued between him and Aram, in which the latter was totally defeated.

কোতবুদ্দীন তাহারদের দেশপর্য্যন্ত পশ্চাৎ২ তাহারদিগকে তাড়াইলেন. অনন্তর গোরের মহমুদ তুরকী স্থানে আপনি পরাজিত হইলেন, তৎপ্রযুক্ত আপন প্রাচীন মুনীবের সাহায্যার্থে কোতবুদ্দীন সসৈন্যে সেখানে গেলেন. পরে গোরের মহমুদ ছল ক্রমে মারা গেলেন. তাহার মরণের পর কোতবুদ্দীন রাজ্যের ভার লইলেন, ও আপনাকে স্বাধীন রাজা প্রকাশ করিলেন. তিনি আপন অধিকার বাড়াইবার ইচ্ছাতে গজনেনের রাজ্য মহমুদের অন্য দাস এলদোসের হস্তহইতে লইয়া মদ্যপ্রভৃতি সর্ব্ববিধ ব্যসনেতে আপনাকে আসক্ত করিলেন. ইহাতে এলদোস পুনর্ব্বার অতিশীঘ্র সৈন্য সংগ্রহ করিয়া অকস্মাৎ গজনেন লইলেন, ও কোতবুদ্দীনকে দিল্লীতে তাড়াইয়া দিলেন. সেখানে তিনি ন্যায়েতে ও যাথার্থ্যেতে ও সামানাধিকরণ্যে মরণপর্য্যন্ত রাজ্যশাসন করিলেন. অপর তিনি ঘোটকহইতে পড়িয়া ১২১০ সালে মরিলেন.

আরামশাহ.

কোতবুদ্দীনের পুত্র আরামশাহ আপন পিতৃ মরণানন্তর সিংহাসনে বসিলেন, কিন্তু তাঁহার দুর্ব্বলতাপ্রযুক্ত রাজ্যে নানা স্থানে নানা উপপ্লব ও বধ হইতে লাগিল. কোতবুদ্দীনের সেনাপতিরা নানা রাজ্য আপন২ নামে গ্রাস করিল, তাহাতে রাজ্যনাশ প্রায় উপস্থিত হইল. তৎকালে প্রধান ওমরারা একত্র হইয়া এক মহা সভা করিয়া কোতবুদ্দীনের পোষ্য পুত্র আলতমসকে সিংহাসনারোহণ করিতে আহ্বান করিল. তাহাতে আরামের সহিত আলতমসের ঘোরতর সমর উপস্থিত হইলে আরাম মারা পড়িলেন.

Altumush.

Altumush found himself on his accession engaged in warfare with several refractory chiefs whom he defeated and thereby restored tranquility to the empire. In the year 1221, the unfortunate Jallalooddin was obliged to retreat from the great Khan into India. Altumush opposed him with all his forces and obliged him to return to the banks of the Indus. Four years after this he made an expedition into Bengal, where he struck the currency in his own name, and appointed his son Nasir Governor of Bengal, and Yeas-ul-din, governor of Behar. Soon after a war broke out between these two in which Nasir was victorious. From the plunder of Behar he sent ample presents to his friends at Delhi.

Altumush still anxious to extend his dominions, attacked the sovereign of Moultan in the year 1225, and in a short time added it to his own dominions. The emperor about this time received an embassy from Arabia with the royal robes of the caliphat, which he assumed, during a magnificent festival. The same year he received intelligence of the death of his son the viceroy of Bengal; on which he marched thither a second time, and appointed his younger son to the vacancy. Gualior had in the recent revolutions fallen into the hands of the Hindoos.

আলতমস.

আলতমস সিংহাসনারোহণ করিবামাত্র কতক বিপক্ষ সেনাপতিরদের সহিত যুদ্ধ করিয়া তাহারদিগকে নষ্ট করিয়া পুনর্ব্বার দেশ শান্ত করিলেন. ১২২১ সনে অভাগ্যবান জলালুদ্দীন মহা খাঁহইতে হিন্দুস্থানে পলাইলেন, আলতমস সসৈন্য গিয়া পুনর্ব্বার তাহাকে সিন্ধু নদীতীরে প্রস্থান করাইলেন. ইহার চারিবৎসর পরে আলতমস এই বঙ্গভূমিতে আইলেন, এবং আপন নামে সিক্কা জারী করিলেন, ও আপন পুত্র নাজেরকে বঙ্গভূমির অধ্যক্ষতা দিলেন, এবং গয়াসুদ্দীনকে বেহারের অধ্যক্ষতা দিলেন. অনন্তর ঐ উভয়ের যুদ্ধ উপস্থিত হইল, তাহাতে নাজের জয়ী হইলেন, এবং বেহারের লুটহইতে দিল্লীনগরবাসি আপন মিত্রেরদের নিকটে অনেক সামগ্রী পাঠাইলেন. আলতমস আপন রাজ্যবৃদ্ধি চেষ্টাতে থাকিতে২ ১২২৫ সালে মুলতানের রাজ্যের উপরে আক্রমণ করিলেন, এবং অল্পক্ষণ যুদ্ধের পরে সে রাজ্য নিজ রাজ্যসম্মিলিত করিলেন.

এতৎকালে বাদশাহের নিকটে আরব দেশহইতে সমারোহ পূর্ব্বক কালিফের এক উকীল পঁহুছিলেন, এবং তিনি আপন মুনীবকর্তৃক প্রেরিত রাজবস্ত্র আনিলেন. বাদশাহ এক উৎসবের কালে সেই বস্ত্র পরিধান করিলেন. সেই বৎসর বাঙ্গালার অধ্যক্ষ আপন পুত্রের মৃত্যু সমাচার পাইলেন, অপর তিনি দ্বিতীয়বার বঙ্গভূমিতে আইলেন, ও আপন কনিষ্ঠ পুত্রকে সেখানে পদার্পিত করিলেন. রাজ্যের উপপ্লবপ্রযুক্ত গড় গোয়া

Altumush besieged it for a whole year, at the end of which the garrison being reduced to great extremity, capitulated. After the reduction of this place he marched into Malva to the banks of the Nurbudda, took the ancient city of Oojjuyinee, and destroyed the renowned and rich temple of *Mu*ha-kal, which had been constructed on the same plan with that of S*u*m*a*-nath*a*, and had occupied three hundred years in building, being surrounded with a wall, a hundred cubits in heighth. The image of M*u*ha-Kalee, of the great Vikramajit, so renowned throughout India he ordered to be conveyed to Delhi, and to be thrown at the threshold of the great mosque.

After his return from this expedition, he went into Moultan to settle the province, but was taken ill on his march, and returning to Delhi died in the year 1235, after an enterprizing and vigorous reign of twenty-six years, leaving the empire larger than he had found it. At this time all the countries from Delhi, down to the Sunderbunds, acknowledged the sovereignty of the empire and sent their tribute annually to the capital.

Feroze.

Feroze happening to be at Delhi on a visit at the time of his father's death, immediately ascended

লিয়র হিন্দু রাজারদের হস্তগত হইয়াছিল, আলতমস এক বৎসর ঐ গড় ঘেরিলে রক্ষকেরা অনুপায় ভাবিয়া তাহার হস্তে ঐ গড় সমর্পণ করিল. এই স্থানাধিকার করিবার পরে তিনি মালুয়া দেশে গেলেন, ও নর্ম্মদা নদীর তীরস্থ প্রাচীন উজ্জয়নী নগর লইলেন, এবং মহাকালের অতিসুখ্যাত সৌভাগ্য যুক্ত মন্দির নষ্ট করিলেন. সেই মন্দির সোমনাথ মন্দিরের অনুসারে গ্রথিত হইয়াছিল; তাহার গ্রন্থন কর্ম্মে তিন শত বৎসর গত হইল, ও তাহার প্রাচীর চতুর্দ্দিক এক শত হাত উচ্চ ছিল. ঐ নগরে মহারাজ বিক্রমাদিত্যের ও মহাকালের যে মহাপ্রশস্ত মূর্ত্তি ছিল সে দুই মূর্ত্তি তিনি দিল্লীতে লইয়া গিয়া মহামসজিদের দ্বারের পদস্থলে গাঁথিয়া রাখিলেন.

এই যুদ্ধানন্তর আগমনকালে মুলতান দেশ তিনি শান্তিযুক্ত ও স্থির করিলেন, কিন্তু প্রত্যাগমনকালে পথে তাহার রোগ জন্মিল. পরে দিল্লীতে পুনর্ব্বার পঁহুছিলেন, এবং ছাব্বিশ বৎসর উৎসাহরূপে রাজ্য করিলে ১২৩৫ সালে পরলোকগত হইলেন. তিনি যত পৈতৃক অধিকার পাইয়াছিলেন তাহাহইতে অধিক রাজ্য রাখিয়া গেলেন. তাহার মরণ কালে দিল্লী অবধি সুন্দরবন পর্য্যন্ত তাবৎ দেশ তাহার অধীন ছিল, ও বৎসরান্তে রাজধানীতে আপনং রাজকর প্রেরণ করা যাইত.

ফীরোজ.

তাহার মরণকালে তাহার পুত্র ফীরোজ দৈবাৎ দিল্লীতে ছিলেন,

the vacant throne and began to expend his father's treasures upon dancing women, comedians, and musicians, leaving the affairs of Government to the management of his mother. This woman, who had been a Turkish slave, now became a monster of cruelty, and murdered all the women of Altumush's Haram. This step filled the people with horror, and Mahommed, the younger brother of the king, and governor of Oude intercepted the revenues from Bengal, and began to assert independence. At the same time, the different rajas of superior eminence entered into a confederacy against the emperor, and openly commenced war against him, in which they were successful, and advanced Sultana Rizia, the eldest daughter of Altumush to the throne, and imprisoned the emperor's mother. Feroze himself was delivered up to her, and died some time after in confinement; having reigned only six months and twenty-eight days.

Sultana Rizia.

Sultana Rizia was adorned with every qualification necessary for the imperial throne; and those who strictly examined her actions could find in her no fault, but that she was a woman. The year in which her father took Gualior, he appointed her regent in his absence, and when asked the reason by one of

তিনি সেই সময়ে সিংহাসন শূন্য দেখিয়া আপনি আরোহণ করিলেন. এবং স্বপিতুপার্জ্জিত প্রচুর ধন নর্ত্তকী ও নট ও গায়ক প্রভৃতিবদো কারণ ব্যয় করিতে লাগিলেন, এবং রাজকীয় যাবৎ কর্ম্ম সকল আপন মাতার হস্তে সমর্পিত করিলেন. ঐ স্ত্রী পূর্ব্বে তুরুক দেশে এক বাঁন্দী ছিল, পরে রাক্ষসীর মত নির্দয়া হইয়া আলতমসের অন্তঃপুরে যত স্ত্রীলোক ছিল তাহারদের সকলকে বধ করিল. এই নির্দয় ক্রিয়াতে সকলের মনে উদ্বেগ জন্মিল, ও বাঙ্গালাহইতে যে রাজকর দিল্লী যাইতেছিল তাহা সুবে অযোধ্যার অধ্যক্ষ বাদশাহের কনিষ্ঠ ভ্রাতা মহমূদ লইয়া আপনি স্বাধীন হইলেন. সে কালে যে প্রধান রাজারা ছিলেন তাহারা ফীরোজের প্রতিকূলে সকলে একবাক্য হইলেন, তাহাতে তাহারা জয়ী হইয়া আলতমসের কন্যা রজিয়াকে সিংহাসনে বসাইলেন, এবং ফীরোজ শাহের মাতাকে কারাবদ্ধা করিলেন. কতক কাল পরে ফীরোজ সুলতানা রজিয়ার হস্তে পড়িলেন ও কারাবদ্ধ হইলেন, ও ছয় মাস আটাইশ দিন রাজ্য করিয়া কারাগারেই মরিলেন.

সুলতানা রজিয়া.

দিল্লীর সিংহাসনোপরি আরোহণের যেং গুণ অপেক্ষিত সে সকলেতে সুলতানা রজিয়া বিখ্যাতা ছিলেন, এবং যেং লোক তাহার দোষ গুণ সূক্ষ্ম বিবেচনা করিত তাহারা কেবল তাহার এক দোষ পাইত, যে তিনি স্ত্রী. তাহার পিতা যে বৎসরে গড় গোয়ালিয়র লইলেন সেই বৎসরে তিনি আপন কন্যাকে রাজ্যের অধ্য

the Omrahs he replied "that Rizia, though a woman, had a man's head and heart, and was better than twenty such sons as his."

Rizia, upon her accession, assumed masculine apparel, and daily gave public audience from the throne. The Omrahs however feeling disgust at a female reign, confederated with her father's visier, sent circular letters to all the other Omrahs of the empire, to allure them from their allegience. This news reaching the governor of Oude, he collected his forces, and hastened to the relief of the empress; but having crossed the Ganges, he was engaged by the confederates, defeated, taken prisoner, and died. The empress found means to sow dissention among the confederates; who, finding themselves in a dangerous situation, retreated into their respective countries.

The prosperity of the Sultana daily increased, Kabric, having submitted to her authority, was confirmed in the Government of Lahore, while the countries of Bengal, and the northern provinces, were also confirmed to their respective viceroys, on promise of future obedience. In the mean time, Kelic Khan, the Sultana's general died, and Hassen was appointed to succeed him. Soon after Jammal gaining great favor with the empress, was

ক্ষতা দিলেন. এবং যখন এক জন ওমরা তাহাকে জিজ্ঞাসা করিল যে তুমি এমত কর্ম্ম কেন করিলা, তখন তিনি এই উত্তর করিলেন যে পুরুষের যেরূপ বুদ্ধি ও সাহস থাকে, ইনি স্ত্রী হইলেও তাহার তাদৃশ আছে; এবং ইনি আমার পুত্রের ন্যায় কুড়ি পদ্য হইতেও উত্তম.

সুলতানা রজিয়া সিংহাসনারোহণ করিয়া পুরুষের মত বেশ ভূষাধারণপূর্ব্বক রাজকর্ম্ম করিতে লাগিলেন. ওমরারা স্ত্রীর অধীনত্বেতে অসম্মত হইয়া পূর্ব্ব বাদশাহের উজীরের সহিত ঐক্য করিয়া, রাজ্যের তাবৎ ওমরারদিগকে সুলতানার বশীভূততা ত্যাগ করিতে তাহারদের নিকটে পত্র প্রেরণ করিল. এই সমাচার অযোধ্যার সুবেদারের নিকট পঁহুছিলে তিনি রজিয়ার সাহায্যার্থে আপন সৈন্য সকল একত্র করিলেন; কিন্তু গঙ্গা নদী পার হইয়া ঐ ঐক্যকারিরদের সৈন্যেরা তাহাকে জয় করিল ও কারাতে বদ্ধ করিলে, তিনি মরিলেন.

ইহারপর সুলতানার সৌভাগ্য দিনেং বৃদ্ধি পাইতে লাগিল. কাবিরুনামক ব্যক্তি তাহার বশীভূত হইয়া লাহোর রাজ্যের অধ্যক্ষতাতে নিযুক্ত হইল. এবং বঙ্গভূমির ও উত্তর দেশের অধ্যক্ষেরা তাহার অধীনতা স্বীকার করিলে তাহারদের স্বস্বপ্রদেশের অধ্যক্ষতাতে তাহারদিগকে স্থির করিলেন. ইতোমধ্যে সুলতানা রজিয়ার সেনাপতি কিলিকখাঁ মরিল, এবং হোসৈন তৎ

advanced to the post of Captain-general of the empire.

The nobles were greatly disgusted at this promotion, as the favorite was originally an Abyssinian slave. The Viceroy of Lahore, in the year 1239, threw off his allegiance, and began to recruit his army; but the empress, collecting her forces, marched out against him, and compelled him to make every concession to obtain pardon.

In the same year the governor of Tiberhind, rebelled on account of her partiality to this slave. The empress marched with her army against him, but on the way, all her Turkish chiefs mutinied, a tumultuous conflict ensued, in which her Abyssinian general was killed, and she herself seized and sent into confinement. The army then returned to Delhi, and placed her brother Byram, the son of the emperor Altumush on the throne.

Byram II.

Byram ascended the throne of Delhi, in the year 1239, and confirmed all the laws and customs then in force. Tiggi, in conjunction with the vizier, by degrees took the whole government of the empire upon himself, mounting an elephant upon guard, at his gate, an honor peculiar to royalty. This cir-

পদাভিষিক্ত হইল. ইহারপর জামাল রজিয়ার অনুগৃহীত হইয়া সকল সেনার অধ্যক্ষপদে নিযুক্ত হইল.

ইহাতে কুলীনেরা অতিশয় ক্রোধান্বিত হইল যেহেতুক জামাল পূর্ব্বে খ সা দেশে এক দাস ছিল. ১২৩৯ সালে লাহোরের অধ্যক্ষ স্বাধীন হইয়া আপন সৈন্য প্রস্তুত করিতে লাগিল, কিন্তু রজিয়া রাজসৈন্য একত্র করিয়া তাহার প্রতিকূলে গমন করিলেন, এবং তাহাকে পরাজয় করিয়া কৃপালাভার্থে অতি নম্র করাইলেন.

সেই বৎসর তিবরহিন্দ দেশের অধ্যক্ষ এই দাসের প্রতি রজিয়ার অনুগ্রহ করাতে তাঁহার বিরুদ্ধে উঠিল. তাহাতে রজিয়া সসৈন্যা গমন করিলেন, কিন্তু পথিমধ্যে রজিয়ার তুরকীয় সৈন্য তাহার প্রতিকূল হওয়াতে হঙ্গাম উপস্থিত হইল, এবং রজিয়ার খবসীয় সেনাপতি মারা পড়িল ; অপর রজিয়াকে ধরিয়া তাহারা কারাবদ্ধা করিল. এই কর্ম্মানন্তর সৈন্য দিল্লীতে প্রত্যাগমন করিল এবং আলতমসের পুত্র সুলাতানার ভাই বহরামকে রাজসিংহাসনে বসাইল.

দ্বিতীয় বহরাম.

বহরাম ১২৩৯ সনে দিল্লীর সিংহাসনে বসিলেন, এবং তৎকালে যে সকল ব্যবহার ও রীতি ছিল, তাহা তিনি অবিকৃত রাখিলেন. তিগ্গিনামে এক ব্যক্তি উজীরের সহিত সাহিত্য করিয়া ক্রমেং রাজশাসন স্বহস্তগত করিল, এবং বাদশাহেরতুল্য ঐশ্বর্য্য করিতে লাগিল অর্থাৎ দ্বারে হস্তী চৌকী রাখিল. ইহাতে বাদ

cumstance raised disgust and jealousy in the emperor's mind; he therefore ordered two Turkish slaves to put on the appearance of drunkenness, and endeavour to assassinate Tiggi and the vizier. Accordingly, upon a certain day when the king gave public audience, the Turks pressed among the crowd, drew their daggers and plunged them into the breast of Tiggi; then, running to the vizier they gave him two wounds; but he escaped through the crowd.

Sunkir Rumi, who was then Master of Requests, placed himself at the head of a powerful faction at court, and began to concert plans to bring about a revolution. The chief justice sent to the emperor, and informed him of the whole affair. A body of cavalry was immediately dispatched to seize the conspirators; but they having obtained previous intelligence, dispersed themselves before the arrival of the horse. A few months after, Rumi and Muza were assassinated at Budaoon by the emperor's emissaries, while Casi Jellal was trodden under foot by elephants. These proceedings raised universal fear and apprehensions and occasioned a general mutiny among the troops. In the mean time news arrived, that the Mogul army of the great Jenghis had plundered Lahore.

The king having called a general council of state, determined to send the vizier to oppose the Mo-

হের অহংকরণে ঈর্ষা ও ক্রোধ জন্মিল, অতএব মত্ততা ছল করিয়া তিগ্গী ও উজীরকে বধ করিতে আপনার দুই জন তুরকী হাবেরদিগকে আজ্ঞা করিলেন. এইপ্রযুক্ত যখন বাদশাহ সভাতে বসিয়া আছেন তখন তাহারা ভিড়ের মধ্যে প্রবিষ্ট হইয়া তিগ্গীর উপরে অস্ত্রাঘাত করিয়া তৎক্ষণাৎ উজীরের নিকট দৌড়িয়া গিয়া তাহার শরীরে দুইবার আঘাত করিল কিন্তু উজীর জনতাপ্রযুক্ত পলায়ন করিল.

শঙ্কর রুমী নামে এক ব্যক্তি সে সময়ে রাজ্যে এক প্রধান পদে নিযুক্ত ছিল; সে সভার মধ্যে এক পরাক্রমী দল করিয়া রাজ্যে উপপ্লব চেষ্টা করিতে লাগিল. দেশের প্রধান বিচারকর্ত্তা বাদশাহের নিকটে ইহার সকল বিশেষ জ্ঞাত করাইল. তৎক্ষণাৎ বাদশাহ কুমন্ত্রণাকারিরদিগকে ধরিবার জন্য অনেক অশ্বারূঢ প্রেরণ করিলেন, কিন্তু তাহারা এই সন্ধান পাইয়া ইহারদের পঁহুছনের অগ্রে ছিন্নভিন্ন হইয়া পলায়ন করিল. কতক মাসের পর মোং বদাউনে বাদশাহের আজ্ঞানুসারে তাহার দূতকর্তৃক শঙ্কর রুমী এবং মুজা এই দুই ব্যক্তি বধ করা গেল; এবং কাশী জলাল নামে কুমন্ত্রণাকারী এক জন হস্তীর পায়ের নীচে মারা গেল. এই কর্ম্ম দেখিয়া সকল লোকেরদের মনে ভয় জন্মিল, এবং সৈন্যের মধ্যে এক প্রতিকূল পক্ষ হইল. ইতোমধ্যে সমাচার পঁহুছিল যে মহাজঙ্গীসখাঁয়ের সৈন্য লাহোর নগর লুঠ করিয়াছে.

ইহাতে বাদশাহ এক মহাসভা একত্র করিয়া লাহোরে মোগ

guls at Lahore with an army. When the imp. army had advanced as far as the river Bea, the viz. began to sow the seeds of sedition in their minds. But that he might completely effect his purpose, he wrote a private letter to the emperor, accusing them of disaffection. Byram sent him an order, importing that the chiefs deserved death; recommending to him at the same time to lull them till he should find an opportunity of bringing them to condign punishment. This was what the crafty vizier wanted. He immediately produced the king's order, which kindled the omrahs at once into rage, and they all promised to support him. The vizier, in the mean time, advanced with the army to the capital, which he besieged for three months and a half. Rebellion spreading at last among the citizens, the place was taken. Byram was thrown into prison, where, in a few days, he came to a tragical end, after a reign of two years one month and fifteen days, in the year 1242.

The Moguls in the mean time, plundered the provinces on the banks of the five branches of the Indus, and returned to Gujni.

Masood IV.

On the death of Byram, Balin the elder, raised a faction, and forcing his way into the palace, mount-

লের প্রতিকূলে সসৈন্য উজীরকে পাঠাইতে স্থির করিলেন. বাদশাহের সৈন্য ব্যাস নদীপর্য্যন্ত পঁহুছিলে উজীর সৈন্যের মধ্যে বাদশাহের প্রাতিকুল্যাচরণ স্বভাব জন্মাইতে লাগিল. সে স্বাভাসিদ্ধি করিবার কারণ বাদশাহের নিকটে এক পত্র লিখিল যে সৈন্যেরা তোমার প্রতিকূল হইয়াছে. বহরাম উত্তর লিখিলেন যে সেনাপতিরা অবশ্য বধযোগ্য; কিন্তু যেপর্য্যন্ত মারিবার সময় না পাও সে পর্য্যন্ত তাহারদিগকে ভুলাইয়া রাখ. উজীর এই মাত্র চাহিল; বাদশাহের এই পত্র পাইবামাত্র সে সকল ওমরার দিগকে তাহা দেখাইয়া তাহারদিগের ক্রোধ জন্মাইল, ও তাহারা উজীরের সাহায্য করিতে অঙ্গীকার করিল. ইতোমধ্যে উজীর রাজধানীর প্রতি সসৈন্য আগমন করিতে লাগিল, এবং সাড়ে তিন মাসপর্য্যন্ত রাজধানী বেষ্টন করিল. শেষে প্রজারাও বাদশাহের প্রতিকূলতাচরণ করিতে লাগিল, এবং নগর অনায়াসে অধিকৃত হইল. বহরামকে তাহারা কারাগারে বদ্ধ করিল এবং অল্পদিনের মধ্যে তাহাকে অতিশয় কষ্ট রূপে বধ করিল. তিনি দুই বৎসর এক মাস পোনের দিন রাজ্য করিয়া ১২৪২ বার শত বিয়াল্লিশ সনে পরলোক গত হইলেন.

ইতোমধ্যে মোগলেরা সিন্ধুনদীর পঞ্চাবয়বরূপ নদীর তীরস্থ সমুদায় দেশ লুঠ করিয়া গজনেনে ফিরিয়া গেল.

চতুর্থ মসউদ.

বহরামের মরণানন্তর জ্যেষ্ঠ বালিন এক দল করিয়া রাজগৃহে বলাৎকারপূর্ব্বক প্রবেশ করিয়া সিংহাসনে বসিলেন, ও আপ

ing the throne, ordered himself to be proclaimed throughout the city. But the nobility dissatisfied with his advancement immediately liberated Masood, the son of Ferose, and placed him upon the throne, the same day in which Balin had seized it.

Masood however soon after resigned himself to wine and women, and exercised various acts of cruelty, and oppression. The princes and omrahs at length determined upon hostile measures, having first sent privately for Mahommed, the king's uncle, from Barage, who advanced with all the forces he could raise towards the capital. The emperor was immediately thrown into prison by the omrahs, where he remained for life. He reigned four years a month and a day. He was a weak and foolish prince, and a slave to his pleasure. The dominions left by Altumush remained entire, when Masood was deposed.

(To be continued.)

History of the Air Balloon.

THE romances of almost all nations have recorded instances of persons being conveyed through the air; but it was reserved for the present age to substantiate the practice. What was in former ages a miracle, or rather an incredible tale, has by modern

রা বাদশাহী প্রকাশ করিতে আজ্ঞা করিলেন. কিন্তু ওমরারা তাহার রাজত্বে অসম্মত হইল, এবং মৃত বাদশাহ ফীরোজের পুত্র মসউদকে কারাগারহইতে মুক্ত করিয়া যে দিনে বালিন সিংহাসন আক্রমণ করিলেন, সেই দিনে তাহাকে সিংহাসনে বসাইল.

কিন্তু ইহার পর মসউদ বেশ্যা ও মদিরাতে মত্ত হইয়া নানা বিধ দৌরাত্ম্য কর্ম্ম করিতে লাগিলেন. ওমরারা ও রাজবংশেরা শেষে তাহার প্রতিকূলাচরণ করিয়া, গুপ্তরূপে মোংবা রাজহইতে বাদশাহের পিতৃব্য মহমূদকে আহ্বান করিলেন. ইহাতে মহমূদ আপনার সকল সৈন্যসমেত রাজধানীতে আইলেন. পরে ওমরারা মসউদকে ধরিয়া কারাবদ্ধ করিল এবং তিনি যাবজ্জীবন সেখানে থাকিলেন. চারি বৎসর এক মাস এক দিন তাঁহার রাজ্য ছিল. তিনি অতিশয় দুর্ব্বল ও উন্মত্ত ও সুখের নিতান্ত বশীভূত ছিলেন. যে সময়ে মসউদ রাজ্যভ্রষ্ট হইলেন তৎকালে আলতমস যে রাজ্য রাখিয়া গিয়াছেন সেই রূপ অবিকৃত রহিল.

(ইহার শেষ কথা আগামি ভাগে দেওয়া যাইবে.)

বলুনের বিবরণ.

তাবৎ দেশের গল্পে লিখিত আছে, যে লোকেরা আকাশ পথে গমন করিয়াছে; কিন্তু এই অসম্ভব বিষয় যে সত্য হইবে সে কেবল এই কালের কারণ. পূর্ব্ব কালে যে বিষয় অদ্ভুত ও অবিশ্বসনীয়স্বরূপে গণিত ছিল সে বিষয় এতৎকালীন বিদ্যা

discoveries been turned into a reality. The machine by which this most astonishing aerial navigation is performed, is called an Air Balloon, and we shall not we hope tire our readers by a brief narration of the means by which it was first invented, and afterwards improved.

In the year 1766, Mr. Cavendish, an English gentleman ascertained that inflammable air was seven times lighter than common air. Soon after it occurred to another gentleman that a thin bag filled with inflammable air might be elevated by the common atmosphere; but his experiments were unsuccessful.

While the discovery of the balloon was on the point of being made in England, it was suddenly announced in France. Two brothers Stephen and John Montgolfier had turned their attention to this subject in the year 1782. The idea was first suggested by the natural ascent of smoke and clouds in the atmosphere; and their design was to enclose the smoke in a bag that it might carry the covering along with it. The experiment was made in October, with a silk bag; by applying burning paper to the lower aperture, the air was rarefied, and the bag ascending in the atmosphere struck against the ceiling. On repeating the experiment in the open air, it rose to the heighth of seventy feet. An experiment was

…কাশ দ্বারা সত্য ও বিশ্বসনীয় হইয়াছে, যে যন্ত্রদ্বারা এই আশ্চর্য্য আকাশযাত্রা হয় তাহার নাম বলুন. এই বলুন যে রূপে প্রথম সৃষ্ট হইল ও পরে সংস্কৃত হইল তাহার বিবরণ লিখিলে আমরা প্রত্যাশা করি যে পাঠকেরদের পরিশ্রম হইবেক না.

সন ১৭৬৬ সতর শত ছেষট্টি সালে কাবেণ্ডিস সাহেব নিশ্চয় করিলেন যে আগ্নেয় আকাশ সামান্য আকাশহইতে সাতগুণ লঘু. ইহারপর আর এক সাহেবের মনে হইল যে এক পাতল থৈলী আগ্নেয় আকাশে পূর্ণ করিলে সে অবশ্য উপরে উঠিবে; কিন্তু পরীক্ষাতে সে উত্তীর্ণ হইল না.

ইংগ্লণ্ড দেশে এই নূতন সৃষ্টি সমাপ্ত হইবার প্রত্যাশা করিতেং হঠাৎ শুনা গেল যে ফ্রান্স দেশে সমাপ্ত হইয়াছে. ১৭৮২ সালে স্টিফন ও জন মঙ্গলফো নামে দুই ভ্রাতা এই বিষয় সিদ্ধ করিতে অতিশয় মনোযোগ করিল. ধূম ও মেঘ এই উভয়ের আকাশ গমন দেখিয়া বলুনের কথা তাহারদের মনে আইল ও তাহারা এই ভাবিল, যে এক থৈলী ধূমে পরিপূর্ণ করিয়া তাহাকে আকাশে উঠাইব. তাহারা অকটোবর মাসে এক রেশমের থৈলীদ্বারা তাহার এইরূপ পরীক্ষা প্রথম করিল; সে থৈলীর নীচে ছিদ্র করিয়া তাহার নীচে কাগজ জ্বালাইল তাহাতে থৈলীর মধ্যস্থিত আকাশ পাতল, হইল এবং ঐ থৈলী উঠিয়া ঘরের ছাতে ঠেকিল. সেইরূপ পরীক্ষা বাহিরে করিলে থৈলী পঞ্চাশ হাত ঊর্দ্ধে উঠিল. অনন্তর ইহা

now made on an enlarged scale and the new machine breaking the cords by which it was bound, rose six hundred feet. Another, still larger rose about a thousand feet high, and fell to the ground three quarters of a mile from the place where it ascended. The next year it was ascertained that a balloon containing twenty-three thousand cubic feet, was capable of raising 500lbs. besides its own weight. The balloon ascended 6000 feet in ten minutes, and fell a mile and a quarter from the place whence it ascended.

The brothers were on this invited to the metropolis; where after a variety of succesful experiments they prepared an immense balloon, for the entertainment of the king, sixty feet in heighth and forty-three in diameter. Along with this machine was sent up a wicker cage containing a sheep, a cock, and a duck which were the first animals ever sent through the atmosphere. A gust of wind tore the cloth before it ascended; it rose however to the heighth of 1440 feet, and after remaining in the air about eight minutes fell to the ground at the distance of 10,200 feet from the place of its setting out. The animals were not in the least injured.

These experiments having served to demonstrate that the machines were capable of transporting men through the air, with all safety. M. Pilatre offered

বালিন অতিশীঘ্র উড়িস্যাতে গমন করিলেন; কিন্তু বিপক্ষের দের কোন সন্ধান পাইতে পারিলেন না. পরে মালিক সেনা পতিকে সাত হাজার সৈন্য লইয়া অগ্রগামী হইতে এবং বিপ ক্ষেরদের সন্ধান করিতে আজ্ঞা করিলেন; কিন্তু কোন প্রকারে সন্ধান পাইলেন না. এক দিন কোলের অধ্যক্ষ মহম্মদ শের অগ্রগামী সৈন্যের চল্লিশ জন সেনা লইয়া বাহির হইলেন, এবং জন কএক পথিরদিগকে দেখিয়া তাহারদের সন্ধান জিজ্ঞাসা করিলে তা

faces and confessed that they had just left the enemy's camp, which was about four miles in front.

Mahommed proceeded thither himself, and saw, from a rising ground, their whole encampment, extended over a great plain; having fixed his eyes upon the rebel's tents, he determined to execute one of the boldest enterprises on record. He advanced full speed, with forty attendants whom he fired with the glory of the undertaking, towards the camp, which he was permitted to enter being taken for one of their own party. He continued his course to the usurper's tent, and then ordered his men to draw; who rushing into the great tent of audience, which was crowded with men of distinction, put all they met to the sword crying, "Victory to Sultan Balin!"

Togril, who imagined he was surprised by the imperial army cut his way through the tent behind, mounted a horse without a saddle, and fled towards the river. In the mean time, the gallant Maller' the brother of Mahommed pursued him to the r

হারা কেহই কোন কথা স্বীকার করিল না. পরে তাহারদের এক জনের মস্তকচ্ছেদন করিলে তাহারা ভয়ে স্বীকার করিল, যে এইক্ষণমাত্র আমরা বিপক্ষেরদের ছাউনি দুই ক্রোশ অগ্রে ছাড়িলাম.

মহম্মদ সেখানে আপনি গিয়া এক উচ্চ স্থানহইতে এক বৃহৎ মাঠে বিস্তীর্ণ তাহারদের তাবৎ ছাউনি দেখিলেন, এবং রাজবিরোধিরদের ছাউনির প্রতি দৃষ্টিপাত করিয়া অবর্ণিত কর্ম্ম করিতে সসজ্জ হইলেন. তাঁহার সঙ্গী চল্লিশ জনের মনে এই বৃহৎ কর্ম্মের ঐশ্বর্য্যের সংভ্রম প্রবেশ করাইয়া তাহারদিগের সহিত অত্যন্ত বেগে ছাউনি প্রবেশ করিলেন ; এবং ছাউনির লোকেরা তাহারদিগকে আত্মীয় ভ্রম করিয়া প্রবেশ করিতে দিল. তিনি দক্ষিণ বামে না গিয়া তোগরলের ছাউনিতে গেলেন, ও আপন সৈন্যেরদিগকে অস্ত্র বাহির করিতে আজ্ঞা করিলেন. পরে তাহারা তোগরলের মজুরাগাহে দৌড়িল, সেখানে যত ওমরা লোক একত্র ছিল তাহারদের একং জনকে বালিনের জয় হউক এই শব্দ করিয়া কাটিতে লাগিল.

তোগরল ভাবিলেন যে বাদশাহের তাবৎ সৈন্য আক্রমণ করিয়াছে, এইপ্রযুক্ত আপন তাম্বুর পশ্চাদ্ভাগে এক দ্বার কাটিয়া বিনা জীনে অশ্বারোহণ করিয়া নদীপর্য্যন্ত পলায়ন করিল. ইতিমধ্যে মহম্মদের ভ্রাতা মহাবল মালিক নদীর তীরপর্য্যন্ত

and shot him with an arrow as he was crossing it. Togril immediately fell from his horse, and Malleck, plunging into the stream, dragged him out by the hair and cut off his head. At that very instant, perceiving the approach of some of the enemy he concealed the head in the sand, and sending the body down the stream, began to bathe in the river.

Togril being no where to be found, and the panic having run through the whole army, the flight became general and none thought of any thing but his own safety. The Sultan arriving next day with the imperial army called to him the two gallant brothers, but instead of praising them, told them, that the rashness of their behaviour was inconsistent with their duty. In a few days, however he took them into favour, and conferred great titles and honours upon them.

Balin, returned to Bengal, and put every one of the rebel's family to death. He carried his cruelty so far, as to massacre a hundred Fakeers for having been in great favor with the rebel, who had made them a present of three maunds of gold. Balin appointed his son Kera king of Bengal, and bestowed upon him all the ensigns of royalty, and the spoil

গিয়া তোগরলের নদী পার হওনের সময়ে তাহাকে বাণ মারিলে তোগরল তৎক্ষণাৎ ঘোড়াহইতে পড়িল, এবং মালিক জলের মধ্যে ঝম্প দিয়া তাহার কেশাকর্ষণপূর্ব্বক তীরে আনিয়া তাহার মস্তক ছেদন করিল. তখনি সেখানে বিপক্ষ সৈন্য দর্শন দিল, তাহাতে মালিক তোগরলের ছিন্ন মস্তক বালির মধ্যে লুকাইল ও শরীর জলে ভাসাইয়া আপনি কপট স্নানাদি করিতে লাগিল.

তোগরলের সন্ধান না পাওয়াতে তাহার সৈন্য সকল ভীতি পূর্ব্বক চতুর্দ্দিকে পলাইতে লাগিল, এবং আপন২ রক্ষা ব্যতিরেকে কেহ কোন চিন্তা করিল না. পর দিন বাদশাহ বালিন সসৈন্য তৎস্থানে পঁহুছিলেন, এবং ঐ মহাকীর্ত্তিশালী দুই ভ্রাতাকে ডাকিলেন, এবং তাহারদের স্তব না করিয়া কহিলেন যে এমন অসম সাহস কর্ম্ম কর্ত্তব্য নহে. কিন্তু কতক দিনের পর পুনর্ব্বার অনুগ্রহ প্রকাশ করিলেন, ও অনেক সম্ভ্রম ও খেতাব দ্বারা তাহারদিগকে আচ্ছাদন করিলেন.

বালিন বঙ্গভূমিতে পুনঃ প্রত্যাগমন করিয়া তোগরলের তাবৎ পরিজন লোকেরদিগকে বধ করিলেন. এবং তিনি এইপর্য্যন্ত নির্দ্দয়তা প্রকাশ করিলেন, যে পূর্ব্বে তোগরল যে কতক ফকীরকে অনুগ্রহ করিয়া আহারাদি দিত ও তিন মোন স্বর্ণ তাহারদিগকে দিয়াছিল তাহারদিগকে বালিন নষ্ট করিলেন. বালিন আপন পুত্র কীয়াকে বঙ্গভূমির আধিপত্যে অভিষেক করিলেন,

Togril, except the elephants and treasure, with which he returned to Delhi. Balin was absent upon the expedition three years.

His eldest son having heard of his father's return to Delhi proceeded to visit him. And after three months, news was brought that the Moguls had invaded Mooltan. Mahommed hastened his departure to oppose them; but before he had taken leave, thinking he might never see him again, his father called him into a private apartment, and gave him a series of the most solemn instructions for his conduct both as a man and a monarch.

The prince immediately marched against the enemy, and having defeated and slain Mahommed, the chief of the Moguls, he recovered all the territories of which they had possessed themselves. Timur, of the family of Jenghis, who was at this time a prince of mighty renown, invaded Hindoost'han with twenty thousand chosen horse, to revenge the death of his friend Mahommed. Both armies drew up in order of battle, and engaged with great fury, for the space of three hours, but the Moguls were at length put to flight. Mahommed in his pursuit halted with five hundred attendants, to drink, and fell prostrate

ও তাহাকে সকল রাজচিহ্ন দিলেন ও তোগরলের বাটী লুটিয়া সংপত্তি সকল তাহাকে দিলেন, কেবল হাতী ও নগৎ টাকা আপনি লইয়া দিল্লীতে গেলেন. তাহার এই যুদ্ধেতে তিন বৎসর গত হইল.

বালিনের জ্যেষ্ঠ পুত্র তাহার দিল্লীতে প্রত্যাগমন বার্ত্তা শ্রবণ করিয়া তাহার সহিত সাক্ষাৎ করিতে আইলেন. তিন মাসের পর সমাচার আইল যে মোগলেরা মুলতান দেশ আক্রমণ করিয়াছে; তাহাতে তাহার জ্যেষ্ঠ পুত্র মহম্মদ তাহারদের সহিত যুদ্ধ করিতে সসজ্জ হইলেন; কিন্তু বিদায় হইবার পূর্ব্বে তাহার পিতা মনে ভাবিলেন যে ইহার সহিত পুনর্ব্বার সাক্ষাৎ হওয়া দুর্ঘট. অতএব এক গুপ্ত কুটরীতে আপন পুত্রকে ডাকিয়া মানুষের ন্যায্য ও বাদশাহের ন্যায্য বিষয়ে দৃঢ়রূপে তাহাকে সুপরামর্শ দিলেন.

বাদশাহের ঐ পুত্র তৎক্ষণাৎ বিপক্ষ গণের প্রতি গমন করিলেন, এবং মোগলেরদের অধ্যক্ষ মহম্মদকে পরাজয়পূর্ব্বক বধ করিলেন, ও তাহারা যে দেশাক্রমণ করিয়া স্বায়ত্ত করিয়াছিল তাহা সকল উদ্ধার করিলেন. জঙ্গীস খাঁয়ের বংশজাত অথচ তৎকালে অতিখ্যাত তৈমুর বাদশাহ আপন মিত্র মহম্মদের মরণের প্রতিফল দিবার কারণ বিশ হাজার অশ্বারোহি সৈন্য লইয়া হিন্দুস্থানে প্রবেশ করিলেন. উভয় সৈন্য সারিং হইয়া দাড়াইল ও তিন ঘণ্টাপর্য্যন্ত ঘোরতর সমর করিল. কিন্তু মোগলেরা পরাজিত হইল ও মহম্মদ তাহারদের পশ্চাৎ দৌড়িতেং

the ground, he returned thanks to God for his victory. In the mean time one of the Mogul chiefs, who had concealed himself with two thousand horse, in a neighbouring wood, rushed upon Mahommed, and commenced a dreadful slaughter. The prince had just time to mount his horse; collecting his small party, and encouraging them by his example, fell upon his enemies.

After having thrice obliged them to give way at length he unfortunately received a fatal arrow in his breast, by which he fell to the ground, and in a few minutes expired. No dry eye was to be seen, from the meanest soldiers to the Omrah of high command. When the fatal news reached the old king, who was now in his eightieth year; life began to be a burthen to him.

Having a little recovered from his grief he sent for his son Kera, from Bengal, and appointed him his successor. At the same time insisting, that he should continue with him at Delhi till his death. To this Kera consented; but finding his father's illness was not likely soon to come to a crisis, he set out for Bengal without acquainting him with his departure. This undutiful behaviour in his son, threw the old

পথের মধ্যে পাঁচ শত সৈন্য লইয়া এক স্থানে জল পানার্থে ক্ষণেক স্থির হইলেন, এবং সেখানে আপন জয়ের কারণ ঈশ্বরের স্তব করিতে লাগিলেন. ইতোমধ্যে এক জন মোগল দুই হাজার সৈন্য সহিত নিকটবর্ত্তী এক বনে লুকাইয়াছিল, সে অকস্মাৎ বাহিরে আসিয়া মহম্মদের উপরে আক্রমণ করিল, ও সৈন্য কাটিতে আরম্ভ করিল. মহম্মদের কেবল ঘোড়ায় চড়িবার অবকাশমাত্র ছিল; তিনি আপন অল্প সৈন্য লইয়া আপন কীর্ত্তিদ্বারা তাহারদিগের মনে সাহস জন্মাইয়া বিপক্ষের উপরে পড়িলেন.

তিনবার তাহারদিগকে পরাস্ত করিলেন, পরে এক শর বক্ষস্থলে বিদ্ধ হওয়াতে মহম্মদ ভূমিতে পড়িয়া প্রাণত্যাগ করিলেন, তাঁহার মরণে প্রধান উজীর অবধি অতিক্ষুদ্র পদাতিকপর্য্যন্ত কাহারো চক্ষু শুষ্ক ছিল না. যখন এই বিপদের সম্বাদ অশীতিবর্ষবয়স্ক বৃদ্ধ বাদশাহের নিকটে পঁহুছিল তখন তিনি আপন জীবনে অতিবিরক্ত হইলেন.

তাঁহার শোকের কিঞ্চিৎ অল্পতা হইলে বঙ্গভূমিহইতে আপন পুত্র কীরাকে আনাইলেন, এবং উত্তরাধিকার পদে তাঁহাকে নিযুক্ত করিয়া মরণপর্য্যন্ত দিল্লীতে বাস করিবার আজ্ঞা করিলেন. ইহাতে কীরা সম্মত হইলেন, কিন্তু কিছু কালপরে যখন দেখিলেন যে আপন পিতার কিছু পীড়াদি বৃদ্ধি হইল না তখন তিনি পিতাকে না জানাইয়া বঙ্গভূমিতে গেলেন. বাদশাহ পুত্রের অপারমার্থিকতা দেখিয়া অশেষ দুঃখ সাগরে মগ্ন হইলেন.

into the deepest affliction. He sent for his grandson Kei Chosro from Mooltan, who hastened to his presence and a council of all the omrahs being called, the succession was changed in his favor, all of them promising to enforce Balin's last will in favor of the young prince. Balin expired in a few days, in the year 1286, after a reign of twenty-two years.

Immediately upon his death Malleck, chief Magistrate of Delhi, having assembled the Omrahs, assured them, that Chosro was a young man of a very violent untractable disposition, and therefore, in his opinion, unfit to reign, that the power of the prince Kera was so great in the empire, that a civil war was to be feared if the succession should not be continued in his family. He therefore, proposed as the father was absent, to elect his son Kobad, who was a prince of a mild disposition, and then at Delhi. So great was the influence of the minister, that be procured the throne for Kobad; and Chosro, glad to escape with life, returned to his former government at Lahore.

(To be continued.)

এবং মুলতানহইতে আপন পৌত্র খোসরোকে আহ্বান করিলেন; তিনি অতিশীঘ্র সম্মুখবর্ত্তী হইলেন. পরে বাদশাহ ওমরার দের সভা একত্র করিয়া কীরার পরীবর্ত্তে তাহাকে রাজকর্ম্মে নিযুক্ত করিলেন. এবং সকল ওমরারা বাদশাহের চরম বাসনা স্থির রাখিতে বাদশাহের নিকটে অঙ্গীকার করিল. কতক দিন পরে বাইশ বৎসর রাজ্যশাসনের পর ১২৮৬ সনে বালিন মরিলেন.

তিনি মরিবামাত্র দিল্লী নগরের প্রধান অধ্যক্ষ মালিক ওমরার দিকে একত্র করিয়া কহিলেন যে খোসরো অতিযুবা ও অজিতে ন্দ্রিয় এবং উগ্রস্বভাব, অতএব আমার জ্ঞানে তিনি রাজকর্ম্মের অযোগ্য. আরও কহিলেন যে রাজ্যে কীরার পরাক্রম এত যে তাহার পরীবর্ত্তে অন্যকে রাজ্য দিলে যুদ্ধ উপস্থিত হইবেক; অতএব তিনি এই পরামর্শ দিলেন যে কীরা এখন এখানে উপস্থিত না হওয়াতে তাহার পুত্র কোবাদ অতিমৃদুস্বভাব এখানে উপস্থিত আছেন তাহাকে রাজ্য দেও. উজীরের এমত বশতা ছিল যে অনায়াসে কোবাদের নামে সকলেই অনুমতি দিল, এবং খোসরো প্রাণ লইয়া পলায়ন শ্রেয়ো জ্ঞান করিয়া আপন পুর্ব্বাধিকার লাহোরে গেলেন.

(ইহার শেষ কথা আগামী ভাগে দিয়া যাইবে.)

The Bee.

The œconomy and instinct of Bees has always engaged the admiration of mankind, and is sufficiently remarkable and interesting to engage the attention of the reader.

We may consider a hive of bees as a well peopled city in which are commonly found from 15 to 18,000 inhabitants. This city is governed by a queen; the inhabitants being divided into two classes, the drones and the working bees. The coombs serve as magazines of stores and as nurseries for their young offspring. Between the coombs there is a space sufficient for two bees to march abreast without embarrassing each other.

The queen is easily distinguished from the other bees by the form of her body. All the bees form her retinue like dutiful subjects, and repair to the place she chooses. She is armed with a vigourous sting, but less passionate than her subjects, she only uses it when long provoked or when in contest for imperial sway. Never more than one remains in the hive, and she is always the conqueror. A hive of bees cannot subsist without a queen, as she alone produces their numerous posterity; which will account for their fidelity and attachment to their sovereign.

মধু মক্ষিকা.

মধু মক্ষিকার ব্যবহার ও জ্ঞান মনুষ্যেরদের মনে নিত্য আশ্চর্য্য হয়, এবং তাহা এমত সুশ্রাব্য যে শ্রোতারদের অবশ্য তুষ্টি জন্মায়.

মধু মক্ষিকার চাক প্রবৃদ্ধ নগরের মত জ্ঞান করি, তাহাতে পোনর হাজার অবধি আটার হাজার পর্য্যন্ত প্রজা থাকে, এই নগর নিত্য এক রাণীর শাসনের অধীন; এবং তথাকার প্রজা দুই প্রকার এক অকর্ম্মণ্য ও অন্য কর্ম্মণ্য. তাহারদিগের ঘর আহারাদি সঞ্চয় করিবার, এবং আপনারদিগের সন্তানাদি প্রতিপালনের কারণ. প্রত্যেক কুটরীর মধ্যে এমত আয়ত পথ আছে যে দুই মক্ষিকা পরস্পর স্পর্শ না হইয়া যাতায়াত করিতে পারে.

রাণীকে অন্য মক্ষিকাহইতে আপন শরীরদ্বারা চিনা যায়. অন্য সকল মক্ষিকা প্রজার মত তাহার অনুচর, এবং যে স্থানে তিনি যান সে স্থানে সকল একত্র হয়. সে রাণীর আল অতিশক্ত কিন্তু আপন প্রজাহইতে কোমলতাপ্রযুক্ত অতিশয় বিরক্ত হইলে কিম্বা রাণী হওনের কারণ যুদ্ধ কালে সে আল বাহির করে. এক রাণীর অধিক এক চাকে থাকে না, এবং যে রাণী জয়িনী হয় সেই সেখানে থাকে. রাণী বিনা মক্ষিকারা কখনও থাকিতে পারে না, যেহেতুক সে রাণী একা সে চাকের সকল মধুমক্ষিকারদিগকে জন্মায়. সে রাণীর প্রতি তাহারদের কি পর্য্যন্ত ভক্তি ও প্রেম তাহা ইহাতে বুঝা যায়.

When a queen dies by accident, the bees immediately cease working, consume their own honey, fly about their own and other hives at unusual hours when other bees are at rest, and pine away, if not quickly supplied with another sovereign. Her loss is proclaimed by a clear and interrupted humming. If a new queen bee can be procured, the flock instantly revives ; pleasure and activity are apparent through the whole hive; the presence of the sovereign restores vigour and exertion, and her voice commands universal respect and obedience.

The dissection of the queen-bee shews evidently that she lays many thousand eggs. It is computed that she contains more than 5,000 eggs at one time ; hence it is not difficult to conceive that a queen bee may produce 10,000 or 12,000 bees, or even more, in the space of two months.

The common *drones* are smaller than the queen, and larger than the working bee, and in flying make a greater noise. They never go out till eleven in the morning, and return before six in the evening. But their expeditions are not those of industry ; they have no sting ; their bodies are not adapted for collecting wax and honey, nor indeed are they obliged to labour. They only hover upon flow-

রাণী যখন দৈবাৎ মরে তৎক্ষণাৎ মধুমক্ষিকারা আপনারদের সকল কর্ম্ম ত্যাগ করে, ও আপনারদের সঞ্চিত মধু খাইয়া ফেলে, এবং অনুপযুক্ত সময়ে যখন অন্য মক্ষিকারা শয়ন করিয়া থাকে তখন আপনারদের চাক ও অন্য চাকের চতুর্দ্দিকে তাহারা ভ্রমণ করে. যদি তাহারা অতিশীঘ্র অন্য রাণীপ্রাপ্ত না হয় তবে শুকিয়া মরে. তাহারা অস্পিষ্ট শব্দদ্বারা ও অতিশয় পুনঃ২ ধ্বনিদ্বারা রাণীর মরণ প্রকাশ করে. নূতন রাণী পাইলে তাহারা পুনর্জীবৎ হয় এবং চাকের মধ্যে আপন আহ্লাদ ও শ্রমপূর্ব্বক কর্ম্ম করে; রাণীসত্ত্বে তাহারদের বল উপস্থিত হয় ও রাণীর শব্দেতে তাহারদের মধ্যে মান্যতা প্রবেশ হয়.

রাণীর ডিম্বরীর কালে দেখা যায় যে সে অনেক সহস্র ডিম্ব প্রসব করে. গণনা করিয়া বোধ হয় যে তাহার উদরের মধ্যে পাঁচ হাজার ডিম্ব এক কালে থাকে. অতএব দুই মাসের মধ্যে যে দশ কিম্বা বার হাজার অথবা ততোধিক সাবক প্রসব করিবে সে আশ্চর্য্য নহে.

অকর্ম্মণ্য মক্ষিকারা রাণীহইতে ক্ষুদ্র ও কর্ম্মণ্য মক্ষিকাহইতে বড়, এবং উড়িবার কালে তাহারা অধিক শব্দ করে. তাহারা নিত্য এগার ঘণ্টার পূর্ব্বে বাহিরে যায় না এবং বৈকালে ছয় ঘণ্টার পরে বাহিরে থাকে না কিন্তু তাহারদের যে গমন সে কর্ম্মের কারণ নহে. তাহারদের আল নাই ও তাহারদের শরীর মধু ও মোম একত্র করিবার কারণ সৃষ্ট হয় নাই, এবং তাহারদের কর্ম্ম করিবার আবশ্যক নাই, তাহারা পুষ্পের উপরে ক্রীড়ামাত্র

ers to extract the sweets, and all their thought is pleasure. Their office is to impregnate the eggs of the queen after they are deposited in the cells. While their presence is thus necessary, they are suffered to enjoy the sweets of life; but as soon as they become useless in the hive, the working bees declare the most cruel war against them and make a terrible slaughter of them. This war effects not only the drones but even the eggs and maggots; for the law extends equally to those who do not yet breathe as to those who do; the hive is cleared of every egg and maggot. After the season proper for increasing the number of bees is past, and when they should attend only to the supplying of their magazines with stores for the winter, every vestige of the drones is destroyed to make room for honey.

The *working bees* compose the greater body of the state. Upon them it devolves to take care of the hive, to collect the wax and honey, to work up the wax, to build the cells, to feed the young, and to drive off strangers. The working bee has two stomachs, one which contains honey and the second which contains crude wax.

There happen frequently either among those of the same or of different hives the most deadly feuds, in which their sting is their chief weapon, though the victory costs the victor his life if he happens to leave his sting in the body of his enemy, for death inevitably

করে ও আপন অভিলাষ পূর্ণ করে, এবং তাহারদের অভিলাষানুসারে কর্ম্ম করার চিন্তা সর্ব্বদা. রাণী যে ডিম্ব প্রসব করে তাহাতে তাপ দেওয়ামাত্র তাহারদের কর্ম্ম. যাবৎ তাহারদের থাকাতে প্রয়োজন তাবৎ তাহারদিগকে জীবনের সুখ ভোগ করিতে দেয়, কিন্তু যখন চাকে তাহারদের আর কোন প্রয়োজন না থাকে তখন কর্ম্মণ্য মক্ষিকারা তাহারদিগের সংহার করে; এবং ঐ যুদ্ধে কেবল তাহারামাত্র সংহারপ্রাপ্ত হয় এমত নয়, কিন্তু তাহারদের সজাতীয় ডিম্ব ও কীটও নষ্ট হয়; যেহেতুক নাশের ব্যবস্থা কেবল জীবৎ মক্ষিকার উপরে পড়ে তাহা নয়, কিন্তু অজীবন ডিম্বের উপরেও পড়ে; অতএব চাকহইতে প্রত্যেক ডিম্ব ও কীট দূর করা যায়. মক্ষিকারদের সন্তান জন্মিবার কাল গত হইলে এবং শীত কালের নিমিত্ত আপনারদের ভাণ্ডার পূর্ণ করিবার কাল উপস্থিত হইলে, মধুর কারণ স্থান করিবার জন্যে অকর্ম্মণ্য মক্ষিকারদিগকে এমত উৎখাত করে যে তাহারদের চিহ্নমাত্র থাকে না.

এই মধুরাজ্যে কর্ম্মণ্য মক্ষিকা অধিকসংখ্যক. চাক রক্ষা করণ ও মোম ও মধু একত্র করণ ও মোম প্রস্তুত করণ ও কুটরী গাঁথন ও শিশু মক্ষিকা প্রতিপালন ও বিজাতীয়েরদের দূর করণ, তাহারদের কর্ম্ম. তাহারদের দুই উদর আছে তাহার একেতে সঞ্চিত মধু থাকে ও অন্যেতে অপ্রস্তুত মোম থাকে.

এক চাকের মক্ষিকা ও কখনং ভিন্ন চাকের মক্ষিকারদের মধ্যে অতিশয় ঘোরতর যুদ্ধ হয়, সেই সময়ে তাহারদের আলমাত্র অস্ত্র. সেই যুদ্ধে যদি কোন মক্ষিকার আল বিপক্ষ মক্ষিকার শরীরে

follows Bees have very severe conflicts when the whole hive engages in a pitched battle and many are slain in both sides. Sometimes a queen is killed in battle; in this case, the bees of both hives unite as soon as her death is generally known, and become one people; the vanquished join the robbers and return every day with their new associates to pillage their old habitation. When the bees begin to work in their hives they divide themselves into four companies, one of which roves in the field in search of materials, another is employed in laying out the bottom and the partition of their cells; a third in making the inside smooth, while the fourth company brings food or relieves those who return with their respective burdens. Their diligence and labours are so great that in the course of a single day they are able to make cells which lie upon each other numerous enough to contain 3,000 bees.

In the plan and formation of these cells they discover the most wonderful sagacity. It is not easy to discover the peculiar manner of their working, for there are such a number in continual motion succeeding each other with such rapidity, that nothing but confusion appears to the sight. They work long and diligently, never intermitting their labour except to carry out of the cells the particles of wax

বদ্ধ হইয়া থাকে তবে তাহার জয় নিশ্চল যেহেতুক সে তখনি মরে. যখন দুই চাকের তাবৎ মক্ষিকা পরস্পর যুদ্ধ করে তখন সে যুদ্ধ অতিশয় প্রবল, এবং উভয় পক্ষীয় অনেক মক্ষিকা মারা যায়. ঐ যুদ্ধে কখনং এক রাণীও মরে, তাহার মরণ সম্বাদ প্রকাশ হইলে দুই চাকের মক্ষিকা একত্র মিলে ও একরাজ্য হয়. যাহারা পরাজিত হয় তাহারা জয়ী ব্যক্তির সহিত মিলে এবং আপনারদের নূতন মিত্রের সহিত প্রতিদিন আপনারদের প্রাচীন গৃহ লুঠ করিয়া লইয়া যায়. যখন মক্ষিকারা চাকের মধ্যে কর্ম্ম করিতে আরম্ভ করে তখন তাহারা আপনারদিগকে চারি ভাগে বিভক্ত করে, এক ভাগ মাঠের আয়োজন অন্বেষণ করিতে যায়, দ্বিতীয় ভাগ আপনারদের ঘরের প্রস্তান করে ও প্রাচীর উঠায়, তৃতীয় ভাগ গৃহের মধ্য সমস্থল করে, চতুর্থ ভাগ ভক্ষ্য দ্রব্য আহরণ করে ও যাহারা বাহিরহইতে কোন মোট আনে তাহারদেরহইতে সেই মোট লয়. তাহারা এই মত মনোযোগপূর্ব্বক কর্ম্ম করে যে এক দিনের মধ্যে এক কুটরীর উপরে আর এক কুটরী গাথিতেং তিন হাজার মক্ষিকার বাসযোগ্য কুটরী প্রস্তুত করিতে পারে.

তাহারা কুটরীর পাশুলেখে ও গৃহ গ্রন্থনে অত্যাশ্চর্য্য জ্ঞান প্রকাশ করে. তাহারা কি প্রকারে আপনারদের সূক্ষ্ম কর্ম্ম চালায় তাহা অনুমান করা দুঃসাধ্য, যেহেতুক সে চাকের মধ্যে চলনশীল এত মক্ষিকা আছে ও তাহারা এত শীঘ্র স্বংস্থান পরীবর্ত্ত করে যে মনুষ্যের দৃষ্টিতে গোলমালমাত্র জ্ঞান হয়. তাহারা অতি শ্রমপূর্ব্বক কর্ম্ম করে, এবং তাহারদের গৃহ পরিষ্কার করিবার

which they take off in pollishing. These particles are not lost; others receive and employ them in other parts of the work. The crude matter which the bees obtain from the flower they bring home and eat by degrees. Sometimes three or four bees advance and ease the loaded bees by eating each of them a share. After this waxy matter has been swallowed, it is by the digesting powers of the bee converted into real wax, which after being disgorged is worked up into coombs. They have two sorts of stores; one containing honey laid up for the winter, the other intended for use in bad weather, or for those bees, who do not go abroad.

The queen bee is generally concealed in the most secret part of the hive and is never visible excepting when she lays her eggs in such coombs as are exposed to sight. When she does appear she is always attended by ten or dozen of the common sort who form her retinue and follow her wherever she goes, with a sedate and sober tread. She lays one egg in each cell, and goes on in this manner till she fills as many cells as she has eggs to lay, which are generally many thousands. Sometimes more than one egg is deposited in the same cell; when this is the case the working bees remove the supernumerary egg and leave only one in each cell. After this, the eggs go through the regular process till the complete bee is produced. When it has attended its full maturity

কালে যে বিন্দুং মোম নির্গত হয় তাহা বাহিরে ফেলিবার কা
লেমাত্র তাহারদের কর্ম্ম রোধ দেখা যায়. সে মোম নষ্ট হয়
না কিন্তু অন্যং মক্ষিকারা সেই মোম লইয়া অন্যং কর্ম্মে লাগায়.
যে অপরিস্কৃত পদার্থ তাহারা পুষ্পহইতে ঘরে আনে তাহা তা
হারা ক্রমেং ভক্ষণ করে. কখনং তিন চারি মক্ষিকা আসিয়া
সেই ভারবাহক মক্ষিকার মধু খাইয়া তাহার ভার লাঘব করে.
যখন তাহারা পুষ্পীয় পদার্থ ভক্ষণ করে ও তাহা পাক পাইয়া
শুদ্ধ মোম নিষ্পন্ন হয় তখন তাহা নির্গত করিয়া গৃহ গাঁথে. তা
হারদের ভাণ্ডার দুই প্রকার, এক শীত কালীন আহারের কারণ
আর এক অসময়ের আহারের এবং কুঠরীতে কর্ম্মকারী মক্ষি
কারদের নিমিত্তে.

মক্ষিকারদের রাণী চাকের সকলহইতে গুপ্ত স্থানে থাকে; চক্ষু
গোচর কুটরীতে আসিয়া যে কালে ডিম্ব প্রসব করে তখনমাত্র
সে লোকেরদের দৃষ্টিতে আইসে. যখন রাণী বাহিরে যায় তখন
দশ বার মক্ষিকা তাহার অনুগামী হইয়া চলে. রাণী যে
খানে যায় সেখানে তাহার সহিত গম্ভীররূপে চলে. রাণী প্র
ত্যেক কুটরীতে একং ডিম্ব প্রসব করে যাবৎ সকল ডিম্ব প্রসব
না হয় তাবৎ একং ডিম্ব প্রসব করিয়া একং কুটরীতে ভরিয়া
রাখে, তাহার সংখ্যা অনেকং সহস্র. যখন সে দুই ডিম্ব এক
কুটরীতে প্রসব করে তখন কর্ম্মকারী মক্ষিকারা অধিক ডিম্ব
অন্য স্থানে লইয়া রাখে, যেহেতুক এক কুটরীতে এক ডিম্বের
অধিক থাকিতে দেয় না. ইহার পর সেই ডিম্ব ধারানুসারে ক্রমে
বৃদ্ধিপ্রাপ্ত হইয়া মক্ষিকা হয়, এবং পরিপূর্ণ বলপ্রাপ্ত হইলে

and strength, the rest of the bees gather round it and congratulate it on its birth and offer it honey from their own mouths. As soon as the cell is cleansed the queen bee deposits another egg, and five bees have been produced in the same cell, in the short space of three months.

When the hive is become too much crowded by the addition of the young brood, a part of the bees look out for a more commodious habitation and with that view single out the best of the young queens. As soon as the colony has arrived at the new habitation, the working bees labour with such diligence that they prepare coombs twenty inches long in twenty-four hours. As soon as the hive is settled the supernumerary queens are sacrificed, which generally raises a considerable commotion and occasions the death of several other bees. They anxiously provide against the entrance of insects by gluing up the smallest holes with wax, but if a snail or any other large insect should enter, they sting it to death and cover its body with a coat of wax to prevent the inconvenience which might arise from the putrefaction of so large an animal.

The large drones live but a little while, being destroyed without mercy. Writers are not agreed as to the age of the working bees; some maintain that they are annual, other suppose they live many years.

অন্য সকল মক্ষিকা তাহার চতুর্দিকে আসিয়া তাহার জন্ম গ্রহণ প্রযুক্ত অনেক আমোদ প্রমোদ করে ও আপনারদের মুখহইতে তাহাকে মধু প্রদান করে; সেই কুটরী পরিষ্কার হইলে রাণী সেই কুটরীতে আর এক ডিম্ব প্রসব করে, এবং কখনং এমত হয় যে তিন মাসের মধ্যে এক কুটরীতে পাঁচটা মক্ষিকা জন্মে.

যখন শিশু মক্ষিকাদ্বারা চাক অধিক পূর্ণ হয় তখন মক্ষিকার এক ভাগ আপনারদের কারণ নূতন এক উপযুক্ত স্থান পসন্দ করে এবং যুবরাণীর মধ্যে আপনারদের মনোমত উৎকৃষ্ট রাণী পসন্দ করে. যখন মক্ষিকারা আপনারদের নূতন কুটরীতে পঁহুছে তখন তাহারা এমত মনোযোগপূর্ব্বক কর্ম্ম করে যে দীর্ঘে এক হাত গৃহ চব্বিশ ঘণ্টায় প্রস্তুত করে. তাহারদের বসতিস্থান স্থির হইলে এক রাণীর অধিক যত রাণী সে সকলকে বধ করে, ইহাতে তাহারদের মধ্যে অতিঘোর যুদ্ধ হয় এবং অনেক মক্ষিকার প্রাণত্যাগ হয়. অন্য কীট প্রবেশ করিতে না পারে এই জন্যে মোম দিয়া ক্ষুদ্রং ছিদ্র রুদ্ধ করে. যদি শম্বুক কিম্বা আর কোন বড় কীট প্রবেশ করে তবে তাহাকে আলদ্বারা বিদ্ধ করিয়া মারে, এবং এমত বৃহৎ কীটের শরীরের দুর্গন্ধ নিবারণের কারণ মোম দিয়া সে শব আচ্ছাদন করে.

অকর্ম্মণ্য মক্ষিকারা অল্পকালজীবী যেহেতুক তাহারা নির্দয়তারূপে বধ করা যায়. কর্ম্মণ্য মক্ষিকার জীবনের কিছু স্থির নাই কেহ কহেন যে তাহারা বৎসরং মরে ও কেহ কহেন যে তাহারা অনেক বৎসর বাঁচে.

The handsome and deformed leg.

There are two sorts of people in the world who with equal degrees of health and wealth become the one happy and the other miserable. This arises very much from the different views in which they consider persons and events. In whatever situation men can be placed, they may find conveniences and inconvenience, in whatever company they may find persons more or less pleasing; in whatever climate they will find good and bad weather, under whatever government they may find good and bad laws.

Under these circumstances the two sorts of people above-mentioned fix their attention; those who are disposed to be happy upon the conveniences of things, the pleasant parts of conversation, the fine weather, the good laws, and those who are disposed to be unhappy, think and speak only of the contraries. Hence they are continually discontented themselves and by their remarks mar the pleasures of others and make themselves universally disagreeable. This disposition to be disgusted with every thing is unawares drawn into a habit, but may be cured if these persons are convinced of its bad effects upon their felicity; for as many are offended

সুশীলপদ ও দুশীলপদের কথা,

এই পৃথিবীর মধ্যে দ্বিবিধ লোক আছে তাহারা তুল্য সুস্থতা ও ধন প্রাপ্ত হইয়াও কেহ সর্ব্বদা আনন্দে থাকে ও কেহবা নিরানন্দে থাকে. যে দুই বিপরীত ভাবে লোক ও বিষয় দর্শন করা যায় তাহাতে এই দুই স্বভাব জন্মে. সকল স্থানে কষ্ট ও অকষ্ট আছে, ওসকল সভার মধ্যে ভাল ও মন্দ লোক উভয় আছে, এবং. সকল কাল ভাল ও মন্দ আছে এবং সকল রাজ শাসনের ভাল ও মন্দ ব্যবস্থা আছে.

এই রূপ নিয়ম সর্ব্বত্র থাকিলে ঐ সানন্দ নিরানন্দ দুই প্রকার লোক মনোরথ স্থির করে. যাহারা সদানন্দ হইতে ইচ্ছা করে তাহারা কর্ম্মের অকষ্টের উপরে এবং কথোপকথনের শিষ্টতার উপরে ও সুকালের উপরে এবং সুব্যবস্থার উপরে মনো নিবেশ করে, এবং যাহারা নিরানন্দ হইতে বাসনা করে তাহারা ইহার বিপরীতে চিন্তা করে ও উক্তি করে. এইহেতুক তাহারা আপনারা নিত্য বিরক্ত হয় ও অন্যের সুখহানি করে ও সকল লোককর্তৃক ঘৃণিত হয়. সকল বিষয়ে বিরক্ত হইবার যে ইচ্ছা সে ক্রমে২ স্বভাব হয় কিন্তু ঐ স্বভাবযুক্ত লোকেরা যদি মনে করে যে ইহাতে আমারদের আনন্দ ন্যূন হয় তবে তাহারা সে স্বভাব ত্যাগ করিতে অবশ্য পারে. এইরূপ

by and no body loves this sort of people, no one shews them much respect, and this puts them out of humour and draws them into contention. If they aim at obtaining some advantage in rank or fortune no one wishes them success or will speak a word to favor their pretentions. If they incur public disgrace no one will defend or excuse them. If these people will not change this bad habit and condescend to be pleased with what is pleasing it is good for others to avoid an acquaintance with them.

An old Philosopher who was grown very cautious in this particular avoided any intimacy with such people. He had, like other philosophers, instruments to shew him the heat of the weather, and to mark when it was likely to prove good or bad weather; but there being no instrument invented to discover, at first sight, this unpleasing disposition in a person, he, for that purpose, made use of his legs; one of which was remarkably handsome, the other, by some accident, deformed. If a stranger, at the first interview, regraded his ugly leg more than his handsome one, he doubted him. If he spoke of it, and took no notice of the handsome leg that was sufficient to

লোকেরদিগকে কোন ব্যক্তি প্রেম করে না সকলেই তাহারদের প্রতি অতুষ্ট এবং কেহ তাহারদের আদর করে না তাহাতে তাহারা সুতরাং ক্ষিপ্ত হয় ও বিরোধকারী হয়; যদি তাহারা উচ্চপদপ্রাপ্ত হইতে অথবা ধন পাইতে বাসনা করে তবে তাহারদের কর্ম্ম সিদ্ধিতে কোনহ লোকের সম্মতি হয় না ও তাহারদের উপকারে কেহ এক কথাও কহে না. যদি তাহারা অন্যহইতে অসং ভ্রমপ্রাপ্ত হয় তবে কোনহ ব্যক্তি তাহারদিগকে রক্ষা করে না ও তাহারদের কারন উপরোধ করে না. যদি এইরূপ লোকেরা আপনারদের কুস্বভাবপরীবর্ত্ত না করে এবং স্বাভাবিক সুখদা য়ক কর্ম্ম দেখিয়া তাহার দ্বারা যদি সুখপ্রাপ্ত না হয় তবে তাহারদের সহিত আলাপ রাখা অন্যের অনুপযুক্ত.

এক বৃদ্ধ পণ্ডিত এই বিষয়ে অতিশয় সতর্ক ছিলেন, তিনি এরূপ লোকেরদের সহিত কদাচ আলাপ রাখিতেন না, অন্যং পণ্ডিতের মত শীত গ্রীষ্ম জানিবার কারণ ও কালের ভদ্রাভদ্রত্ব জ্ঞানের নিমিত্ত তাহার নিকটে যন্ত্র ছিল, কিন্তু প্রথমাবলোকনেতে লোকের ভদ্রাভদ্র স্বভাব জ্ঞানের জন্যে অন্য যন্ত্র না থাকাতে তিনি আপন পদ ঐ কর্ম্মের যন্ত্র করিয়াছিলেন যেহেতুক তাহার এক পদ অতিসুদৃশ্য ও অন্য শ্লীপদযুক্ত ছিল. যদি কোন অপরিচিত লোক প্রথম সাক্ষাৎকালে তাহার কুদৃশ্য পদে দৃষ্টি করিত তবে তাহার বিষয়ে তাহার সন্দেহ জন্মিত. যদি সে ব্যক্তি সুদৃশ্য পদের প্রতি মনোযোগ না করিয়া কুদৃশ্য পদের বিষয়

determine the philosopher to have no further acquaintance with him. Every body has not this two-leged instrument, but every one, with a little attention, may observe signs of that fault-finding disposition, and take the same resolution of avoiding the acquaintance of those inflicted with it. I therefore advise those querulous, discontented, unhappy people, that if they wish to be respected and beloved by others, and happy in themselves, they should *leave off looking at the ugly leg*.

Of the care of animals during Winter.

During winter, the industry, skill, and sagacity of man enables him to provide for the wants peculiar to the season, and to prevent the inconveniences to which he is exposed. The various animals, birds, and insects who are unable to exercise this care for themselves are, preserved in winter from destruction by the care of Divine Providence. There is scarcely any thing more wonderful in the whole course of nature than the preservation of the irrational creation during the severity of winter, which season though far from being so peculiarly severe in this country, is in colder climates, the most rigid of all the seasons, and demands all the care and attention which mankind can bestow, to keep themselves comfortable.

That so many millions of quadrupeds, reptiles, fowls, insects and fishes should continue to exist in

কথা কহিত তবে ঐ পণ্ডিত মনে নিশ্চয় করিতেন যে ইহার সহিত আলাপ অকর্ত্তব্য. সকল লোকের এই দ্বিপদের যন্ত্র নাই বটে তথাপি সকল লোকেই অল্প মনোযোগ করিলেই অন্যের সদসৎ স্বভাবের পরীক্ষা করিতে পারেন এবং কুস্বভাব লোক নিশ্চিত হইলে তাহার সহিত আলাপ পরিত্যাগ করিতে পারেন. অতএব বিরোধকারী ও অসম্মত ও নিরানন্দ লোকেরদের প্রতি এই পরামর্শ দেওয়া কর্ত্তব্য যে যদি তাহারা অন্যের প্রিয় ও মান্য ও সুখী হইতে বাসনা করেন তবে শ্লীপদযুক্ত পদে দৃষ্টিপাত না করুন.

শীত কালে পশ্বাদির রক্ষা.

শীতকালে মনুষ্যবংশ আপন পরিশ্রম ও জ্ঞান ও বুদ্ধি দ্বারা তৎকালীন ইষ্ট উপার্জন করিতে পারে এবং তৎকালের সকল অনিষ্ট নিবারণ করিতে পারে ; কিন্তু যে নানা পক্ষী ও পশু কীট প্রভৃতি আপনারদের ইষ্ট চেষ্টা করিতে পারে না তাহারা সেই কালে ঈশ্বরকর্তৃক বিপদহইতে রক্ষা পায়. প্রকৃতির তাবৎ ক্রিয়ার মধ্যে শীত কালের কাঠিন্যহইতে অজ্ঞান পশুরদের রক্ষা অত্যাশ্চর্য্য. এতদ্দেশে শীত কালের অধিক কাঠিন্যানুভব হয় না, কিন্তু উত্তর দেশে অন্য২ ঋতুহইতে শীতকালের অধিক কাঠিন্য বোধ হয় এবং মনুষ্য যত মনোযোগ ও চেষ্টা করিতে পারে সে সকল শীতকালে অধিক উপযোগী হয়.

লক্ষ২ চতুষ্পদ ও কীট ও পক্ষী ও মৎস্য ইহারা যে শীতকালে

winter is a circumstance which most excite the astonishment of every reflecting mind. The greater part of the animals are provided with a covering by which they can easily withstand the cold and thus procure their nourishment in winter as well as in summer. The bodies of the wild beasts which inhabit the deserts and forests are formed in such a manner that the hair which covers them falls off in summer, and being recovered towards winter enable them to bear the intense cold. Other kinds of animals find an asylum under the bark of trees, under old ruins, in the clefts of rocks and in the caverns of mountains, when the cold obliges them to quit their summer residence. Into these retreats, they previously convey a sufficient stock of materials to last them during winter. Others live on the fat they have amassed during summer, and others go into a profound sleep.

Nature has given to different kinds of birds an instinct which leads them to change their climate at the approach of winter and they fly in large flocks, over rivers and mountains and woods to other countries where they continue till the approach of summer enables them to return to their mother country. Many animals which are not destined to travel, find notwithstanding in this season what is necessary to supply their wants. Birds know how to discover insects among the moss and in the clefts of the barks of trees. Other animals are obliged to

রক্ষা পায়, এই বিষয়ে জ্ঞানবান মনুষ্যের মহাআশ্চর্য্য রস জন্মে. পশুরদের মধ্যে অধিক ভাগের শরীরাবরণ আছে তাহাতে তাহারা শীত সহ্য করিতে পারে ও গ্রীষ্মকালের মত শীত কালেও আপনারদের আহারাদি অন্বেষণ করিতে পারে. বন্য পশুরদের শরীর এমত নির্ম্মিত যে তাহারদের শরীরের রোম গ্রীষ্মকালে স্খলিত হয় এবং শীতকালে পুনর্ব্বার জন্মানেতে তাহারদের শীত নিবারণ হয়. যখন শীতপ্রযুক্ত অন্যং পশুরা গ্রীষ্মকালের আশ্রয় ত্যাগ করে তখন তাহারা বৃহদ্বৃক্ষের ছালের নীচে কালক্ষেপ করে অথবা ভগ্ন অট্টালিকার মধ্যে অথবা পর্ব্বতের গুহার মধ্যে কিম্বা তাহার ভগ্ন স্থানের মধ্যে শীত ক্ষেপ করে. শীতাগমনের পূর্ব্বে তাহারা শীত কালভোগোপযুক্ত খাদ্য দ্রব্য এই সকল আশ্রয়েতে সঞ্চয় করিয়া রাখে. অন্য পশুরা আপনারদের সঞ্চিত চরবির দ্বারা শীতকালে রক্ষা পায় এবং কোনং পশুরা ঐ শীত চারি মাস অচেতন হইয়া নিদ্রাতে থাকে.

ঈশ্বর নানাপ্রকার পক্ষিরদিগকে এমত জ্ঞান দিয়াছেন যে তাহারা শীতকালাগমনের প্রাক্কালে অন্যং দেশে যায়. এবং তাহারা পালেং একত্র হইয়া পর্ব্বত নদী বনের উপর দিয়া উড়িয়া অন্য গ্রীষ্ম দেশে যায়, এবং শীতকাল অতীত হইলে পুনর্ব্বার স্বস্বস্থানে আইসে. এবং শীতকালে দূর দেশে গমনাসমর্থ পশু ও পক্ষীরা শীতকালীন আপনং প্রয়োজনযোগ্য আহার ও শীত নিবারণ প্রাপ্ত হয়. ছাতার মধ্যে ও বৃক্ষের

search under the snow and ice for that which is necessary for their support. Different kinds of insects, fowls and fishes shut up in marshes and in rivers frozen over are deprived of nourishment during the winter and are nevertheless preserved, and there are doubtless many other means which are still hidden from our eyes which Divine Providence may make use of for the preservation of animals.

ছালের ফাটার মধ্যে পক্ষিরা শীতকালেও কীট অন্বেষণ করিতে পারে. নানাপ্রকার কীট ও পক্ষী ও মৎস্য শীত কালে ঝোরাতে ও জলজমাৎ নদীতে থাকে, এবং সেখানে আহার না করিলেও রক্ষা পায়, এবং অন্যং অনেক প্রকার আমারদের চক্ষুর অগোচর পথ আছে তাহার দ্বারা ঈশ্বর শীতকালে তাহারদিগকে রক্ষা করেন:

Dig-Durshun.

No. XVI. APRIL, 1820. Vol. II.

Continuation of the History of Hindoosthan.

Kei Kobad.

When Balin was numbered with the dead, Kei Kobad his grandson, then in his eighteenth year, ascended the throne. He was a prince of an affable and mild disposition, and possessed a talent for literature. When he became master of his own actions, he gave a loose to pleasure; which when publicly known gave such an impulse to luxury and vice, that every shade was filled with scenes of debauchery, and every street rung with mirth and riot.

The king erected a villa on the banks of the river Jumna, and retired thither to enjoy his pleasure undisturbed, admitting no company but singers, players, musicians and buffoons. Nizam was raised to the dignity of chief secretary of the empire, who having thus obtained the reins of government and observ-

দিগ্দর্শন

২ খণ্ড. এপ্রিল, ১৮২০. ১৬ ভাগ.

হিন্দুস্থানের অবশিষ্ট ইতিহাস.

কয়কোবাদ.

বালিনের মরণানন্তর তাঁহার পৌত্র কয়কোবাদ্ অষ্টাদশ বর্ষ বয়ঃক্রমসময়ে সিংহাসনোপবিষ্ট হইলেন. তিনি অতিশয় আমোদী ও কোমলস্বভাব ও বিদ্যোপার্জনাকাঙ্ক্ষী ছিলেন. পরে তিনি রবণ হইলে সুখচেষ্টাতে মগ্ন হইলেন; তাঁহার এই স্বভাব প্রকাশ হইলে প্রজারদের মধ্যে সুখবাসনা ও দুষ্ক্রিয়া এমত প্রচার হইল, যে প্রত্যেক স্থান কুত্সিত সুখজনক বিষয়েতে এবং প্রত্যেক পথ কৌতুকেতে ও আনন্দেতে পরিপূর্ণ হইল.

যমুনা নদীর তীরে ঐ বাদশাহ এক রাজবাটী প্রস্তুত করিয়া অব্যবিতরূপে সুখভোগের নিমিত্তে সেখানে বাস করিলেন, এবং গায়ক ও নর্ত্তক ও বাদক ও বিদূষকব্যতিরেকে সেখানে কাহাকেও প্রবেশ করিতে দিলেন না. অপর নিজাম্ নামক ব্যক্তি রাজ্যের প্রধান কর্ম্মকারী পদে নিযুক্ত হইল. সে একরূপে অবৎ রাজশাসন

